Though there are no precedents in India, so far as I have been able to gather, at least three precedents are available in the United Kingdom. In 1892 and 1896 an additional clause conveying condolence on the death of a prince was added originally to the clause of thanks for the Queen's speech. In 1921, an additional clause declaring the readiness of the House to confirm and ratify certain articles of agreement was added initially to the clause conveying the thanks of the House for the King's speech. In each case this additional clause was added to the main motion of thanks originally, but not by way of amendment. May also observes at pages 33 and 289 that the causes of summons as declared from the Throne do not bind Parliament to consider them alone.

The second clause of the present motion is linked with, and not extraneous to, the matters referred to in the Governor's address. Before the two Houses assembled together, upon the Chief Minister inviting his attention, the Governor expressed his pleasure to omit to read paragraphs 2 and 3 of the printed speech circulated to the members, from which he read and the expression of such pleasure followed by the fact of such omission has become matters referred to in the Governor's address. In the circumstances I rule that the present motion of thanks, though a complete departure from the past, is technically a valid substantive motion.

It must, however, be made clear that the contents of the paragraphs 2 and 3 are no part of the Governor's address and I express no opinion on the merits of these paragraphs. The motion itself does not express any opinion on the constitutionality or otherwise of the dismissal of the first United Front Ministry but simply explains in a summary form the contents of the two omitted paragraphs. Here is no occasion for discussing the constitutionality or legality of the dismissal of the previous United Front Ministry. The subjudice rule has no application in the present case.

Shri Mrigendra Bhattacharjya:

আন এ পরেণ্ট অব প্রিভিলেজ স্যার, আমি আগেই একটা কথা বলতে চাচ্ছিলাম। আমরা সকলেই জ্বানি শ্রীসিম্পার্থশাপকর রায় মহাশয় দেশবৃদ্ধ্যু চিত্তরঞ্জন লাশের দৌহিত। তিনি কংগ্রেসে ছিলেন, সেখান থেকে রেজিগনেশন দিয়ে অপোজিশন পার্টিতে এসেছিলেন, আবার কংগ্রেসে গিয়েছেন, এই রকমু য'রা নীতি পরিবর্তন করেন......

মিঃ স্পীকার: এভাবে হয় না, আগে আপনাকে বলতে হবে কোন বিষয়ে বলবেন।

Shri Bibhuti Bhushan Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয় গভর্নরের বক্কতাকে ধন্যবাদ দিতে উঠে আমাদের একথা চিত্তে স্মরণ করতে হচ্ছে যে গভর্নর সংসদীয় গণতন্তে অন্ধিকার হৃদ্তক্ষেপ করেছেন। সরকারের লিখিত বিবৃত্তি সম্পূর্ণরূপে এই হাউসে পাঠ না করে গভর্নর এমন একটা নজার রাখলেন যে নজার ইতিহাসে গণতল্পকে হত্যা করার এক স্কুপন্ট কাহিনী বলে অভিহিত হবে। মাননীয় অধাক্ষ মহাশ্য গভর্ন রের বস্তুতায় বাংলাদেশের বিভিন্ন সমস্যার উল্লেখ রয়েছে এবং তার সমাধানের পথ নির্দেশ রয়েছে. তার বন্ধতায় যে অর্থনৈতিক পরিকল্পনার উল্লেখ রয়েছে, এবং তাতে আমরা অত্যন্ত আনন্দিত এবং আমরা আশা করি আমাদের সরকার নিশ্চয়ই বাংলাদেশের মান্য যে বিশ্বাদে তাদের উপর নাসত করেছে, ষেভাবে বাংলাদেশের মানুষ গণতন্তের হত্যাকারীদের হাত হতে গণতণের মর্যাদা রক্ষা করবার জন্য যে বির ট সংগ্রাম করে কংগ্রেসকে সম্পূর্ণরূপে পর্যাদ্রত করে আজকে বিপ্লে ভোটাধিকো যুক্তফ্রণ্ট সরকারকে আবার ফিরিয়ে নিয়ে এসে এই বিধানসভায় র্থার্ঘান্টিত করেছে তার জন্য জনসাধারণের সেই বিশ্বাস নিশ্চয় এই সরকার রাখবার চেণ্টা করবেন একথা আমরা বিশ্বাস করি। আমি একথা বিশ্বাস করি যে চতুর্থ সাধারণ নির্বাচন হবার পর যুক্তফণ্ট সরকারকে পিছন হতে ছুরি মারবার যে প্রচেণ্টা হয়েছিল, আজকে গণতল্রের নাম নিয়ে দেখতে পাচ্ছি সেই ভূতের মুখে রাম নাম। বসে বসে ভার্বাছলাম যে চোরের মায়ের বড গলা। আজকে ইতিহাস যথন লেখা হবে তথন তাতে লেখা থাকবে আমাদের ডার্নাদকে যারা বসে আছেন তারা সেদিন এই যাক্তফ্রণ্ট সরকারকে গদিচাত করবার জন্য ধরমবীরের সঙ্গে যে হীন চক্রান্ত করে-ছিলেন, কয়েকজন দলত্যাগী বেইমান বিশ্বাসঘাতকদের নিয়ে বাংলাদেশের মানুষের যে অমর্যাদা করেছিলেন তারই প্রতিফলন ঐ ৫৫ জন। যার জন্য আজকে তাঁরা পাগলের প্রলাপ বকছেন সিম্বার্থ,শংকর রায়ের মত একজন সাবস্তা তিনি থেই হারিয়ে ফেলেছেন, পীয়া্যবাবার মত একজন স্বেক্তা তিনি আবোলতাবোল বকতে আরুল্ভ করেছেন। ইতিহাস তার নিজেব পথে চলে- সে কারও কথা শেনে না। সেজনা ইতিহাসে লেখা থাকবে সেই কলঙ্কম্য ইতিহাসের কথা। তাই আজকে ভূতের মুখে রামনাম শুনে এবং তাদের অসহায় অবস্থা দেখে করুণার উদ্রেক হচ্চে। অধ্যক্ষ মহাশয়, একটা খবে সম্তা কথা শ্রাছি যে অশান্তির আগনে নাকি বাংলাদেশের মধ্যে বা'পকভাবে ছড়িয়ে পড়ছে- ওদের সব খন-খারাপী হচ্ছে শাশ্ত-শৃত্থলা ব্যাহত হচ্ছে। আমি বলছি আমরাও শান্তি-শৃত্থলা চাই তবে শান্তি মানে শম্শানের শান্তি নয়। ওঁরা ২০ বছর ধরে যেভাবে শ্মশানের শাণিতর কথা ভেরেছেন যেভাবে ট টা বিডলাব দালালী করে, পর্লিশ দিয়ে ঠেপিয়ে মান্যকে হত্যা করে, মান্যের রক্তে রঞ্জিত করেছে ওদের হাত, আমরা কলৎক্ষয় ইতিহাস, সেই শমশানের শান্তি চাই না। আমরা শান্তি চাই শিল্পে—সাথে সাথে মালিককেও ব্রাঝয়ে দিতে চাই যে শ্রমিকদের গণতান্ত্রিক আন্দোলনে এই সরকার থাকবে শ্রমিকদের সঞ্গে একাত্মভাবে তাদের পিছনে, তাদের সামনে। কিষাণ সংগ্রামে, ক্ষেত্মজ্বরের সংগ্রামে অতন্ত প্রহরীর মত ঐ কৃষকদের স্বার্থ রক্ষায় আর্মানয়োগ করবে এই সরকার।

[4-20—4-30 p.m.]

অধ্যক্ষ মহাশয়, ওরা পর্বালশ রাজস্ব স্থিত করে ২০ বছর ধরে যে ইতিহাস স্থান্থ করেছে সেই জন্য বাংলাদেশের মান্য আজ ওদের ভার্ডাবিনে ফেলে দিয়েছে। আমরা সেই ইতিহাস তৈরী করতে চাই নাই। আমরা মান্যের গণতাশ্তিক আন্দোলনে বিশ্বাস করি, আমরা গণতন্ত্র বিশ্বাস করি। দার্শিত-শৃত্থলা আমরা চাই। টিটাগড় প্রভৃতি জারগার যে সাম্প্রদারিকতার বিষ ছড়িয়ে দিয়ে এই সরকারের বির্দেধ ষড়যন্ত্র করা হচ্ছে আমরা ওদের হ'্সিয়ার করে দিছি যে এ ষড়যন্ত্র চলবে না। অধ্যক্ষ মহাশয় আমি জানি আমার নির্বাচনের সময় অধ্যক্ষ মহাশয় ওরা এমন একটা কুৎসিত সম্প্রদারিকতার হ্যান্ডবিল ছড়িয়ে ছিল, যদি হাওডার পর্যালশ এবং জেলাশাসক সেই সময় একট্র সত্রপারিকতার হ্যান্ডবিল ছড়িয়ে ছিল, যদি হাওডার পর্যালশ এবং জেলাশাসক সেই সময় একট্র সত্রপ্রায় করে না হতেন তাহলে হয়তা সাম্প্রদায়িক দাংগায় পশ্চিমবাংলার গোটা নির্বাচনটা বাছেত হয়ে যেতো। আমি তাদের নাম করবো না ও'রা জানেন যে সেই ইতিহাস—কারণ ও'রাই সেটা লিখে দিয়েছেন। আমরা শ্নতাম বঙ্গোপসাগরে আমাদের চুবিয়ে দেওয়া হবে, ১০০টি সিটও ব্যক্তরণ পাবে না, মান্য থেকে কত বিচ্ছিয় হলে পর এই রকম পাগলের মত কলপনা মান্যের জাগে এট'ই হচ্ছে তার দৃংটালত। কোন কোন নেতারা বলতেন আমরা নাকি ছিটেফোটা ১০/১৫টা

পাবো বাদবাকী ওঁরাই পাবেন। আজ আর ওঁদের মূখ ল্কাবার জান্নগা নেই। ২০ বছরের যে গণতন্ত্রের ইতিহাস তাঁরা স্থিট করেছেন সেই গণতন্ত্রের কথা যদি মান্য কল্পনা করে তাহলে ধিক্কার দেবে। এই সরকারের পতন ঘটাবার জন্য পি ডি এফ এবং কংগ্রেস সরকার অন্ততপক্ষে ১৭টি খুন করেছে। ওরাই আবার গণতশ্বের কথা বলেন। কোথায় গেলেন সেই ব্রিফলেস ব্যারিষ্টার রিফলেস উকিল। সেই জন্য বলছি ওঁদের মুখে গণতন্তের মহিমা শুনতে হলে ঘূণায় ধিকারে নিজের মূখ লুকাবার ইচ্ছা হয়। একটা কথা অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি বলতে চাই যে বন্যার উল্লেখ এই গভর্নরের বস্তুতায় আছে। কিন্তু অত্যন্ত এবং দঃখ এবং ক্ষেভের সংগ্যে আমাকে একথা বলতে হচ্ছে যে এতে কেবল মোদনীপরে এবং উত্তরবংশ্যের কথা আছে। কিন্তু হাওড়া জেলায় যে বিরাট বন্যার স্রোত বয়ে গেল যাতে জগতবল্লভপুর থেকে সুরু করে আমতা রিমোর্ট কর্ণার শ্যামপ্রের একপ্রান্ত থেকে আর এক প্রান্ত ভেসে গেল ছর সাড়ে ছয় লক্ষ লোক গৃহহারা সর্বহারা হোল তার উল্লেখ না থাকার আমি অত্যন্ত ব্যাখত এবং নিজেকে মর্মাহত বলে মনে করছি। এদিকে সরকার যেন একট্ন দ্ভিট রাখার চেষ্টা করেন এবং তার জন্য টেল্ট রিলিফ এবং যাকিছ, সাহায্য করা প্রয়োজন, ঘরবাড়ী তৈরী করা ইত্যাদি সেদিকে সরকার ষাতে দায়িত্ব পালন করেন এটাই আমি আপনার মাধামে আমাদের সরকারকে জানাচ্ছি। আর আমার বস্তুতার উপসংহারে ওদের সাবধান করে দিচ্ছি যে ওরা প্রতিশ্রুতি দিয়েছেন যে আমাদের ভাল কাজে নাকি ও'রা সাহায্য করবেন। সে প্রতিশ্রুতি যেন ও'রা রক্ষা করেন। আমি এটা বলে দিতে চাই যে আমরা ওদের কিছ্তেই অশান্তি ও বিশৃত্থলা সূত্তি করতে দেবো না। ওরা কোন রাজনৈতিক কারণে, কোন মতলব বা অভিসন্থি নিয়ে কাজ করেন তাহলে আমরা জনতাকে লেলিয়ে দেবো জনতার দরবারে তাদের বিচারের জন্য পাঠিয়ে দেবো। এই বলে আমি আমার বক্ততা শেষ করছি।

Shri Mohammed Amin:

স্পীকার মহাশয়, গভর্নর তাঁর আড্রেসের দ্ব নম্বব এবং তিন নম্বব প্যারাগ্রাফ বাদ দিয়ে একটা অন্যায় কাজ করেছেন। যেভাবে তিনি ১৯৬৭ সালে একটা নির্বাচিত সরকারকে অন্যায় করে ডিসমিস করেছিলেন, সেইরকম আব একটা অন্যায় তিনি করেছেন।

এখানে আলোচনায় টিটাগড়ের কথাটা বার বাব উঠেছে। আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলব। তার আগে এই মিড টার্ম ইলেকশনে বাংলাদেশের মানুষ যা করে দিলেন, তাতে আমার এটাই মনে হয়েছে এখানে কেরলের ইতিহাস রিপিট করা হয়েছে। আপানার আশা করি মনে আছে কেরলের একটা ইলেকটেড গভর্ণমেন্টকে আন-কর্নাস্টিটিউসন্যালি ডিসমিস করেছিলেন এবং এখানে যেভাবে তাঁরা কয়েকটা বিশ্বাসঘাতককে, বেইমানকে কিনে একটা অজ্যোত দেখাতে পেরেছিলেন. কেবলে কিন্তু তাও হয় নি। সেখানে অ্যাবসলিউট মেজরিটি আমাদের ছিল এবং তাঁরা গ'য়ের জোরে গভর্নমেন্টকে তারা ভেঙেগ দিলেন। তারপর সেখানে আমাদের প টির কর্মীদের উপর নানারকম অত্যাচার করা হয়। ১৯৬২ সালের এবং ১৯৬৪ সালের সে সমস্ত ঘটনা আপনার নিশ্চয়ই মনে আছে। কিন্তু কেরলের মান্য তাদের উপযক্ত শিক্ষা দিয়েছে, জবাব দিয়েছে। ঠিক সেইভাবে ১৯৬৭ সালের নির্বাচনে আমাদের গভর্নমেন্টকে ত'রা যেভাবে ডিসমিস করলেন, বাংলাদেশের জাগ্রত গণতান্ত্রিক ম'নুষ তা সহা করে নি। তাঁরা উপযুক্ত জবাব দিয়েছে এবং এমন জবাব দিয়েছে যে ও'রা আজকে ৫৫ সীটে এসেছেন। কেরলে ও'দের আসন সংখ্যা 🔉 আর এখানে ৫৫ এবং আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন যে, আর বিধানসভায় কোন সাদা ট্রপি দেখা যাচ্ছে না। এটা এইজন্য আমি বললাম যে, বাংলাদেশে কেরলের ইতিহাস প্নেরাবৃত্তি হয়েছে। স্ত্রাং সংসদীয় গণতন্দের কথা যারা বলে, এইসব বড় বড় কথা যারা বলে তাঁদের যদি এইসব দেখেও শিক্ষা হয়েছে কি? আমি জানি তারা এর থেকে শিক্ষা নেবে না.

They will not accept their defeat

ভারা আরও বড়যন্ত্র করবে। কেন না কেন্দ্রীয় সরকার ভাগ্নিক হাতে আছে এবং তারা যে কত জঘন্য কাজ করতে পারে, সেটা আমরা জানি। তবে আফি সালেক এই কথা বলে সতর্ক করে দিতে চাইছি যে, তারা একবার পাকিস্তানের দিকে চেরে দেশা ক্রীকস্তানের জনসাধারণের দিকে। আর্ব খান বন্দক্ক নিয়ে বেভাবে ১০ বছর আগে বাসালিকন, আজকে কোধার তিনি।

সেখানকার মানুষ আজ তার বির্দেধ একটা বিদ্রোহ ঘোষণা করেছে। আপনার নিশ্চয় মনে আছে, সেখানেও নির্বাচন হয়েছিল, যুক্তঞ্চন্ট হয়েছিল, কিন্তু তারপর সেখানকার রুলিং পার্টি মুসলিম লীগ তারা ইস্কান্দার মির্জা ও আয়ৢব খাঁকে ডেকে আনলেন। এরা আর ওরা একই। উভয়েই ধনিক শ্রেণী, একচেটিয়া প্র্লিজণিত এবং সামাজাবাদীদের সঙ্গে সহযোগিতা করে। আমি ওঁদের বলতে চাই ভারতবর্ষে বা বাংলাদেশে যদি ঐ ধরনের ষড়যলা করা হয় তাহলো তাঁরা যেন মনে রাখেন এখানকার মানুষ অনেক বেশি জাগ্রত, অনেক বেশি সংগঠিত, তাদের গণতালিক সংগ্রামী ঐতিহা রয়েছে, তাঁরা এসব সহা করবে না, আপনাদের নিশ্চিক করে দেবে। একথা যেন তারা মনে রাখেন। টিটাগড়ে একটা রায়ট হল, এটা আপাতদুন্টে মনে হবে, সাম্প্রদায়িক দাঙ্গা। আমি ওখানে একদিন ছিলাম সারা দিন, সারা রাত। আসলো এটা সাম্প্রদায়িক দাঙ্গা নয়।

[4-30-4-40 p.m.]

এর পেছনে একটা রাজনৈতিক পটভূমিকা রয়েছে। নির্বাচনী অভিযানের সময় কংগ্রেস পার্টির পক্ষথেকে সাম্প্রদায়িকতা ছড়ান হয়েছিল। তাঁরা সেখানে দেওয়ালে দেওয়ালে লিখেছিলেন কংগ্রেস যদি পরাজিত হয় তাহলে টিটাগড়ে রম্ভ গণ্গা বইবে। আমি এইসব আপত্তিকর কথা সেখানকার কংগ্রেস প্রার্থীকে বলেছিলাম যে আপনারা পার্টির কমীরা এসব কথা লিখেছেন ও বলছেন। আর্পান মনে রাথবেন যে, এটা সংখ্যালখুর বাপের নয় সমসত ভোট যেদিকে দেবে সেই জিতবে। তিনি বলোছলেন এহসব কথা কেওঁ যদি লিথে থাকেন আহলে অন্যায় করেছে এবং আমি এজন্য ক্ষমা চাচ্ছি। খামি তাঁকে বলেছিলাম ক্ষমা চেয়ে কোন লাভ নেই. আপনি আপনার লোক দিয়ে ওগলো মতে ফেল্লন। কিন্তু, সারে, আপনি চল্লন এখন দেখবেন সেখানে চিটাগড় স্টেশন-এর কাছে দেওয়ালেব কাছে এসব শেলাগান লেখা আছে। নির্বাচনের সময় এই রকম অনেক কিছু তারা করেছেন। কিন্তু আমি বিশ্বাস করি গভন মেন্ট যদি এব জনা কোন রকম তদন্তের ব্যবস্থা করেন তাহলে এইরকম কত জধনা জিনিস যে হয়েছে তা আমি প্রমাণ করব। টিটাগড়ে এইভাবে তরা নির্বাচন কবেছেন এবং তার ফলে যুক্তফুন্ট ৮ হাজারের মার্রজিন-এ জিতুতলেন। কিন্তু তারা নানারকম ষড়যন্ত্র আরুশ্ভ করলে যেটা হেণলি ও ঈদের সম্য ম্যাক্সিমাম রূপ দেয়ার চেষ্টা করা হল। কিন্তু আমরা যতটা সম্ভব সেটাকে বাঁচাবার চেষ্টা করেছি। এবারে হোলী ৪ না ৫ তারিখে হবে এটা নিয়ে দিবমত হয়েছিল। মিলেব কর্তৃপক্ষ ৪ তারিখে ছুটি ঘোষণা করেছিল। আমি নিজে চেন্টা করেছিলাম যাতে ৫ তারিখে মিলগুলো বন্ধ থাকে এবং যাতে কোন গোলমাল না হয়। এতে তাঁরা ক্ষিণত হয়ে গেলেন এবং পাড়ায় পাড়ায় গেলমাল আরম্ভ করলেন। আলাদের সম্প্রতি যে কিছ্ কিছ্ বিবৃতি দিয়েছেন এবে উল্লেখ করে অপোজিশন বেও থেকে বলা হয়েছে। আমি দেখেছি ৮ তারিখে যেদিন গোলমাল বেশা হয় সেদিন সেখানে সি আর পি-র লোকের। ছিল এবং তার। মান্যের উপর অকথা অভাচার করেছে। কাজেই আমি আবেদন করব এই অপরাধীদের বিচার হওয়া উচিত এবং তাদের শাণিত দেওয়ার ব্যবস্থা করা উচিত। আপনি জানেন যে ওরা হচ্চে কেন্দ্রীয় সরকাবের ব্যহিনী এবং এই ব্যহিনী গঠিত হয়েছে যাতে ভারতবর্ষের গণতান্ত্রিক আন্দোলনকে দমন করা যায়। যেরকম ভাবেই হোক না কেন সাধারণ মানুষের বিরুদ্ধে ওদের লেলিয়ে দেওয়া হয়। সেজনা তখন বলছিলাম যে, এদের সরতে হবে এবং আমাদের হোম মিনিস্টার সেদিন এদেব সরিয়ে দিয়েছিলেন এবং তারপরেই ২৪ ঘন্টার মধ্যে সেই দাশ্যা কমে গিয়েছিল। এর ফলে কংগ্রেসীদের যে ষড়যন্ত্র ছিল সেটা আর কার্যকরী হল না। টিটাগড়ের সাধারণ মানুষ দাংগা চায় না তারা যদি তা চাইত তাহলে ২৪ ঘটার মধ্যে সেই দাংগা থামত না। আমি এইবকম অসংখা ঘটনা জানি যেখানে হিন্দ্রা ম্সলমানদের সেল্টার দিয়েছে, সাহায্য করেছে, আবার তেমনি ম্সলমানরাও হিন্দুদের বাঁচিয়েছে, সাহায্য করেছে। এইরকমভাবে গরীব লোক, কলকারথানাব শ্রমিকরা, যাদের ইউনিয়ন আছে তারা কোন দাঙ্গা করতে চায় না।

এ থেকে কংগ্রেসী বন্ধন্দের শিক্ষা দেওয়া উচিত। আমাদের নোংরামিতে যাওয়া উচিত নর। সাার আমি আর বেশী বলবো না। এতে আমাদের একটা ব্রাইট এক্সপিরিয়েন্স হরেছে। সেই এক্সপিরিয়েন্সের ভিত্তিতে আমরা মান্যকে মবিলাইস করবো। আমরা দাংগা কি করে রোখা যায় তার ব্যক্ষণা করবো। যদি কেউ এতে ষড়বন্দ্র করে তাহলে আর তা কার্যকরী হবে না। আমাদের মধ্যে সম্পৃতি ও বন্ধন্দ্র থাকবে ও সাধারণ স্থান্য প্রাপ্তামে এগিয়ের বাবে।

Shri Ashoke Chaudhuri:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপালের ভাষণের উপর আলোচনার সময় আমরা আজকে সংসদীয় রাজনীতিতে একটা প্যারোডক্স দেখতে পাচ্ছি। বিরোধীদল হিসাবে রাজ্যপালের সমস্ত কুত্রুর্মকে তাঁরা সমর্থন করেছেন এবং শাসক দলের পক্ষ হয়ে সমালোচনা করেছেন। রাজ্যপালের এ ধরনের কাজ বা নীতি সংবিধানের বিশেষ কোন ধারায় এর্প কোন কথা লেখা নেই যে রাজ্যপাল মল্ট্রী-সভার অনুমোদিত ভাষণের অংশ বিশেষ বাদ দিয়ে পড়তে পারেন। কংগ্রেস পক্ষ থেকে বার বার বলবার চেণ্টা করা হয়ে যে রাজ্যপাল তাঁর ডিসক্লিয়েশন অন্যায়ী কোন অংশ বাদ দিয়ে পড়তে পারেন। আজকে তা হলে এটাই কি ধরে নিতে হবে যে আজকে তিনি একটা প্যারা প্রভবেন না কালকে একটা প্যারা পড়বেন না। তারপর গোটা ভাষণ পড়বেন কিনা এই ডিসক্রিয়েশনের কথা বিভিন্নভাবে বলা হয়েছে। এই ডিসক্রিয়েশনের কথা সংবিধানে লেখা নেই বা রূলস অফ বিজনেস-এ লেখা নেই। স্ত্রাং কংগ্রেস পক্ষ থেকে বিভিন্নভাবে একটা কথা বলা হয়েছে বা আপত্তি তোলা ২য়েছে যে, আপীল হয়েছে, মামলা বিচারাধীন স্বতরাং আলোচনা করা চলবে না। একটা কথা বলা যায় যে, আপলি, আদলিত সমস্ত কিছু, অগ্রাহ্য করে বাংলাদেশের মানুষ যে রায় দিয়েছে নিব[্]চনের মাধ্যমে সেটাই একমাত্র দিকদর্শন। একটা বিশেষ আদালতের একটা রায়ে একটা জাতির বা বাংলাদেশের রাজনৈতিক ক্ষমতা সীমাবন্ধ রাথা সম্ভব নয়। গ্রণতদের কথা কংগ্রেস পক্ষ থেকে বার বার বলা হয়েছে, আইনের শাসনের কথা বলা হয়েছে ও সংবিধানের অধিকারের কথা বল। হয়েছে, সেই সংবিধানের অধিকারের যুক্তিযুক্ততা নিয়ে রাজ্যপালের ভাষণের সমর্থন করেছেন এবং শান্তি ও শৃত্থলা আইন এবং সংবিধান-এর কথা বলেছেন। আইন যদি মানুষের রজ্মী-রোজগারের অধিকার কেড়ে নেবার চেণ্টা করে, মান.মকে শোষণের বিরুদ্ধে দাঁডাবার অধিকার হরণ করে, মানুষের হাতে শিকল পরাবার চেন্টা করে, মানুষের স্বাধীনতা ও বিবেককে আইন এবং সংবিধান দ্বারা বন্ধ করে দেবার চেন্টা করে, তাহলে তা রুখে দাঁডাবার চেন্টা করতে হবে। আইন এবং সংবিধান আমাদের রক্ষক কিন্তু তা যদি এইরকম হয়, ভাহলে ₹ভিহাসের আনিবার্য বিধানে বিধানসভার প্রাক্ত সদস্যর। সক**লেই** জানেন সেই আইন ও সংবিধান ধরংস হয়ে যায়। একটা কথা হল এই যে, কংগ্রেস পার্টি থেকে আইন এবং শৃত্থলার কথা বলা হয়েছে, আইন ও শৃত্থলাব অনেক কথ ই বলেছেন স্যার, আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি তা হলো ২৪-প্রগন্ত্র সবচেয়েও দক্ষিণের স্কুদ্ববন অঞ্জের নির্বাচন কেন্দ্র। আজ কড়ি-বাইশ বংসব ধরে কংগ্রেস ত দেশের শাসনকার্য পরিচালনা করেছেন সেই শাসন ব্যবস্থাব মধ্যে আমবা অনেক বিচিত্র গণতান্তিক রীতিনীতি দেখেছি, অনেক আইনকান্যনের প্রয়োগ দেখেছি। কিন্তু যথনই স্বলরবনের গরীব কুষ্বগণ বড় বড় জামির মালিকদের শোষন এবং অভ্যাচাতের বিবৃদ্ধে প্রতিবাদ করেছে, যখনই ভাদের অধিকার পাবাব জন। চেণ্টা করেছে, তথনই তার। প্রিলশ দিয়ে নানানভাবে অভ্যাচার করে किशास जिल्ल केल मिसाइन।

[4-40-4-50 p.m.]

আমরা দেখেছি ৭৫ বিঘা জনির মর্বোচ্চ সাঁমা বে'ধে দেওয়া হয়েছে। কোথায়? সেখানে আইনেব শাসন দেখান অথচ গত ২০ বছরে হাজার হাজার বিঘা জমি নামে বে-নামে রাখা হয়েছে, এতদিন ফাঁকি দিয়ে রাখা হয়েছে। সমসত দশ্তব জানে, প্রিলশ জানে, কংগ্রেসের মল্টীবা যারা কিছ্দিন আলেও ঐ ট্রেজারী বেণ্ডে বসতেন তারাও জানতেন, যারা গণতন্ত্রের কথা বলেন, আইনে শাসনেব কথা বলেন তারা জানতেন। সমসত জেনেও যখন সাধারণ মানুষ গণতান্ত্রিক অধিকার নিয়ে দাঁড়িয়েছিল তখন তাদের গ্লী কবা হয়েছে, হ্যান্ডকাপে কুলায় নি, গর্বে দািডতে বে'ধে তাদের জেলে চালান করা হয়েছে। রাজ্যপতির শাসনের আমলেও আমরা দেখেছি, কই সেদিন তো ঐ কংগ্রেস বেণ্ড থেকে গণতন্ত্রের কথা চাষীদের অধিকারের কথা বলেন নি সিন্ধার্থ বাব্রু বলেন নি, আজও বলেন নি। হাজার হাজার বিঘা জমি সমুন্দরবনে গায়ের জোবে প্রজাদের উচ্ছেদ করে বাযতদের উচ্ছেদ করে ফিসারী কবে রাখা হয়েছে। এক কানিং এবং বাসনিত থানা মিলিয়ে তামি জানি ৫০ হাজার বিঘার মত জমি সেখান থেকে প্রজাদের উচ্ছেদ করে বিগত ১৮-১৯ বছরে ফিসারী কবা হয়েছে। কই সেদিন তো দেখিনি আইন এবং গণতন্ত্রে অধিকার নিযে সেই চাষী এবং রাযতদের বাঁচাবার জন্ম কংগ্রেস নেতাদের বা আইনসভাব ফার্মেক্যানী সনসা যারা গণতন্ত্রের কথা বলেন সেখানে দাঁড়িয়ে সেই হতভাগা মান্মদের বাঁচাতে। চাহলে সেই আইন এবং গণতন্ত্রের অধিকার কি তাদের একচেটিয়া থাকবে? একদিন যারা শাসন

ক্ষমতার ছিলেন—কংগ্রেস তাদের যেন একচেটিয়া অধিকার শাসনতল্যকে ব্যাখ্যা করবার। কায়েমী স্বার্থ বা বড়লোকের গায়ে হাত লাগলেই দেশ গেল, গণতন্ত্র বিপন্ন হল এই চিংকার করেন। আজকের আলোচনার সময় আমরা দেখতে পাচ্ছি যে বার বার কংগ্রেস বা বিরোধীদল থেকে মাননীয় সদস্যরা বলছেন গণতন্ত বিপন্ন হচ্ছে, কংগ্রেস কম্বীদের উপর অত্যাচার হচ্ছে, তাদের আক্রমণ করা হচ্ছে ইত্যাদি নানারকম কথা তুলতে আরম্ভ করেছেন। এসব কথা আমরা সকলেই শুনেছি কিন্ত মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে ২ বছর আগের একটি ঘটনায় ফিরে যেতে অনুরোধ করছি। গত চতুর্থ সাধারণ নির্বাচনের পর যুক্তফ্রন্ট যখন ক্ষমতায় এসেছিল তারপর থেকে এক বা দেড় মাস ওরা নিন্দা বা প্রশংসা বেশী করে করেছেন। তারপর গণতন্ত্র বিপয়ের ধর্নন তলেছেন। সেই গণতন্ত বিপক্ষের ধর্নন তাদের আজও শেষ হয় নি। এখন নতুন করে ওরা সেই গণতল্য বিপন্ন, শাসন শৃংথলা বিপন্ন, সংবিধান বিপন্ন ইত্যাদি ধর্নন তুলছেন। তাছাড়া সংবিধান মত যত কাজ আমরা করছি সবই নাকি আন-কর্নাস্টিটিউশনাল এই ধরনের আওয়াজ ওরা তলছেন। এর অর্থ হচ্ছে আগামী দিনে ওরা আবার যুক্তফ্রেটর বিরুদ্ধে, সাধারণ মানুষেব বিরুদ্ধে বাংলাদেশে লড়াই করার জনা প্রস্তৃত হচ্ছেন। এই হচ্ছে তাদের ওয়ার ক্রাই-এর নমুনা। মাননীয় স্পীকার মহাশ্য আইন এবং তার যে সাংবিধানিক অর্থ সেটা বিধানসভার সদস্যদের কাছে নতুন করে বলবার দবকার নেই। মননীয় রাজ্যপা**লে**র ভাষণেব মধ্যে যান্তফ্রনট সরকারের যে কার্যসূচী আগামী দিনে প্রতিফলিত হবে সরকারের মাধ্যমে তার অধিকাংশই মোটাম্টিভবে ফুটে উঠেছে। সুন্দরবন সম্পর্কেও কথা আছে। আমি মাননীয় রাজ্যপালের ভাষণ সহ রবিনবাবার প্রস্তাব সমর্থন কর্ছি।

Shri Animesh Mukharjee:

মিঃ প্পীকার, স্যার, আজকে পশ্চিমবাংলায় মধ্যবতী নির্বাচনের পর যুক্তঞ্রন্ট সরকাব ৩২ দফা কর্মসচ্চীর ভিত্তিতে আবার শাসন ক্ষমতায় আসনীন হয়েছেন। আমরা কংগ্রেসের ভর্ম্ব থেকে তাঁদের এই বিজয়কে অভিনন্দন জানাছি কিন্তু সংগা সংগা দঃখের সংগা আমি আমি আমি আজকে ৩২ দফা কর্মসচ্চীর নমুনা আগামী দিনে কি হবে তার প্রমাণ পাছি পশ্চিমবংলায় যু, তেওঁ সরকারের খাদ্যনাত্তী সাধীনকুমার ৩২ দফাব মধ্যে বালেছিলেন পশ্চিমবংলায় যু, তেওঁ সরকারে কামেম হলে সম্মত খাদ্যবাবসা বাণ্ডীয়করণ করা হবে। কিন্তু থাজকে এ পর্যন্ত খাদ্যনাত্তী ঘোষণা করলেন না যে তাঁব খাদ্যনীতি কি হবে। খবরের কাগণে দেখেছি জেটিত বস্কু শিংপপ্যিদের বলছেন যে তোমাদের কোন ভয় মেই, তে মবা পশ্চিমবংগ টাকা লগনী কর কিন্তু কোন শিংপপ্তি বলছেন না যে আগামী দিনে পশ্চিমবংলায় তাঁবা কত কোটি টাকা লগনী করবেন। কাবণ তারা সকলেই দেখছেন যে পশ্চিমবংলায় ভাবিয়াতে রাজনীতি কি বৃপ্প প্রিপ্রা বরবে, তাইন শৃংখলা কিভাবে তাঁরা রক্ষা করবেন। সংগে সংগে আম্বা আবার খবরের কাগজে দেখছি প্রশ্বিম বাংলায় আবার অরাজকতার স্থিত হছে। (গোলমাল)

মিঃ স্পীকার, স্যার, তাপেনি শ্নেলে অবাক হবেন আমাব বিধানসভা কেন্দ্রে দীনহাট য নিবা-চনের পর যাত্তফ্রন্ট সরকারের প্রাত্তন চিফ হাইফ-এর নেতৃছে দ্বীনহাটা মহকুমার মহকুমাশাসক শিবেশ নিয়োগীকে ঘেরাও করে মেরে তাড়িয়ে দেওয়া হয়েছে। সেখানে এখন মহকুমা শাসক নেই সেখনে **আইন-শৃঙ্খলা** বলতে কিছা নেই। সেখানে একটা অবাজকতা সূণ্টি হসেছে। তেওঁতি কয়, অজয় মুখাজী বলছেন যে তাঁরা আইন শূত্থলা রক্ষা করে যাবেন কিন্তু আজকে কিভাবে কংগ্রেসের সমর্থকদের কংগ্রেস ওয়াকারিদেব নারা হচ্ছে তার প্রমাণ এই হাল্ডে বিল। এটা আমার নম্ এটা মার্কস বাদী কমিউনিস্ট পার্টির হান্ড বিল। এর তারিখ হচ্চে ২৪এ ফাল্টান, ৮ই মার্চ, দীন-হাটায় আইন শ্ৰেখলা কিভাবে ভাপা হচ্ছে সেই কথাই মাকসিবাদী কমিউনিস্ট্রা এই হাল্ড বিলে বলেছেন। তাতে লেখা রয়েছে, "যাজুফুট সরকাব শাসন ক্ষমতায় আসীন হবাব স্থো সংগ্রাসমগ্র রাজার্যাপী সাধারণ মানুষের মধ্যে উৎসাহ উদ্দীপনা দেখা দিয়েছে। অপর দিকে কারেমী দ্বার্থ ও কিছু কিছু বামপন্থী অধিযারের চক্রান্ত ও তাঁদের সহায়তায় দীনহাটা মহকুমার নানা স্থানে দ্বক্ম করিয়া প্রতিহিংসা চরিতার্থ কবিবার কয়েকটা প্রয়াস পাইতেছে।" এটা আমার কথা নয়, এটা দীনহাটা মহকমার মাকসিবাদী কমিউনিস্ট পার্টির কথা। কিন্ত এখন তাঁরা সেটা অস্বীকাব করছেন। মিঃ স্পীকার স্যার আজকে দীনহাটায় আমবা দেখেছি ওখানে আমাব কেন্দ্রে যেসমস্ত ব্যাশানের দোকানেব মালিক হযত কংগ্রেসকে ভোট দিয়েছেন সেই সমস্ত র্যাশানের দোকানেব মালিককে তাঁরা মাল দেওরা বৃহধ করে দিয়েছেন। আজকে যাঁরা কংগ্রেসের সমর্থক, কংগ্রেস কমী

ভাদের গারে গরম জল ঢেলে দেওয়া হরেছে। এজন্য থানার ভায়রী করা হরেছে কিতৃ ভায়রী করার পরও প্রিলশ যায় নি। প্রিলশ বলেছে এখন যুবদ্ধট সরকার ইরেছে আমাদের কিছ্ করার নেই, যুবদ্ধট সরকার থাকতে আমরা কিছ্ করতে পারবো না একথা প্রিলশ পরিক্সারভাবে বলেছে।

(তুম্ল হটুগোল)

(শ্রীসাধন গ্রুণ্ড: যে হ্যাণ্ডবিলের সবটা পড়লেন না সেই হ্যাণ্ডবিলটা টেবিলে রাখবেন কি?)

[4-50-5 p.m.]

মাননীয় প্পীকার মহাশর, আমার কেন্দ্রে যেসমস্ত সংখ্যালঘ্ সম্প্রদায় আছে তাদের ভর দেখান হচ্ছে যে, তোমাদের পাকিস্তানে পাঠিয়ে দেওয়া হবে। সংখ্যালঘ্দের সম্বশ্যে থানার ভাররী করা হয়েছে কিন্তু কোন ফল পাওয়া যায় নি। সংখ্যালঘ্ সম্প্রদায়কে মারা হয়েছে, মাথা ফাটিয়ে দেওয়া হয়েছে, এজন্য ১৮-২ তারিখে থানায় ভায়রী করা হয়েছে, প্লিশ যায় নি। ১৩-২ তারিখে কংগ্রেস কমীদের মারা হয়েছে, এজন্য থানায় ভায়রী করা হয়েছে কিন্তু প্লিশ য়ায় নি।

(তম্পার্টিগোল।)

মিঃ দপীকরে, স্যার, খবরের কাগজে দেখলাম আমার কেন্দ্রে যিনি মহকুমা শাসক তাঁর বিরুদ্ধে এ'রা চার্জ এনেছেন যে তিনি নাকি কংগ্রেসকে সাহায্য করেছেন। আমি বলি যদি কোন মহকুমা শাসক কোন দলকে সাহায্য করেন তাহলে তাঁর বিরুদ্ধে নিশ্চয়ই চার্জ গঠন করা উচিত, এটা আমি সমর্থন করি। কিন্তু আজকে কোন সভা দেশে আছে যেখানে তাঁরা মহকুমা শাসককে ঘরাও করে তাড়িয়ে দেওয়া করেছে। সেই মহকুমা শাসকের বিরুদ্ধে বহু প্রচার ফরওয়ার্ড রক থেকে আগে করা হয়েছিল কিন্তু আজকে যুরুজ্বল সরকারের ডেপ্লিটি মিনিন্টার জ্যোতি বস্মহাশয় কুচবিহারে গিয়ে এই মহকুমা শাসককে দাটিফিকেট দিয়েছিলেন। কেন দিয়েছিলেন জানেন লাকি লাভি লাভি সংগ্রহ করেছিলেন। জ্যোতি বস্বু মহাশয় যেখানে সাটিফিকেট দিয়েছেন সেখানে ফরোয়ার্ড রক থেকে তাঁকে কনডেম করেছে। স্ত্রাং আমরা বলছি এবং দেখছি যে যুকুজ্বট সরকারের মধ্যে আভনব খেলা চলছে। সেজনা অনুরোধ করছি আজকে বিচার বিভাগীয় তদন্ত কর্ন। অভকে যেভাবে কংগ্রেস ক্মেণ্ডির বিরুদ্ধে অত্যাচার হচ্ছে, টাকা প্রসা কেন্ডে নেওয়া হচ্ছে, সংখ্যালঘুদের মারা হচ্ছে তার বিচার বিভাগীয় তদন্ত হওয়া উচিত। এই কথা বলে আমি আমার বন্ধবা করেছি।

Shri Bhabani Mukheriee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজাপালের ভাষণের উপর যে ধনাবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে ভার উপর যথন বিরোধী দলের সদসারা বন্ধতা করছিলেন তাঁদের বন্ধতায় আমরা কেবলই শ্নেছিলাম যে, এই রাজত্বে গণতন্দ্র বলে নাকি কিছু নেই, বর্তমান যুভফ্রন্ট সরকার হবার পর গণতন্দ্রের কোন আম্বাস আর তাঁরা পাচ্ছেন না। আমি রাজাপালের যে ভাষণ আছে তার একটা লাইন, এটা ওঁদের জনা নয়, জনসাধাবণের জানার জন্য পড়ে দিচ্ছি। যেহেতু ওঁরা এইসব কথা তুলেছেন ভার জনাই আমি এর থেকে পড়ে দিচ্ছি।

The new government assures the people that it will not interfere with any kind of legitimate movement of the people.

(Noise)

এইসব কথা তো লেখা আছে। এ'রা কেউ পড়ছেন কিনা জানি না, কারণ ও'দের তো পড়বার ব্যাপার নেই।

(Noise)

প্রীসিম্বার্থ শব্দর রায় ঃ

Sir, I think that the honourable member is a new member and making his maiden speech. No new member should be interrupted when a maiden speech is made by him. I shall follow it.

क्रीकवानी प्रापाणीঃ এখন কথা হচ্ছে গণতন্ত্র রক্ষা করবার জন্য যান্তফ্রন্ট সরকার প্রতিজ্ঞাবন্ধ ্ববং **সেইজন্য মারা আটক আইনে আটক আছেন তাঁদের সম্বন্ধে** বিবেচনা করছেন। ওই যুগে াদৈর আটক করা হোত সেই ব্যাপার আমরা জানি। আমি এই প্রসংগ্য জ্যোতিবাব্বক স্মরণ <u>র্নরেরে দিতে চাই গণতন্ত মানে চোর, ডাকাত, খনে এবং যারা দার্থ্যা বাধাবে নিশ্চয়ই তাদের</u> <u> গ্রেল নয়। গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা করবার যে লড়াই সেটাতে দেখতে পাচ্ছি এ রাই</u> াকট স্থিত করেছেন। গ্রন্ডাদের স্বাধীনতার বিষময় ফল সম্বন্ধে জ্যোতিবাব্যুকে বেশী গণতন্ত্র দরতে গিয়ে যেসব পরিণাম ঘটল, সেটা একবার দেখন। আমার এলাকা তেলেনীপাড়া সম্বন্ধে हथा উঠেছে। কাগজে যেটা বেরিয়েছে সেই তেলেনীপাড়ার কথা আমি এখানে রাখতে চাই। স্যার, একথা ঠিক যে জনসাধারণের গণতন্ত্র থাকবে এবং সমুস্থ নাগব্রিকের জন্যও গণতন্ত্র থাকবে। কিন্তু এই পক্ষের লোকেরা ২০ বছর ধরে স্থিট করেছেন যে সমাজদ্রোহীদের এবং তাঁদের নেতারা যেসব हारक **अश्म श्रद्य करत**न, जौरमत स्मिट कारकत कना-निम्हार भगजन्य थाकरव ना। छैता वनस्थन ত্র **ওঁদের উপর শত্তি প্রয়োগ** করা হচ্ছে ওঁদের আমাদের দলে ভেড়াবার জনা। কিন্তু আমি মনে ছবি ওই সব বৃহত যদি আমাদের দলে যোগ দেয় বা ঢোকে তাহলে যুক্তফুন্ট সরকারের বারোটা গাজবে এবং যুক্তফুল্ট সরকার যেজন্য দাঁডিয়েছে তার সর্বনাশ হবে। আমি জানি না ও'দের দলে ভেডাবার জন্য কারা কাজ করছেন। আমরা তো জানি বাংলদেশের মানুষ ও'দের ঝেটিয়ে বিদায় করতে চায়। স্যার, যাঁরা গণতন্তের ধনুজাধারী তাঁদের কথা একটা স্মরণ করিয়ে দিতে চাই। দেশে ম্বাধীনতা আসার পর এই তেলেনীপাড়ায় ১৯৫০ সালে একবার সংখ্যালঘ্ সম্প্রদায় কচুকাটা হয়েছিল। সেখানে স্টেনগান ইউজ করা হয়েছিল, ফায়ারিং করা হয়েছিল এবং শত শত নয়, হাজার হাজার সংখ্যালঘুকে কাটা হয়েছিল এবং তাতে অংশগ্রহণ করেছিলেন ও'দের দলের মন্ত্রীরা। ভারপর থেকে এই তেলেনীপাড়ায় সংখ্যালঘু, সম্প্রদায়ের মানুষকে হত্যা করা, তাদের সম্পত্তি লুঠ করা একটা নেশা ও পেশা হয়েছিল। কংগ্রেসকে ভোট না দিলে ভয় দেখান হোত। ১৯৬৭ সালে কয়েক মাসের জন্য নৃত্ন যে আবহাওয়া বাংলাদেশে এসেছিল, তার সুযোগে সেথানকার সংখ্যালঘু সম্প্রদায়রা ভরসা পেরোছিল যে আমরা স্বাধীনভাবে ভোট প্রয়োগ করতে পারব এবং গণতান্তিক-ভাবে ব[°]চার অধিকার পাব। তারা আশা করেছিল যে সেই অধিকার এই যগে আসবে। এটাই ওঁদের গায়ে জন্মলা হয়েছে। তারপর রাজ্যপ'লের শাসনে আবার লোকদের দিয়ে আক্রমণ করান হয়েছে এই তেলেনীপাড়া অঞ্চলে। এই ব্যাপারে জড়িত রয়েছে কংগ্রেস এবং তার সংশ্ব বয়েছে জনসংঘ। এ'দেরই ছিল এই ঘটনা ঘটাবার পেছনে অগ্রণী ভূমিকা এবং তার সঙ্গে ছিল কায়েমী স্বার্থবাদী মিল অর্থার্রিটস। আপনি জানেন কাদের নিয়ে এই মিল অর্থার্রিটস হয়েছে। রিটিশ বা ইংলিস কোম্পানী চলে গেছে এবং তারপর কারা এব মালিক হয়েছে, তা আপনি জানেন। এইসব মালিকদের সাম্প্রদায়িকতা লাগাবাব ব্যাপাবে দ্বার্থ আছে এবং এই সমুস্ত চক্রান্তেব পেছনে ও'রাও ছিল। এই দাপ্যা আজকের ঘটনা নয় এটা পবিষ্কার রাজনৈতিক ব্যাপার। আমার মনে আছে ১৯৬৬ সালে আমরা এম এল এ-রা জেল থেকে বেরিয়ে আসি। গণতন্তের যাঁরা ধ্রজাধারী তারাই আমাদের ভারত রক্ষা আইনে আটক করে রেখেছিলেন। ১০ই মার্চের সময় ও পরে বাংলা-দেশে একটা ব্যাপক আন্দোলন হয়েছিল এবং আমার মনে আছে ১৯৬৬ সালের সেপ্টেন্বর মাসে একটি শান্তিপূর্ণ রাজনৈতিক শোভাষাত্রার উপর আক্রমণ হয়।

[5-5-06 p.m.]

কংগ্রেসীরা শোভাযাত্রাকে আরুমণ করেছিল, আমাদের কথ্দের কয়েকজনের মাথা ফাটিয়ে দিয়েছিল, অনেক সাইকেল, ঘড়ি-টড়ি খোয়া গেছল। ১৯৬৭ সালে ইলেকশনের দিনে এস ডি ও সাহেব ছিলেন, তিনি দেখেছেন কতথানি ঔশ্বতা, প্রকাশাভাবে কংগ্রেসীরা ইলেকশন ব্রথ আরুমণ করে নির্বাচন পশ্চ করার চেণ্টা করেছিল। ইলেকশনের দিনে এই জিনিস হয়েছে। শুরু তাই নয়. এই যে গত নির্বাচন হয়ে গেল ৯ই ফেরুয়ারী, সেদিন দেখলাম, সংখ্যালঘ্ মান্য যারা আমাদের পক্ষে ভাটে দিয়েছে, তাদের কি দশা হয়েছিল। কংগ্রেসীরা একেবারে ক্ষেপে গোছলেন, যথন দেখলেন সংখ্যালঘ্ মান্বেরা আমাদের ভাটে দিছে ওদের জয়ের কোন আশা নাই তথন তাঁরা কি করলেন? এমন আরুমণ করলেন যে বেলা একটার পর থেকে ৯ই ফেরুয়ারীতে, বারটি বৃথ বশ্ধ হয়ে গেছিল, সমস্ত বাজার লাঠ হতে যাছিল সন্ধ্যাবেলা দ্বটি সংখ্যালঘ্ সম্প্রদায়ের মান্যুষ কংগ্রেসী গ্রশ্ডাদের ল্বারা হত্যা হয়েছে এবং ওপার থেকে গোন্দলপাড়া থেকে মিল অর্থারটিস-এর

কারখানা থেকে লোহার ডাল্ডা দিয়ে দল নিয়ে এসে সমস্ত সংখ্যালঘ্দের বাড়িতে আগ্নুন ধরিয়ে দির্মোছল, ইলেকশনের দিনে এই ঘটনা ঘটেছিল, তারপরে হোলি উৎসবের নাম করে দ্বিতীয় ঘটনা ঘটল। আমি জ্যোতিবাব কে নিশ্চয়ই স্মরণ রাখতে বলবো স্থানীয় যে প্রালশ আছে তারা অতান্ত খারাপ। এইসব জায়গায় অনেক অফিসিয়াল করাণ্ট। যারা স্মাগলারস, যারা অ্যান্টি সোশিয়েল আকেটিভিটি করে তাদের সঙ্গে লোক্যাল পরিলশ হবর্নবিং করে ফলে এই যে দাপা ঘটে গেছে তাকে বাধা দিতে স্থানীয় পর্নিশ প্র্যাকটিক্যালী কিছুই করে নি। অবশ্য অকপ সময়ের মধ্যে উচ্চতর প্রিলশ অফিসিয়েলসর। এসে পড়ে এবং দেটপও নির্মোছল। কিল্তু মাত্র দ্র-তিন ঘণ্টা সময়ের মধ্যে ব্যাপক ক্ষতি হোরে গেল। পরিকল্পনা করে হোলির নাম করে কংগ্রেসী শোভাষাতা বার করেছিল। আমার মনে আছে স্বাধীনতার পর মন্মেণ্টের তলায় "লড়কে লেজে পাকিস্তান" বলে যে শোভাষাত্রার কথা শ্বনেছিলাম যার ফলে কলকাতার বুকের উপর একটা নারকীয় ঘটনা ঘটেছিল, ঠিক সেইরকম ঘটনা ঘটেছিল তেলেনীপাড়ায় কংগ্রেস এবং জনম্বর্গা-এর দলবাজদের দ্বারা। আর এর পেছনে পাণ্ট্রানাইজ কর্রোছল এই মিল কোম্পানী। সেজনা আজকে ল অ্যান্ড অর্ডারের যে ব্যাপার সে সম্বন্ধে সতর্ক হয়ে চলতে হবে। গণতন্ত্রের নামে যারা আন্টি সোশাল অ্যাকটিভিটিজ করে তাদের কঠোর হস্তে দমন করতে হবে এ সম্পর্কে যুক্তফ্রন্ট সরকারকে সতর্ক হতে হবে। পশ্চিমবাংলার বহু লোক বলছে আমাদের সরকার কি এসব জানছেন না, কেন এইসব দুক্তেকারীদের কঠিন হস্তে দুম্মন করছেন না ?

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের রাজ্যপালের ভাষণে আমাদের দেশের অন্যান্য সমস্যার কথা বলা হয়েছে। বাংলাদেশের কৃষি হোক, শিল্পই হোক, য়ে বাংতায়ই এগায়ত হার ভাতেই রয়েছে কায়েমী শ্বার্থ এবং প্রতিক্রিয়াশীল চক্রান্ত এদের প্রপ্রয়াদাতা হয়েই বর্তমানে আমাদের বিরোধী পক্ষের লোকেরা। তাদের সম্বন্ধে সতর্ক হয়ে কাজ করতে হয়ে, সেই সব গাছগালিকে উপতে ফেলতে হবে যদি সতা সতাই গণতন্তের জন্ম কাজ করতে হয়। গণতালিক আন্দোলন হয়ে, আমাদের পর্নিশ বাহিনী কাজ করবে, কিন্তু এইসব সাম্প্রদায়িকতা, এইসব প্রাদেশিকতা এই সমস্ত গণ্ডামী, নারকীয় আ্যান্টি সোশ্যাল আকেটিভিটি-এর বিব্রেখ কাজ করতে হয়ে। এই কথা মনে রেখে যাতে আমাদের প্রলিশ বাহিনী কাজ করে তার জন্য আমি আমাদের মন্তিমহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। শুধ্ একথাই নয়, বর্ধমান ইটাচ্নায় সাম্প্রদায়িক ঘটনা ঘটাবার চেন্টা করছে। কয়েকদিন অগে তেলেনীপাডা, চাপদানীর কংগ্রেস ক্যান্ডিডেট গিয়েদাপার উস্কানি দিছেন। যে হিন্দুস্থানীদের আয়রা ঠান্ডা করে এনেছিলাম, তাদের সঞ্চে গিয়েদাপান মিটিং করছেন, প্রকাশ্যে ও গোপনে উত্তেজনা সৃষ্টির চেন্টা করছেন।

এইসব ঘটনা ঘটছে। এর প্রত্যক্ষ প্রমান মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি হাজির করতে পারি। চাপদানীতে ইলেকশন রেজান্ট বেরিয়েছে, বোমকেস হেরে গেছে, তথানি ইটখোলা থেকে স্মাগলার-দের লোক শোভাযাত্রার উপর আটোক করেছে। ভিকণ্টি প্রসেসনকে লাঠি দিয়ে চার্জ করে তাদের জ্যাটাক করা হয়েছে, এইসব কথা স্মরণ রেখে যেন আমাদের যুক্তফ্রন্ট সরকার কাজ করেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধনাবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করিছ।

Mr. Speaker: Mr. Mukherjee was the last speaker. There were twelve speakers who spoke today. The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-6 p.m. till 1 p.m. on Wednesday, the 12th March, 1969, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 12th March, 1969, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 26 Ministers, 3 Ministers of State and 228 Members.

Calling attention to matters of urgent public importance.

[1—1-10 p.m.]

Mr. Speaker: I have received seven notices of Calling Attention on the following subjects, namely:—

- (1) Opening of the Manindra Cloth Mill-from Shri Amalendia Lal Roy.
- (2) Incidents in the National Medical College Hospital-from Dr. Zainal Abedin.
- (3) Disturbances at Titagarh and Telenipara—from Shri Amarendra Nath Ray Prodian, Shri Bimal Basu and Shri Suresh Sinha.
- (4) Tubewells rendered derelict for want of proper maintenance from Shri Gour Chandra Kundu.
- (5) Reported atrocities of workers belonging to Congress Party in January last—from Shri Bhupal Chandra Panda.
- (6) Malpractices disclosed by the Powerloom Inquiry Report- from Shri Anil Kumar Mukherjee.
- (7) Recent incidents in the Calcutta Hospitals—from Shri Anil Kumar Mukherjee.

I have selected the notice of Dr. Zainal Abedin on the subject of incidents in the National Medical College Hospital. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

শ্রীষতীন চক্রবর্তীঃ হেল্থ মিনিস্টার আমাকে বলেছেন উনি এটা পরশ্ব দিন দেবেন।

শ্রীপ্রবাধ তাল, কদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বস্মতীতে একটা খবর বেরিরেছে হাওড়া জেলার প্রাথমিক শিক্ষক নিয়োগ সম্পর্কে। গত ফেব্রুয়ারী মাসে হাওড়া জেলাতে প্রায় সাড়ে তিন শত প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছিল যারা আনট্রেনড, আনট্রেনড টিচার যারা তারা প্রাথমিক শিক্ষকর্পে নিয়োগ হতে পারে না এটাই হচ্ছে সাকুলার। সেই সাকুলারকে ভংগ করে এদের নিয়োগ করা হয়েছে। এ সম্পর্কে আজকে বস্মতী কাগজে একটা রিপোর্ট আছে। এই শিক্ষকদের নিয়োগ কেন বাতিল করা হবে না এবং ওরা এইভাবে যে মাইনে নিরে বাছে এই মাইনে দেওয়া কেন বন্ধ হবে না এ সম্পর্কে আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে একটা বিবৃত্তির আশা করি।

Discussion on Governor's Address:

Dr.	Nalinaksha	Sanyal	:
-----	------------	--------	---

মাননীয়	অধ্যক্ষ	মহোদয়
-distail it	A1).40	474

Shri Amales Chandra Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রিভিলেজের উপর একট্বলতে চাই.....

Mr. Speaker:

আর্পান বসনে, পরে বলবেন।

Shri Amales Chandra Majumdar:

স্যার, এইসব লোককে আর্পনি এখানে বলতে দেবেন? যারা বাংলাদেশের ইতিহাসকে কলঙ্কিত করেছে সেইসব লোকেদের বলার অধিকার নেই।

(Noise)

Shri Amalendra Lal Ray:

সেইসব দলত্যাগীদের কথা বাংলাদেশ শুনতে রাজি য়ে, বাংলাদেশের ইতিহাসকে যারা কলহিকত করেছে সেই ১৬ জন শয়তানের ১ জন হচ্ছে নলিনাক্ষ সান্যাল।

Mr. Speaker: What you have said is not related to the business of the House. I declare it out of order.

ড: निजनाक नानान: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে উত্মা প্রকাশ করবার চেন্টা হয়েছে তার জবাবে একটা কথা বলতে চাই জনগণের রায়ে আমি এখানে স্থান পেয়েছি এবং সেই জনগণের রায়ের উপর নির্ভার করে আমি আমার বস্তব্য বলব। কারো চিংকারে ভীত হবার পাত্র আমি নাই—এটা জানবেন।

(তুম্ল হিংকার ও সরকার পক্ষ হইতে ক্রমাগত বাধাদান।)

যে অবস্থায় যুক্তফ্রন্টের পরিবর্তনের প্রয়োজন হয়েছিল আজ ইতিহাস তার সাক্ষী। আপনি অবগত আছেন যে বাংলা দেশে যথন প্রথম যুক্তফ্রন্ট সরকার গঠিত হয় তথন তার মধ্যে নিজেই বিশাণ্ট অংশ গ্রহণ করেছিলাম। সেই যুক্তফ্রণ্ট সরকার গঠনের ব্যাপারে আমার অবদান কিছ, কম ছিল না। কিন্তু অলপ দিনের মধ্যেই আমি উপলব্ধি করলাম এই যুক্তফ্রন্টের শরিকরা অন্য সব বিষয়ে বিষ্ফু, কেবলমাত একটা বিষয়ে যুক্ত, সেটা হচ্ছে—গদি দখল রাখবার ব্যাপারে। 'সবার উপরে গাদই সতা, তাহার উপরে নাই'-এই হচ্ছে তাদের মটিভ। অলপ দিনের মধ্যে লক্ষ্য করতে পারলাম, বিযুক্তফুল্টের শরিকরা শুধু বিযুক্ত নয়, তারা নিজেরাই নিজেদের শরিকদের মধ্যে পরস্পর পরস্পরকে হান হানির কাজে লিগ্ত হয়ে গিয়েছেন। বাংলা দেশের মান্ত্র শীঘ্র ভলবেন না যে বাংলা দেশের মুখ্যমন্ত্রী অজয়কুমার মুখোপাধ্যায়কে অপদন্থ করার প্রচেণ্টা কোন কোন শরিকদল করেছিল। বাংলা দেশের মানুষ বাংলা দেশের ইতিহাস রচয়িতেরা একথা নিশ্চর অক্ষরে অক্ষরে মনে রাখছেন যে কথা আজ উঠেছে যে মাননীয় ধর্মবীর যাক্তফ্রন্ট সরকারের পতন ঘটিয়েছেন, সেকথা সম্পূর্ণ অসতা। যুক্তফ্রন্ট তার আগেই নিজেদের ভেতরের দর্বলতার জন্য ফেটে পড়েছিল। এই ভাগ্যা ঘর যখন বাংলা দেশের প্রশাসন বাকস্থা করতে পারে নি, এরা যখন বাংলা দেশের ঘরে ঘরে অরাজকতা সৃষ্টি করেছিল, ধুখন বোঝা গেল আমাদের অর্থনৈতিক শক্তি शास्त्र अवर महत्त्र अद्भवात्त्र एएला भएन यथन अहे मारला मिरमत भल्लीए अवर महत्त्र निर्विताम জীবন বাপন করা অসম্ভব হয়ে উঠেছিল, তখনই যুৰফ্লণ্টের অন্তোণ্টিক্রিয়া মাত্র করেছিলেন **ধন্মপাল। ধন্মপাল মৃত যুক্তফ্রন্টের অন্ত্যেন্টির কাজ করে তাদের সদগতির উপায় করেছিলেন।** [1-10-1-20 p.m.]

তাতে তাদের অপবাদ দেওয়া চলে না। একথা সর্বজনবিদিত যে আইনের দিক থেকে রাজ্য-পালের সম্পূর্ণ ক্ষমতা ছিল এবং সে ক্ষমতা যাঁরা চ্যালেঞ্জ করতে গিয়েছিলেন—তাতে তাদের ভাল হয় নি। এই বিধানসভায় ভোটের মাধ্যমে ন্তন সরকারকে চ্যালেঞ্জ করার ক্ষমতা তাদের ছিল না। তাঁরা জানতেন জনসমর্থন তাঁরা হারিয়েছেন। (নয়েজ)

শ্রীনিখন দাস: স্যার, অন এ পরেন্ট অফ অডার, এই হাউসের ডিসমিস্যাল সম্পর্কে গতবার আপনি একটা রুলিং দিরেছিলেন এবং সেই রুলিং-এ এই ছিল যে গভর্নর এই যে ডিসমিস্যাল করেছেন সেই ডিসমিস্যাল করিছিলৈন এই হাউস-এর মধ্যে অপনার এই রুলিং ছিল। কিন্তু তিনি বলেছেন গভর্নর যেটা করেছেন সেটা ন্যায়সঞ্গত করেছেন। তাই আমি বলছি এই হাউস-এ আপনার যে রুলিং সেই রুলিং-কে তিনি অবমাননা করছেন। এইভাবে বলায় তাঁর কোন অধিকার নেই। এসব বাদ দিতে হবে।

মিঃ স্পীকারঃ উনি ও'র মত প্রকাশ করেছেন। গভর্নর এড্রেস-এ একথা লেখা আছে, এটা রেলিভেন্ট। স্বৃতরাং উনি বলছেন, আর্পনি আপনার উন্তরে সব বলবেন।

শ্রীনিখিল দাস: আপনার রুলিং যা ছিল সেই রুলিং-এর প্রতি তিনি কটাক্ষ করছেন।

মি: "পীকার: উনি বলছেন বলনে, আপনি পরে বলবেন।

শ্রীমতীন চরবতী: আপনি একটা রুলিং দিয়েছেন, সেই রুলিং এখানে সকলের উপর প্রযোজ্য। সেই রুলিং সমালোচনা করার অধিকার কোন সদস্যের আছে কিনা সেটাই মূল কথা। আপনি যে রুলিং দিয়েছেন সেই রুলিং-এর সমালোচনা কোন সদস্য যদি করেন তা তিনি করতে পরিন কিনা সেটাই প্রশন।

মিঃ **॰পীকার ঃ** তিনি আমার র্কাং-এর সমালোচনা কবেন নি। তিনি হাইকোর্ট-এর যে রায়, সেটাকে সমর্থন করছেন যা তিনি করতে পারেন। র্কাং যা হয়েছিল সেটা দেশের মান্ত্র মেনেছে।

ভাঃ নলিনাক্ষ সান্যালঃ বিরোধীপক্ষের বস্তব্য শোনবার যদি ধৈর্য না থাকে তাহলে একনায়কত্ব স্থিতি হবে। তাই আপনাকে অন্বোধ করি যে আপনি অন্গ্রহ করে দেখবেন যে উপয্তত্ব
ধৈর্য্য যেন তাঁরা রক্ষা করেন। বিরোধীপক্ষের সংগ্য আলাপ আলোচনা করতে হয় এবং সংসদীয়
গণতল্যে আলাপ আলোচনার মাধ্যমে সরকার পরিচালনার রীতি আছে। এ পর্যন্ত আমি
আপনার র্ব্লিং-এর কোন কথা বলি নি। আমি কেবলমাত্র এইকথা বলেছি যে সরকার ন্তন
করে সংগঠিত হয়েছিল রাজাপালের দ্বারা অতি অলপ দিনের মধ্যে, সেই সরকার বিধানসভা
আহনন করে বিধানসভার মধ্যে তার সদস্যদের ভোটের উপর নির্ভব করে তাঁরা সংখ্যাগরিষ্ঠতা
প্রমাণ করার জন্য প্রস্তুত হয়ে এসেছিলেন।

কিন্তু একটা দল তাঁরা মনে করেছিলেন বাইরে তাঁরা লড়াই করে মন্দ্রীত্ব জয় করবেন। হাউসের ভেতরে তাদের সংখ্যাগরিণ্ঠতা যাচাই করবার স্ব্যোগ তাঁরা দেবেন না। তাই নানারকম গণ্ডগোল করে নানা অস্ববিধা করে এই হাউস পরিচালনা করবার স্ব্যোগ এবং সংবিধান এ্যাপ্লাই করতে দেন নি।

মিঃ **শ্পীকার** : ডাঃ সান্যাল, আপনাকে মনে করিরে দিচ্ছি যে তখনকার য্তুফ্রন্ট সরকার কোন কিছ্ করবার আগেই এখানে প্রথম দিন যখন পি, ডি, এফ, মন্টীসভা এসেছিল আমি তখন তাতে রুলিং দিরেছিলাম, স্তরাং সে রুলিং দেবার পর ওদের ভোট নেবার বাবশ্থা ছিল না। আমার মতে সেদিনের সে রুলিং হচ্ছে এই যে, যাঁরা ডিসকোয়ালিফায়েড মিনিস্টার তাদের ভোট হতে পারে না।

(नारमञ्ज)

শ্রীসিন্ধার্থ শব্দকর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয় যে রায় আর্পনি দিয়েছেন সেটা সম্পূর্ণভাবে আমি মেনে নিচ্ছি। সেই আইন মেনে আমাদের সদস্যরা বস্তৃতা করবেন। এখন কথা হচ্ছে যে রায় দিলেন সেটা মেনে যখন বস্তৃতা করবেন তখন তাঁকে বস্তৃতা করতে দেওয়া হবে কিনা। আমার দলের উপর আমার প্রভাব আছে। আমি আমার দলকে চুপ করতে বললে তাঁরা চুপ করবেন। স্যার, এ'দের কি কোন নেতা নেই? যে নেতারা এ'দের চুপ করতে বলতে পারেন।

মিঃ **শ্পীকার** আপনি যেটা বলেছেন ইট ইজ এ রিক্লেকসান অন দি পার্টি ইটসেল্ফ। এটা ইলেকসানের পর প্রথম দ্ব-একদিন হচ্ছে। আমি আপ্রাণ চেচটা করবো। এ'রা চুপ করে যাবেন।

ভা: নিলনকে সান্যাল: আমরাও আপ্রাণ চেণ্টা করবো হাউসের মান রক্ষা করতে। আপনাকে আমরা সম্পূর্ণ সাহায্য করবো ও শান্তি রক্ষার চেণ্টা করবো। মাননীয় সদস্য বস্তৃতা করছেন ভাতে দ্ব-একটা মন্তব্য করতে পারেন কিন্তু ষেভাবে চেণ্টামেচি করছেন তা করতে দেওয়া উচিত নয়। তাই বলছি হাউসকে হাট করতে দেবেন না হাউসটা হাউসই থাক।

শ্রীষতীন চকবতীঃ মাননীয় অধ্যক্ষমহোদয়, বিরোধী দলের নেতা শ্রীসিন্ধার্থশঙ্কর রায় যে কথা বললেন—যেভাবে অঙ্গুলী দেখিয়ে তিনি বললেন যে আমাদের কথা নাকি কেউ শ্বনছে না আর ওর দল ওর কথা শ্বনছে। আমাদের নেতা শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় আছেন তাঁর কথাই আমরা শ্বনিছ। যদি আমরা না শ্বতাম তাহলে তাঁদের পক্ষে কোন বস্তুতা দেওয়া সম্ভব হত না। আমাদের সদস্যদের আমরা শান্ত থাকতে বলেছি। এত টাচি যদি হয়্মার্যানি দলতাগ করেছেন তাঁকে তা বললে এত গায়ে লাগছে কেন?

(নয়েজ)

(নয়েজ)

শ্রীসমরকুমার রুদ্র: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমার কথাটা হচ্ছে এই যে, আপনি জানেন দিল্লীর লোকসভার অধ্যক্ষ এবং সারা ভারতের বিধানসভার অধ্যক্ষরা এবং বিধানপরিষদের যারা চেরারম্যান ১৯৬৮ সালের ফেব্রুয়ারী মাসে তাদের একটি সভা হয়। সেথানে সর্বসম্মতিক্রমে এই সিম্পান্ত নেওয়া হয় যে মন্ত্রীমন্ডলির সংখ্যাগরিন্টতা আছে কিনা সে বিষয়ে বিচার করবেন বিধানসভা মাত্র। এ বিষয়ে বিচার বিবেচনা করবার রাজ্যপালের কোন অধিকার। এ ছাড়া বিধানসভা কবে আহ্বান করা হবে এ বিষয়েও মন্ত্রীমন্ডলি বলবার অধিকারী।

(গোলমাল)

মিঃ **॰পীকার** আমি আপনাদের কাছে বিনীত নিবেদন করছি যে আপনারা বস্ন, সভার কাজ চালাতে দিন। আপনারা যদি না বসেন তাহলৈ সভার কাজ চলবে না।

ভাঃ নলিনাক সান্যালঃ মাননীয় স্পীকার মহাশার, শুখু আমার কথা নয়, দ্রীঅজয়কুমার মুখাজনী —িযিনি প্রাক্তন এবং বর্তামান যুক্তফুন্টের নেতা হিসাবে পরিচিত তিনি ১৯৬৭ সালের অক্টোবর মাসের প্রথমে বিবৃতি প্রচার করে বলেভিলেন যে তিন বছব আগেও এইসব সদস্যদের অধিকাংশ বাংলা কংগ্রেস, ফরওয়ার্ড ব্লক, পি এস পি, এস এস পির প্রমুখ বিভিন্ন পার্টির সদস্যরা কংগ্রেসের অশতভুক্ত ছিলেন এবং নানা কারণে তারা নিজেরা এক একটা দল স্থিত করে বাইরে যেতে বাধা হয়েছিলেন।

(গোলমাল)

(এ ভয়েসঃ কত টাকীয় আপনি বিক্রী হয়েছিলেন।)

মাননীয় স্পীকার মহাশার, যারা নিজেরা কেনা-বেচার সামগ্রী তারা অন্যের সম্পর্কে এইর্প মন্তব্য নিক্ষেপ করতে পারেন, তাতে আমি বিচলিত হব না। তারপর, মাননীয় অজয়বাব্ নিজে ২রা অক্টোবর একটি বিবৃতি প্রচার করেছিলেন যেটা দিল্পীর কাগজে ছাপা হরেছিল এবং তার বাংলা অনুবাদ এখানে ছাপা হয়েছিল।

শ্রীজজয়কুমার ম্থোপাধ্যায় : ২রা অক্টোবর আমি কোন বিবৃতি দিই নি, আপনি অসত্য কথা বলছেন।

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ অজয়বাব_নর বিবৃতি দিল্লীর কারেন্ট কাগজে বেরিয়েছিল ছাপার অক্ষরে এবং তার অনুবাদ এখানকার কাগজে বেরিয়েছিল।

শ্রীঅজয়কুমার ম্থোপাধ্যায়: কাগজে তো বেরিয়েছিল, আপনাকে কিনেছে সেটা স্ব**ী**কার কর্ন।

ডাঃ নলিনাক সান্যালঃ অজয়বাব্ পকেটে চিঠি নিয়ে গিয়েছিলেন রাজভবনের মধ্যে, তার পদত্যাগপত্র যেটা ছিল তাব কোন কোন কপি এখানে কাগজওয়ালাদের কাছেও ছিল। আজ অজয়বাব্ যদি সেটা অস্বীকাব করেন তাহলে তার সত্যতা কতট্বকু আছে তা প্রমাণ করবার উপযুক্ত মেটিরিয়াল আমার কাছে আছে।

(গোলমাল)

মাননীয় স্পীকার মহাশয়, আমার বঞ্চতার প্রারম্ভ থেকেই এখানে অথথা সময় নন্ট করার চেণ্টা করা হয়েছে, তাই আমি আপনার কাছে বিনীত নিবেদন করছি যে আমার সময় আরও বাড়িয়ে দিন।

অজয়বাব, বলোছলেন যে বিগত ৬ মাস কাজ করতে গিয়ে দেখেছি যে তাঁর সহযোগীদের সংগ একত্রে কাজ করা সম্ভব নয়। আরো অনেক কডা কথা ছিল, এমনও কথা ছিল যে অজয়বাব, একথা উপলন্ধি কবেছেন যে বামপন্থী কমিউনিস্টদের একটা অংশ তাঁরা গোপনে সশস্য আন্দোলনের চেন্টা করে ভারতবর্ষের স্বাধীনতাকে বিপন্ন করে তুলতে পারে। এই অবস্থায় আগেকার যুক্তফ্রন্ট সরকারের হাতে যদি একদিনও সরকার পরিচালনার ভার থাকতো তাহলো দেশেব মহা অকল্যাণ হতো। তাই আমি আগে বলেছি যে মাননীয় রাজ্যপাল হয়ত শুখ্ব অনেতাণিজিয়া করেছিলেন মাত্র। মাননীয় অধ্যক্ষ মহাশর, এর পরে আমি রাজ্যপালের ভাষণের উপর দফা ওয়ারি আমার কিছু বস্তব্য নিবেদন করতে চাই।

(তুম্ল হটুগোল)

(নিধারিত সময় অতিবাহিত হওয়ায় বন্ধা তাঁর আসন গ্রহণ করেন।)

শ্রীসাধন গ্রুণ্ড: মাননীয় অধাক্ষমহোদয়, আজকে রাজাপালের বক্কৃতা সম্বন্ধে দ্ব'কথা বলতে গিয়ে আমার কেবলই মনে হচ্ছিল যে কংগ্রেসের থেকে হঠাৎ আমাদের এতটা অভিনন্দন জানবোর উদ্দেশ্যটা কি। সতাই কি তাঁরা গণতান্দিক রায়কে গ্রহণ করলেন? আশ্চর্য হয়ে গিয়েছিলাম, কেন্তু দেখলাম অভিনন্দনের ধ্যুজালের পিছনে তাঁরা নানা রকম কথা তুলে বিদ্রান্তির সৃষ্টি করতে লাগলেন। য্নুদ্রুণ্ট আসার পর নাকি আইন শৃংখলা বিপন্ন হয়েছে, সাম্প্রদায়িক দাংগা হছে ইত্যাদি অভিযোগ তাঁরা তুলতে লাগলেন যেন আমরাই এর জন্য দায়ী। একথা আজকে জলের মত স্পন্ট। গতকাল কয়েকজন সদস্য অকাট্য প্রমাণ দিয়েছেন যে এই সম্মত সাম্প্রদায়িক দাংগা করিয়েছেন বাঁরা ভোটে পরাস্ত হয়েছেন। এটা তাঁদেরই উত্মার ফল। এতদিন যাবত সংখ্যালম্ম সম্প্রদায় তাঁরা মুসলমান হোন, হিন্দুস্থানী হোন, তারা কংগ্রেসকে সমর্থন করে

এসেছেন ভয়ে বা অন্য কোন কারণে। আজকে তাঁরা নিজেদের স্বার্থ ব্যুক্তে পেরেছেন এবং সেই স্বার্থ ব্যুক্ত তাঁরা যুক্তফুণ্টকে সমর্থন করেছেন। এই হচ্ছে তাঁদের উত্মা এবং তারই প্রতিশোধ নেওয়ার জন্য তাঁরা সাম্প্রদায়িক দাধ্যা লাগিয়েছেন।

(কোশ্চেন ?)

আইন শৃঙ্খলার কথা তাঁরা তুলেছেন। নির্বাচনের আগে, অধ্যক্ষমহোদয়, আপনার মনে আছে যে মার্কসবাদী কমিউনিস্ট পাটি এবং ফরওয়ার্ড ব্লকের কর্মদের তাঁরা হত্যা করেছিলেন বেলেঘাটায়, বিরাটিতে এবং শ্যামপ্রকুরে। সেই সময় কিছ্মাত্ত আপত্তি, কিছ্মাত্ত দৃঃখ প্রকাগ তাঁদের কাছ থেকে আসেনি। পাট্লিতে তাঁদের কংগ্রেস ভলান্টিয়াররা এসে সেখানকার জনসাধারণকে বেধডক মার্লিট করতে আরশভ করলেন।

(কোন্চেন ?)

[1-30-1-40 p.m.]

कात्मान करता कि इत्त. अप्रे अकलारे जातन। स्मधानकात्र लात्क प्रत्यक्षन भू निरमत माराया এই কাজ তাঁরা করেছেন এবং তারপর সেই কাজ আমাদের উপর চাপ।বার অপপ্রয়াস তাঁরা করেছেন। কাজেই এই জন্য আগে অভিনন্দনের সূরটা পেয়ে তারপর নিজেদের কুকীতিরি যে ফল সেটা আমাদের উপর চাপাবার চেন্টা করেছেন। তারপর আর একটা বিদ্রান্তির স্টিট করার চেণ্টা করেছেন। কংগ্রেস দলের নেতা তিনি আমাদের অর্থমন্দ্রী তথা মুখামন্দ্রীর বাজেট বস্তুতায় নাকি কংগ্রেসেরই অর্থমন্ত্রীর বাজেট বস্তুতার প্রতিধর্নন শ্নেছেন। আমার যদি ভুল না হয়ে থাকে তাহলে সেই বছতা নাকি ১৯৬৬ সালের ২০শে ফেব্রুয়ারী কংগ্রেসের অর্থমন্তী করেছিলেন। বিচিত্র নয়, কংগ্রেসের অর্থমন্ট্রীর প্রতিধর্নিন আমাদের অর্থমন্ট্রী করবেন এতে আশ্বর্য হবার কিছু নেই। কারণ কংগ্রেসের শাসনে ভাল ভাল স্তোকবাকোর অভাব কিছু ছিল না। ভাল কথা, কাব্রেই তার প্রতিধর্বনি আমাদের করা কিছু বিচিত্র নয়। কংগ্রেস সমাজতান্তিক সমাজ করতে চেয়েছেন, বলেছেন সমাজতানিক সমাজ আমরা করবো। আমরাও তো তাই চাই। কংগ্রেসের এক নেতা, যিনি প্রধানমন্ত্রী ছিলেন জওহরলাল নেহর, তিনি অনেক দৃঃখ করে বলেছিলেন আমাদের শিক্ষকদের দ্রবকথা, চাপরাসীরা যা মাইনে পায় তাও তাঁরা পান না। "আমরা শিক্ষকদের প্রতি সহান,ভতিশীল", গরীবের প্রতি অনেক দরদ, "আরাম হারাম হাায়", ইতাদি নানা কথা তাঁদের কাছ থেকে শুনেছি। কিল্ড স্তা চিত্রটা কি. এ কথা তো আমরাও ৰলতে পারি, যেমন তাঁরাও বলেছেন। কিন্তু ২২ বছরে আমরা দেখেছি, সমাজতান্তিক সমাজ করার কথা তাঁরা বলেছেন কিন্ত বিভলার ১৪ কোটি টাকার সম্পদ ৪৩৭ কোটি টাকাতে তুলে দিয়েছেন। শিক্ষকরা চাপরাসীদের চেয়ে কম রাইনে পান এইজনা চোথের জল ফেলছেন অথচ তাদের অবস্থাব উন্নতিব জন্য কিছুই করেন নি। গরীবের প্রতি দরদের অনেক কথাই রয়েছে কিন্তু দাবী দাওয়ার লড়াইয়ে গরীবরা যখনই এগিয়ে এসেছে, তারা শ্রমিকই হোক আর কৃষকই হোক, তথনই তাদের উপর লাঠি গালি চলেছে, তাদের হত্যা করা হয়েছে। ১৯৬৬ সালের २०८म रमञ्जूशातीत कथा वर्लाहालन रंग धरे वङ्गाण कता शास्त्र आपनात शास्त्र आर মাননীয় অধাক্ষ মহাশয়, তার ঠিক চার দিন আগে একটি ১১ বছরের ছেলে, নুর্ল ইসলাম, চাল চেয়েছিল সেজনা তাকে গালি করে হত্যা করা হয়েছে। কাজেই প্রতিধর্নি শানেই যদি তিনি খসী হন আপত্তি নেই কিল্ড মনে রাখবেন যে প্রতিধর্নিটাই আসল কথা নয়, আসল হচ্ছে আমরা জিনিস্টা করতে চাই।

আসল কথা হচ্ছে আমরা ক্রিনিসটা করছি। তাঁরা অনেক লাল কথা বলেছেন. অনেক আদর্শ প্রচার করেছেন। আদর্শবাদ তাঁদের নেই একথা আমি বলব না। তাঁরা গত ২২ বছর ঘাবং আদর্শ প্রচার করেছেন কিল্তু এই যে ২২ বছর যাবং আদর্শ প্রচার করেছেন কান্তের ক্ষেত্রে প্রতিত্তির ব্যাপারে তাঁরা আদর্শকে বাদ দিরে কান্ত করেছেন। কান্তেই তাঁদের এই আদর্শবাদে আমি বিশ্বাস করি না। তাঁরা যে কথা বলেছেন তা ঠকাবার করা বলেছেন। আমি একথা বলি কারণ আমি এটাই বিশ্বাস করি। তাঁরা আরও বলেছেন কংগ্রেস নাকি নতেনভাবে দেখা দেবে,

न जनजाद फिर्द वामर्थ । जाता जात्र वर्षाहरू करवाम नाकि वर् यहत याप करतरह कार्स्करे তাদের কেউ হত্যা করতে পারবে না। কিন্তু কংগ্রেসের ন্তনভাবে দেখা দেবার আর কোন উপায় নেই। হত্যা তাঁদের কেউ করবে না, হত্যা করবার প্রশ্ন ওঠে না। কোন দলকে কেউ হত্যা করে না। কোন দলের দুটি পরিণতি হতে পারে, তার মধ্যে একটি হচ্ছে জনসাধারণের মধ্যে গন্ধীরে প্রবেশ করে বাড়তে পারে, আর না হয় তার মৃত্যু হতে পারে। কংগ্রেসের মৃত্যু হয়েছে। মৃত্যু হয়েছে এই জনা যে, কংগ্রেসের মধ্যে আজকে আদশের কিছু নেই। এই প্রস্তিগ দেশবন্ধর নাম নেওয়া হয়েছে। কিন্তু দেশবন্ধ, আজকের যে কংগ্রেস সে কংগ্রেসের মাতামহ নন একথা নিশ্চরই সকলে স্বীকার করবেন। কংগ্রেসের যে ঐতিহ্য ছিল, দেশবন্ধুর সময় কংগ্রেসের যে সংগ্রামী ঐতিহ্য ছিল সেই ঐতিহ্য যদি দেখতে চান তাহলে এদিকে তাকান-ওই দিকে তাকাবেন না। এর কারণ হচ্ছে যে কংগ্রেস একদিন দেশের লোকের জনা সংগ্রাম করেছিল, দেশের স্বাধীনতার জন্য সংগ্রাম করেছিল সেই কংগ্রেস কাদের নিয়ে ছিল ? আজকে যাঁরা এই-দিকে আছেন সেই সকল দল তথন কগ্রেসেই ছিল। কমিউনিস্ট পার্টি তথন কংগ্রেসেই ছিল ফরওয়ার্ড ব্লক কংগ্রেসে ছিল, আর এস পি কংগ্রেসে ছিল, এস এস পি কংগ্রেসে ছিল। কিন্ত তারা এখন কোথায়? আজকে কংগ্রেসে কারা আছেন সেটা বিচার করলে ব্রুতে পারবেন আজকের কংগ্রেস কি। যাঁরা সেদিন কংগ্রেসে ছিলেন এবং জনসাধারণের জন্য সংগ্রাম কর্রোছলেন আজকে তারা এদিকে আছেন। এই যে তারা এদিকে আছেন তার কারণ হচ্ছে, হয় আদর্শহীন কংগ্রেস থেকে বিত্যাড়িত হয়েছেন কিংবা নিজেদের আদশের প্রতি আনুগত্যের জন্য অথবা আদর্শহীনতা সহা করতে না পেরে কংগ্রেস থেকে সরে গিয়ে আজকে জনসাধারণের রায়ে এদিকে এসেছেন। আর কংগ্রেসে আছে কারা? প'্রান্তপতি, মহারাজা, জমিদার, চোরাকারবারী, বিগত দিনের কতগুলি আদশ্চাত লোক এবং দলত্যাগী। এর পুনন্ধবিন অসম্ভব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন জীব বিজ্ঞানে অনেক কিছু আবিক্তত হয়েছে। কিল্ত পঢ়া গলা শ্ব-দেহকে বাঁচিয়ে সম্প্ স্বাস্থাবান কৰা যায় এই প্রক্রিয়া আবিষ্কৃত হয় নি। জীব বিদ্যায় বা রাজনীতিতে এই প্রক্রিয়া কোর্নাদনই আবিষ্কৃত হবে না।

কাজেই আজকে কংগ্রেসেব কোন ভবিষৎ নেই, আজকে কংগ্রেসের শবদেহ প্রতিগন্ধ ছড়িয়ে দিকে দিকে থসে পড়ছে। হাওড়ার দিকে দেখুন, ২৪-পর্য়গার দিকে দেখুন।

শ্রীআবদ্দে সান্তার: স্যার, এই কি গভর্নরের ভাষণের উপর বস্কৃতা হচ্ছে? [1-40—1-50 p.m.]

মিঃ শ্পীকার: বক্তা কি রকম হওয়া উচিত, সেটা উনি ব্রবেন।

প্রীসাধন গণেত: বিহারের দিকে, উত্তর প্রদেশের দিকে, হরিয়ানা পাঞ্জাবের দিকে, পণিডচেরীর দিকে তাকিয়ে দেখুন, খাস দিল্লীর দিকে তাকিয়ে দেখুন কি অবস্থা। খাস দিল্লীর অবস্থা দেখন, কেন্দ্রের অবস্থা দেখন, সকলেই নিজ নিজ প্রতিষ্ঠার হান্য বাসত। এই ঝগড়া আদুশের জন্য নয়, শহুধ, কেবল নিজের উপদলের স্বার্থে। আজকে মেগুরারজী, নন্দ, চাবন, কামরাজ, ইন্দিরা পরস্পরের সণ্ডো পরস্পরের ঝগড়া ক্ষমতা নিয়ে। এই হচ্ছে কংগ্রেসের পরিণতি, এই পরিণতিকে কেউ ঠেকাতে পারবে না, কারণ আদশচ্যুত হলে এই রকমই হয়। যথন জনসাধারণ থেকে আদর্শ চাত দল বিচ্ছিত্র হয়ে পড়ে তখন ক্ষমতার দ্বন্দ্ব চরুমে উঠে। এই হচ্ছে বাজনীতির নিয়ম। এই ঘটেছে কংগ্রেসে, কংগ্রেস আব ক্ষমতায় আসতে পারবে না। মনে রাখবেন আজ**কে** যারা কংগ্রেসকে পর্রাজত করে এসেছে সেটা শ্র্যুমার কনজাভেটিভ পার্টিকে লেবার পার্টি পরাজিত করে আসে কিংবা লেবার পার্টি যেমন কনজার্ভেটিভ পার্টিকে পরাজিত করে আসে **কিং**বা ডেমোক্রটিক পার্টি যেণন রি**পার্বালক পার্টিকে পরাজি**ত করে আসে, সেইভাবে পরাজিত করে আসে নি। আমরা একটা বিশেষ পরিস্থিতিতে এসেছি। কংগ্রেস জনতাকে ২২ বছর ষাবং অনেক স্তোকবাকা দিয়ে তাদের বিদ্রান্ত করে ভোট নিয়েছে। আমরা কোন স্তোকবাকা দিই নি। আমরা জনসাধারণের সামনে গিয়ে বলেছি আমাদের যদি পাঠাও তাহলে কিছ্ই হবে না, আমাদেব সংগ তোমাদেরও সংগ্রাম করে সব কিছা আদায় করতে হবে। তোমাদের জন্য या किছ, जानास कतवात क्रिको कत्रत्वा তাতে कास्त्रमी न्वार्थित পোষक গোষ্ঠী

কিন্দু বাধা দেবে এবং তার বিরুদ্ধে আমাদের সংগ্রাম করে প্রতিটি দাবী আমাদের আদায় করতে হবে। সেই সংগ্রামের প্রতিশ্রুতি দিয়ে এবং জনসাধারণের কাছ থেকে সংগ্রামের প্রতিশ্রুতি নিম্নে আমরা এখানে এসেছি। কাজেই এটা একটা মাম্লি ভোটের পরাজয় নয়। এটা সংগ্রামের প্রথম ধাপ। কংগ্রেসের পরাজয়ে আমাদের স্ব্রু এবং তার শেষ পর্যায় হ'ল এই—আজকের যে সমাজ ব্যবস্থা যেখানে পর্শুজপতি জমিদারশ্রেণী প্রভূত্ব করছে এবং কংগ্রেসে তার দারোয়ানী করছে সেই সমাজ ব্যবস্থার সম্পর্ণ উচ্চেদ এই সংগ্রামের শেষ। কাজেই কংগ্রেসের আর ফিরে আসার কোন আশা নেই।

অধ্যক্ষ মহাশয়, আজকে একটা অদ্ভূত পরিদ্যিতির মধ্যে রাজাপালের ভাষণের উপর আমি আমার বিতর্ক রাখছি। এই যে ধন্যবাদজ্ঞাপক প্রদতাব এই প্রদতাব আমাদের দেশে অভূতপূর্ব, এই রকম প্রদতাব পূর্বে হয় নি। আপনি ইংলন্ডের একটা নজির দিয়েছেন, সেখানে প্রদতাবে কিছু যোগ করা হয়েছে সত্য কিন্তু বাজ্যপালকে ধন্যবাদজ্ঞাপক প্রদতাবে সমালোচনা থাকবে এটা আন্য কোথাও হয় নি, ইংলন্ডে এই রকম ঘটনা হয় নি, কিন্তু আমাদের বাংলাদেশে হল। কোন উপায় নাই, হতেই হবে। কারণ রাজ্যপাল যদি সাংবিধানিক দায়িত্ব পালন না করেন তাহলে আমরা কি করতে পারি? আমরা কি করে বলি সসম্ভ্রম ধন্যবাদ দিছি সমস্ত সসম্ভ্রম ধন্যবাদ কথন দিতে হয়, সেটা আইনে আছে। সেটা একটা গতানুগতিক ব্যাপার, পন্ধতিগত ব্যাপার, কারণ আমাদের যে প্রস্থাব তার মধ্যে বাদ্যবিক পক্ষে ধন্যবাদ সসম্ভ্রম ন্যা।

এটা হচ্ছে সিম্ধার্থবাব্ জানেন যে লিগ্যাল ফিক্সন অনেক কিছ্ব আইনে আছে, আইনকে বাঁচাবার জন্য অনেক কিছ্ব কবতে হয়। এইভাবে ইংল্যান্ডেও আইন তৈরী হয়েছে। লিগ্যাল ফিক্সন মারফং আমাদের আজকে জনসাধারণের রায়কে প্রকাশ করতে হচ্ছে এ বিষয়ে কোন সন্দেহ নেই যে রাজ্যপাল যা করেছেন সেটা হচ্ছে সংবিধান বিরোধী। এই ব্যাপারে সংবিধানের কিছ্ব আপনার কাছে উপস্থিত করবো। ১৬৩ ধারার চুক্তিতে আছে রাজ্যপাল ঠিক করতে পারেন যে কোনটা তার ডিসক্রিসনে, কোনটা নিজ্যব বিবেচনায় করবেন এবং কোনটা মন্ত্রীসভার প্রমাশ নিয়ে করবেন এটা বলা হয়েছে। এখনে এটা ব্রহতে গেলে ১৬৩ ধারাটি আপনার কাছে উপস্থিত করা দরকার।

'There shall be a Council of Ministers with the Chief Minister at the head to aid and advise the Governor in the exercise of his functions, except in so far as he is by or under this Constitution required to exercise his functions or any of them in his discretion'.

জনসাধারণের দ্বারা প্রত্যাখ্যাত মেনে নিচ্ছি, কংগ্রেস কিছ্ করোন, কংগ্রেস একেবারে বাংলাদেশের মান্যকে সর্বনাশের পথে নিয়ে গিয়েছে, অগুগতি সামান্যও হয়ান কংগ্রেস আমলে। মাননীয় অধ্যক্ষমহাশ্য়, ১৯৪৭ সালের ১৫ই আগণ্ট ভারতবর্ষ যথন দ্বাধীন হল এবং আমরা বিভন্ত বাংলাদেশের মান্য হলাম প্রথম বাজেট যেটা নলিনীরঞ্জন সরকার শ্লেস করেছিলেন হাউসের সামনে গ্হীত হবার জন্য, আমার কাছে তার একটা কপি আছে, তখন রাজন্ব আয় ছিল কেন্দ্রীয় সাহায্য ছাড়া বাংলাদেশের মাত্র ১৭ কোটি টাকা। ১৯৪৭ সালে কেন্দ্রীয় সরকারের ২ কোটি টাকা বাদ দিয়ে বাংলাদেশের রাজন্বর আয় ছিল মাত্র ১৭ কোটি টাকা। সেই ১৯৪৭ সালের ১৭ কোটি টাকা যেটা রাজন্ব আয় ছিল সেটা আজ ২২ বছর পরে ২২২ কোটি ৯৩ লক্ষ টাকা হয়েছে, ১৩ গ্র রাজন্ব আয় ২২ বছরে বেড়ে গিয়েছে। আমি সদস্যদের আহন্দ করছি যে কোন একটা দেশের ইতিহাস থেকে আমাকে দেখিয়ে দিন যে ১৩ গ্র রাজন্ব আয় বেড়ে গিয়েছে বাংলাদেশের মত সদস্যাপ্রণ একটা দেশে।

(শ্রীবীরেশ্রনারারণ রার: তাহলে আপনারা গদি হারালেন কেন?)

আমরা হেরেছি কেন জানেন? ঐ বীরেনবাব্র মত ব্যক্তিদের ৮ লক্ষ টাকা দিয়ে প্রোনো বাড়ী কেনার জন্য হেরেছি। উনি আজকে সর্বহার। হয়ে এসেছেন কিন্তু ও'দের মত লোকেই সাহাযা করতে গিয়ে, ৮ লক্ষ টাকা দিয়ে প্রানো বাড়ী কেনার জন্য ডাঃ বিধান রায়ের কাছে গিয়ে ধর্না দিয়েছিলেন, এখন জ্যোতিবাব্ আছেন দেখ্ন সর্বহার। হয়ে তার কাছ থেকে আরও ৮ লক্ষ টাকা নিতে পারেন কিনা।

(श्रीवीत्तरमुनात्राम्न नाम: আমি আপনার মত একবার এপাশে একবার ওপাশে যাই না।)

(তুম্ল হটুগোল)

[3-25-3-35 p.m.]

সারে এখানে আমার বন্ধবা হাছে যেখানে ১৭ কোটি টাকা রাজস্ব ছিল সেট। হয়ে গিয়েছে ২২২ কোটি ৯৩ লক্ষ্ণ টাকা, ১৩ গাণ বেভে গিয়েছে। ১৯৭৭ সালে অবিভক্ত বাংলার শেষ অথনিকটি যে বাংলট তখন করেছিলেন এই সভাগ দেখা গিয়েছে রাজস্ব আয় ছিল ৩১ ৩ কোটি টকা। সেই জায়গায় ১৯৬৯ সালে মাখানকটী যে বাংকটি আমাদেব সামনে বেংগছেন তার থেকে পাথলি। দেখানেন রাজস্ব বেডে গিয়েছে ২২২ কোটি ৯৩ লক্ষ্ণ টাকা।

(তম্ল হটগোল)

I have matched now wits against much more brilliant persons than any one of you in this House. I am prepared to meet any one of you.

আপনাশ এব এক কৰে ২১৯ জন সদস্য আছেন প্রশ্ন কৰ্ন আমি এব উত্তর দিতে বাজী আছি আমি প্রত্যেকের জবাব দেবাে কিব্তু সকলে মিলে একতে চাংকাৰ করলে এটা বিধানসভা হয় না, এটা গোলমালেব জায়গা হয়। আমি বিরোধী দলের নেতা হিসাবে বিরোধী দলকে এইভাবে অপমানিত হতে দেব না যতিদিন আমি নেতা থাকবাে ততিদিন আমি আমার বন্ধবা এই সভাবে রাখবই কেউ কােন দিনই আমাকে থামাতে পাববেন না। এখানে দেখছি যে ঐ বামপ্রথা ক্যা নিস্ট্রাই আমার কণ্ঠরােধ করবার জন্য চেন্টা করছেন কিব্তু আমাৰ কণ্ঠরােধ করবােও পারবেন না। সেই দিনই একমাত্ত আমার কণ্ঠরােধ করবাে পারবেন হেদিন আমি নিহ্ত হবাে। আজকে বিশ্ববিদ্যালয়েব প্রাপ্রাণ কি হচ্ছে সেটা কি দেখে এসেছেন?

(তুম্ল হটুগোল)

শ্রীষতীন চক্রবতীঃ স্যার, আমাদের বিরোধী দলের নেতা কেন এত উত্তেজিত হচ্ছেন ব্যুততে পারছিনা। উনি বলছেন যে চারিদিক থেকে আজকে ও'কে আক্রমণ করছে। এটাত ও'র গৌরবের কথা কারণ উনি তা আজকে অভিমনা।

শ্রীসি-ধার্থ শংকর রায়ঃ স্যার, এজন্য আমি ও'দের ধনাবাদ জানাচ্চি।

মিঃ **৽পীকার:** আপনারা এত ভয় পাচ্ছেন কেন? যাঁরা উইক, দুর্বল, তাঁরাই ভয় পায়। আপনারা এখন চুপ কর্ন, উনি বল্ন এবং তারপরে আপনারা ও'র জবাব দিতে পারবেন। যে রকম ভাবে মিটিং চলে সেই রকম ভাবেই চলবে, বাংলা দেশের বিধান সভার কোন অস্বিধা আমি সহা করবো না।

শ্রীসিন্দার্থ শংকর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয় যে কথাটা আমি বলছিলাম কতগুলি পরিসংখ্যান আপনাদের সামনে রয়েছে খরচ সন্বন্ধে। যতই চিংকার কর্নুন না কেন আমি তার জন্য প্রস্তৃত, আমি তাতে ভয় পাই না। তবে সরকার পক্ষের সদসাদের কাছ থেকে আমি এটাকু সভ্যতা আশা করব যে তারা আমাকে আমার বন্ধব্য রাখতে দেবেন। অ মার বন্ধব্য গ্রহণ কর্ন না কর্ন ভিন্ন কথা, অ.মি আমার বিবেকের দ্বারা পরিচালিত হব এবং বহুবা রাথব। যাহোক, ১৯৪৮-৪৯ সালে স্বাধীনতার পর আমাদের শিক্ষা খাতে যেখানে খরচ ছিল মাত্র ২ কোটি ১৪ লক্ষ ৫৩ হাজার টাকা আজকে সেই ব্যাপার হয়েছে ৫৫ কোটি ৬৭ লক্ষ টাকা। এটা কি অবনতির লক্ষণ? এতে কি উন্নতি কিছুই হয়নি মেডিকেল খাতে ১৯৪৮-৪৯ সালে যেখানে খরচ হয়েছিল ১ কোটি ৬ লক্ষ ৬৯ হাজার টাকা, আজকে সেখানে মুখামন্ত্রী বায়-বরান্দ हात्क्वन ১७ कां रि ४१ लक्क रोकात। ১৯৪৮-৪৯ माल भार्वानक रहत्थ राथात हिल ८৮ লক্ষ ৯৪ হাজাব টাকা আজকে সেখানে বায়-বরান্দ চাচ্চেন ১০ কোটি ৪৬ লক্ষ টাকাব। ১৯৪৮-৪৯ সালে কৃষি খাতে যেখানে বরান্দ ছিল ২ কোটি ৩১ লক্ষ ১২ হাজাব টাকা, আজকে সেখানে মুখামন্ত্রী ব্যয়-বরান্দ চাচ্ছেন ১৫ কোটি ২৫ লক্ষ্ণ টাকার। এটা কি অবনতির লক্ষণ? এটা কি সর্বনাশেব পথে নিয়ে যাবার লক্ষণ । ২২ বছরে শুধু ১৩।১৪ গুণ বাডান হয়নি, বাজস্বও বেড়েছে। কংগ্রেস কি কিছ্ই করেনি? আজকে আমরা সকলে যে ২৫০ টাকা করে भारेत পाष्टि, वाःनारमध्य मान्यात रा प्रोका आभनाता भरकरें करत निरा गराष्ट्रन स्मिण ३२ বছবে রাজম্ব বেড়ে গিয়েছে বলেই হয়েছে এবং সেটাও কংগ্রেস সরক রের কৃতিত্ব। আজকে খরচ বেড়েছে ঠিক, কিন্তু সংগ্রে সংগ্রে রাজম্ব আয়ও বেড়েছে। আমি ব্যক্তিগতভাবে কৃতিত্বের দাবী করি না কারণ আমি মাত্র ৯ মাস মন্ত্রীসভায় ছিলাম। কিন্তু বর্তমান মুখামন্ত্রী কৃতিছের দাবী করতে পারেন কারণ তিনি ১৩ বছর কংগ্রেসের মন্ত্রী ছিলেন। তিনি শুধু মন্ত্রী ছিলেন না. তিনি একজন নেতা ছিলেন এবং তাঁবাই পরিকল্পনা করেছিলেন। আমাদের ভূল দ্রান্তি হয়ত হযেছে, অনায় কিছা কিছা হয়ত হয়েছে, কিন্ত কংগ্রেস কিছাই করেননি এটা কথনও স্বীকার কবব না। ডাইনে-বাঁয়ে সামনে পেছনে যত খুসী জোবে বলনে কংগ্রেস কিছুই করেনি আমি তা কখনও স্বীকাব কবৰ না এবং বাংলা দেশেব মান্যও তা স্বীকার করবে না। আপনাদের সমালোচনা অসতা। শতকরা ৪২ জন মানুষ আজও কংগ্রেসকে সমর্থন করেছেন।

(এ ভয়েসঃ মহলানবীশ কমিটি কি বলেছেন?)

মাননীয় অধাক্ষমহাশয়, আমি আর একটা কথা কা বলতে গিয়েছিলাম। একজন মাননীয় সদস্য আমার সেই কথারই অবতারণা করেছেন। মাননীয় সদস্য বললেন মহলানবীশ কমিটি কি বক্তব রেখেছেন? [3-35—3-45 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে শ্রুণধা সহকারে একটা বস্তুব। রাথছি। আমাদের দিক থেকে যথনই কোন বস্তু। উঠছেন ওদিক থেকে অনেক রকম আপতি করা হচ্ছে, চেণ্টা করা হচ্ছে আমাদের বস্তুতা না দেবার। আমি আরও কয়েকদিন দেথবো। আমাদের পক্ষের বস্তুদের যদি এই রকম ব্যবহারের সম্মুখীন হতে হয় আমবাও ৫৫ জন সভা আছি, আমরাও যদি এখানকার বিত্র্ক বন্ধ করতে চাই এবং বন্ধপবিকব হই তবে সেটা করতে পারব, সেটা কিন্তু আমি বলে রাথছি। আমরা বন্ধ করব না, আরও ৮।১০ দিন দেখব, যদি এভাবে চলে গণতান্ত্রিক মতে বাধাদান করা হয়, অন্য তবফের বস্তুব্য যদি আমাদের শোনাতে চান, ওদের নেতাব বস্তুব্য যদি আমাদের চুপ করে শোনাতে চান, তাহলে আমাদের বস্তুব্য একট্ব শানুবেন।

শ্রীজজয়কুমার মংখাপাধায়েঃ আমি উভয় পক্ষের সদসাদের অনুরোধ করব. একটা গ্রুত্র আলোচনা হচ্ছে বাজেটের উপর বিরোধী পক্ষের একটা বিশেষ প্থান আছে এখানে, আবার তাদের নেতার একটা সম্মানীয় প্থান আছে, তাঁরা কেউ বললে কারও বাধাদান করা উচিত নয়। যদি কোন কথা আপত্তিকর হয় তাহলে জবাব দেওয়ার সময় তার সম্প্রভাবে দিতে হবে। এই রকম গোলমাল করে হাউসের শান্তি নন্ট করা ঠিক নয়। আমি সব পক্ষকেই অন্রোধ করব, দয়া করে শান্তিতে সব শান্ন।

শ্রীসিত্থার্থ শত্তর রায়: মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় এক সদস্য মহলানবীশ কমিটির রিপোর্টের কথা বললেন, আমিও এ বিষয়ে কিছ, বলতে যাচ্ছিলাম। নিশ্চয়ই মহলা-নবীশ রিপোর্টে আছে তদন্ত করার কথা। কিন্তু কে নিয়ন্ত করেছিল মহালা-নবীশ কমিটি? যাজ্ঞুন্ট সরকার? কমিউনিস্ট পাটির কংগ্রেস সরকারই নিয়াভ করে-ছিলেন তথা সংগ্রহ করার জনা, প্রকৃত তথা জানবার জনা ভারতবর্ষের অর্থ-নৈতিক কাঠামো কি হচ্ছে না হচ্ছে স্কুঠ্রপে জানবার জন। কংগ্রেস সরকার এটা নিযুক্ত করেছিলেন। কেবলম ত মহালানবীশ কমিটি বিপোর্ট নয়, হাজার হাজার কমিটি নিষ্ট হয়েছে, এই কমিটির রিপোটে কোথাও কোথাও হয়ত কংপেসের নীতির বিরুদ্ধেও বলেছেন, সেটাই গণতান্তিক উপায়। তাইতো বলি গণতন্তের জয় ্মছে। আজকে দেখন ভাবতবর্ষ ১৯৪৭ সালে স্বাধীনতা লাভ করল, তুলনা কবে দেখুন দক্ষিণপূর্ব এশিয়াব সংগ্র, ভারতবর্ষের সংগ্র পাকিস্তানের, তুলনা কর্ম ভারতবর্ষের সংগ্র নামান্দেশের, ভারতবর্ষের স্থো ইন্দোনেশিয়ার তলনা কবুন ভারতবর্ষের স্থো মাল্যেশিয়ার ত্লনা কর্ন ভারতবর্ষের সংখ্য ভিয়েতনামের তুলনা কর্ন, সেই সব দেশে কি হয়েছে? আর ভাবতবর্ষে? গণতাশ্বিক উপায়ে সবকার বদলে গেছে, ২০।২২ বছর ধরে যে সরকার ছিল সেই সরকার হঠাৎ ব্যালট বাক্সের মাধ্যমে বিদায় গ্রহণ করল, যে সরকার ২২ বছর ধরে প্রতিষ্ঠিত ছিল বাংলাদেশের গাদিতে সেই সরকারের মুখামন্ত্রী বললেন মানুষের রায় মেনে নেব। তিনিতো একথা বলেন নি-পর্নিশ আমাদের হাতে আছে, সৈনা সামন্ত অমাদের হাতে আছে, কমিউনিস্ট দেশে যেমন হয়, জোর করে বিধানসভায় ঢকে বসে থাকব, আমরা তো মেনে নিয়েছি বাংলাদেশের মান্যষের রায়, আমরা গণত তিক রায় মেনে নিয়েছি, আমরা ঘোষণা করেছি গণতত্তের জয় হযেছে।

এতে দঃগের কিছ্ নেই। প্রকৃতপক্ষে মাননীয় অধাক্ষ মহাশয়, এই জয়-বিজ্ঞার পর মানুষ বিজিত হলে তার প্রকৃত চরিক্র বোঝা যায়। পরাজিত হবার পর আমরা কিভাবে চলি, আমাদের মনোভাব কি, আমরা কতদ্র নিজেদের আত্মসমালোচনা করতে পাবি, সেটাই হবে প্রধান প্রশ্ন। সান্য আমাদের যথন বিচার করবে যে নির্বাচনে পরাজিত হবার পর যদি জোধে উন্মন্ত হয়ে মারামারি কাটাকাটি করতে স্বর্ করি ত'হলে মানুষ বলতো তোমাদেব চবিক্র খারাপ। পরাজিত হবার পর বাংলা দেশের মানুষের রায় আমরা মেনে নির্মেছি এবং মেনে নিয়ে আমরা চেন্টা করবো বাংলা দেশের মানুষকে কিভবে সেবা করি, কি ভল আমরা করেছি, কি অন্যায় করেছি, কোথায় কি করেছি সেগালি পরিজ্লার আমরা জানতে চাই। মার্কাসিন্ট কমিউনিন্ট বেণ্ড থেকে যতই চীংকার কর্ন আমাদের নীতি বদলাতে পারবেন না। আমাদেব মনোভাব বনলাতে পারবেন না। বাংলা দেশের মানুদের সেবা সৃষ্ঠ্যভাবে কি করে কবা যায় তার জন্য অহরহ

চেষ্টা কব্রে। সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমাদের কণ্ঠরোধ করতে পাব্রেন না। ভারতব্যে জাগ্রত। গণতণ্ডে কোন দলেব কাঠরোধ করতে পারা যায় না। মাননীয় অধ্যক্ষ মহ শয় া মরা চাই ৫ বছর ধরে বাংলা দেশের স্ক্রিভাবে শাসন কার্যভারে চালিয়ে যান। থাকুন ৫ বছর ধরে অধিষ্ঠিত বাংলা দেশের গদিতে। দেখন বাংলা দেশের মানুষের সমস্যার সমাধান কিভাবে এরা যায়। আমি আগেও বলেছি এখনও বলছি যদি গণতান্ত্রিক উপায়ে শান্তিপূর্ণভাবে আইন শৃংখলা বজায় রেখে কাজ করেন তাহলে আমাদের কোন আপত্তি থাকবে না। আমি তাই এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্বন্ধে বিতর্কে যোগদান করার সায়েগে নিয়ে একটি কথা আপনার মাধ্যমে এই সভার সামনে উপস্থিত করতে চাই -বসবার আগে। বিশ্ববিদ্যালয় সম্বন্ধে কিছা আমি বলতে চাই। আজকে সেখানে কি সব ঘটেছে এবং ঘটছে তা জানি না এবং এখন কি সব ঘটছে তা জানি না। কানাঘ্সোয় যা শ্নছি, কিছু কিছু মল্মীরা নাকি গেছেন সেখানে। তার আগে কতকগালি কথা বলতে চাই সেগালি বাংলাদেশের মান্যের জানা দরকার। এই मंजात भाषात्म आमि वाश्मात्मत्मत्र मान्यत्क जानारं हाई। आमत्म এই य शासमान ्मृत् হয়েছে তার উৎস হচ্ছে ক্যালকাটা ইউনিভার্সিটি স্ট্রডেস্ট কাউন্সিল ইউনিয়ন। একটা নির্বাচন राराधिल ज्वाहर-व्यवाहर मार्स ১৯৬৮ मारल। रम निर्वाहरनत भत रकान मलहे मः था। विद्वाहरण লাভ করতে পারে নি এককভাবে। তার ফলে সিন্ডিকেটের সম্মতি নিয়ে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চাান্সেলার ১৯৬৯ সালের ফেব্রারী মাসে সেখানে যে প্রতন ইউনিয়ন ছিল যারা সদস্য ছিল তাদের এক্সটেনসন করে মেয়াদ বাডিয়ে দিলেন। যার ফলে ছাত্র পরিষদ থেকে প্রতিবাদ করা হোল যে ইলেকসন হবার পূর্বে সেয়াদ বাডিয়ে দেওয়া নির্বাচন সাসপেন্ড করা এই সব ক্ষমতা আপনাদের আছে। কিন্তু নির্বাচন একবার অনুষ্ঠিত হয়ে গেলে আপনাদের আইনগত কোন ক্ষমতা নেই মেয়াদ বাড়ানোব - এই কথা বলেছে ছাত্র পবিষদ—তারা কলেছে যখন অগাস্ট भाসে নির্বাচন হয়ে গেছে সেই নির্বাচনের ৮।১০ মাস পর ১৯৬৯ সালের ফেব্রুয়ারী মাসে পুরাতন ইউনিয়নের লাইফ এক্সটেনসন করে দেওয়ায় তারা প্রতিবাদ করতে চেয়েছে ভাইস-চ্যান্সেলারের কাছে গণতান্ত্রিকভাবে আলাপ-আলোচনার মাধ্যমে তাদের বন্তব। আলোচনা করতে চেয়েছে। নকশালবাডী কমিউনিস্ট ছাত্র সংস্থা যেটা আছে তাদের অভিযোগ ছিল যে বেআইনী-

[3-45 - 3-55 p.m.]

ভাবে ইউনিয়নেব লাইফ প্রাটেনসন কবে দেওয়া হয়েছে। কিন্তু তাদের পথ ভাদের মত অনা। ছাত্র বিশ্বনের সংগে 🕡 লবভা ইউনিয়নের পথ সম্পূর্ণ আলাদা। তাই আম্বা ছাত্রপরিষদের ত্ৰহ ব্যক্ত প্ৰতিবাদ বতুৰ্বাছলাম গ্ৰহানিক উপায়ে, আমৰ। চেখেছিলাম ভাইম-চ্যানেসলাৰকে আমানের সংখ্যা কাতে, সকল দলের সংখ্যা কস্তে তিনি বাজীন হস্যাহিলেন। কথা ছিল্ তাব ল্যাল ব্ৰহ্ম সহাসৰ স্থান্থালয়। হয়ে হাৰে কিন্তু দুৰুগৰ বিষয় ভাইস্-চা**্নে**লাৰ ফ্ৰা**ন্য** লোকৰুন भारति : (टा भूरवर्गात काशि साध्या राष्ट्रपा शहरा भारता अञ्चल चाहित समय किन्त ন ক্ষাল । ে ছালসংস্থা । । এক মান্ত্ৰন না। ভাক নিক্ষেদ্ৰ পণ্ড ডাল্যামী কাছ কবতে আরম্ভ ৫ প্রেন, ফলে তাবা ভাইস চাপ্রসলাপকে ছেবাও করলেন। সেই ভাইস-চাপ্রসলাপক যে সম^হ় প্রেচস্বব। সেই হোবাও থেকে বাঁচালেন হারার কাঁদের বিবাদেধ হাজিযোগ কবলেন। শালার । মরা দেখার প্রবাদ যে শাদিনামিটি পাংগারে খার গোলমাল হয়েছে। তেলা দেউটা পেৰে কেন্দ্ৰে ইংষ্টে, ছাৰ্ডে ইংষ্টে। আৰ্ড আম্বা দেখতে পেলাম ত্য প্ৰিস সেখানে যাম নি সাপাৰণত যাওগা উচিত নয় প'লিশেব বিশ্ববিদ্যালয় প্রাংগণে, সাধারণত নিশ্চয়ই চোকা উচিত এয় একংশাবাৰ বলৰ কিন্ত প্ৰশন হচ্ছে যে পালিশ ঢাকলো না ঠিক আছে কিন্তু একটা প্রাইভেট মিলিসিয়ার কি সেখানে ঢোকা উচিত? ইউনাইটেড ফুল্ট ভলেনটিয়ার্স কাবা জানি না --সেখানে ফরোয়ার্ড ব্লক, এস এস পি, দক্ষিণ কমিউনিস্ট, বাম কমিউনিস্ট এদের সদস্য ছিল কি না হানি না, আর এস পি সদস্য ছিল কি না জানি না, কিন্তু একটি ভলেনটিয়ার গ্রাপ প্রাইভেট মিলিসিয়া একটি দল প্রায় হাজার জনের বেশী শুনেছি তারা লাঠি ছোবা বেংমা নিয়ে ইউনিভাসিটি প্রাণাণে প্রবেশ করেছিল। ইউনিভাসিটি প্রাণাণে নিশ্চয় পর্নিশের প্রবেশ করা উচিত নয়। কিন্তু প্রাইভেট মিলিসিয়ার কি প্রবেশ করা উচিত। তবে শিবসেনার সংগ্র ভলেনটিয়ার ফোর্সের তফাৎ কোথায়? লাচিৎ সেনার সঙ্গে এই প্রাইভেট মিলিসিয়া যারা

বিশ্ববিদ্যালয়ের প্রাণগণে প্রবেশ করেছিল তাদের প্রভেদ কোথায় ? কোথায় গিয়ে আমবা দাত বো। ব্রালাম, যে বিশ্ববিদ্যালয় প্রাজ্ঞাণে প্রিলিশ চ্কতে পারে না। কিন্তু কাল হৈ হ্বকটি নিহত হোল সে তো ইউনিভাসিটি প্রাণ্যণের মধ্যে হয় নি। প্রাবা সরকার স্ট্রীটে ক্ষেছে এটা খবরের কাগজে দেখেছি। বেলগোরিয়া থেকে ব্যবকটে এসেছিলেন, ঐ প্রাইটেট মিলিটিং । তিনি নার একজন ছিলেন। সেটা তো ইউনিভার্সিটির প্রজ্গণের বাইবে। সেখানে প্রজ্ঞান কি কথলো ? সেখানে কোন কোন পর্নিশ প্রটেকসন আওয়া হয় নি কোন বোমা মাবা হয় এসচায় ? কোন জায়গায় খবর পওায়া যায় নি যে এই রকম হাজারজন মানুষ ইউনাইটেড ফ্রন্টের ভলেন-নিধাৰ তারা প্রবেশ করবে ইউনিভাসিণিট প্রাংগণে এবং পরে সেখান থেকে বেরিয়ে যাবে। তাব পুর তারা কি করলেন। মাননীয় অর্থক মহাশ্র, ফিন্ট্ হোস্টেল তাবং আর্মণ করলেন। হিন্দু হোকেটলেব ডেপাটি সাপারিনটেনডেনটকে জিজ্ঞাসা কর্ন ডাঃ অমল নুখাজি তিনি সাপারিন-টেনডেন্ট, প্রফেসার পি সি কমাকার তিনি অনসিস্টান্ট স্পারিনটেনডেন্ট তাদেব গিয়ে জিজ্ঞাসা কর্ন তারাই বলবেন যে হিন্দু হোস্টেল আক্রমণ করা হয়। দরজা তেওে তুলে পড়েছে সেই প্রাইভেট মিলিসিয়া। আমি ম্খামন্তীকে অন্রোধ করব তিনি ছাত্রদের ডাকুন তারা একথা বলে যায় কিনা দেখন। তারা দরজা ভেঙেগ ঢুকে সন্পারিন্টেনডেন্ট, অ্যাসিস্টট্যান্ট সনুপারিন্টেন-ডেন্টকে আক্রমণ করেন। দিজ ট্র রেসপেকটেড পার্সনস হ্যাভ বিন আসোল্টেড। ঘটনার স্বর্তে স্পারিনটেনডেন্ট মহাশয় গোলমাল মেটাবার চেণ্টা করেন। কিন্তু তিনি মেটাতে পারেন নি। গ্রী আর এন সেনগত্বত মহাশয় পর্বলশকে খবর দিলেন-সত্পারিনটেনভেন্ট মহাশয় পুলিশকে খবব দিলেন, প্রিশিস্প্যাল প্রেসিডেশ্সি কলেজেব ছী সেনগ্ৰেণ্ড মহাশয় বললেন প্রিলেশকে খবর দিন হিন্দু হোস্টেল আক্রান্ত—পর্নিশ এলে। না, কেউ সাহায়। করতে এলে না। ওখনকার ছাত্রদেব উপব আক্রমণ কবা হোল, তারা কোন রাজনৈতিক দলের নয়, তাবা বিভিন্ন কলেভের। নক্ষালবাড়ীর আছা সেটা নয় গিয়ে খেঁজ করে দেখবেন ছিল এক কালে মাখা। মন্ত্রী জানেন—সেখানে আজকে একটা তদন্ত কমিশন বসান না একটা হাইকোর্টের জজকে দিয়ে। কবা উচিত। এরকম জিনিষ হতে দেওয়া উচিত নয়। জানা উচিত কি হচ্ছে বাংলাদেশে আজকে। ভাব। গেল এবং সেখানে গিয়ে যত ছাত্র ছিল তাদেব মাবধর করে এল। জোড়াসাঁকো থানায় খবব দেওয়া হল কিন্তু কোন সাহায্য পাওয়া গেল না। বাইটার্স বিশিষ্ডসএ কনটাক্টে কবার চেষ্টা করলেন, কিছাু হল না। তাবা বলে গিখেছে যাবাৰ আগে, 'আবাৰ শনিবার আমরা আসছি।' এখন কথা হচ্ছে মাননীয় অধাক্ষমহাশ্য এই বক্ষ অবস্থা ধ্রণি চলে এবে তো কিশ্ববিদ।লম বন্ধ হয়ে যাবে কোন কাজকৰ্ম হৈবে না। আৰু কলকাতা শহৰেৰ আইন, শৃংখলা যদি এই ৰক্ষ ভাগতে থাকে তাহলে থাবই চিন্তাৰ বিষয়। আমি চাই না। আমি চাই না আইন শ্ৰেপলা ভেগে। প্তুব ৷ আমি চাই আপ্নাদেব নেতৃত্বে বাংলা দেশ সম ন্ধিশালী হয়ে উঠ,ক আহি চাই বংলা ক্ষেত্র কিল্পে রার্ডাস্ট রাংলা দেশে যে লাল্কন হাসা কর হয়েছিল। এন ঘলনা, ঘটাক, तारका । एक्टर का तरका श्राप्ता एक राज्य वास्ता स्पाप्ता श्राप्ता एवं वे का। श्राप्ता । राहर । राहर । आसा होतुम को एक के उस उसके 5छै। विमहे अहे हों। छात होते वास्त्र ३ छए उस समाप्ता কোঞ্ছ ভাগিতে হাছি। কি হবে আমাদেব ২ আছবে এবটা পাটি মিলিসিয়া গেল ইট এফ এল ভাল এমটি পাটিনৈ নিলিসিয়া ধনি যায় ডাইলে সিন্দিল ও্যাল ইবল মাধি ন পালিখা পিছে বোমা ফেলা কল করে ব্যুঝ্যে পাবি। কিন্তু একটা পাটি ফিলিসিয়া গিয়ে কল কলাল। প্রথম দিন যুখন এই বিধানসভায় আপনার স্টাফ ফোস আমাদের প্রেটেকসন দেয় নি. দিতে পাবে নি তথন যুক্তফ্রন্টের কমণীবা সেখানে লাল রংএর ব্যাক্ত পরে দাঁড়িয়েছিল। আমি নিন্দা কর্বছি না, তীরা অত্যন্ত ভদ্র ব্যবহার করেছেন। যুত্তফ্রন্টেন যেসন ভ্রেন্টিয়ার ছিলেন এখানে কাড নান্তান জনা তাঁরা অতান্ত 🗪 বাবহার করেছেন। কিন্তু কথাটা হচ্ছে, নীতিগত প্রশেন সরকাবী গ্রে বিধানসভায় প্রাইভেট ভলেন্টিয়ার ফোর্স, প্রাইভেট মিলিসিয়া তৈরী হবে! এই কি বাংলাদেশেব ভবিষ্তে স্মারা কি এই জিনিষেব আজ সম্মাখীন হয়েছি। এই জিনিষ্টা আজ চিন্দ কৰে দেখনে আপুনারা যারা চান বাংলাদেশে শান্তি বিরাজ কর্কে, তাঁবা নিশ্চয় আমার কথা মানবেন। নারা চায় বাংলাদেশে আইন শৃংথলা ভেঙেগ পড়্ক,– তাঁরা জেনে রাখ্ন বাংলা দেশের হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ চায় বাংলাদেশে শান্তি ফিরে আস্ক। তারা বুঝবেন আমার বকুরা।

আজকে তাই মুখ্যমন্তীকে অনুরোধ করব, ঐ মুখ্যমন্ত্রী এসে গিয়েছেন তাঁকেও অনুরোধ করব, খন্সন্ধান কর্ন, বিচার বিভাগীয় ওদন্ত কর্ন। বিচার বিভাগীয় ওদন্ত আপনার। অনেবার দাবী করেছেন যথন বিবোধী দলে ছিলেন। বিচার বিভাগীয় ওদন্ত করে কি ব্যাপারটা ঘটছে বিশ্ববিদ্যালয়ে সেটা দেখ্ন। যদি বিচার বিভাগীয় ওদন্ত করতে না চান ওবে আপনি ওেকে পাঠান ছাত প্রতিনিধি ধারা আছেন ভাদের ডেকে পাঠান, ভাইস-চ্যান্সেলরকে ডেকে পাঠান, তাদের সংগ্র কথাবার। বলে ব্যবস্থা কর্ন। বাংলা দেশে শান্তি ফিরে আস্ক। এই বলে আমাকে কিছু বেশি সময় দেওই ব জন্য আপনাকে ধনাবাদ জ্যানয়ে স্পীকারমহানয় আমি আমার বছর। শেষ কর্বছ।

[3-55 4-05 p.m.]

শ্রীঅজয়কমার ম:এখাপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, আমি আগেই বলেছি, এই যে বিল এর্নোছ এটা ঠিক আমাদের তৈরী নয়, কংগ্রেস করে গিয়েছিল বলে উত্তর্যাধকারসূত্রে আমাদের এটা অনুসরণ করতে হচ্ছে এবং তাই এতে আমাদের নিজেদের বন্ধবা খুব বেশী ফুটিয়ে তোলা यात्र नि। माननीत्र मनमा गीन थान कोध्रती मार्ट्य वर्लक्टन रय भ्लागिनः किम्मन मारन প্ল্যান্ড ইন্টারভেনসন। অর্থাৎ প্রাইভেট এবং পার্বালিক সেক্টর থাকার এবং সরকার তাতে ইন্টার-एक्नम् कद्रात पद्रकात मरु। आमता कार्नापन वीर्णान एएम भ्यापिन थाकरव ना। भ्याप्य उरह शाफा (मरभात भशाम दय ना। किन्छ भ्नान-এत এको উদ्দেশ্য निरम भ्नामिश कता दर्साह्न। প্রত্যেকবার পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে বই বার হয় তাতে উদ্দেশ্য থাকে। মাননীয় সিম্ধার্থবার, বলে গেলেন যে কোন উল্লাভি হয় নি। আমরা একথা বলি নি, তবে ষতটা হওয়া উচিত ছিল তা হয়নি এবং যে পথে যাওয়া উচিত ছিল তা হয়নি। যে লক্ষ্য নিয়ে স্ল্যান সূত্রে হয়েছিল, প্ল্যানিংএর যারা স্রুটা তারা যে লক্ষ্য বারে বারে বলেছিলেন আমার মনে হয় কংগ্রেস সে লক্ষ্যে পেণছাতে পারেন নি। তাতে দুটো মূল কথা ছিল-গণতন্ত ও সমাজবাদ। অর্থাৎ গণতান্ত্রিক উপায়ে সমাজবাদ করার জন্য আমরা এগিয়ে যাব এবং প্ল্যান্ত্রে সভাবে গড়ে তলব। ৩টা গ্লান হয়ে গেছে, আধখানা হল না, ১র্থ গ্লান আসছে। কিল্ড আমি রিরোধী দলের নেত। ও কংগ্রেস সভ্যদের জিজ্ঞাসা করি এই ২০ বছরে আমরা কি সেই গণতান্ত্রিক সমাজবাদের দিকে এগিয়ে গেছি না খানিকটা উল্টো মুখে। গেছি। একজন বলেছেন অনেকটা গেছি। আমি কিন্ত ভার সংগো এবমত নই এবং আমাৰ ধাবণা আমৰা পিছিয়ে গেছি। তাঁরা গণতন্ত্র মানেন বললেন, বিত্ত সেদিন সেই ১৯৬৭ সালে গণতাত্তিৰ গয়ে তাঁৰা হেৰে গিয়ে সেই হাৰকে অস্বীক ব কৰে এন। না চ চন। পথে গিলে নেই ব্যুধে ভাগে দেৱাৰ জন। এগিয়েছিলেন ভালেব যদি সম্প্রিন। দিতেন এয়ানো বাস্থানা জানা যদি বলাজন যে দলভাগগীদের আম্বা সম্প্রিদের না ভাহলে ব্রেডাম। দলভাগীদের টাকার লোভ দোখায়, মাত্রীর লোভ দেখিয়ে মিজেরা মাত্রীর লোক দেখে সেদিন এইসব ঘটা। ঘটিয়েছিলেন। কাভেই গণতকের প্রতি তাঁর। খুব শ্রম্পাবান নন। আব সমাজবালের কথা বলেছেন। সমাজবাদের ব্যাখ্য নানাভাবে করা হয়। কিন্তু সকলে যেটা বলেন মেটা ইল্ডেটিয় সম্পদ্যপত্যনি মেষ্টাটি হাডে সঞ্জিত লাহ্য সাস্থাবিক হয় সব মনেষ যাতে সংগ্ৰহতাগ কৰতে পাৰে সেলিক তলিকে স্ভেমা। গেমিত কবি এটাই সমাকেত্তিক মোটম, তি বাপ। সিন্ধাথবাব, কগলেন মহালানবাঁশ কমিটি কে কবেছিল। কিন্তু সেই বিপোট এ কি বলেছিল ? সেই রিপোট এ বলেছিল যে মাণ্টিমেয় ধনীর হাতে দেশের সব ক্ষমতা কেন্দ্রীভত হচ্ছে। সেই কমিটি তাঁবা নিয়োগ করতে পারেন, কিন্তু সেই কমিটিকৈ তাঁরা দ্বীকার করেন নি। লক্ষাদ্রন্ট হয়েছেন বলে সেই কমিটি ও'দের অপমান করে দিয়েছেন।

কাজেই এটা বড় কথা নয় কে করেছিল। আর একটা কথা বলেছেন যে পিপল আর ইমপেসেন্ট অফ চিপ পলিটিকালে স্লোগানস আন্ডে চিপ প্রমিসেস। এবিষয়ে আমি তাঁর সঙগে একমত। ২০ বছব ধরে চিপ পলিটিকালে স্লোগান আরু প্রমিস শ্লেশ্নে এবারে লোক ১৯৬৭ সালেও করেছিল, আর ১৯৬৯ সালে আরো ভালো করে বললে এগ্লো মানবো না, শ্লবো না, তাই এই রায় হয়েছে। ডঃ সান্যাল বলেছেন যে শ্র্য কেন্দ্রেকে ধ্রুংস করলেই কিছু পাওয়া ষাবে না। তিনি কোথা থেকে একথা পেলেন, স্বংনাদেশে পেয়েছেন কি? আমরা তো কোনদিন বলিনি যে কেন্দ্রকে ধরংস করবো। আমরা বলেছি গণতকের স্কুট্র র্পায়ণের জন্য প্রদেশগুলোর হাতে আরা কিছু টাকা, আরও কিছু ক্ষমতা আমাদের দরকার, সেটা ভারতের সংহতি নট করে নয়, তাৰ্ভর সংহতি বজায় রেখেই এটা করা যায়। আমরা এইট্কুই চেয়েছি, কিন্তু তাতে আপত্তি কেন সেঠা ব্রুতে পারলাম না। সিম্পার্থ রায় মহাশয় বলেছেন যে সরকারকৈ প্রতিপ্রতি দিয়েছিলেন যে বাজেটের ব্যাপারে কোন অস্ক্রবিধার স্থিত হবে না। এই প্রতিশ্রতি দিয়েছিলেন বলে আমি ধনবাদ দিচ্ছি তবে এটা যে প্রে টু গড বট কিপ দি পাউডার ড্রাই আমরা তার কাছে প্রে করেছি এবং পাউডারও ড্রাই রেখেছি যাতে আমরা ঠিক মত থাকতে পারি। তিনি বলেছেন যে এই ব্যক্তের জন্য তিনি এই সরকারকৈ দায়ী করবেন না। ভালো কথা কিন্তু তিনি যে টাকার পরিমাণ ও অধ্ক দেখিয়ে গেলেন যে ১৯৪৭ সালে কত খরচ হয়েছিল, কত আয় হয়েছিল আজু সেটা বেডে কতগুণে হয়েছে বললেন, একথাটা ঠিক যে খরচ যতগুণে বেড়েছে জনগণের উপকার তত্যাণ বাড়লে অমারা ঐখানে ৫৫ হতাম আর ও'রা ২০০।২৫০ হতেন, কিন্তু সেট হয়নি। তার ফলে টাকা খরচ বেড়ে গিয়েছি এবং জনগণের উপর দারিদ্র্য ও অভাবের চাপ বেড়ে গিয়েছে। তাতে ধনী আরো ধনী হয়েছে, গরিব আরো গরিব হয়েছে। আনুপাতিক আয়েব তলনায় আনুপাতিক ব্যয় বেড়ে যাওয়ার জন্য সাধারণ মানুষ, খেটে খাওয়া মানুষ ও মধ্যবিত্ত মান্য তাদের সাংসারিক অবস্থা আগের চেয়ে খারাপ হয়েছে। তারপর তিনি আমাদের দেশেব আশেপাশে অনেকগৃলি এসিয়ার দেশের নাম করে বললেন যে সেখানে কি রকম অশান্তি হচ্ছে. বিশ্লব হচ্ছে, আমাদের ভারতবর্ষে হচ্ছে না। এটা ঠিক কিন্তু আমার প্রশেন আমাদের সংখ্য ইংরাজের অধানে ছিল, একই সঙ্গে স্বাধীন হল ১৯৪৭ সালের ১৫ই অগাস্ট আমাদের একান্ড প্রতিবেশী ব্রহ্মদেশ, তারা সমাজবাদ করে ফেললো, আপনারা এতদিনে পারলেন না কেন? ২২ বছরে তারা অনেকদ্র এগিয়ে গিয়েছেন সেটার খবর নেবেন, করেন নি বললেই হবে না। তারপর তিনি বলেছেন যে আপনারা ৫ বছর থাকুন, আমরা থাকবো, তিনি শুভেচ্ছা জানালেও থাকবে। এবারে যেভাবে জনগণ রায় দিয়েছেন এবং বলেছেন যে অলপ সল্প হলে গোলমাল হয় ভাই বেশ্ব করে দিচ্ছি, ৫ বছর থাকে। আমরা থাকরো, তাঁর শুভেচ্ছার জন্য আমি তাঁকে ধনাবাদ । व्यतीची

[4-05 4-15 p.m.]

কলকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে বলৈছেন, সে সম্বন্ধে একটা কলিং আটেনশন আছে। তার জবাব আফাদেব উপ-ম্থাখনতী মহাশয় যাব হাতে প্রিশের ভাব, তিনি দেবেন। আমি তা নিয়ে কিছাই বলতে চাই না। শ্রে একটা কথা উনি বলেছেন প্রাইডেট মিলিশিয়াব কথা কৈ নটা প্রাইডেট মিলিশিয়া প্রথম দিন যাবা ভাষাদেব ভাইস্টোটানোলবকে একং প্রতিপ্রবিধ অধ্যাপকদেব ঘেরাও করেছিল যাবা ঘার দেবি, সম্পত্ত দ্বিশ লেনে। ভাগে, তার প্রাইডেট মিলিশিয়া, না কি আফাকেবটা প্রাইডেট মিলিশিয়া লাক আফাকেবটা প্রাইডেট মিলিশিয়া লাক আফাকেবটা প্রাইডেট মিলিশিয়া লাক আফাকেবটা প্রাইডেট মিলিশিয়া তার, যদি ভারে দল হা এবং ভারের দল ভারে দল হা এবং ভালের বনত ছিল। তাদের বনত ছিল কলে আপনি কি কেখতে গিয়োছলেল ব এব যদি বন্ধান্ধ দেবে লাকেবলৈ স্বাহান্ধ কলিখা হা এবং ও ভাল বংল। লাকেই মিলিশিয়া গ্রে মিলিশিয়া গ্রে যে কেলেজ্যারী করেছে পরে মিলিশিয়া গ্রে মিদি কছা করে গ্রে আমি কোনটাই সমর্থন কর্মছি না এবং দেবত যদি করতে হার ভালেল তা পরে করা যাবে। কাজেই এবিষয়ে আমি কোন রায় দিছি না। কিন্তু যুক্তকেট দ্বাশ মিলিশিয়া আর কংগ্রেসর যে ছাত পরিষদ দল তারা মিলিশিয়া নয় একেবারে বৈষ্ণবের দল এটা মানতে বাছট নই। যাই হোক এই ছোট বিলটা নিয়ে আমি আর বেশী আলোচনা করতে চাই না, আমি এই বিল গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question, that clauses 1, 2 and 3 do stand part of the Bill, was then put and agreed to.

Schedule and Preamble

The question, that the Schedule and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Supplementary Estimate for the year 1968-69.

Mr. Speaker: Now we will take up the Supplementary Estimate for the year 1968-69.

I would request the Hon'ble Ministers to move their demands for grants one after another. After the demands for grants are moved there will be discussion on the Supplementary Demands. I shall put the demands for grants to vote at 6 p.m. or earlier if the discussion is over before that time.

DEMAND FOR GRANT No. 1

Major Head: 4-Taxes on Income other than Corporation Tax

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 36,000 be granted for expenditure under Grint No. I, Major Head: "4 Taxes on Income other than Corporation Tax" during the current year.

DEMAND FOR GRANT No. 3

Major Head: 10-State Excise Duties

Shri Krishna Chandra Haldar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 14.33,000 be granted for expenditure under Grant No. 3, Major Head "10—State Excise Duties" during the current year.

DEMAND FOR GRANT No. 4

Major Head: 11-Taxes on Vehicles

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,37,000 be granted for expenditure under Grant No. 4, Major Head "11—Taxes on Vehicles" during the current year.

Major Head: 12-Sales Tax

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor 1 beg to move that a sum of Rs. 2,92,000 be granted for expenditure under Grant No. 5, Major Head "12—Sales Tax" during the current year.

DEMAND FOR GRANT No. 6

Major Head: 13-Other Taxes and Duties

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 16,000 be granted for expenditure under Grant No. 6, Major Head "13 -Other Taxes and duties" during the current year.

DEMAND FOR GRANT No. 7

Major Head: 14—Stamps

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 10,01,000 be granted for expenditure under Grant No. 7, Major Head "14 - Stamps" during the current year.

DEMAND FOR GRANT No. 8

Major Head: 15-Registration Fees

Shri Bhakti Bhusan Mondal: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 14,90,000 be granted for expenditure under Grant No. 8, Major Head "15—Registration Fees" during the current year.

DEMAND FOR GRANT No. 11

Major Head: 18-Parliament, State Union Territory Legislature

Shri Jyoti Basu: Sir. on the recommendation of the Governor I beg to move that a sum of Rs 58,04,000 be granted for expenditure under Grant No. 11, Major Head "18" Parliament, State/Union Territory Legislature" during the current year.

DEMAND FOR GRANT No. 12

Major Head: 19-General Administration

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 40,93,000 be granted for expenditure under Grant No. 12, Major Head "19—General Administration" during the current year.

DEMAND FOR GRANT No. 13

Major Head: 21-Administration of Justice

Shri Bhakti Bhusan Mondal: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 11,15,000 be granted for expenditure under Grant No. 13, Major Head "21—Administration of Justice" during the current year.

L--15

Major Head: 22-Jails

Shri Niranjan Sen Gupta: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 19,16,000 be granted for expenditure under Grant No. 14, Major Head "22—Jails" during the current year.

DEMAND FOR GRANT No. 15

Major Head: 23—Police

Shri Jyoti Basu: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,23,21,000 be granted for expenditure under Grant No. 15, Major Head "23—Police" during the current year.

DEMAND FOR GRANT No. 17

Major Head: 26-Miscellaneous Department-Excluding Fire Services

Shri Sudhin Kumar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 78,95,000 be granted for expenditure under Grant No. 17, Major Head: "26—Miscellaneous Departments—Excluding Fire Services" during the current year.

DEMAND FOR GRANT No. 19

Major Head: 28-Education

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,52,23,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year.

DEMAND FOR GRANT No. 20

Major Head: 29-Medical

Shri Nani Bhattacharya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 81,22,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year.

DEMAND FOR GRANT No. 24

Major Heads: 33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Tracing—Greater Calcutta Milk Supply Scheme.

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 73,71,000 be granted for expenditure under Grant No. 24, Major Heads: "33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme" during the current year.

DEMAND FOR GRANT No. 25

Major Head: 34-Co-operation

Shrimati Renu Chakrabartee: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 10,73,000 be granted for expenditure under Grant No. 25, Major Head: "34—Co-operation" during the current year.

[4-15—4-25 p.m.]

DEMAND FOR GRANT No. 27

Major Head: 35-Industries-Cottage Industries

Shri Sambhu Charan Ghosh: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,98,000 be granted for expenditure under Grant No. 27, Major Head: "35—Industries—Cottage Industries" during the current year.

DEMAND FOR GRANT No. 28

Major Head: 35—Industries—Cinchona

Shri Sushil Kumar Dhara: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,44,000 be granted for expenditure under Grant No. 28, Major Head: "35—Industries—Cinchona" during the current year.

DEMAND FOR GRANT No. 29

Major Head: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works

Shri Charu Mihir Sarkar: Sir, on recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,70,000 be granted for expenditure under Grant No. 29, Major Head: "37—Community Development Projects, National Extension Service and Local Development Works" during the current year.

DEMAND FOR GRANT No. 31

Major Head: 39—Miscellaneous Social and Developmental Organisations— Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes

Shri Deo Prakash Rai: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,56,000 be granted for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes" during the current year.

DEMAND FOR GRANT No. 32

Major Head: 39—Miscellaneous Social and Developmental Organisations— Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes.

Shri Subodh Banerjee: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,53,000 be granted for expenditure under Grant No. 32, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes" during the current year.

Major Head: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) and 98—Capital Outlay on Multipurpose River Schemes.

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,94,24,000 be granted for expenditure under Grant No. 33, Major Heads: "42—Multipurpose River Schemes; 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial); 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial) and 98—Capital Outlay on Multipurpose River Schemes" during the current year.

DEMAND FOR GRANT No. 34

Major Head: 50-Public Works

Shri Subodh Banerjee: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,22,94,000 be granted for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year.

DEMAND FOR GRANT No. 35

Major Head: 51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme

Shri Somnath Lahiri: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,12,62,000 be granted for expenditure under Grant No. 35, Major Heads: "51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme" during the current year.

DEMAND FOR GRANT No. 36

Major Head: 53-Ports and Pilotage

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 87,000 be granted for expenditure under Grant No. 36, Major Head: "53- Ports and Pilotage" during the current year.

DEMAND FOR GRANT No. 38

Majo: Head: 64-Famine Relief

Shri Abdur Rezzaque Khan: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,68,99,000 be granted for expenditure under Grant No. 38, Major Head: "64—Famine Relief" during the current year.

DEMAND FOR GRANT No. 39

Major Heads: 65—Pensions and Other Retirement benefits and 120—Payments of Commuted value of Pensions

Shri Ajoy Kumar Mukhopadhyaya; Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 65,41,000 be granted for expenditure under Grant No. 39, Major Heads: "65—Pensions and Other Retirement benefits and 120—Payments of Commuted value of Pensions" during the current year.

Major Head: 68-Stationery and Printing

Shri Sushil Kumar Dhara: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,92,000 be granted for expenditure under Grant No. 41, Major Head: "68—Stationery and Printing" during the current year.

DEMAND FOR GRANT No. 42

Major Head: 70-Forest

Shri Bhabatosh Soren: Sir, on the recommendation of the Governor 1 beg to move that a sum of Rs. 27,91,000 be granted for expenditure under Grant No. 42, Major Head "70—Forest" during the current year.

DEMAND FOR GRANT No. 43

Major Head: 71-Miscellaneous-Contributions

Shri Somnath Lahiri: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,13,46,000 be granted for expenditure under Grant No. 43, Major Head "71—Miscellaneous—Contributions" during the current year.

DEMAND FOR GRANT No. 45

Major Heads: 71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off and "71—Miscellaneous—Expenditure on displaced persons.

Shri Niranjan Sen Gupta: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,08,63,000 be granted for expenditure under Grant No. 45, Major Heads "71- Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off and 71—Miscellaneous—Expenditure on displaced persons" during the current year

DEMAND FOR GRANT No. 48

Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project.

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,30,72,000 be granted for expenditure under Grant No. 48, Major Head "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project" during the current year.

DEMAND FOR GRANT No. 50

Major Head: 124-Capital Outlay on Schemes of Government Trading

Shri Sudhin Kumar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,56,27,000 be granted for expenditure under Grant No. 50, Major Head "124—Capital Outlay on Schemes of Government Trading" during the current year.

Major Head: Loans and Advances by State/Union Territory Governments

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, on the recommendation of the Government I beg to move that a sum of Rs. 7,20,20,000 be granted for expenditure under Grant No. 52, Major Head "Loans and Advances by State/Union Territory Governments" during the current year.

Mr. Speaker: There are 6 cut motions on different Heads: They are in order and are taken as moved. Now I request Mr. A. K. M. Ishaque to speak

Dr. Md. Fazle Haque: That the Demand under Grant No. 12 be reduced by Rs. 100.

Shri Abdus Sattar: That the Demand under Grant No. 15 be reduced by Rs. 100.

Dr. Zainal Abedin: That the Demand under Grant No. 15 be reduced by Rs. 100.

Shri Debendra Nath Mahata: That the Demand under Grant No. 15 be reduced by Rs. 100.

Sm. Abha Maity: That the Demand under Grant No. 19 be reduced by Rs. 100.

Shri Azizur Rahman: That the Demand under Grant No. 20 be reduced by Rs. 100.

শ্রী এ কে এম ইশক: মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় মৃথামন্তিমহাশয় বলেছেন যে বাজেট তাঁরা রচনা করেন নি, এটা প্রতিন সরকারই রচনা করেছেন, এবং এই বাজেট তাঁবা খাটিয়ে দেখার সময় পান নি। বাজেট খাটিয়ে দেখার তাঁরা সময় পাবেন কোথা থেকে? মাখামন্ত্রী কে হবেন এ নিয়ে ঝগড়া মেটাতেই সণতাহের পর সণতাহ চলে গেল। তাই বাজেট খাটিয়ে দেখবার থাকরে এই ঝগড়া মেটাতে দিনের খাওয়া রাতের নিদ্রা টুটে গেল। তাই বাজেট খাটিয়ে দেখবার সময় পান নি। বাংলাদেশের মান্য এ জিনিস কখনো ভূলবেন না। মাননীয় ম্থামন্ত্রী একট্ট আগেই জানিয়েছেন শানিয়েছেন কংগ্রেস যদি কাজ করত ২০ বছর ধরে তাহলে কংগ্রেস সরকারী ২০০ থেকে ২৫০ আসন পেত, আমরাই ৫০টিতে পরিণত হতাম, আরও অভিযোগ করেছেন কংগ্রেসের রাজত্বে ধনী আরও ধনী হয়েছে গরীব খালি গরীব হয়েছে। ওদেরও তো ৯ মাসের ইতিহাস আছে। যাঁরা জোতদার ৩০।৩৫ টাকা দরে ধান বিক্রী করত, এই ৯ মাসে তারা ১০০।১২০ টাকা দরে ধান বিক্রী করে তারা বড় লোক হয়েছে না গরীব হয়েছে। সেটা দযা করে উত্তর দেবেন। এই প্রশন্টার উত্তর দয়া করে তিনি দেবেন। গত ২০ বছবে কংগ্রেস কিছুই করে

[4-25-- 4-35 p.m.]

নি এই ওদের অভিযোগ। ওরা গ্রামে কি ঘোরেন নি প্রতি গ্রামে গ্রামে স্কুল, গ্রামে গ্রামে রাসতা প্রতি থানায় থানায় হাসপাতাল, দুর্গাপুর চিত্তরঞ্জন এসব কি ওদের চোথে পড়ে নি। ও'রা যদি ২০ বছর আগের গ্রামে চুকে থাকেন, সেই গ্রামের মানুষ কিভাবে চলতো আব অজ সেই মানুষ কিভাবে চলে- উনি নিজে গোলে দেখতে পাবেন। কংগ্রেসের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ করছেন ও'রা যদি সাধ্ মনোভাব নিয়ে গ্রামে যান তাহাল দেখতে পাবেন। আমি একটা অনুরোধ করে যাবো যে উন্নয়নমূলক কাজ যেন বাছত না হয়। এবং যে সমস্ত উন্নয়নমূলক কাজ সূর্ব করা হয়েছিল সেগালি যেন শেষ হয়। ভাংগড়ে ১৯৬৬ সালের সেপ্টেম্বর মাসে একটি প্লানমাণের কাজ সূর্ব হোল, ৬ মাস ধরে সেই শুলের কাজ হয়েছে, যুক্তফ্রন্ট যথন দায়িছভার নিলেন সেই দিন থেকে সেই পুলের কাজ বংধ হয়ে গেল—এখন তাই প্তমিক্তীর দুণ্টি আকর্ষণ করিছ। আমি অনুরোধ করবো খালি ভাংগড়ে কোন পুল নেই। আজ বাংলাদেশে উন্নয়ন

কাজের খ্ব প্রয়েজন, সেগ্লি এখনই করা দরকার। যেসমস্ত কাজ করা হবে বলে পরিকল্পনা নেওয়া হয়েছে সেগ্লি যেন করেন। আরও দেখানো যাবে যে বর্তমানে চাষীদের অবস্থা খ্ব খারাপের দিকে ষাচ্ছে। চাষী চাষ করে ফসল তোলবার যে খরচ তা তারা তুলতে পারছে না। একটা বাঁধাকিপ ৫ ৷৬ পরসায় নেমে গেছে। সেখান থেকে বাঁধাকিপ তোলার খরচ পর্যন্ত পাচ্ছে না। চাষের খরচ তো উঠছেই না। চাষের খরচ অন্যান্য খরচ দ্রের কথা—তোলবার খরচ পর্যন্ত পাচ্ছে না। ওরা দয়া করে এদিকে যেন একট্র চিন্তা করেন। যদি কোন একটা বিশেষ শ্রেণীকে সন্তুত্ট করতে চান এবং এই চিন্তাধারা যদি করেন তাহলে কি হবে দেখ্ন—বাংলাদেশে আরও যে মানুয আছে তাদের জন্য কি করলেন? যাতে সমন্ত মানুযুকে আগিয়ে নিয়ে যাবার স্কুট্র পরিকল্পনা দিয়ে আগিয়ে নিয়ে যেতে পারেন সেই সব আমরা আশা করবো। ২ লক্ষ সরকারী কর্মচারী পরিবারের ন্বার্থে ১০ লক্ষ এবং আরও ১৭ লক্ষ্ক ধনী জোতদার বড় চাষী বাদে আর যে ৪ কে বি মানুযু থাকে যারা অতানত গরীব, যারা ২ ৷৫ বিঘা জমির মালিক, তাদেরও তো উর্মাতর প্রয়োজন, তারা খেয়ে পরে বাঁচতে চায়, তাদের সম্পর্কে কিছ্ব চিন্তাই এই বাজেটে করা হয় নি, আমি অনুরোধ করে যাবো একটা শ্রেণীকে দেখা যাবে কিন্তু সংগে সংপ্য ওরা যেন ঐ ৪ কোটি মানুযু পরিকল্পনা থেকে বাদ না যায় এই আশা রেথে আমার বন্ধব্য শেষ করছি।

প্রীঅহণিদু সরকার: মাননীয় স্পীকার মহাশয় আজকে বাজেট সম্পর্কে আলোচনা করতে शिदा आभारनत विद्वाधी मरलत अपनक भाननीय अमनाता आलाहना कतरलन य आहेन रनहे. শৃতথলা নেই, সব কিছু ভেতেগ যাচেছ। আমি পশ্চিম দিনাজপুর যেটা উত্তর বাংলার একটা অবহেলিত জেলা সেই জেলার একজন সদস্য হিসাবে আমরা জানি আজ বিশ বছর ধরে পশ্চিম দিনাজপুর জেলার ব্যপারে এই কংগ্রেস নেতারা কি করেছেন আমি এই সভায় এসে নেপালবাব সম্পর্কে অনেক কথা শ্নলাম আপনি শ্বনে আশ্চর্য হবেন আমাদের জেলায় ঐরকম এক নেপাল-বাব, আছেন, যিনি এই সভায় উপস্থিত হয়েছেন তিনি হচ্ছেন ডাঃ জয়নাল আবেদিন যে কিছ; দিন আগে কংগ্রেসের উপমন্ত্রী ছিলেন তাঁর ঘটনা একটা একটা করে আমি বলবো, আপনি শ্নেলে আশ্চয় হয়ে যাবেন যে কিভাবে তিনি আইন এবং শ্ৰুখলা পদ্দলিত করেন। যুক্তফ্লট সরকারের সময় যখন মালদহ জেলায় ধানের দাম বেড়ে গেল-ও'র বাডী পশ্চিম দিনাজপুর এবং মালদহ জেলার সীমানেত্র উপব তিনি কয়েক হাজার একর জমির মালিক, তিনি সনামে-বেনামে প্রচুব জুমি দুখল করে আছেন, তিনি কয়েক হাজার মণ ধান রাতারাতি মালদহে পাচার করে দিয়ে কয়েক হাজার টাকা লাভ করলেন। সেই সময় সমস্ত থানা এবং বি ডি ও সাহেব তাঁর হাতে। সেখানকার দারোগাবাব, তাঁর স্থাীর চাচা সাহেব হন-সেজন। তিনি কোন ব্যবস্থা করলেন না। দিবতায়ি কথা, এবার নির্বাচনের সময় দেখলাম তাঁর ৩ শত একর বেনামী জমি ধরা পড়েছে। সেখানকাব কুষকবা সেই জুমির ধান ঘরে তলেছে, সেই সময় টের পাওয়া গেল যে ওটা বেনামী জমি এবং সেটা জয়নাল আবেদিন সাহেবেব বোনের নামে আছে তিনি পাকিস্তানেব অধিবাসী। সেই জনি যথন কৃষকর টেব পেলো তথন তারা ঘরে ধান তুললো—সেই সময় মালদা থেকে হাজার হাজার লোক নিয়ে এসে জয়নাল আর্থেদিন সাহেব সেই ধান ছিনতাই করলো। এইসব ঘটনা ও'রা করেন – আবার ও'রাই আইন শৃঙ্খলার কথা বলেন। সে ব্যাপারে কোন বারস্থাই হোল না. সমস্ত অফিসার তাঁদের হাতে। সেখানে আমরা গোছ। হাজার লোকও সেখানে গেছে তার বিরুদ্ধে আন্দোলন করতে। সেখানকার জেলা কংগ্রেসের সম্পাদক যথন প্রতাপচন্দ্র চন্দ্র বাষগঞ্জে গিয়েছিলেন তাঁর কাছে প্রতিবাদ করেছিলেন যে আমাদেরই একজন প্রার্থী এই রকম হাজার হাজাব বিঘা জমি লাকিয়ে বেখেছে তার কেন প্রতিকার হয় নি। তারপব সেই সম্পাদক মহাশয় কংগ্রেস থেকে পদত্যাগ করলেন। এই ঘটনা দিনাজপার জেলায় ঘটেছে। এবার নির্বাচনের সময় আমরা লক্ষ্য করেছি উনি ঘাবে ঘারে বলেছিলেন যে আমি মাসলমান, এবার যদি আমি হেরে যাই তাহলে আমি পশ্চিম দিনাজপুরে জেলায় থাকতে পারবো না--আমি পাকিস্তানে চলে যাবো-তাই তোমরা যদি পাকিস্তানে যেতে না চাও তাহলে আমাকে জিততে হবে। এইভাবে মাসলমান ভাইদের কাছে তিনি আবেদন করেছিলেন। মাননীয় অধাক্ষমহাশয় আমাদের পশ্চিম দিনাজপুর একটি বিরাট এল'কা, রেল যোগাযোগ প্রায় নেই। পৌনে দু'শো

মাইল রাস্তা—এর তিন ধারে পাকিস্তান এবং মাঝখান দিয়ে সর্ ফালি রাস্তা চলে গেছে— বিজ্ঞিন সময়ে আমরা এই জেলার লোক কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছিলাম তেল লাইনের জন্য ব্যবস্থা গ্রহণ করবার জন্য। কিন্তু সেই ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। আমি তাই আপেনার মাধ্যমে আমাদের যুক্তফুল্ট সরকারকে জানাতে চাই যাতে আগামী দিনে কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে আমাদের জেলায় যাতে রেল লাইনের ব্যবস্থা করানো যায় তাব ব্যবস্থা করবেন। অন্য একটা কথা আমাদের জেলার বিস্তীণ এলাকা জুড়ে সীমানত সঞ্জন।

[4-35—4-45 p.m.]

গত ২০ বছর ধরে আমরা দেখেছি গর্ চুরি একটা নিতানৈমিতিক ব্যাপার হয়ে গিয়েছিল। এবং এই গল চ্রের ফলে থাজার হাজার কৃষক তারা প্রায় কৃষিকার্য বন্ধ করতে বাধা হয়েছিল। আমরা দেখেছিলাম গত যুত্তফুট সরকারের সময় যথন যুত্তফুট সরকার ক্ষমতা পেল তথন সেই ৯ মাসের নধ্যে এই মফঃশ্বল সামানেত গর্ চুরি বন্ধ হয়ে গিয়েছিল। এই গর্ চুরি সামানত এলাকায় বর্জার সিকিউরিটি ফোসেরি সহায়তায় চলত। সেই গব্ চুরি সম্পূর্ণ বন্ধ হয়ে গিয়েছিল গত যুক্তফট সরকারের সময়। কিন্তু তারপের যথন যুক্তফট সরকার খাবিল হল তথন প্রিলিশের দাপট সুর্বু হল। আমরা লক্ষ্ম করেছি এই গব্ চুরির ফলে সাধাবণ মানুখের জীবন শেষ হয়ে যেতে বসেছিল, কৃষকরা শেষ হয়ে যেতে বসেছিল কৃষকরা এই সম্পূর্চিত অবস্থার মধ্যে পড়েছিল। সেই সময় আমরা দেখেছি গ্রুগারামপুর ও বংশাহারী থানার দারোগানের দাপট। গ্রা অসম্ভব দাপট সুর্বু করল এবং বলল যে এখন আর যুক্তফট সরকার নেই, এখন রাজ্য-পালের শাসন এখন আমরা যা খ্রিদ চালাব। যারা আইন, শ্রুগার কথা বড় বড় কোরে বলেন তাদিব আমি সম্বণ ববতে বিলি তাদের শাসনে কি চলেছিল দিনের পর দিন। মানুখ কোনিনাই তা ভুলে যাবে না।

আর একটা কথা স্পীকার, সাার, যে সদস্যের কথা বললায় অর্থাৎ শুভিয্নাল আর্রেদন— তিনি পশ্চিম দিনাজপ্রে জেলা পরিষদের একজন সদস্য। তিনি অনেককে মিথ্যা সার্টিফিকেট এর সাহাযো চাকরি দিয়েছেন। সেগুলো এখন ধরা পড্ছে। চাব-পাঁচটা কেস ধরা পড্ছে সেগুলো নিয়ে এখন কেস চলছে। কংগ্রেস নেতারা যারা আছেন, কংগ্রেস পক্ষে যাঁবা আছেন তাঁবা এগুলো জেনে রাখুন।

ভঃ জন্ধনাল আবেদীন: সারে, অন এ পরেণ্ট অফ পারসন্যাল এক্সপানেসন। স্যার. ১৯৬২ সাল থেকে আপনি এখানে আছেন। আপনাব হয়ত স্মরণ আছে এই চিশ্রচবিত আঁভযোগ বার বার উত্থাপিত হয়েছে, আই চুজ টুইগনোর দি অ্যালিগেশন। এই অভিযোগ ভিত্তীন এবং এর জবাব দেওয়ার প্রয়োজন আছে বলে মনে করি না।

শ্রীশান্তিশাছন রায়ঃ মাননীয় অধাক্ষ মহাশয়, আমানের এই হাউসের সামনে যে ডিম্যান্ড ফর গ্রান্ট উপস্থাপিত হয়েছে সেই সম্পর্কে দ্ব্-চারটি কথা বলতে চাই। প্রথমে আমি বলতে চাই গত বন্যার পর পশ্চিম বাংলায় যে অবস্থার উদ্ভব হয়েছে, সেই অবস্থা সম্পর্কে য়িদ য়ৢত্তফুল্ট সরকার যথাবিহিত অবহিত না হন তাহলে পশ্চিম বাংলার অধিবাসীদের বাঁচানো সম্ভব
হবে না। আমি বিশেষ করে আরামবাগ মহকুমার কথা বলতে চাই। আরামবাগ মহকুমায়
উপর্যপিরি পাঁচবার বন্যা হওয়ার ফলে ফসলের সম্হ ক্ষতি হয়েছে। এইবার ফসল ভাল হয়
নি। যদিও কৃষকরা স্থানে স্থানে অস্থায়ীভাবে বাঁধ নির্মাণ করে বিকল্প ফসল উৎপন্ন করার
চেন্টা করেছিলো তা সত্তে অনেক জায়গায় সফলকাম হতে পারে নি। অনেক জায়গায় বাডীঘর
ভেশে গিয়েছে এবং স্কুল, কলেজ ভেশে গায়েছে, শ্ব্ব তাই নয়, রাস্তাও ভেশে গিয়েছে।
কিম্পু রাস্তা মেরামতের বাবস্থা বা বাঁধ ক্ষেরামতের বাবস্থা হয় নি। তা ছাড়া বনাপ্রীড়িত
অপ্রণের ছাত্ত-ছাত্রীদের বেতন মকুব করার কথা সরকারের তরফ থেকে বলা হয়েছিলো। কিন্তু
আমি শ্ব্য আরামবাগ মহকুমার কেবলমাত্র খানাকুলের কথা জানি য়েখানে মাত দ্ব্' মাসের বেতন

মকুব করা হরেছিলো। মহকুমার অন্য যেসব জায়গায় বন্যা হয়েছিলো সেখানে বেতন মকুব করা হয় নি। যুক্তফ্রন্ট সরকাব মকুবের ব্যবস্থা করবেন বলে আশা করি। পুড়শুরা আরামবাগের দক্ষিণাঞ্চল, গোঘাট থানার অনেক অঞ্চল বন্যাপীড়িত হয়েছে। এই সব বন্যাপীড়িত অঞ্চলে খাজনা মকুবের কথা হয়েছিল। আমরা এখনও প্যান্ত জানতে পারি নি যে এই সব বন্যাপীড়িত অঞ্চলের কৃষকদের খাজনা রেহাইয়ের ব্যবস্থা হবে কি না।

আমবা যেমন অস্থায়ী রিলিফের কথা বলেছি, তেমনি প্রটেকটিভ মেজাস্থার কথাও বলে আস্ছি। আপুনি জানেন ইতিপূর্বে লোয়ার দামেদর প্রজেষ্ট টেকনিক্যালি আাপ্রভেড্র হও্যা সত্তেও আজে প্র্যান্ত তা কার্যকিরী করার ব্যবস্থা হয় নি। এই লোয়ার দামোদর প্রেটেন্ট যাদ কার্যকিরী করা হয় তাহলে হাওড়া জেলার প্রভূত উপধার হবে, বন্যার হাত থেকে জনসাধাৰণ রক্ষা পারে। আরামবাগ মহকুমায় ট্রান্স দামোদর প্রোজেঠ প্রণয়ন করার জনা সরকারের কাছে দাবী রাখব। যদি ট্রান্স দামোদর প্রোজেক্ট করা হয় তাখলে আরামবাগ মহকুমা কনারে হাত থেকে রক্ষা পাবে এবং তার সংখ্যা সংখ্যা যদি সেচ বাবস্থা চালা, করা হয় তাহলে ফসল উংপাদন ব'ডবে। আমি গোঘাট থানার কথা বলছি-সেখনে যে অমোদর ও তার,এ,লী নদী এনছে ভার সংস্কারের জন্য বহু আন্দোলন করেছি। ইভিপ্রের কংগ্রেস স্বকারের সময় এজ বাব, হখন সেচ্ছাক্রী ছিলেন তখন এই পরিকল্পনা সম্পর্কে তিনি সমাক অবহিত ছিলেন। এই সভায় এ নিয়ে বহুবার আলোচন। হয়েছে, গ্রহণ করবার আশ্বাসও দেওয়া হয়েছে। কিন্তু আজ প্র্যান্ত ভাকরাসমূত্র হ্যানি। ন্তন সরকার করবেন, এই আশা নিশ্চয় করব। ডি ভি সি-র কিছ; খাল এর।মবার থানার বোন কোন অঞ্চল দিয়ে গেছে। সেই খালগালিকে যদি বাছিতে নিখে গিয়ে খানাকল থানাৰ দক্ষিণ দিক প্ৰবিত প্ৰসাৰিত কৰা যায় আহলে এই মহক্ষাৰ প্ৰফে মংগল হবে। ডিপ টিউব্ভয়েল দ্বাম যাক্তফুট স্বকার বাহিল কবে দিয়েছেন, সেটা চাল, কবা হয়ে ি ন হানা যায় নি। সনলো চিট্ৰওয়েল প্ৰীম অগ্ৰাধিকাৰ দেওয়া হয়েছে। সালো চিট্ৰওয়েল হেকে, আপত্তি নেই। কিক্তু সংলো টিউবভয়েল-এর উপযোগিতা যারা অলপ কমিব নলিক অপ্রিং ৩।৪।৫ বিঘা প্রতিত জানিব মালিক ভালেব বাছে নাই, কারণ তা বায়সাপেক্ষ। মাত্রীং ডিপ টিউব্ভুলেল আবাৰ চাল, কৰা হেণক এই প্ৰস্তাৰ আমি ৰাখৰ। আমাদেৰ ভুখাৰে হে ১টি নদী আছে মুখোণবৰী, কানা দ্বাৰফেশ্বৰ, দামেদৰ ও ৰাপনারায়ণ সেই সৰ নদীর পাশের যাতে পর্ন-পং সেট বসিয়ে সেচ ব্যবস্থা করা হয় সেই দারী আমি এই সরকারের কাছে রাথব। এই যে ডিমান্ড ফব প্রান্ট এই হাউসেব সামনে এসেছে তা যেহেত এই সবকার বাম কমিউনিস্ট প্রভাবিত সেই হেত এই নকা মন্ত্ৰে হওয়া সত্তেও পশ্চিম বাংলাম কোন উন্নয়নমালক কাজ হবে বি না এই অশংকা প্রকাশ করে আছার বস্তব্য শেষ কর্নছি।

[4-45—4-55 p.m.]

শ্রীগণগাপদ কুয়ার: মাননীয় সপীকার মহাশয়, আজকে মাননীয় মুখামন্ত্রী তথা অর্থ লিংওবের ভারপ্রাণ্ড মন্তিমহাশয় যে অতিরিক্ত বায়ববান্দের দাবি উপস্থিত করেছেন আমি তা সর্বান্তিকরণে সমর্থন করছি। বাজেটের প্রথম দিকে যে বরান্দ হয় বছরের প্রথম দিকে, কিছু কিছু খাতে শেষ দিকে তার সংশোধন প্রয়োজন হয়। চলতি যে আর্থিক বংসর এ বংসরেও অন্যানা নানান কারণে বিশেষ করে উত্তর এবং দক্ষিণ বংগা যে প্রলয়ঙকরী বন্যা হয়ে গেল তার জন্য অনেক বেশী বায়বরান্দ ধরা হয়েছে। কিন্তু যে পরিমাণ ক্ষয়ক্ষতি হসেছে এই বন্যাব ফলে তার জুলনায় যে বায়বরান্দ ধরা হয়েছে সেটা অত্যান্ত অকিঞ্ছিৎকর এবং এব চেয়ে অনেক বেশী টাকা বন্যাক্রিট জনসাধারণের আর্থিক প্রবিশিনরে জন্য প্রয়োজন ছিল এবং এখনও আছে। কাজেই রিলিফ্র খাতে বায়বরান্দ ধরা হয়েছে। আমি আশা করি সেই ববান্দের জন্য বিভিন্ন দলের পক্ষ থেকে বিশেষ করে বিরোধিদলের পক্ষ থেকে এটার সমর্থন মিলারে। স্যার, বন্যার জন্য যে বিলিফের বারস্থা করা হয়েছিল কংগ্রসীদের মাতন্সরীর ফলে বিভিন্ন জায়গায় সেই রিলিফের টাকা তছনছ করা হয়েছে। সেই সমুস্ত বিষয়ের তদন্তের জন্য ব্যবন্ধা করা হোক এই দাবি রাখাছ এবং মন্তিমান্ত মাতলীর দান্তি আকর্ষণ করিছে। স্যার, বিভিন্ন জায়গায় যেখনে প্রয়োজন নেই ইলেকসানের

স্বার্থে সেখানে বড় বাঁধের ব্যবস্থা করা হয়েছে, যেখানে ৮।৯ হাজার টাকায় হবার কথা সেখানে ৩০ হাজার টাকার বড় বাঁধ করা হয়েছে। এরকম দৃষ্টাম্ত আছে যে ষেখানে ১.২০০ টাকার হোগলার প্রয়োজন দেখানে ১২ হাজার টাকার বিল দেওয়া হয়েছে এবং এইভাবে টাকা পয়সা আত্মসাৎ করা হয়েছে। কাজেই রিলিফের কাজের মাধ্যমে যে সমস্ত দুনীতি হয়েছে অবিলন্তে সেই সমস্তগ্_বলির তদন্ত হওয়া উচিত বলে আমি মনে করি। স্যার বন্যাম্লাবিত অঞ্লের মান,ষের দুর্দশা যেখানে চরম সীমায় পেণছে গিয়েছে সেই সমস্ত অঞ্চলের মান,ষের অর্থনৈতিক প্নর্বাসনের প্রয়োজনীয় ব্যবস্থা যাতে নেওয়া হয় সেজন্য আমি মন্দ্রিমন্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি আপনার মাধ্যমে মেদিনীপুর জেলার কয়েকটি বন্যাপ্লাবিত এলাকার কথা মানুনীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। যে সমুহত জায়ুগায় ব্যাপকভাবে বোরো চাষের ব্যবস্থা कता रख़ाष्ट्र (प्रथात मातून कमाजात्व कना त्वाता हाच नणे रख़ याष्ट्र) वक्यात माप्रभूत অঞ্চলের ২০ হাজার একর জমির ধান নন্ট হয়ে যাচ্ছে জলের অভাবে। স্যার, রিলিফ, সেচ এবং নিকাশীর জন্য আরও বেশী অর্থের প্রয়োজন বলে আমি মনে কবি। এর আরে মাননীয় সেচ মন্তিমহাশয়ের কাছে শ্রেছি যে রিলিফ, সেচ এবং নিকাশীর জন্য যে টাকার দরকার তা তিনি পাচ্ছেন না। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে এই সমস্ত টাকা কেন্দ্রের কাছ থেকে আদায়ের জন্য আমরা উদ্যোগী হতে প্রস্তৃত আছি এবং এর জন্য যদি প্রয়োজন হয় সরকারের আহ্বানে य-रकान आस्मानात आमता উत्माभी इत। आक्रांक युक्कुम्हे य ७३ म्फा कर्म मही शहर করেছে তার সার্থক র পায়ণের জন্য বিশেষ করে কৃষির দিকে সর্বাধিক নজর দিতে হবে। এই কৃষি যদি অবহেলিত অবস্থায় না থাকতো তাহলে বাংলাদেশে খাদাসমস্যা যে তীব্র আকার ধারণ করেছে তা আমরা এড়াতে পারতাম এবং বহু উল্লয়নমূলক কাজ করা সম্ভব হোত। কাজেই এই অর্থাভাবের দর্ন উৎপাদনে বিঘা এ অবস্থা কোনক্রমে চলতে দেওয়া উচিত নয়। কাজেই আমি আপনার মাধামে মন্ত্রিমণ্ডলীর দূল্টি আকর্ষণ করবো যাতে ব্যাপক উৎপাদনের জনা প্রয়োজনীয় বাবস্থা নেওয়া যায়।

শ্রীষতীন চন্ধতীঃ সারে, ও'কে ১৫ মিনিট টাইম দেওরা হয়েছে, ওর মধ্যেই তিনি বলতে পারেন।

শ্রীসিম্বার্থ সমসর রায়ঃ স্যার, আপনার রহুর আমরা মেনে নেব, কিন্তু তার প্রতিবাদে আলাদাভাবে আলোচনা করতে না দেওয়ার জন্য আমরা ওয়াক-আউট করব।

মিঃ স্পীকার: আমি আপনাদের ডিসআলোউ করছি না, আপনারা আডেজোর্নমেন্ট মোশন না করে, এটা অ্যাপ্রোপ্রিরেশন বিলে বলার স্থোগ পাচ্ছেন। অ্যাডজোর্নমেন্ট মোশনের আলাদা দিন হবে কি হবে না সেটা পরে দেখব। আই হ্যাভ গিভেন মাই রুনিং অ্যান্ড আই স্টিক ট্র মাই রুনিং।

শ্রীসিন্দার্থ নন্দর রায়ঃ দেন, স্যার, আব্দ্র এ প্রোটেস্ট উই ওয়াক আাউট।

(At this stage the members in the Opposition walked out of the Chamber)

The West Bengal Appropriation Bill, 1969

Shri Ajoy Kumar Mukhopadhyay: Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1969.

(Secretary read the title of the Bill)

Shri Ajoy Kumar Mukhopadhyay: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1969, be taken into consideration.

Sir, under article 266(3) of the Constitution of India no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution.

The West Bengal Appropriation (No. 2) Act, 1968, authorised the payment and appropriation of certain sums from and out of the Consolidated Fund of West Bengal towards defraying the charges which came and will come in the course of payment during the current year.

During the present session the Assembly voted certain further grants for the purposes of the year 1968-69 under the provisions of article 203 read with article 205 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under the provisions of article 204 read with article 205 of the Constitution to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of all the moneys required to meet the further grants which have been so voted by the Assembly and also meeting the further expenditure charged on the Consolidated Fund of the State in accordance with the provisions of the Constitution.

The Constitution provides that no amendments shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State.

The details of the proposed Appropriation Bill will appear from the schedule to the Bill.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

Shri Muhammed Khuda Buksh: Mr. Speaker, Sir, I have moved an adjournment motion on a matter which is serious enough because, I feel, no money should be voted for a Government that gives open incitement to a civil war. Sir, I had moved the adjournment motion as there are provision for motions in the Rules of Procedure and Conduct of Business of the House for each kind and category of subject. This is a motion serious enough for a motion of no-confidence, but since I am alone in this House, and I shall not get the requisite support for such a motion, I thought that this should be ventilated through an adjournment motion. The Hon'ble Leader of the Opposition also told you that this was very serious matter when a Minister openly says that he will make.......

(Noise and interruptions)

Shri Nikhil Das: On a point of order.

স্যার, আপনি অ্যাডজোর্ন মেন্ট মোশনটা ডিসঅ্যালাউ করেছেন, ও'কে অ্যাপ্রোপ্রিয়েশন বিলের উপর বলতে বলুন।

Mr. Speaker: He is speaking on the Appropriation Bill and he has got the permission to refer to the adjournment motion in course of his speech on the Appropriation Bill. Sbri Muhammed Khuda Buksh: Sir, you have been pleased to rule that this adjournment motion, though in order, and though it relates to matter of urgent public importance and of recent occurrence and otherwise admissible, as such, you have withheld consent because you felt that the precious time of the House could not be taken for this matter and that this should be lumped together with the Appropriation Bill. Sir, this detracts the seriousness of this matter and, if I am not permitted to raise this motion as an adjournment motion, I shall have to follow suit along with the Opposition and therefore, Sir, with the Opposition I leave the House.

(At this stage the member walked out of the Chamber)

[9-50-10-00 a.m.]

শ্রীমতী নির পমা চ্যাটার্জি: মাননীয় অধাক্ষ মহাশয়, আমি আপ্রোপ্রয়েশন বিলের সমর্থনে কয়েকটি কথা বলতে চাই। ভোট অন অ্যাকাউন্টে যে প্রস্তাব অর্থমন্দ্রমহাশয় রেখেছেন তার জন্য আমি তাকে অভিনন্দন জানাচ্ছি এবং এই সংগ্যে একথা বলতে চাচ্ছি যে যুক্তফ্রন্ট সরকারের কর্মসাচী র পায়িত করতে গেলে আমাদের কতকগালি কঠিন কাজ করতে হবে। কারণ গত ২০ বছরে কংগ্রেস পার্টি দেশকে এমন অবস্থায় এনে হাজির করেছে। সমস্ত স্তরে দুন্নীতি এনে হাজির করেছে, তা র্যাদ আমাদের দূরে করতে হয় তাহলে বলিষ্ঠ পদক্ষেপ এবং কঠিন সংগ্রামের মধ্য দিয়ে কাজ করতে হবে। আমি আমাদের গ্রামের আন্দোলনের মধ্য দিয়ে কৃষক আন্দোলনের মধ্য দিয়ে র্মাভজ্ঞতা অর্জন করেছি। এই কয়েক দিন ধরে আমি বিরোধী পক্ষের বন্ধব্য শানেছি। তারা বলছেন যে জনগণ তাদের চায়, কারণ তারা জনগণের জন্য অনেক কিছা করেছেন। আমি আমার অভিজ্ঞায় দেখেছি বিভিন্ন উলয়ন ব্রকে গিয়ে মানুষের জীবনে বিভিন্ন সমস্যা রয়েছে। আমি বিভিন্ন জায়গায় গত ১০।১৫ বছৰ ধৰে ঘুরেছি, তাঁরা বলেন তাঁরা কৃষকদের উন্নতি করেছেন, কিন্তু আমি ঘুরে যে অবস্থা দেখেছি তাতে চাষবাবস্থাকে একেবারে কথ্য করে দিয়েছেন। উন্সনের নামে পরিকল্পনা করে ভাঁরা সাধাবণ মান্যবের বাঁচার যে বাসংখান ছিল তা পর্যাত্ত নাট করে। দিয়েছেন। আজকে তাদের বাশ্রচাত করে দিয়েছেন। এই উন্নতি ভাষা ক্রেন্ডেন। আজকে তাঁরা বহু মূচ করে বলহেন যে তাঁবা ৪২ পারসেন্ট ভোট পেয়েছেন। কিন্ত ভাবা যদি। গ্রামের মান্যথের সংগ্রে গ্রেরি মান্যুষের সংগ্রে সাধারণ মান্যের সপ্পে মিশতেন, তাহলে এ-কথা বলতে পারতেন না যে তাদের উল্লাত করেছেন। কারণ আমি জানি মেসমণত ক্ষেত্মজার মংসাজীনী আছে তাদেব অবস্থা এমন যে মেয়েদের পরার কাপড় পর্যন্ত নাই। অনেক পাড়ায় দুখানি কাপড় হাপে, তাল ম্থন বাইবে যার মায়েদের সেই কাপড্থানি পরে যায়। সেচেব নামে কুষকের উল্লাভিব নামে এভদিন কুষকদের **ঋণ দেননি, ঋণ দিয়েছেন ভাদেব যারা ভাদেব তল্পবিভাক।** তারা সেচবদাস্থাকে একেবারে অকেন্ডো করে দিয়েছেন। আমরা জানি গত ক্ষেক বছরে বাগনান থানায় দামোদরের জল নিরে কি অবস্থার সাণ্ট করেছেন। আমি সেচ বিভাগে গিয়েছি, গিয়ে এটা ব্রেডাছ যে সেথানে ইঞ্জিনীয়ার আছেন বটে কিন্তু তাদের কথা বলার অধিকাব নাই। তাঁরা ফলেছেন আমাদের এখানে বিদ্যার দাম নেই। গত ২০ বছর ধরে কংগ্রেস সবকাব যেভাবে আমাদেব কাজ করতে বলেছে. দেতো হাসি হেসে গদভেব মত আমবা কাজ কবে গিছেছি। সমসত বিভাগে দেখেছি যথনই তাঁরা কোন স্বাধীন মতামত দিতে গিয়েছেন এবং সেভাবে কাজ করতে গিয়েছেন, ভালায়েব বিব্রুদেধ দীভাবার চেষ্টা করেছেন কংগেস সরকার তাদের বিভিন্ন ভাষগায় ঐভ্যন্ত করে দিয়েছেন চাকরি খারিজ করে দিয়েছেন, সেজনা সেচের এই তারস্থা করে দিয়েছেন। বাগনানে ২৭টি নাইট স্কল আছে, কিন্ত তাব একটিও নেই, বছরের পর বছর ধরে মণ্ডল কংগ্রেমের কর্তাবা সেই টাকা খেয়ে বসে আছেন অথচ একটিও স্কল নেই। এই হচ্ছে চিত্র। এইভাবে বিভিন্ন ট'কা নগট করেছেন। অপর দিকে আমরা কি দেখছি? মৎসাজীবীদের জনা যে সমস্ত কো-অপারেটিভ করা হয়েছে তারা সেই সাযোগ পায় না। ভদলোক মণ্ডল কংগ্রেস নেতারা জেলে সেজে বিভিন্ন পকের চাষ করছে। বাগনানে ৬ হাজার মংসাজীবী আছে, তাদের সমস্যা হচ্ছে এই। স্বাস্থ্যের দিকে যদি দেখি তাহলে দেখবো প্রতিটি অণ্ডলে হেল্থ সেন্টার করার কথা ছিল। আমি করেকটি অণ্ডলে দেখেছি-

দৃই একটি হেল্থ সেন্টার রয়েছে বটে কিন্তু তাতে কোন ঔষধ নাই। ডাক্তার চেন্টা করলেও বোগীকে বাঁচাতে পারে না। উল্বেডিয়া মহকুমায় এত বড় হাসপাতাল হয়েছে, বাড়ী হয়েছে কিন্তু কোন ঔষধ নাই। এমন কি কর্মচারীদেরও যদি অস্থ করে তাহলে তাদের বাইরে থেকে ঔষধ কিনে আনতে হয়।

অপর দিকে শিক্ষার ব্যাপারে এবং শিক্ষার দিক থেকে বলতে চাই স্কুল বোর্ড হচ্ছে একটি বাস্ত ঘ্রের বাসা। যে সমস্ত লোক পাশ করে বসে আছে তাদের চাকুরীর কোন স্যোগ নেই, র্যাদ মণ্ডল কংগ্রেসের ধামাধরা কেউ হয় তাদেরই চাকুরী হয়। নির্বাচনের আগে অনেক ভাইদের প্রতিশ্রতি দেওয়া হয়েছিল, কিন্তু ভেতর ভেতর ঠিক করে রেখেছিলেন কাকে কাকে চাকুরী দেবেন। যাদের চাকুরী হোল না তারা আমাদের কাছে এসে জিজ্ঞেস করলেন আমার চাকুরী কেন হোল না? কাজেই আমি বর্লাছ যুক্তফ্রন্ট সরকারতেে এই বাস্তু ঘুঘুর বাসা ভাষ্গতে হবে এই দ্র্নীতির বাসা ভাষ্গতে হবে, নইলে যুক্তফ্রন্টের কর্মসূচী রূপায়িত করা যাবে না। তারপর দেখন প্রাইমারী শিক্ষার কি অবস্থা হয়েছে। শুধু এই প্রাইমারী শিক্ষাই নয়, বুনিয়াদী শিক্ষার অবস্থা এমন হয়েছে যে ছোট ছোট শিশ্বদের ভিখারীতে পরিণত করা হচ্ছে। ওয়েস্ট জার্মেনী থেকে চাল, ডাল, দুধ নিয়ে এসে চুরি করে মন্ডল কংগ্রেসের লোকেরা তা খাচ্ছে এবং বাচ্চা বাচ্চা শিশুরা প্রতিদিন থালা হাতে নিয়ে স্কুলে যাচ্ছে এবং খাওয়া দাওয়া করে বাড়ী ফিরে আসছে। সারে প্রাইমারী শিক্ষা একদম হচ্ছে না। শিশকে।ল থেকেই যদি ভিক্ষা করতে শুরু করে তাহলে সমুহত জাতটা নত্য হয়ে যাবে। কাজেই যুক্তফ্রন্ট সরকাবকে এই সমস্ত দুন্নীতির বাসা ভাঙ্গতে হবে. তাদের কর্মসূচী রূপায়িত করতে হবে। তারপর, মায়েদের ব্যাপারে কি দেখি? আজকে গ্রামাণ্ডলে দেখছি অনেক মায়েদেব প্রসব হতে। পারে মা, কারণ মাত্মজ্গল। নেই, ডাক্তার নেই, শিক্ষিত দাই নেই। যথন স্থানীয় ডাক্টাররা কিছ**্ব করতে পারেন না তথন কোলকাতা শহরে** আনতে আনতে বাসতাতেই অনেকে মরে যান। স্যার, ২০।২২ বছর দেশ স্বাধীন হয়েছে অথচ আজত প্রতিটি অণ্ডলে মাতৃমণ্যল হয় নি এই হোল আমাদের অবস্থা। আমি আশা করব যান্তফ্রন্টের পদ্দ থেকে চেণ্টা করা হবে যাতে প্রতিটি অণ্ডলে মাত্মণ্যল থোলা হয়। আমার খন্যানা প্রদেশের মহিলাদের সংগে মেলামেশার সুযোগ হয়েছিল এবং আমি সেখানে দেখেছি সেখানকার মায়েদের জন্য র*্জি* রোজগারের ব্যবস্থা আছে। কিন্তু আমাদের দেশে ধান ভানার কল হবার পণ যে সম্পত্ন মনেরা ধান ভেনে গেতে তবা আছে। ইয় ভিন্দা কৰছে, নয়তো। দেহ বিক্রি করছে, বড় বড় বাবসাখীদের কবলে পড়ছে। যাঁবা বড় বড় বাবসা করেন ভানেব ওথানে তারা কাজ কবছে এবং তার বিনিময়ে ৪-৫ বার চাল নিয়ে দেশলে দুটাকা মহার্ব। পাছে। স্যাব্ এই হোল মায়েদের অবস্থা। ও'রা বড় বড় কথা বলেন এবং আমাদের সংবিধানেও আছে নারী এবং প্রেয়েব সমান অধিকার। কিন্তু যতক্ষণ পর্যন্ত না প্রত্যেকটি মা প্রেয়েব সমান শিক্ষা পাৰে স্মান্তাৰে কাজ কৰে বুঞি ৰোজগাৰ করতে না পাশৰে, সম্মানেৰ সংগ্ৰ বাঁচতে না পাৱৰে ত্তদিন পর্যন্ত কিছু হবে না। কিন্তু মাযেদের সেই স্কুযোগ নেই। স্যার, কংগ্রেস সরকার গত ২০ বছর ধনে মিথ্যা সেতাকবাকা দিয়েছেন এবং এই নারী জাতি সম্বন্ধে তাবা ভেবেছেন তাঁরা শুধ্যু সমাজে রালা করতে এসেছেন, ছেলে মানুষ করতে এসেছেন এবং সেইভানেই ভাদের দীর্ঘদিন এই অবস্থাব মধ্যে বেথেছেন। আজকে তাঁদের যদি মানুষ হিসেবে বাঁচাতে হয় তাহলে প্রথম দুরুকার সেই মায়েদেব জীবিকার পথ খনে দেওয়া এবং সেই চেণ্টা আমাদের করতেই হবে। আমি আশাক্রি যুত্তফুন্ট সরকার ধারাবাহিকভাবে বিশেষ করে ওই মায়েদেব করিগ্রিন শিক্ষা দিয়ে তারা যাতে কুটিরশিলেপর মাধ্যমে বাঁচতে পারে তার প্রোগ্রাম নেবেন। যারফুন্ট সবকারের উপর আমি আশা, ভরসা রাখি এবং আমি মনে করি এই কাজ করলে আমবা অনেক কিছু এগিয়ে নিতে পারব। সারে এই অবস্থার মধ্যে আমরা দেখছি প্রথম স্তরে ঘুন ধরেছে কার্ত্তর কোন ভবিষ্যত নেই এবং যিনি লেখাপড়া শিখেছেন তিনিও তাঁর ভবিষ্যত দেখতে পাচ্ছেন না। এবং আজকে যাদের জামি আছে বিশেষ করে অলপ জামি সেখানে মেচের ব্যবস্থা না থাকার ফলে চাষের উপর তাদের ভরসা নেই। এই অবস্থার দিকে লক্ষ্য রেখে আমাদের বিশেষ গ্রেম্ব দিতে হবে সেচের প্রতি। বাংলা দেশে সেচ ব্যবস্থার যদি উন্নতি করতে হয় এবং করতেই হবে তা নাহ**লে** আমাদের বাঁচার আর কোন পথ নেই এবং তা করতে হলে আমাদের নিম্ন দামোদর সংস্কার করতে

হবে এবং তাহলে আমার মনে হয় বাংলাদেশে যে শস্য জন্মাবে তা থেকে আমাদের দেশকে এগিয়ে নিয়ে যেতে পারবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[10-00-10-10 a.m.]

শ্রীদেবেশ্বনাথ দাস: মাননীয় স্পীকার, স্যার, আমি এ্যাপ্রোপ্রয়েসন বিল সমর্থন করতে উঠে তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছ। আমার নির্বাচনী এলাকার গুটিকয়েক কথা বলছি। আমাদের ওখানে সেচের প্রবলেম সব থেকে অধিক। সেচ ব্যতিরেকে চাষ মোটেই হচ্ছে না। দ্বিতীয়তঃ বন্যার সময় বন্যাপ্লাবিত হয়ে ফসল নন্ট হচ্ছে—এ দিকে যুক্তফ্রন্ট সরকারকে আপনার মাধ্যমে দ্বিট রাখতে বলছি। আমার এলাকা একেবারে মেদিনীপ্রেরর দক্ষিণ প্রান্তে একেবারে উডিষ্যা সংলগ্ন দাঁতন কেন্দ্র। সেখানে শিক্ষা স্বাস্থ্য এই সব কিছুরই তেপৈ নেওয়া হচ্ছে না। সেখানে একটি স্বাস্থ্য কেন্দ্র আছে, সেখানে ঔষধপত্র কিছুই নেই। মোহনপুর থানায় একটিও স্বাস্থ্য কেন্দ্র নেই। সেখানে যাতে স্বাস্থা কেন্দ্র গড়ে উঠে তার জন্য আমি যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ জানাচ্ছি আপনার মাধ্যমে। স্কুলের অবস্থা এমন পর্যায়ে এসেছে যে কংগ্রেস সরকার সেগ্রলিকে তেওেগ দির্মোছল। দাঁতনে একটি কলেজ আছে, সেই কলেজে বোমা রাখা হয়েছিল ঐ কংগ্রেসী লোক রেখেছিল। এবং ছাত্রদের উম্কানি দিয়ে সেখানে বোমা মেরে রেকর্ডপত্র নিয়ে চলে গেছে। ছাত্রদের টেস্ট পরীক্ষা না দিতে দিয়ে জণ্গলে পাঠান হোল এই দুক্তুতকর্ম তারা করেছে। এর জন্য এনকোয়ারী কমিটি করার অন্রোধ করি যুক্তফ্রন্ট স্বকারকে। কংগ্রেসের পি, ডি, এফ, সরকারের আমলে এমন করা হয়েছিল যে চোর এবং জোয়াডাদের মাতিয়ে দেওয়া হয়েছিল এবং তারা বহ, দুক্তকর্ম করেছে, প্রলিসকে খবর দিয়ে তার কোন সুরাহা পাওয়া যায় নি। এখন যান্তফ্রন্ট সরকার হতে এগালি চেক্ড হয়েছে। এগালি সম্বন্ধে এনকোয়ারী দাবী করছি। রিসেন্টলি নোটিস দেওয়া হয়েছে জে, এল, আর, ও, অফিস থেকে যে পথ এবং পূর্ত কর সেখানে ধরা হয়েছে এবং তাতে চাষীদের খুব ক্ষতি হচ্ছে ১৩৭২ সাল থেকে ১৩৭৫ সাল পর্যাত। এগালি সম্বর্ণের আমি যুক্তফ্রণ্ট সরকারকে এনকোয়ারী করার জনা অনুরোধ জানাচ্ছি। এথানে বন্যাবিধন্দত এলাকায় যাতে খাজনা ছাড় দেওয়া সে সম্বন্ধে অনুরোধ কর্ছ। শিক্ষকরা আজ পর্যন্ত কোন ডি, এ, পান নি। সে সম্বন্ধে যাতে তারা ডি. এ. পান তার বাবস্থা কর্ন। দাঁতন হেডকোয়ার্টার্স একেবারে পশ্চিম প্রান্তে অবস্থিত—তাতে কোন রাস্তা নেই একটা রাস্তা স্যাংসন হর্মোছল বলে আমরা শ্বনেছি, সেই রাস্তাটা যাতে হয় জালদা ট্র দাঁতন সে সম্বন্ধে আমি যুত্তফ্রণ্ট সরকারকে চিন্তা করতে বলছি। সুবর্ণবেথা নদীর মুখ সিল্টেডআপ হয়ে যাবার দর্ন জল পাস করছে না তাতে কন্টাই এবং সদর সাবডিভিসনের ক্ষতি হচ্ছে এবং এ বছর যে বন্যা হয়েছে তার ফলে এই বন্যা হয়েছে এদিকে আমি লক্ষ বাথতে অনুরোধ করছি। চাষীরা ঠিক সময়মত কোন দেনা পান না এবং যে দেনা দেওয়া হয তা ২০-২৫ টাকা তাতে কোন চাষীর কাজে লাগে না। সেইজন্য আমি অনুরোধ করছি যুক্তুন্ট সরকারকে আপনার মাধামে যাতে ২-৩ শত টাকা করে চাষীরা দেনা পান তার জনা ওরা সচেষ্ট ছবেন। ইরিগেশনের সূর্বিধা থাকলে একই জমিতে তিনবার ফসল হতে পারে, সেজনা লোকে ভূমি চরি করছে। এই বাকস্থা যদি অবলম্বন করা হয় তা হলে আমার মনে হয় যে কোন লোক জমি চুরি করতে এতটা দ্ট্সঞ্চম্প হবে না। এইসব কথা রেখে আমি আমার বন্তব্য শেষ করছি।

শ্রীকৃষ্ণপ্রসাদ দলে: মাননীয় দপীকার মহাশয় এই এপ্রোপ্রিয়েসন বিলকে সমর্থন জানিয়ে আমি পশ্চিম বাংলার কয়েকটি সমস্যার কথা তুলতে চাচ্ছি, অজস্র সমস্যার আমাদের দেশের মান য আজকে জজরিত। আমি যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে প্রাইমরী শিক্ষা। আমরা দেখেছি প্রাইমারি ছাত্রের যাদের সংখ্যা মোট ছাত্রের শতকরা ৭৫ ভাগ তাদেব দকলারশিপেব সংখ্যা অত্যত নগণা। মোট দকলারশিপ দেওয়া হয় ৬ লক্ষ্ম ৬৫ হাজার টাকা। কিল্কু প্রাইমারি ক্ষেত্রে বরান্দ মাত্র ৫ হাজার টাকা। স্ত্রাং আমার মনে হয় যে এই টাকা অত্যত কম। যাতে বেশী পরিমাণ টাকা দকলারশিপ খাতে বরান্দ হতে পানে তার জনা আপনার মাধ্যমে আমি যুক্তুন্ট স্বকাবের কাছে আবেদন কর্বছি। দ্বিতীয় কথা এই যে সিডিউল কান্ট আনত ট্রাইবস তারা অত্যতে দ দশাগ্রস্ত অবস্থাব মধ্যে পড়ে আছে। তাদেব যে শিক্ষা সেই শিক্ষা আম্বা বিচান বিবেদনার মধ্যে অনতে

পারি না এবং তাদের জনা যা খরচ হয় তা হচ্ছে ১১ লক্ষ ২৪ হাজার টাকা। আমি মাননীয় হপাঁকার, স্যার, আপনার মাধ্যমে এই সিডিউল কাস্ট আ্যান্ড ট্রাইবস এদের খরচ কিছু বাড়ানোর জন্য আবেদন করাছ। তৃতীয় কথা যে আমাদের দেশে শিক্ষার হার শতকরা ৭১ কিন্তু যে সমস্ত ব্যাকওয়ার্ড ক্লাস আছে তাদের যদি আমরা পৃথক করি অর্থাং যে তপশিলী উপজাতি এবং তপশিলীভুক্ত জাতি আছে তাদের পৃথক করে ধরলে দেখা যায় অক্ষরজ্ঞানসম্পন্ন শতকরা ১০ জন, মেয়েদের কথা ধরলে শতকরা ১ জন আছে কিনা তাও সন্দেহ—এই যে দুর্দশা তপশিলীভুক্ত উপজাতি এবং তপশিলভুক্ত জাতির দুর্দশা এর কারণ মুখ্যতঃ অর্থনীতি। যে অর্থনীতি কংগ্রেস দীর্ঘদিন ধরে চালিয়ে এসেছে সে অর্থনীতিতে আমরা দেখেছি পার্কারাদ স্ফীত হয়ে উঠেছে, সে অর্থনীতিতে চোরাবাজার, মুনাফাবাজী চলেছে। সে অর্থনীতিতে দেখেছি পল্লীগ্রামে জোতদারেরা ভূমিশীনদের শোষণ করেছে। সেই অর্থনীতির কাঠামোপ্রস্ত এই সমস্ত জাতির যে দুর্দশা তা উপলব্ধি করেছি।

[10-10-10-20 a.m.]

এরপর আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে এই যে আমাদের অর্থনৈতিক দুর্দশা, এর মুখ্য কারণ হল শিক্ষার অন্ত্রসরতা। আমাদের এই সমুহত তপশীল জাতি এবং উপজাতিরা শিক্ষার দিক থেকে অনেকখানি পিছনে পড়ে আছি। যদি এদিক দিয়ে কিছ্ উন্নতি হত, তাহলে এই-ভাবে পেছনে পড়ে না থেকে অন্তত উঠে পড়বার জন্য হাত, পা ছোঁড়াছ'র্বড় করতাম। কিন্ত তা হয় নি। আমি, স্পীকার মহোদয়, আপনার মাধামে তপশীল জাতি এবং উপজাতিদের শিক্ষার দিকে নজর রাখার জন্য অনুরোধ করছি। আজকে যে শিক্ষাব্যবস্থা রয়েছে, সেই শিক্ষাব্যবস্থার মধ্যে তপশীল জাতি এবং উপজাতিদের শিক্ষার সুযোগ খুব কম। তাছাড়া শিক্ষা ক্ষেত্রে ঘুষ, দুনীতি, অনাচার চলে আসছে। অথচ এককালে এই শিক্ষাব্যবস্থা একটা রত ছিল। স্বামী বিবেকানন্দ বলেছিলেনঃ উই ক্যান একস্প্রেস আওয়ার ডিভাইন স্পীরিট ফ্রম আওয়ার সোল, এমন যে বিদ্যা সেই বিদ্যাকে আমরা দেখছি একটা ব্যবসায়ে পরিণত হচ্ছে। তাছাড়া, আমরা দেখতে পাচ্ছি এই পাঠক্রম ছাত্রদের কাছে একটা ভীতির কারণ হয়ে দাঁড়িয়েছে। আর যে সমস্ত প্রত্ব ব্যবসায়ী আছেন দেশের মধ্যে তাঁদের পরিকল্পনা অনুসারে এই সম্ভত প্রভ্ত রচনা করা হচ্ছে। স্বতরাং সেই সমসত প্রস্তকের রচনায় যুগোপ্যোগী সমাজতান্ত্রিক ধ্যানধারণা এবং গণতান্ত্রিক চিন্তাভাবনা আছে কিনা সন্দেহ। আর একটা কথা শিক্ষাক্ষেত্রে শিক্ষকবা গৌণ। ম্যানেজিং কমিটি নামে কংগ্রেস রচিত কমিটি আছে, তাঁদের যা ইচ্চা তাই করে। এরাই সালতঃ মনোফা গ্রহণ করে শিক্ষাক্ষেত্রে। শিক্ষকদের প্রতি এই যে আমাদের দেশের অবমাননা এই যে আচরণ কোন সভা সমাজে আছে বলে আমার মনে হয় না। ভারতবর্ষের শিক্ষাব্যবস্থা ইংরাজীতে আছে। বিদেশে শিক্ষকরা যে সমুহত মুর্যাদা পান, যে সুযোগ সুবিধা পান, সেটা যদি দেখি তাহলে দেখব সে দেশের তলনায় আমাদের দেশেব শিক্ষকদের মান, সুযোগ সুবিধা স্বংশনৰ কিষয়। আর একটা কথা আপনাব মাধামে অনাবোধ করব। সেটা হচ্ছে এই যে, রাজ্যপালের শাসনকালে শিক্ষা খাতে যে অতিরিক্ত বায় হয়েছিল তা হল তিন কোটি বাহার লক্ষ তেইশ হাজাব গ্রকা। অত্যনত দুঃখের বিষয় এই তপশীল জাতি এবং উপজাতিদের জনা এক পয়সাও এই ববান্দে করা হয় নাই। দিল্লীর শাসকবর্গের যে প্রতিনিধি এই বাজাপাল তাঁব যে আচবণ যে অবহেলা তাকে নিন্দা করাব ভাষা আমার নেই। আমার সব সময় যে কথাটা মনে হয় সেটা াচ্ছ বাংলাদেশের অজস্ত্র লক্ষ লক্ষ মান্য জলে ভিজে, রোদে প্রেড প্ররিশ্রমলখ্য অর্থের থেকে যে নাৰু দেয় সেই টাৰে এদেব নবাবীয়ানা চলে কেন ? শেবত হসতী পোষার মত বায় কবা হব কেন জানি না। আর যেখানে আমাদের মল্টীরা *স্বদেশে*র কল্যাণে মাত পাঁচশত টাকা বে*ন*ন নিয়ে কাজ করতে পারে সেখানে রাজ্যপালের জন্য লক্ষ্ণ লক্ষ্ণ টাকা খরচ করার কি প্রয়োজন স্মান্ত লনি না।

জামান মনে হস যে রাজ্যপালের পদ যদি উঠিয়ে দেওয়া হোত তাতলে এর পেছনে যে লক্ষ শ্রু টাকা থরচ করা হচ্ছে সেই টাকা দিয়ে কয়েক শো প্রাথমিক শিক্ষাকেণ্দ গঠন লগ গেন। তা যদি না করা হয় তাহলে আমাদের যুক্তফ্রণ্ট মন্টাদের সমান বেতনে রাজ্যপালের কাজ কর উচিত। যে দেশে লক্ষ্ণ লক্ষ্ণ মানুষ গাছের তলায় আগ্রয় গ্রহণ করে আছে, যেখানে ফ্টেপাথের উপর পড়ে থাকে, ডার্ন্টাবন-এর খাদ্য খায়, সেখানে রাজ্যপালের বাদশাহী প্রাসাদ আভ অশোভনীয়। আমার মনে হয় রাজ্যপালকে কিড্ স্ট্রাটে থাকার ব্যবস্থা করে এই প্রাসাদটিবে শিশ্ব হাসপাতালে পরিণত করা উচিত। আর একটা কথা বলতে চাই, আমি যে এলাকা থেকে এসেছি সেই গড়বেতায় ব্যাপকভাবে বোরো ধানের চাষ করা হচ্ছে। চাষ সম্পূর্ণভাবে শেষ হলে আমাদের উৎপাদন অনেকথানি সংযোজিত হবে। তাই আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করব যাতে সেখানে ব্যাপক সেচ ব্যবস্থা করে সে সমুস্ত ফুসল বাঁচান যায় তার ব্যবস্থা করতে হবে। এই বলে আমার বছরা আমি শেষ করাছ।

শ্রীশশ্বিন্দ, বেরাঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রীরূপে সাপিল-মেনটারী বাজেট-এর জন্য যে টাকার দাবী পেশ করা হয়েছে তার অ্যাপ্রোপ্রয়েশান-এর জন্য যে বিল তিনি এনেছেন তাকে সমর্থন করতে উঠে আমি প্রথমেই তাঁকে অভিনন্দন জানাই একটা বিশেষ কারণে। আজ গণেগত ও সংখ্যাগত একটা বিরাট শক্তিশালী সমর্থন নিয়ে তিনি মুখ্য-মন্ত্রী। ১৯৫২ সালে যখন প্রথম আমরা এসেছিলাম তথন আমরা বিরোধীপক্ষে ছিলাম এবং বিরোধীপক্ষে তখন আমরা সবচেয়ে দূর্বল ছিলাম। কিন্তু আজকে কংগ্রেস পক্ষকে তার চেয়ে বেশী দূর্বল লক্ষ্য করছি। আমাদের যেখানে সংখ্যা বিধানসভার সদস্যসংখ্যার প্রায় এক তৃতীয়াংশ অংশ ছিল, আর আজ বিরোধীপক্ষ এক পঞ্চমাংশ অংশে পরিণত হয়েছে। আজ বিধানসভার ইতিহাসে এটা একটা অভতপূর্বে ঘটনা। একদিকে যেমন এতে আনন্দ করার কারণ আছে, আবার কতকগ্রনি বিষয়ে সতর্ক হবার প্রয়োজন আছে। আমরা আজকে দেখছি ও'রা यरपण्डे मूर्वन व्यवः स्मर्वे मूर्वना आवि नक्षाणीय वरे कावरा स्य. ১৯৬৭ मार्लिव निर्वाहरने যাদের বিরোধীপক্ষের নেতার সারিতে লক্ষ্য করেছিলাম তারা আজ নেই। আজ সেথানে বিরোধীপক্ষের নেতা হিসাবে উপস্থিত হয়েছেন যিনি তিনি পরিষদীয় জীবনে বয়ঃক্রমে অপেক্ষা-কৃত নবান এবং কংগ্রেসের সঙ্গে যাঁর একটানা সম্পর্কও কম। এই রকম একজন নেতাকে নিয়ে অত্যত্ত দুর্বল প্রতিপক্ষ হিসাবে তাঁরা বিরোধী ভূমিকা গ্রহণ করেছেন। বিরোধীপক্ষ দুর্বল হলেও, ২০ বংসর দেশে যে আমলাতান্ত্রিক শাসন ছিল সে সম্বন্ধে আমাদের সতর্ক সব সময়ই হতে হবে। এই আমলাতান্ত্রিক কাঠামোকে আমাদের ইচ্ছান্যায়ী চালাতে হলে এর বিরুদ্ধে আমাদের অনেক সংগ্রাম করতে হবে। এ সম্বন্ধে অলপ কিছ্ আলোচনা করব। আমাদের ডিকেক্ট্র অব পার্বলিসিটি মাথুর সাহেব আছেন। তাঁকে মাননীয় মন্ত্রী শ্রীবিজয় সিং নাহারের আমলে প্থানাণ্ডরিত হতে হয়েছিল। কিন্তু গভর্নর-এর শাসনে তাঁকে আবার আনা হল পার্বালিসিটি আডভাইসার করে ১৯৬৮ সালের জ্বাই মাসে। তিনি এসে ১৯৬৮ সালের আগস্ট মাসে একটা বই পার্বালস করলেন, নিউ অবজেকটিভস অ্যান্ড গ্রেটার এনডেভার বলে।

বইটাতে ধর্মবীরের যিনি বহু নিন্দিত পশ্চিম বাংলার সর্বক্ষেত্রে এবং আমাদের ন্বারাও তাঁর কার্যকলাপের জন্য. তিনি ঐ ধর্মবীরের কতকগ্নি স্পিচেস কন্পাইল করে একখানি বই প্রকাশ করলেন জনসাধারণের মধ্যে প্রচার করবার জন্য। মাননীয় স্পীকার মহাশয়, এই বইখানি আনা হয়েছে নভেন্বর মাসে যে সময় নির্বাচন হবার কথা ছিল ঠিক তার প্রাক মৃহুতের্ত এবং যুক্তফুন্টের যে ইমেজ তাকে জনসাধারণের কাছে হেয় করবার উদ্দেশ্য নিয়ে। বহু উন্ধৃতি আমি সেই নিউ অবজেকটিভস আদ্দে গ্রেটার এনডেভারস বইটি থেকে দিতে পারতাম. কিন্তু সময়ের অভাবে সব উন্ধৃতি দিতে পারবো না তবে এটা লক্ষ্য করার বিষয় যে আমরা জানি যে পাবলিসিটি ডিপার্টমেন্ট থেকে যে সমন্ত বই ছাপানো হয় তা সাধারণত বি জি প্রেস থেকেই ছাপানো হয়ে থাকে কিন্তু এই বইটি বি জি প্রেস থেকে না করে একটি প্রাইভেট প্রেস থেকে করানো হয়েছে। স্যার, এই মাথ্র সাহেবের সন্বন্ধে দ্বনীতির অনেক অভিযোগ আছে এবং আমার মনে হয় দ্বনীতির কোন ছিন্তপথ অন্সরণ করেই তিনি এই বইটি পাবলিশ করেছেন। সেখানে চতুর্থ প্রতায় লেখা হয়েছে যে

"India went to the polls for the 4th General Election early last year. The results were keenly watched by the people all over the world. We were able

to give evidence of our political maturity. Democracy is not only a system of administration but also a way of life of civilised conduct of public affairs and human relationships. But unfortunately, there have also emerged certain elements, whose faith in parliamentary democracy in our Constitution is still to be established. Some have even threatened to carry political disputes from the floor of the legislatures to the streets and decide issues by methods of violence and coercion. The surprising thing is that these negation of democratic practice is sought to be done in the name of democracy."

এ রকম বহু উত্তি আছে ধর্মবীরের। তিনি যে গণতন্তকে পায়ের তলায় দলে আমাদের এখানকার যুক্তফ্রন্ট সরকারকে অপসারিত করেছিলেন, সেটা জাস্টিফাই করার জন্য এবং যুক্ত-ফুন্টের ইমেজকে জনসাধারণের মন থেকে সারিয়ে দেবার জন্য এরকম একটা বই তার সহকারী পার্বালাসিটি অফিসারের ম্বারা প্রকাশিত হয়েছে এবং বিনা পয়সায় এগর্বলকে বিতরণ করার ব্যবস্থা করা হয়েছে। মাননীয় স্পাকার মহাশয়, রাজেন্দ্রপ্রসাদ ও পন্ডিত নেহরুর বস্কৃতা এবং রচনা যেগর্নল ছাপা হয়েছিল বা প্রকাশিত হয়েছিল গভর্নমেন্ট অব ইন্ডিয়ার পার্বলিসিটি ডিপার্টমেন্ট থেকে সেগালি সেলেবেল, বিক্রী করা হয়েছে, কিন্তু এগালি বিনাম্ল্যে চারিদিকে বিতরণ করার ব্যবস্থা করা হয়েছে। এই বইটি সার্কুলেশন থেকে উইথড্র করার জন্য আমি মুখার্মান্ত্রমহাশয়কে অনুরোধ করছি। স্যার, বহু দুর্নীতির কাজ চলেছে পার্বালিসিটি ডিপার্ট-মেন্টে সেগ্রিল সুদ্বন্ধে বিস্তারিত আলোচনা করার সুযোগ এই বিধানসভায় থাকে না: কারণ এই বিভাগের বাজেট প্রায়ই গিলোটিনে পাশ হয়ে যায়। এই ছিদ্র পথ দিয়ে পাবলিক সাভিস ক্মিশনকে এডিয়ে তারা কর্মচারী নিয়োগ করে থাকেন। যে সমস্ত কর্মচারী সং, যাঁরা নিজেদের দেশের সেবায় নিয়োজিত করতে চান, তাঁদের ইচ্ছামত স্যাক করে দিয়ে, তাড়িয়ে দিয়ে, তাদের নিজেদের গোছানো একটি শাসন্থন্ত তারা হাতে রেখেছেন এবং তার মধ্যে নানা রক্ম দুনীতি চলেছে। স্যার, আমলাতলের মধ্যে আজও বহু ঘুণ বর্তমান রয়েছে। কংগ্রেস আজ বিধান সভাব ভেতরে এবং বাইরে দূর্বল হয়ে গিয়েছে কিন্তু তারা পিছনে যে ট্রেল রেখে গিয়েছেন, যে আমলাত্র রেখে গিয়েছেন সে সম্বন্ধে আমাদের মুখামন্ত্রিমহাশয় যদি সতর্ক না হন তাহলে আমাদের কাজ, আমাদের উদ্দেশ্য এবং আমাদেব লক্ষ্য প্রতি পদে ব্যাহত হবে, সে দিকে আমি তার দুখিট আকর্ষণ করছি। সাবে, আমার সময় কম, এর পর আমি ২।১টি কথা সাধারণভাবে বলেই শেষ করবো। আমি বাংলাদেশের মৎসাজীবীদেব সম্বন্ধে ২।১টি কথা আপনার মাধ্যমে মাননীয় মুখার্মান্ত্রমহাশয়কে জানিয়ে দিতে চাই। বাপনাবাষণ এবং হাগলী নদীর পথ বেয়ে বহা মংস্যজীবী সম্দু-উপকূলে মাছ ধরতে যায় এটা তাদেব জীবীকা। অনেকেই জানেন এই মংস্য-জীবীবা দীঘা এবং সংশ্লিষ্ট উপকূলে যথন মাছ ধরতে যাস তথন তাদের উপর নানা অত্যাচার স্থানীয় ধীবররা করে। ফলে এই সমস্ত এলাকার মংসাজীবীদের নানাভাবে ক্ষতিগ্রন্থত হতে হয়। তাদেব মার্রপিট করা হয়, জাল, দড়ি সমস্ত কেড়ে নেয়া হয়। আমার এলাকায় শ্যামপুর থানা থেকে ৪০০ পরিবার সম্দ্রে উপকলে মাছ ধবতে যায়—এই সমুহত অত্যাচারের ফলে সেই মংসাজীবীরা আজকে সর্বস্বান্ত হয়েছে, তাদের ভবিষ্যত জীবন অন্ধকারে আচ্চন্ন হয়ে গেছে। এ বিষয়ে আমি মাননীয় মৎসামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাড়াতাড়ি এ বিষয়ে স্টেপ নেবার জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, এবারে ক্রমকদের সম্বন্ধে ২।১টি কথা আমি বলব। মাননীয় ম্খামন্তিমহাশয় এ বছরে খাদ্যশস্যের পরিমাণ বাড়িয়ে, উৎপাদন বাড়িয়ে ৭০ লক্ষ টন করবেন এই রকম আশা প্রকাশ করেছেন। আমি কৃষি এলাকা থেকে এসেছি, আমি জানি এ সম্বন্ধে দুরাশার কিছু নেই। কিন্ত আমি তাঁকে বলবো যে আমাদের দেশে সবচেয়ে সমস্যা হচ্ছে এবং জলসেচের সমস্যা। পশ্চিমবাংলায় যে শতকরা ২০ ভাগ সেই ঘটতি প্রণ অসম্ভব কিছু নয়। আমি মুখামিলুমহাশয়কে পশ্চিম বাংলায় খাদাশসোর সমস্যা নেই, সমস্যা হচ্চে আজকে জলসেচ এবং জল সরবরাতের ওজ্লানিকাশের সমস্যা। কৃষকরা আজকে অনেক বেশী সার এবং নানারকম বৈজ্ঞানিক প্রণালীর দিকে ঝ'কে পড়েছে এদিকে দুখ্টি দিতে জাঁৱা নিষ্কেবাই শিক্ষান্ত। জাদের অভার সক্ষেত্র সংগ্

জলসেচ এবং জলনিকাশীর। বিগত বন্যায় হাওড়া, মেদিনীপরে, ২৪-পরগণা, উত্তরবংগের বহু উর্বর এলাকায় যেখানে ফসল ভাল ফলতে পারে, সেই সমসত এলাকা এই বন্যায় ক্ষতিগ্রহত হয়েছে. শস্য নন্ট হয়েছে, জলনিকাশীর ব্যবস্থা ছিল না বলে। হাওড়ার শ্যামপুরে, আমতা ইত্যাদ এলাকার জলনিকাশীর অভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেজন্য জলনিকাশের দিকে বিশেষ করে নজর দিতে হবে. তহলেই খাদ্য সমস্যার সমাধান হবে। আর একটি কথা আমি বলছি সেটা হচ্ছে শসা মলোর ব্যাপার। কুষকের শস্য মূল্য একটা অনিশ্চিত অবস্থার মধ্যে আছে। আজকে বাজারে আনাজ তরি-তরকারির দাম যেভাবে কমে গেছে তাতে চাষীরা কোন ইনসেন্টিভ পাচ্ছে না। আমার মনে হয় ধান-চালের ব্যাপারেও যে রকম অবস্থা দিখা দিয়েছে তাতে চাযাীরা ইনসেন্টিভ পাচ্ছে না। চাযাীবা যাতে ইনসেনটিভ পায়, যারা চাসবাস করে জীবিকা অর্জন করে, চায়ের উপর যারা সম্পূর্ণ নির্ভারশীল, যারা আমাদের খাদা যোগায় সেই চাষীরা যাতে বাঁচতে পারে, তাদের নিজেদের খোরাকি তার সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় খরচের সংস্থান করবার জন্য যাতে চাষ্ট্রীরা নিজেদের নিয়ত্ত রাখতে পারে, তার জন্য একদিকে যেমন তার জিনিসের মূল্য সম্বশ্যে একটা নিশ্চয়তার ব্যবস্থা করা দরকার তেমনি আর এক দিকে মূল্যাটা যথোপযুক্ত করা দরকার। স্বতরাং এই সমস্ত দিকে লক্ষ্য রেখে আমাদের খাদ্য সমস্যার সমাধান করতে হবে। আমাদের যারা খাদ্য যোগান দেয়, আমাদের যারা বাঁচিয়ে রাখে তাদের দিকে যথেষ্ট দূর্ণিট রাখা দরকার। আমি অত্যান্ত দ্বঃথের সঙ্গে বলতে চাই একটি কথা- সেটা হচ্ছে আমরা যারা শিক্ষক, আমরা যাবা শ্রম ক্ষেত্রে সরকারী অফিসে কাজ করি, আমরা সংগঠনের মাধ্যমে কিছু কিছু বেতন বাড়াতে পেরেছি কিন্ত কৃষকরা এ পর্যন্ত কিছুই পায় নি। সেজন্য তাদের জন্য কিছু, কবা দরকার, তবেই তারা বাঁচবে এবং তারা যদি বে'চে থাকে তাহলে আমরাও বে'চে থাকবো। তাই মাননীয় মুখার্মান্ত-মহাশয়কে অন্রোধ করবো এদিকে নজর দিয়ে টাকা বায় করতে হবে। স্যার এই বাজেটটা আসলে কংগ্রেসের তৈরী বাজেট—তাই এই বাজেটে আমাদের নীতি প্রতিফলিত হয় নি। পরে যখন বাজেট আসবে তখন সেইদিকে দুখিট রেখে বাজেট তৈরী হবে, এই আশা প্রকাশ করে এই বিলকে সমর্থন করে আমার বক্ততা শেষ করছি।

[10-30-10-40 a.m.]

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ ম ননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৯ সালের ৩১এ মার্চ যে বছর শেষ হরে যাছে সেই বছরের অতিবিত্ত থরচ, যে বায়ের অন্যোদন বিল মুখ্যনন্ত্রী তথা অর্থনন্ত্রী শ্রীঅজগ মুখ্যোপাধায় সহাশয় উত্থাপন করেছেন আমি তা সমর্থন করছি। কিন্তু তা অতারত কন্টের সঙ্গো আমাকে সমর্থন করতে হচ্ছে, অনেকটা ছ'টো গেলার মতই। তার করণ এই যে খরচ —এই খরচ হচ্ছে রাষ্ট্রপতির শাসনের আমলে তথা বেনামী কংগ্রেস সরকারের আমলে তথা যে বান্তির নাম বিভিন্ন অধর্ম কাজের সঙ্গো জড়িত সেই ধর্মহিনীন লোকটির আমলে। তব্তু এই বিলের যদি আমরা বিভিন্ন দিক লক্ষ্য করি তাহলে দেখতে পাবো কির্পে অন্যায় এবং তায়ৌক্তিকভাবে টাকা খরচ করা হয়েছে। গ্রান্ট নং ১২তে বলা হয়েছে ৪০ লক্ষ্য ৯৩ হাজার টাকা থরচ হয়েছে এবং এই খরচের কারণ হচ্ছে

Additional provisions are required mainly due to entertainment of Governor, guests, tour expenses of the Governor and contingent expenditure of Rai Bhavan.

রাজাপালের যে অতিথি সংকার এবং যাতায়াত থরচ, রাহা থরচ ইত্যাদি বাবদ অতিরিক্ত থরচ হয়েছে। সাার, একটিমার ঘটনার কথা আমি বলতে চাই। সেটা হচ্ছে ১৯৬৮ সালের ৬ই অন্টানর তারিখে তিনি দাজিলিং-এ বসে শীততাপনির্যান্ত কক্ষে অতিথি সংকার করেছিলেন। মাননীয় অধাক্ষ মহাশয়, ৪ঠা এবং ৫ই অক্টোবর কোচবিহার, জলপাইগ্র্ডি, দাজিলিং সম্প্র উত্তরবাজাে যে প্রলয়ঞ্জর বনাা হয়েছিল তাব ফলে ৩ লক্ষের মত গ্রাদি পশ্ম মারা গেছে, যদিও সঠিক হিসাব নেই, তাহলেও অনততঃ ২০ হাজার মান্য মারা গেছে। এই রকম যখন উত্তরবাজ্য অসহনীয় অবহ্থা চলছিল যখন মা তার শিশ্বেক হারিয়ে, স্বী তাব স্বামীকে হারিয়ে, স্নামীতার স্পীকে হারিয়ে ব্রক্টাটা কায়ায় ভেজেগ পড়েছিল এই অবস্থার কথা যথন ৬ই তারিখে রাজাপালকে দাজিলিং-এ জানিয়ে দেওয়া হল বেলা ১টার সময়, তথন রাজ্যপাল বললেন বন্যা

বিধ্বস্ত এলাকায় শ্রমণ করা তাঁর পক্ষে সম্ভব নয় কারণ সেদিন একটা ভোজসভা ছিল দার্জিলিং-এ রাজভবনের শীততাপনিয়নিত কক্ষে। যথন একদিকে বন্যাবিধনুস্ত এলাকায় চারিদিকে মানুষের মৃতদেহ, পশুর মৃতদেহ ছড়িয়ে পড়ে রয়েছে এবং তার মধ্যে জীবিত মানুষরা মাটি, বালি, জলের মধ্যে দীড়িয়ে ছট্টে করছে ঠিক তখন তার একদিকে দাজিলিং-এ শীততাপনিয়ন্ত্রিত কক্ষে রাজ্যপাল ভোজসভার টেবিলের পাশে দাঁড়িয়ে ছটফট করছেন ইয়ার বন্ধুদের অপেক্ষায়। একদিকে যথন তিস্তা নদীর চরের মধ্যে হাজার হাজার মান্য আটকে পড়ে রয়েছে সেই মুহুতে তাদের উম্ধার করার জন্য একখানা নোকা পাওয়া যাচ্ছে না, তথন আর একদিকে রাজ্যপাল তাঁর বন্ধ, প্রান্তন কংগ্রেস কেন্দ্রীয় মন্ত্রী খ্রীশচীন চৌধুরী ফিনি ধনস নামায় কালিম্পং-এ আটকা পড়ে গেছেন তাঁকে আনবার জন্য হেলিকণ্টার পাঠাচ্ছেন। মাননীয় অধাক্ষ মহাশয়, यथन একদিকে বন্যাবিধন্ত মান্যেরা এক দানা খাদা, একফোঁটা জলের জন্য করাণ রবে আর্ত চিংকার করছিল তখন আর একদিকে রাজ্যপালের ভবনে শীততাপনিয়ন্তিত কক্ষে তার ইয়ার বন্ধ্যু সাঁকরেদদের নিয়ে রংগনি গ্লাসে চুম্বুক দিতে দিতে হৈ-হুল্লোর করছিলেন তারই জন্য এত টাকা খরচ হয়েছে। স্যার, রাজ্যপালের বিলাস দ্রমণের জন্য কি রকম খরচ হয়েছে দেখুন। দার্জিলিং থেকে জলপাইগুড়ির বন্যাবিধ্বস্ত এলাকা মাত্র ৬০ মাইল পথ-এই ৬০ মাইল পথ পেবিয়ে আসতে ৬ তারিখ থেকে ১০ তারিখ পর্যন্ত অর্থাৎ ৪ দিন লাগলো। তিনি ১০ তারিখে এলেন সংগ্রেলোকে না কেন্দ্রীয় অর্থমন্ত্রী তথা উপ-প্রধানমন্ত্রী মোরারজী দেশাই। যথন বন্যাবিধ্বসত সাধারণ মান্যে তাঁকে গিয়ে ঘের'ও করলেন তাদের এই অবস্থার প্রতিকার না হওয়ার জন্য তথন রাজ্যপালের হ্রুকুমে সেখানে লঠিচার্জ করা হল। মাননীয় অধ্যক্ষমহাশয়, দাজিলিং থেকে মের্থালগঞ্জের বন্যাবিধন্ত এলাকার দূরত্ব মাত্র ৭৫ মাইল, সেই ৭৫ মাইল মেতে রাজ্য-পালের ১০ দিন সময় লাগল। তিনি গেলেন সেখানে, সঙ্গে সেদিন ছিলেন কেন্দ্রীয় খদামন্ত্রী জগজীবন রাম। তিনি তাঁর সঙেগ মেখলিগজে গিয়ে মেখলিগজের মাটিতে পদাপণি করলেন না, তিনি হাওয়াই জাহাজে উডে ঘুরতে লাগলেন এবং ঘোরার সংশো সংখে বন্যাবিধনু≻ত মান্সের সংকট দেখে, দুঃখ দেখে উপর থেকে খাদ্য নিক্ষেপের হাকুম দিলেন। ফলে পিকু বর্মণ এবং কান্ ২সনের উপর খাদোর বস্তা ফেলে ছেলে দুটিকৈ হত্যা করা হল। তাদের হত্যার সংগে সংগে র জ্যপাল যখন তাঁর ভল ব্যুঝতে পারলেন তখন তিনি তাদের জন্য সমবেদনা প্রকাশ করলেন এবং প্রকাশ করে ঘোষণা করলেন যেহেতু ২টি ছেলে মারা গেছে সেহেতু সেই ২টি ছেলের ক্ষতিপ্রণ গার্জেনদের ২৫০ টাকা করে দেওয়া হবে। কিন্তু রাজ্যপাল, হত্যাকারী ঐ কেন্দ্রীয় খাদামন্দ্রী জগজীবন রামের কোন বিচার হল না। তাঁরা একটি জীবনের দাম ঠিক করলেন মাত্র ২৫০ টাকা। ও'দের যে অপ-কর্ম, ও'দের যে কা'ডকারখানা তাব যে বিবরণ এখন হচ্ছে সেই বিবরণ শোনার মত ধৈর্য ও'দের নেই—তাই কংগ্রেসী সদসারা হাউস থেকে পালিয়ে গেছেন। স্যার, ও'দের প্রতীক জোডা বলদ, সেই জোড়া বলদের একটি বলদের দামও ২৫০ টাকায়ও হবে কিনা সন্দেহ। এই রাষ্ট্রপতি শাসনের আমলে, এই বেনামী কংগ্রেস সরকারেব আমলে একটি মনুষের জীবনের দাম ধার্য হল ২৫০ টাকা। বন্যাবিধন্ত এলাকার খরচের ব্যাপারে দেখছি গ্রান্ট নাম্বার থার্টি থি ফ্রাড কম্বেল কিছ্ টাকা খরচ করা হয়েছে। কিন্তু আমি বলছি বন্যা ডেকে আনার জন্য খরচ করা হলে হতেও পারে কিন্তু বন্য। নিয়ন্তেণের জন্য আজও কোন টাকা খরচ কবা হয়নি। অজকে উত্তরবংপার মানুষ, ওই কুচবিহাব, জলপাইগাুড়ি এবং দাজিলিং-এব মানুষ অতাৰত উদ্বেগেৰ মধ্যে দিন কাটাচ্ছে। আর সময় নেই, বর্ষা এসে গেছে অর্থাৎ চৈত্র মাসের পব বৈশাথ মাসেই বর্ষা নামবে এবং সেই কারণে তারা আতংকিত হচ্ছে আবার কখন তিস্তার জল আসবে এবং তারা তাদের প্রিয়জনদের হারাবে। যাদের একতলা বাড়ী আছে তারা একটা মই তৈরী কবেছে যাতে करत জन এলেই ওই মই দিয়ে বেয়ে ছাদের উপব উঠতে পাবে। তাছাড়া দেখছি শনিবার এবং মজ্গলবার মা-বোনেরা তিস্তাব প্জা দিচ্ছে এবং বলছে, 'হে, মা তিস্তা বন্যা যেন আর না আসে'। স্যার, এই হ'ল অবস্থা। আমি অতিরিক্ত বায়ববান্দ প্রস্পে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তাঁরা যেন উত্তর বাংলার দিকে নজর দেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাণ খাতে বায় করা হয়েছে ১৩ কোটি টাকার উপর এবং তার মধ্যে একটা বিরাট অংশ উত্তর বাংলার বন্যার জন্য খরচ হয়েছে একথা এক্সপ্লানেটরী মেমোরেন্ডামে বলা হয়েছে। কিন্তু আমি বলতে চাই কোন ব্যবস্থাই হয়

নি। ত্রাণ খাতে যে টাকা খরচ হয়েছে সেটা হরির লুটের প্রসাদের মত ছিটিয়ে দেওয়া হয়েছে कार्याः या त्राम त्राम त्राम त्राम त्राम । यो प्राप्त विकास **হয়েছে** তাতে হিসেব করলে দেখা যাবে মাত্র ২৫ টাকা করে এক একটি পরিবার পেয়েছে। বন্যা বিধরণত অণ্ডলে ১০।১৫ টাকা করে হাউস বিলিডং গ্র্যান্ট দেওয়া হয়েছে। আমি জানি না এই ১০।১৫ টাকা দিয়ে কি হতে পারে। এতে কি একটা বাড়ী তৈরী হতে পারে? এটা দিয়ে হয়ত কয়েকটা বাশ কেনা যেতে পারে মাত্র। রাজ্ঞাপাল হয়ত ভেবেছেন বাঁশ গেডে দাও এবং তার উপর চিল, শকুন এসে বসবে এবং তার ছায়ায় মানুষ বাস করবে। ভারতবর্ষের একটা অংশ, পাশ্চিম বাংলার একটা অংশ, কুচবিহারের একটা অংশ সেই শামিলা বস অঞ্চলের ১২৩টি পরিবারের ৫ই অক্টোবর থেকে ২৩শে অক্টোবর পর্যন্ত ভারতবর্ষের মানুষের সংগ্র কোন সংযোগ ছিল না, পাকিস্তানের দরদী ভাইরা তাদের খাইয়েছে, পরণের কাপ্ড দিয়েছে এবং বাঁচিয়ে রেখেছে। অতানত দঃথের বিষয় পশ্চিম বাংলায় তখন যে সরকার ছিল তারা তাদের মৃথে একম:ঠো অল্ল দিতে পারেন নি. তাদের কোন খোঁজ-খবর পর্যন্ত নেয় নি। স্যার, আজকে এইভাবে অতিরিক্ত বায়বরান্দ এখানে উপস্থিত হয়েছে, কিন্ত আমি জানি তখন এখানে যদি একটা গণ-তান্ত্রিক সরকার থাকতো তাহলে এই আতিরিক্ত ব্যয়বরান্দ এইভাবে খরচ হত না। সেই ঘটনা আপনি জানেন অর্থাৎ যে আসন আজ আপনি অলঙ্কৃত করে আছেন সেই আসনে বসে ১৯৬৭ সালের ২১শে নভেম্বর আপনি বলেছিলেন অজয় মনিসভাকে ভেগে দেওয়া অবৈধ হয়েছে. অন্যায় হয়েছে। আপনিই বলেছিলেন এই বিধানসভা সর্বোচ্চ ক্ষমতার মালিক এবং এই বিধান-সভাতেই পরীক্ষা হবে কে সংখ্যাগরে এবং কে সংখ্যালঘু। কে মণ্ট্রিসভা গঠনের অধিকারী। ফের রারী মাসে সারা ভারতের যে স্পীকার্স সম্মেলন হর্মোছল তাতেও একথা স্বীকৃতিলাভ করেছিল। কিন্তু তা সত্ত্বেও কংগ্রেস তা মানে নি. কারণ এরা সংবিধান মানেন না। কংগ্রেস পক্ষ বা দিল্লীর তথত এ তাউসে যাঁরা বসে আছেন তাঁরা সেদিন সংবিধানের ভল ব্যাখ্যা করেছিলেন এবং সংবিধানের যে নূতন সংস্করণ করেছিলেন তার নাম হচ্ছে, "চাবন সংস্করণ"। একটা স্বৈরাচারী, স্বেচ্ছাচারী শাসনবাক্থার কালে এই আর্তারক্ত বায়বরান্দের টাকা বায় করা रराशिक्त, এটা সাধারণ মানুষের কল্যাণে আসে নি। যাহোক, একটা সাংবিধানিক বেডাজালের মধা দিয়ে আমাদের মুখ্যমন্ত্রী ১৯৬৮-৬৯ সালের যে অতিরিক্ত বায়বরান্দ অনুমোদন বিল উত্থাপন করেছেন আমি তা সমর্থন কর্বছ।

[10-40-10-50 a.m.]

শ্রীআবদ্ধে হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখামন্ত্রী তথা অর্থমন্ত্রিমহাশয় যে বিল আমাদের সামনে উপস্থাপিত করেছেন সেটাকে সমর্থন জানিয়ে আমি কিছু বক্তব্য আপন ব মাধ্যমে বিধানসভা কক্ষে রাণতে চাই। প্রিবনীতে এমন অনেক ঘটনা ঘটে যে ঘটনা মানুষকে আক্ষেল সেলামী দেয়। গত ৯ই ফেব্রুয়ারী এই রকম একটা ঘটনা ঘটে গেল। সেই ঘটনা পশ্চিম বাংলার ব্বে কংগ্রেসকে যে শিক্ষা দিয়েছে সেই শিক্ষার পরিপ্রেক্ষিতে রাজনৈতিক পরিস্থিতি পর্যবেক্ষণ করতে হবে। কংগ্রেসকে যে শোচনীয়ভাবে পরাম্বর বরণ করতে হল তার কারণ কি? তার একমাত কাৰণ হচ্ছে এই যে, জনসাধারণের সপে কংগ্রেসের স্তিকারের গণসংযোগ ছিল না। কংগ্রেসের অত্যাচার, কংগ্রেসের অবিচার, কংগ্রেসের অনাচার, কংগ্রেসের কদাচার, কংগ্রেসের স্বৈরাচার, কংগ্রেসের নির্বাতন, কংগ্রেসের শাসন এবং পেষণে পশ্চিম বাংলার জনসাধারণ অতিষ্ঠ হয়ে পড়েছিল। যার ফলে পশ্চিম বাংলার মান্য কংগ্রেসের গালে বিরাশী দশ আনার থাপ্পড বসিরে দিল। সেটা দেখার ব্যাপার, কংগ্রেস জনসাধারণের সংশ্যে সতিত্যকারের সংযোগ রাখে নি। কংগ্রেস জনসাধারণের সূত্র সূত্রিকার দিকে সক্ষা রাবে নি। সেইজনা তাদের এই শোচনীয পরাজয়। আমি এই বিধানসভা কক্ষে আপনার মাধ্যমে এ কথাই বলতে চাইছি—আমাদের দেশে অনেক সমস্যা আছে। সেই সমস্যা হচ্ছে কৃষি সমস্যা, আমাদের দেশের খাদ্য সমস্যা, বিভিন্ন প্রকারের সমস্যা এবং সেই সমস্যার সপ্সে আরও অনেক সমস্যা আছে যে সমস্যার জন্মদাতা হচ্ছে কংগ্রেস। একটা হচ্ছে সাম্প্রদায়িক সমস্যা। এই সাম্প্রদায়িক সমস্যা জীইয়ে রেখে তাকে সংখ্রতিষ্ঠিত করে, বিষব্দ্ধ রোপণ করে বিষায় ফল ভোগ করালেন পশ্চিম বাংলার বাকে এট

কংগ্রেস। এই কংগ্রেসই সাম্প্রদায়িক ডিব্রিতে দেশকে দুটি ভাগ করেছেন। ভারতবর্ষ দুই দেশে ভাগ হরে গেল। কিন্তু ভারতবর্ষের মূল আদর্শ হল, অন্যতম আদর্শ হল ইউনিটি ইন ভাইভার্রসিটি, যার সম্বন্ধে বিশ্বকবি বলে গেছেন—

> "একের অনলে বহুরে আহুতি দিরা বিভেদ ভূলিল, জাগায়ে তুলিল একটি বিরাট হিয়া"

ভারতের এই মে মূল আদর্শ, মূল তপস্যা সেই মূল তপস্যাকে ট্করো ট্করো করে দিয়েছে, ছিল্ল ভিন্ন করে দিয়েছে এই কংগ্রেস। আর ভারতের আদর্শ নন্ট করে দিয়ে দেশকে ভাগ করে দিয়েছে। দেশ ভাগ করার পরিণতি যে কি শোচনীয় ও কি তরাবহ তা আমনা দেখেছি, এখান-কার মানুষ এবং পাকিস্তানের মানুষ তা মর্মে মর্মে উপলব্ধি করেছে। সেই বিষব্যক্ষের যাতে সমূলে উৎপাটন হয় সেজনা আমি যুৱফুণ্ট সরকারের দুগ্টি আকর্ষণ করিছ। কংগ্রেস গত ২০ বছর ধরে দেশে যে বিষাক্ত আবহাওয়া স্থিট করেছে সেই বিষাক্ত আবহাওয়াকে দুর করে দেশের মধ্যে যাতে সম্প্রাতি গড়ে উঠে তার জন্য যুক্তফুন্টের সরকারকে এগিয়ে আসতে হবে। মাননীর অধ্যক্ষ মহাশয়, এই ২০ বছরের ভিতর পশ্চিমবণ্গ এবং অন্যত্র পোনে-চারশ দাণগা হয়েছে। সেখানে কংগ্রেস সরকার তার কোন প্রতিকার করে নি। আমি আমার যুক্তফ্রন্ট সরকারের কথা জানি যে যদি কোন এই রকম সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা হয় সেখানে তরা যেমন উপেক্ষা করেছে আমাদের যুক্তফুন্ট সরকার সেই রকম করে নি; যেখানে গোলমাল দেখেছে সেখানেই তারা ছুটে গেছে। আর একটি আবেদন রাথছি যে যাবা সত্যিকারেব এই রকম আবহাওয়া বিষাক্ত করে সে হিন্দুই হোক আর মুসলমানই হোক সেটা বড় কথা নয়, যারা দেশের মানুষের প্রতি অভাচার করে যারা সমাজের আবহাওয়া কল্যিত করে পণ্কিল করে তোলে তারা দেশের শত্র, মানুষের শত্র। এই শত্রু যে কোন সম্প্রদায়েরই হোক না কেন তাদের কঠোর হস্তে দমন করতে হবে। এই যে কিছ্বদিন আগে দোল এবং কোরবানীকে কেন্দ্র করে যে অঘটন ঘটে গেছে তার জনা জ্ডিসিয়াল এনকোয়ারী করে যারা অপরাধী তাদের কঠোর শাস্তি দেবার ব্যবস্থা এই যুক্তফুন্ট সরকার কর্ন এই অনুরোধ করি। এই দিকে আমাদের সংখ্যালঘ্ সম্প্রদায় তালিখে আছে যে কংগ্রেস ২০ বছৰ অত্যাচার উৎপীড়ন করে আমাদেব জর্জরিত করেছে। তারা বড় আশা করে ন্তন যুক্তফুন্ট সরকার জনসাধাবণেব দর্দী সরকার, মেহনতী মানুষের সরকার, যাদের হিন্দু ম সলমানদেব উভয়ের প্রতি সমান মনোভাব আছে তাদের দিকে বড় আশা করে সংখ্যালঘ, সম্প্র-দায় তাকিয়ে আছে যে সত্যিকারের যাতে নিরাপত্তা পাওয়া যায়। এই রকম মনোভাব নিয়ে পশ্চিম বাংলার মুসলমানরা অপেক্ষা করে আছে। এ প্রসংশে একটি কথা আপনাব মাধামে এই কক্ষে তলতে চাই যে ওয়ার্ক বোর্ড বলে একটি বোর্ড আমাদের পশ্চিম বাংলায় আছে এবং এর আন্ডারে হাজার হাজার বিঘা জমি আছে। এই জমি যাতে সত্যিকারের সমস্ত কমিউনিটি পেয়ে গঠনমূলক কাজ হয়, উন্নতির পথে এগিয়ে যেতে পারে বা এর জন্য অর্থ থরচ হয় তার জন্য আমি সংশিল্পট মন্ত্রিমহাশয়ের দূণ্টি আকর্ষণ করছি। তারপর পশ্চিম বাংলায় ওয়েস্ট বেগাল মাদ্রাসা, সেকেন্ডারী এড়কেসন বোর্ড আছে। এই বোর্ডটা কোন রকম থোড় বড়ি খাড়া খাড়া বৃতি থোড অবস্থায় আছে। এই মাদ্রাসা বোডের মের্দেন্ড ভেন্গে গেছে। ওয়েস্ট বেংগল সেকেন্ডারী এডুকেসন বোর্ডের যে স্ট্যাটাস, যে মর্যাদা সেই রক্ম সেকেন্ডারী মাদ্রাসা বোর্ডের মর্যাদা নাই—তার কোন স্ট্যাটটেরী বডি নাই এবং এই সেকেন্ডারী মাদ্রাসা এডকেসন বোর্ডে যে গুলুদু যাতে দুরু করে একটা মর্যাদাসম্পন্ন বোর্ড করা হয় তার জন্য আমি সংম্পিন্ট মন্দ্রি-মহাশয়ের দণ্টি আকর্ষণ কর্বছি আপনার মাধ্যমে। আর একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই যে আমি যে নির্বাচন কেন্দ্র থেকে এসেছি সেই নির্বাচন কেন্দ্রের একটা বড় সমস্যা আছে। আমি সেদিন মুখ্যমন্ত্রীর কাছে বলেছিলাম। আমি যে কম্পিটিউল্লেস। থেকে এসেছি সেই মুশিদাবাদ এলাকার জগ্গীপুর মহকমা। এখানে ব্যাপকভাবে গোয়ালারা উপদূব করে মাঠের হাজার হাজার বিঘার ফসল নণ্ট করে **দেয়। মূখের গ্রাস তলে নিরে এসে মান ব**কে কণ্ট দের। সতেরাং বর্তমানে আমাদের খাদ্য-সঞ্কটের দিনে ঐ গোয়ালারা আরও খাদ্য-সঞ্কট তীরতের করে তুলছে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্দ্রীকে বলছি যে তাঁরা যেন এই উপদ্রব থেকে মাঠের ফসল যতে রক্ষা করা হয় এই ব্যাপারে যেন দৃষ্টি দেন। আমার শেষ করার আগে এই কথা বলি যে, দ্বৃ-তিন দিন আগে আমাদের কংগ্রেসের ডেপবৃটি লীডার শ্রীআবদ্বস সান্তার সাহেব একটি অসত্য ভাষণ এখানে দিচ্ছিলেন। তিনি বেলিছলেন যে ঘেরাওয়ের বিভীষিকার্পের কথা। সেটা তিনি যে কতথানি অসত্য ভাষণ দিয়েছেন তা বলা মার না। শ্রীআবদ্বস সান্তার সাহেব নিজে কিভাবে চাকুরী নিয়েছিনিমিনি থেলেন কিছবুদিন আগে যে অঘটন ঘটেছে তা দেখলেই বোঝা যায়। আমার সময় হয়ে গেছে, তা না হলে আমি আরও বলতাম। এই বলে আমি শেষ করছি।

[10-50-11-00 a.m.]

শ্রীরবীন মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী আমাদের সামনে অ্যাপ্রোপ্রিয়েসন বিল রেখেছেন তা আমি সমর্থন করতে গিয়ে কিছু বস্তুব্য রাখতে চাই। আমাদের দেশ প'্রিজবাদী দেশ, আমাদের দেশের একটী সমগ্র অর্থনীতি কোন প্রদেশের একটী প্থক অর্থনীতি হতে পারে না। গতকাল বিরোধীপক্ষের প্রধান শ্রীসিম্ধার্থশঙ্কর রাম মহাশ্য যে বক্ততা রেখেছেন তাতে তিনি আমাদের এই অ্যাপ্রোপ্রিয়েসন বিলকে পূর্ণ সমর্থন জানিয়েছেন। তিনি গতকাল টাকার হিসাবে দেখিয়েছেন স্বাধীনতার ঠিক পরে সতেরো শো কোটি টাকার বাজেট হয়েছিল আজ তা অনেক বেড়ে গেছে, সতেরাং, দেশের লোকের উন্নতি হয়েছে। তিনি বলেছেন আপনারা গণতান্ত্রিক উপায়ে শান্তিপ্রণভাবে দেশের উন্নতি কর্ন, শিল্প বাড়ান, মান যকে কাজ দিন। কিন্তু সতাই কি তাই? তা যদি হয় তাহলে মনে করতে হবে আমাদের য্তুফুট সরকার যা করতে যাচ্ছেন নীতিগতভাবে তিনি তা মেনে নিয়েহেন। একদিকে তিনি বলস্থেন সংযোগিতা করব কিন্তু এই সমাজ ব্যবস্থায় ষেখানে শোষক আছে, শোষিত রয়েছে, মালিক রয়েছে, মজুর রয়েছে, জমির মালিক জোতদার রয়েছে, গরীব চাষী রয়েছে, ভাগচাষী রয়েছে সেথানে সর্বাপগীণ উন্নতি করা সম্ভব নয়, কারণ এই সমাজবাবস্থায় কতকগুলি বাধার সম্মুখীন হতে হবে যেগুলি আমলাতলের বাধা, সামাজিক বাধা, সাংবিধানিক বাধা, অর্থনৈতিক বাধা, এই বাধাগনলি কাণ্টিয়ে উঠে যুক্তফ্রন্টের পক্ষে সামগ্রিক এবং মোলিক পরিবর্তন আনা সম্ভব হতে পারে না। একদিকে তিনি বলছেন দেশের মান্যের উল্লাভ করো আর একদিকে কেন্দ্রীয় সবকার তাদের দলের মোরারজী দেশাই মহাশয় বর্তমান বাজেটে একশো সাতাশ কোটি টাকার করভার মান্বের ঘাড়ে চাপিয়েছেন। উপরন্তু কিছু ঘার্টাত বাজেট দেখিয়েছেন যেটা নোট ছাপিয়ে ডেফিসিট ফাইনান্সিং প্রেণ করা হবে। দেশের মান্ধের ক্রক্ষমতা দিনের পর দিন কমে যাচ্ছে। থেটে খাওয়া মানুষ শ্রমজীবী মানুষ, তাদের ক্রয়ক্ষমতা দিনের পর দিন কমে যাচ্ছে-তাদের মুখের দিকে তিনি চান নি। সিম্পার্থশুকর রায় মহাশয়কে বুঝতে হবে যদি তিনি যাজফ্রনেটর নীতিকে মেনে নেন যে নীতিতে খেটে খাওয়া মান্য, প্রমজীবী মানুষের যতটকু সম্ভব উন্নতি এই পরিধির মধ্যে থেকেও করা যায়, তাহলে তার উচিত হবে তার দলেব বিরোধিতা করা এবং যে নীতিতে তাঁর কেন্দ্রীয় সরকার আজকের দিনে ট্যাক্স করতে যাচ্ছেন তার বিরোধিতা করা, আর তা করতে গেলে তিনি ঐদিকের বেণ্ডে নয় এদিকের বেণ্ডে এসে বসতে হবে। তা কি তিনি করতে রাজী আছেন—রাজী নন। তিনি বলছেন উন্নতি করতে হবে-কৃষি, খাদ্য স্বয়ংসম্পূর্ণ করতে হবে একথা আমি মনে করি কন্ট্রাডিকটরি হচ্ছে। কারণ একদিকে তার দলের কেন্দ্রীয় অর্থমন্দ্রী কৃষি, সাজ-সরঞ্জাম, যন্দ্রপাতি, সারের উপর টাক্সে বসাচ্ছেন আর একদিকে তিনি এখানে সমর্থন করছেন, ফলে যে চাষীদের নিজেদের সারা বছরের সংস্থান জোটে না সাধারণভাবে গ্রামের সাধারণ মান্য জুমি ধরে রাখতে পারছে না অর্থনৈতিক সংকটের জনা তাঁদের পক্ষে সারের মূল্য যদি বেড়ে যায় কৃষি যন্ত্রপাতির দাম যদি বেড়ে যায়, উৎপাদন বাড়ানো তাদের পক্ষে সম্ভব হবে না। হয় তিনি এই জিনিসটা জানেন না অথবা জেনেও গোপন করছেন। আমি বলব যদি তিনি সত্যিই চান তাহলে তাঁর উচিত হবে আজকের দিনে শোষণ-মূলক সমাজবাবস্থা প*ুজিবাদী সমাজবাবস্থার বিরোধিতা করা এবং অন্ততঃ আমরা যারা সামাবাদে বিশ্বাসী, যারা মনে করেন দেশের শ্রমজীবী মান্ব, থেটে খাওয়া মান্ব তাঁদের গণ-তাল্তিক অধিকার আদায় হোক, তাদের সংগঠন মজবৃত হোক, তাদের সমর্থন করা। মোটামুটি কিছ, পারে, ষেমন ভূমিসংস্কার, বেনাম ধরার বাবস্থা করতে পারে, রিলিফ কিছ, বাডিরে দিতে

পারে, দ্বনীতি কিছু কমাতে পারে। কিল্তু একেবারে জমি থেকে চাষী উচ্ছেদ বন্ধ করা যুক্ত-ফুল্ট সরকারের পক্ষে সম্ভব নয়, কারণ সাংবিধানিক বাধা রয়েছে। কলকারখানার মজ্বর ছাটাই একেবারে বন্ধ করা যাবে না এই স্ট্রাকচারের মধ্যে। কারণ সংবিধানে মালিকের ছাটাই করার অধিকার রয়েছে, কিল্তু মজ্বরের কাজ পাওয়ার অধিকার নেই। বাবসায়ীদের অবাধে বাবসা করার অধিকার রয়েছে। বাজারের মাল টাকার জ্ঞোরে তারা সমস্ত কিনে নিয়ে ফাটকাবান্ধী করতে পারে। এমন কোন বাধাবাধকতা বা আইনের বেড়াজাল নেই যা দিয়ে তাদের এই কাজ वन्ध कता त्यत्व भारत। योम्ख ताका मतकात किছ, करतम, वाहरल खे वर्गातम्भोत भरागय राहेरकार्ज গিয়ে কলের মালিকের পক্ষে, জমির মালিকের পক্ষে জোর সওয়াল শুরু, করবেন। তার কাজ আর কথায় বিস্তর ফারাক। দুটো দুরকম হয়, ফলে বোঝা দরকার একদিকে তিনি বলছেন কুটির শিল্প বাঁচাও, ক্ষাদ্র শিল্প বাঁচাও। আর একদিকে ওদেরই কেন্দ্রীয় সরকার টাটা, বিড্লা, গোয়ে কাকে প্রচর অর্থ লগ্নী করতে দিচ্ছে। যার ফলে তারা বড় বড় কলকারখানা করছে, আর ছোট ছোট যে ক্ষুদ্র শিল্প উৎপাদনের প্রতিযোগিতায় হেরে যাচ্ছে। ছোট ছোট কারবারী, ছোট শিলেপর মালিক তাদের ব্যবসায়ে ক্রমেই লালবাতি জবলছে। এই সমাজবাবস্থায় শাণ্ডি বলতে --একদিকে মালিক থাকবে, একদিকে শোষক থাকবে আর একদিকে শোষিত নিপর্ীড়িত মান ষ থাকবে। এ দুটোর মধ্যে শান্তি হতে পারে না। একথা যারা বলেন-হয় তারা বোঝেন না অথবা জেগে ঘুমান। আমার মনে হয় তাদের বস্তব্যের মধ্যে, কথায় ও কাজে কোন সংগতি নেই। কারা এই জিনিসটা করছে? যদি এই অবস্থার মধ্যে থেকে সাধারণ মান্ধের কোন সমসারে সমাধান না পাওয়া যায় তাহলে একটা জিনিস পাওয়া যাবে। সেটা হচ্ছে সাধারণ মানুষ তাদেব বাঁচার দাবী, মজরুরী বৃদ্ধির দাবী, কাজ পাওয়ার দাবী এবং শোষণের বিরুদ্ধে, জুলুমের বিরুদ্ধে ্রাবা সংগঠিত হবে। এদের সমর্থন যুক্তফ্রন্ট সরকার যেহেতু দেবেন, তার পাশে এসে দাঁড়াবেন যাতে দেশের খেটে থাওয়া, শ্রমজীবী মানুষের আন্দোলন দানা বাঁধে, জোট বাঁধে, বৃহৎ হতে বহারর হয়, মদত দেয় এবং তার পাশে সমর্থন আছে বলে আমি যাক্তফণ্ট সরকার রচিত এই অ্যাপ্রোপ্রিয়েসন বিল সমর্থন করছি। আর একটা জিনিস সেটা বিশেষভাবে আপনার মাধ্যমে বর্তমান যুক্তফ্রন্ট স্বকারের মন্ত্রিমণ্ডলীর কাছে রাখবো, তা হচ্ছে দেশের কোন ন্যাযসংগত গণতান্ত্রিত আন্দোলনে প্রালস যেন হস্তক্ষেপ না করে। এই জিনিষ বোঝার দিন এসেছে। আমরা যদিও তাদের পারোপারি আশা-আকাজ্ফা পরেণ করতে পারবো না কিন্তু তারা যেন গণ-जिन्नक जात्मानन करत <u>र्</u>षाजिठि जिनिम तृत्य तिरात भरथ धीगरा जारम। मान्य माथा ज्*र*न দাঁডাতে চেষ্টা করে, তারা হক কথা বলতে চেষ্টা করে, নিজের অধিকার ব্রেঝ নেয়-aঠ জিনিস্টার রাস্তা যদি তাদের সামনে তুলে রাখি, একদিন না একদিন তারা এগিয়ে যাবেই, এই বাধা বন্ধন ভেন্থে ফেলবে, এই বলে আমি আমার বন্ধবা শেষ করছি।

[11-00-11-10 a.m.]

শ্রী এম, মকসেদ আলি: ম ননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করে আমি আমার জেলা সম্পর্কে দ্ব-একটি কথা বলতে চাই। আমাদের নদীয়া জেলা প্রধানতঃ কৃষিপ্রধান এবং কৃটিরশিলেপর পর নির্ভরশীল। এই জেলায় একমাত্র কল্যাণী দিপনিং মিল ছাড়া আর কোন কলকারখানা নেই। নদীয়া জেলার শান্তিপ্র কেন্দ্র থেকে আমি প্রতিনিধি হয়ে এসেছি। আপনি জানেন শান্তিপ্র হচ্ছে তাঁতশিলেপর জনা প্রধান। শান্তিপ্রের তাঁতশিলেপ যগে যগে ধরে ভারতবর্ষ এবং ভারতবর্ষের বাইরে নাম করে এসেছে। আজকে এই শিলপ ধরুসের মুখে। এর প্রধান কারণ হচ্ছে কাঁচামালের অভাব এবং তৈয়ারী মালের বিক্রয় বাবস্থা বা বাজারের অভাব। পশ্চিম বাংলা সরকারের পক্ষ থেকে কল্যাণী দিপনিং মিল থেকে যে সুতো সরবরাহ করা হয় শান্তিপ্রের তাঁতশিলেপর জনা, সেই সুতোর মান নীচ্।

দ্বংথের সপো বলতে হয় যে সরকারী পবিচালনায় এই দিপনিং মিল হলেও আমেদাবাদ বা গ্রেজরাট থেকে যে স্কুতো বাংলা দেশের তাঁতিশিল্পের জন্য সরবরাহ করা হয় তার সপো তুলনা ফ্লেকভাবে কল্যাণী দিপনিং মিলের ১০০ বা ৮০ কাউন্টের স্কুতা সরবরাহ করা হয় তা মোটা। শ দিতপুবে অত্যনত স্ক্ষ্ম কন্য তৈরী করা হয়। এই শিলেপ ঐ স্কুতা ব্যবহার করা চলে না।

কাজেই তাঁতশিল্পীদের বাহিরের সনুতোর উপরেই বেশী নির্ভার করতে হয়। আমি আপনার মাধ্যমে কৃটিরশিল্প মন্তিমহাশয়কে বলছি যে কল্যাণী স্পিনিং মিলে যাতে স্ক্ষ্ম এবং ভাল সংতো তৈরী হয়, সেদিকে সরকারকে দ্রণ্টি দিতে হবে। আমি শংনেছি ভারত সরকারের পক্ষ থেকে যে তুলো ভারতবর্ষের স্তাকলগ্নলিতে সরবরাহ করা হয় তার ভাল তুলোগ্নলি প্রাইভেট মিল মালিকরা পেয়ে যায়, এবং নিকৃষ্ট ধরনের তুলো এখানে আসে। অতএব কল্যাণী ম্পিনিং মিলে যাতে ভাল তুলো পায় সেদিকে দূণ্টি আকর্ষণ করছি। আর একটা বিষয় হচ্চে যে বাংলাদেশে সমবায় সমিতিগ্রিল একটার পর একটা ফেইল করছে। আমরা কেন্দ্রের কথা জানি যে, কমপক্ষে ২১টি উইভার্স কো-অপারেটিভ সোসাইটি সরকারের কাছ থেকে লক্ষ্ণ লক্ষ্ টাকা ঋণ ও সাহায্য পেল, কিন্তু সেই সোসাইটিগর্নল আত্র উঠে গেছে পরিচালনার অভাবে। সে সমস্ত সোসাইটির মধ্যে দ্ন**ী**তি থাকার ফলে সেসব বন্ধ হয়ে গেছে এবং সরকারের টাকা অপচয় হয়েছে। এইসব কো-অপার্রেটিভ সোসাইটিগর্বল এক একটা ঘৃঘুর বাসা। কো-অপ রেটিভ এর নাম করে সাধারণ মানুষের সাহাষ্য ও সহযোগিতা না নিয়ে যারা কো-অপারেটিভ মাইন্ডেড নয় সেরকম কতগালি বাস্তু ঘ্রুঘ্, কংগ্রেসী আমল থেকে আজ পর্যত কো-অপারেটিভগ্নলিকে শোষণ করে আসছে। তাই আমি বলছি সরকারের পক্ষ থেকে বংলা-দেশের এই কো-অপার্বেটিভগত্নি কেন ফেইল করছে। লক্ষ্ণ লক্ষ্ণ টাকা তার কোথায় গেল, সে সম্পর্কে তদন্ত হওয়া দরকার। অতএব আপনার মাধামে বলতে চাই, সরকারের পক্ষ থেকে অবিলম্বে একটা তদন্ত কমিশন বসান উচিত এবং সমবায় সম্পর্কে সেই কমিশন একটা সুক্তা নীতি আমাদের সামনে রাথবেন, যার দ্বারা আমরা ভবিষাতে ভালভাবে সমবায় গড়ে তুলতে পারি। আর একটা কথা বলব ওয়েস্ট বেজাল হ্যান্ডলমে বোর্ড আছে, এই বোর্ড যাঁরা পরিচালনা করছেন এবং সেখানে যাঁরা প্রতিনিধি আছেন তাঁরা সব বড় বড় ব্যবসায়ী। তাঁর। তাঁতী না হয়েও তাঁতীর স্বার্থের কথা বলেন। এই ওয়েস্ট বেজ্গল হ্যান্ডল্ম বোর্ড-এর সদস্যরা সমস্ত স্বার্থসংশ্লিষ্ট লোক অতএব এই বোর্ডকে যাতে ন্তনভাবে তৈরী করা হয় তার জন্য আপনার মাধামে সরকারের দুণিট আকর্ষণ করছি। আমার জেলা কুযিপ্রধান জেলা এবং মূলতঃ উদ্বাস্তুপ্রধান এলাকা। সেখানে লক্ষ লক্ষ উদ্বাস্তু আজও প্নর্বাসন পান নি। আজও তাঁরা ক্যাম্প, কলোনীতে পড়ে আছেন। আমার জেলার উন্নতির জন্য এখানে ছোট ছোট কটিরশিক্প ও বহং শিল্প গড়ে তোলা দরকার।

সেদিক থেকে আমি আপনার মাধ্যমে সরকারের দৃণ্টি আকর্ষণ করছি যে এই জেলার উন্বাহত্ব প্রনর্বাসন য'তে অতি সম্বর হয় তার জন্য স্কুট্র ব্যবস্থা সরকার থেকে নিতে হবে। কৃটির-শিলেপর মাধ্যমে যাতে ঐ জেলার বেকার সমস্যার সমাধান হয় তার জন্য গ্রামীণ কৃটিরশিলপকে উন্নত করতে হবে। স্যার, একথা আমি আগেই বলেছি যে আমার জেলা কৃষিপ্রধান জেলা, এই জেলায় মূলতঃ খড়ে চুনী, ভাগিরথী নদী বয়ে যাচ্ছে, এগ্রনির সংস্কার করা দরকার। এই সম্পত নদীতে যদি আমরা লিফ্ট ইরিগেশান বসাতে পারি তাহলে আমার মনে হয় নদীয়া জেলায় আগামী তিন চার বছরের মধ্যে কৃষকের জীবনে উন্নতি আসবে। চাষের উন্নতি হলে আমাদের জেলা খাদের জেলাকে খাদোর জনা কোনদিন অন্যার উপর নির্ভারশীল হতে হবে না। আমাদের জেলা খাদের ঘটিত, বর্ধমান, বাঁকুড়া এবং পশ্চিম বাংলার বিভিন্ন জেলার উপর আমাদের জেলা নির্ভারশীল। এই জেলায় যে পরিমাণ খাদাশস্য উৎপাদন হয় তাতে বছরে ৪।৫ মাসের বেশী যায় না, চিরদিনই আমাদের জেলা ঘাটতি জেলা। এই ঘাটতি প্রণের জন্য সবকারী প্রচেণ্টায় আমাদের জেলাম্ব করি বর্লাই আমাদের কেলা ঘাটতি জেলা। এই ঘাটতি প্রণের জন্য সবকারী প্রচেণ্টায় আমাদের জেলাম্ব কৃষি-উন্নতির বারস্থা অবিলন্ধে করা দরকার। এই বলেই আমি শেষ করিছি।

শ্রীঅশিবনীকুমার রাজঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থ দংতরের মন্দ্রিমহাশয় যে অর্থপ্ররোগ বিল আমাদের সামনে এনেছেন সেই বিল আমি সমর্থন করছি। স্যার, মধাবত্রী নির্বাচনে জনসাধারণের যে রায় এবং তার যে প্রয়োগ এবং সেই প্রয়োগের পর যে পরিস্থিতি এই আইনসভার হয়ে উপস্থিত হুয়েছে সেটা সম্পর্কে আমি ২।১টি কথা বলতে চাই। আজকে বিরোধীপক হিসাবে কংগ্রেস এসেছেন এবং তারা সংখ্যায় ৫৫ জন। আমাদের তরফ থেকে বলা হচ্ছে যে ওরা ভূত

হরে এসেছেন। এ সম্পর্কে আমার বন্ধব্য এবং পর্যাগোচনা সম্পূর্ণ আলাদা। ১৯৪৭ সালের ১৫ই অগাস্টের পর ভারতবর্ষে কংগ্রেসের হাতে বা মাধ্যমে যে শাসন ব্যবস্থা পরিচালিত হরেছে তারই প্রতিনিধিত্ব করছেন ঐ বিরোধীপক্ষের ৫৫ জন সদস্য। গত ২০ বছরে কংগ্রেসী শাসনে ভারতবর্ষের জনসাধারণের সামনে যে সম্পত বাক্য এবং প্রচার তাঁরা করেছেন ভারতবর্ষের ধনিক শ্রেণীর ধন বৃদ্ধি কর'র জন্য তারই প্রতিম্তিশ্বর্প ৫৫ রক্ম ব্যঞ্জন সাজিয়ে ঐ ৫৫ জন প্রতিনিধি এখানে বসে আছেন। পশ্চিমবাংলার জনসাধারণ সঠিকভাবেই এবারে রায় দিয়েছেন এবং গত ২০ বছরের কংগ্রেস যে পম্থতিতে শাসন ও শোষণ করে এসেছেন তার প্রতিম্তিহিসাবে ঐ ৫৫ জনকে পাঠিকেছেন। জনসাধারণ আমাদের হাতে ক্ষমতা তুলে দিয়ে ঐ ৫৫ জন সদস্যকে পাঠিকেছেন এর একমায় কারণ হল যে তারা বলছেন যে গত ২০ বছরে কংগ্রেসী শাসনেব প্রতীক হিসাবে এরা আপনাদের সামনে থাকছেন, এদের দেখে আপনাদের যাতে সব সময় মনে থাকে যে ঐ ধরনের কুকীতি যা ২০ বছরে ধরে চলে এসেছে তা যেন না করেন বা তার প্রতিম্তি বিন না হন এবং ঐ ধরনের কাজকর্ম যা তেদিন চলে এসেছে তার অংশীদার যেন না হন। কাজেই ভ্ত হয়ে তারা আসেন নি, বা কবরও তাদের হয় নি, শোষণ ও শাসনের জীবন্ত উদাহরণস্বর্প তাঁরা এখানে প্রতিনিধি হিসাবে আছেন।

[11-10-11-20 a.m.]

এবং গত ২০ বছর ধরে যে ধরনের প্রচারকার্যের মাধ্যমে জনসাধারণকে তাঁরা বিদ্রান্ত করে জনসাধারণের রা**রকে ভাঁঘের পত্নে নিরে সিরেছিলেন** আজকে তার শেষ অস্ত্র হিসাবে সংবিধানকে সামনে রেখে দেশের জনসাধারণকে এখনও বিদ্রান্ত করে ধনিকশ্রেণীর স্বার্থে এই দেশকে পরিচালনা করার চেণ্টা করছেন। সেজন্য ধনিকশ্রেণীর স্বার্থে সংবিধানের কি ধরনের ব্যবস্থা হওরা উচিত সেই ধরনের ব্যাখ্যা মাতে দিতে পারেন সেই ধরনের একজন লোককে বিরোধীপক নেতা নির্বাচন করেছেন। মাননীয় অধ্যক মহাশয়, আমি বাঁকুড়া কেলার একজন প্রতিনিধি, আমি ৰাকুড়া জেলা সম্বন্ধে কিছু বলবো। গত ২০ বছর ৰাকুড়া জেলার অধিবাসী যে ধরনের সমস্যার মধ্যে ভূষেত্বেন ভার কিছ্ কিছ্ সমস্যার কথা এখানে আমি রাখতে চাই। বিৰোধীপক্ষের তক্ষ্ম থেকে এই বছবা রাখা হয়েছে যে গত ২০ বছরে আম্বরা কি কিছু করিনি। আমাদের বাঁকুড়া জেলার কেত্রে তাঁদের কাজের ২।১টা নমনো দিছি বাছোবর ভ্যালী কপোরেসন রাইট এমব্যাঞ্চমেন্ট ক্যানেল বাঁকুড়া জেলার মধ্য দিরে জেছে, এই ক্যানেল ২২শো কিউনেক জন নিয়ে যাতে যেতে পারে সেই ধরনের প্ল্যান এস্টিমেট হয়েছিল এবং তার প্রারা যতটা জুমিতে জলসেচের বাবস্থা হবে তারও স্ল্যান হয়েছিল। এখন বর্তমান অবস্থায় দেখা যাচ্ছে ঐ য়ে कारनन कांगे रख़रू थे का तनन-अंत ১৪শো किউम्मक माठ जन निरंग यायात क्रमें जाए। ২২লো কিউসেকের মধ্যে ১৪শো কিউসেক অর্থাৎ প্রায় ৮লো কিউসেক অল বরে নিয়ে যাবার ভার ক্ষমতা নেই এবং বত কমিতে সেচ বেবার বাবন্ধা ন্যামনের মধ্যে ছিল তত কমিতেও ক্রল দিতে পারছে না। অথচ ২২শো কিউসেক জল বয়ে নিয়ে যাবাব জন্য টাকা ধরা হয়েছিল স্লাণ্নের মৰো। টাকাপ্ৰলো খরত করা হরেছে ঠিকই কিন্তু ভার একটা বড় অংশ নিজেদের দলের লোককে ক্লাকট্লের মাষ্ট্রে সেই সমন্ত টাকা কিভাবে পাইরে দেওরা বার সেই উন্দেশ্যেই এই টাকা ব্যবহার করেছেন। এই বিল প্রসঙ্গে আলে চনা কবতে গিয়ে, মাননীয় স্পীকারমহাশ্য়, আমার বছৰা হচ্ছে এই ৰে এখনই সমস্ত সমস্যাৰ সমাধান করা ৰ্ছফ্লট সৰকারের পক্ষে সম্ভব নর ঠিকই কিন্তু ডব্ও বলৰো বাঁকুড়া জেলার বেগ্লিল বিলেব সমস্যা, বেমন সমুস্ত ৰাঁকুড়া জেলার লোকসংখ্যার তিন ভাগের এক ভাগ যার হচ্ছে ক্ষেত্রজার পরীৰ কুবক, বছুরের মধ্যে যার ক্ষেত্র মাস তারা কাজ পার, বাকী সমর শ্ব্ ব্যতিক্রে সম্রেই নর, তাদের বেকার অবস্থার থাকতে হয়। লেজনা ভারা বাতে কাজ পেতে পারে এবং এই বে বিভিন্ন সেচ পরিক্সপনা, বেমন প্রকৃত্ ইত্যাদি কাটানো, আরো অন্যান্য সেচ পরিকল্পনা গড়ে ভোলার ব্যাপারে ভাদের বাভে কাজে লাগানো বার সেজন্য এবনই সরকারের তরফ থেকে সেখানে কিছ্ কাজ করানোর বরকার। তারপর সেখানে কংগ্রেস সরকার যা কিছ্ব কৃটিবশিল্প করে গেছেন সেই কুটিরশিলেপ্র স্বাসা কোন উপকার হয় নি, এমন কি কর্মকার, কাঁসারি প্রভৃতি তারা বেকার অবস্থার মধ্যে রয়েছে ৮

আমার সময়ের অভাবের জন্য বেশী কিছু বলতে পারলাম না, আমি এই বিলকে সমর্থন করে আমার বন্ধব্য শেষ কর্মছ।

শ্রীকুম্দরঞ্জন মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ম্খ্যমন্তী তথা অর্থমন্তী ষে আপ্রোপ্রিয়েশন বিল উত্থাপিত করেছেন আমি তা প্রথমেই সমর্থন করছি, সমর্থন করিছ এই কারণে যে আমি মনে করি এই যাক্তফ্রন্ট সরকার একটা প্রগতিশীল সরকার এবং প্রগতিশীল সরকারের সমর্থক হিসাবে আমি এই বিলটাকে সমর্থন করছি। এই বিল সমর্থন করা প্রসংস্থ ২।১টি কথা মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভাতে রাথব। আমরা জানি যে ভারতবর্ষ যথন প্রাধীন ছিল তখন সেই প্রাধীনতার হাত থেকে দেশকে এবং জাতিকে মুক্ত করার জন্য তংকালীন সমুহত রাজনৈতিক দলমতানিবিশেষে আমরা আন্দোলন লড়াই করেছিলাম সেই বিদেশী শাসনকে হটিয়ে দেবার জন্য। বিদেশী শাসনকে আমরা হটিয়ে দিতে পেরেছি কিন্তু মাননীয় অধাক্ষ মহাশয়, আপনি জানেন যে আমরা পারিনি তাদের শোষণকে হটাতে। সেই অর্থনৈতিক শোষণ, সামাজিক, সাংস্কৃতিক শোষণের পরিপ্রেক্ষিতে আমি ২।১টি কথা এই সভায় রাখতে চাই। আমাদের এই প্রগতিশীল যুক্তফ্রন্ট সরকার যে কর্মসূচী গ্রহণ করেছেন সেই কর্মসূচীতে এই কথা বলা হয়েছে যে পশ্চিমবঙ্গে যেখানে যত বিদেশী শাসকদের মূতি আছে সেই মতি অপুসারিত করতে হবে। আমি এই যাত্তফ্রন্ট স্বকার এবং তার মুখামন্ত্রীব ক'ছে আবেদন জানাচ্ছি যাতে আমাদের সেই কর্মসূচী খবে শাঘ্র রূপায়িত হয় এবং বিদেশী শাসকদের মূতির পরিবর্তে আমরা সেখানে বাসয়ে রাখবো আমাদের জাতির যারা নেতা ছিলেন, আমাদের জাতির যারা সেবক ছিলেন যারা দেশপ্রেমিক ছিলেন তাঁদের মৃতি। আমরা তাদের আদর্শে, তাদের দেশপ্রেমে, তাদের নীতিতে উদ্বৃদ্ধ হবার চেণ্টা করব। তাই আমি মাননীয় মুখামন্দ্রীর কাছে এই আবেদন রাখছি। তারপর ভাষা সম্বন্ধে ঐ একই কথা। আমাদের যুক্তফ্রন্ট সরকারের কর্ম-স্চিতে একথা বলা হয়েছে যে মাতৃভাষা সর্বক্ষেত্রে- কি শাসন ব্যবস্থান ক্ষেত্রে, কি শিক্ষার ক্ষেত্রে हाल कता शरत। आप्रता जानि यिन भिकात छेल्मभा शरा थारक खानला । यिन भिकात छेल्मभा হয়ে থাকে জাতির মধ্যে গণতান্তিক চেতনা বান্ধি করা তাহলে সেটা কেবলমাত সম্ভব মাতৃভাষার মাধামে। কিন্তু সেই জ্ঞান, বৃদ্ধি জাতির চেতনাকে চেপে রেখে দেওয়া হয়েছে একটা বিদেশী ভাষার মাধামে। একথা আমার কথা নয়, একথা কোন বিশেষ দলের কথা নয়, কোন বিশেষ শ্রেণীর কথা নয়, একথা জাতির কথা। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধামে আমাদের সর্ব-শ্রেষ্ঠ কবি এই ভাষা সম্বন্ধে যে কয়টি কথা বলে গিয়েছেন তা এই হাউসের মধ্যে তলে ধরতে চাই। তিনি বলেছেন "ইংরাজী শিথিয়া ঘাঁহারা বিশিষ্টতা পাইয়াছেন তাঁহাদের মনের মিল হয় না জনসাধারণের সপো। বর্তমানে দেশের সকলের চেরে বড জাতিভেদ এইখানেই. শ্রেণীতে শ্রেণীতে অস্পূ্লাতা, ইহার জন্য আজ আমাদের জাতির জীবনের সংহতি নন্ট হইয়া যাইতেছে এবং রাষ্ট্রীর ক্ষেত্রে তাহার বিষময় ফল প্রতিনিরত আমরা চোখের সামনে দেখিতে পাইতেছি। শিক্ষাক্ষেত্রে যেদিন নাকি মাতভাষা শিক্ষার বাহন হইবে সেদিন আমাদের নাবালকত্ব ঘূচবে এবং সেদিনই আসবে জাতির জীবনে আর একটি রেনেসাঁ"।

[11-20-11-30 a.m.]

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধামে এই বন্ধবা এই সভায় রাখছি যে, বিনি আমাদের দেশের এতবড় একজন নেতা, যিনি এতবড় একজন দেশপ্রেমিক ছিলেন তাঁর এই উদ্ধির প্রতি যদি আমরা গ্রেছ না দেই, তাঁর এই উদ্ধি ঘদি আমরা বোঝার চেণ্টা না করি, কার্যের পূর্ণায়ত না করি তাহলে আমরা করেক শত বছর ধরে জাতীয় জাঁবনে যে পিছিরে আছি সেটা আরও থাকব। আমি মনে করি যুক্তফ্রণ্ট সবকার হচ্ছে প্রগতিশীল সরকার, কাজেই তাঁরা চেণ্টা করেছেন এই আদর্শ পশ্চিমবাংলার ব্বকে প্রতিণ্ঠিত করে ভারতবর্ষকে দেখিয়ে দেবেন যে এই নীতি হচ্ছে আসল নীতি, এই আদর্শ হচ্ছে আসল আদর্শ এবং এছাড়া জাতি বড় হতে পারে না। গতকাল একজন বন্ধা বলেছেন শিক্ষার মধ্যে শ্রেণী পার্থক্য রয়েছে। শিক্ষার মধ্যে যদি শ্রেণী পার্থক্য থাকে তাহলে সেই শ্রেণীপার্থক্য কমান হবে কিনা সেটা আমি জানতে চাই। যেখানে শিক্ষার ভিত স্থিত হয়, যেখানে জাতির মের্দণ্ড সৃণ্টি হয়

সেই প্রাথমিক শিক্ষায় এবং মাধ্যমিক শিক্ষায় রয়েছে শ্রেণীপার্থক্য। সাার একদিকে দেখছি বড় বড় শহরে ৩।৪ তলা বিশ্ডিং-এর উপরে বিজলি বাতির বসে এক শ্রেণীর ছেলেরা লেখাপড়া করছে এবং অনাদিকে গ্রামের মাটির ঘরে বসে, চটের বস্তা নিয়ে জলে, রৌদ্রে, কাদায় বসে আর এক শ্রেণীর ছেলেরা লেখাপড়া করছে। এই পরিবেশ দরে করতে হবে। পরিবেশের এই পার্থক্য দরে করতে পাবলে শিক্ষার পার্থক্য দরে হবে এবং তবেই সমাজতন্ত্রের মূল ভিত্তির যে স্বণন যেটা আমরা বলে এর্সোছ সেটা সার্থক হবে। আমরা যে সমাজতন্ত্রের কথা বলছি সেই সমাজতন্ত্র যদি আমাদের লক্ষা হয়ে থাকে তাহ**লে** আমি মনে করি শিক্ষাই হচ্ছে আসল জিনিস বার মাধ্যমে এটা করা যেতে পারে। যুক্তফ্রন্ট সরকার এই জিনিস করবে, এর প্রতিকার করবে, এই বিশ্বাস নিয়ে আমি এই সভায় বন্ধব্য রাখছি। এবারে আমি কৃষি সম্বন্ধে ২।১ মিনিট বলব। আমি জানি এটা আপ্রো-থ্রিয়েশন বিল, কিন্তু তব্ত যে বলচিছ তার কারণ হচ্ছে আমার বলার সময় এবং সুযোগ বড কম। আমি গ্রাম এলাকা থেকে এর্সোছ কাজেই কৃষি সম্বন্ধে ২।৪টি কথা বলার দরকার আছে। আমাদের ক্ষিমন্ত্রী এখানে আছেন কিনা জানি না। তবে মুখামন্ত্রী আছেন দেখছি। স্যার অৰ্থিম অত্যন্ত অন্যান্দত এবং মুখ্যমন্ত্ৰী যদি শোনেন তাহলে তিনিও আনন্দিত হবেন যে গ্ৰামে গ্রামে, পাডায় পাডায় যে ধান এবং গমের চাষ হয়েছে সেটা অত্যন্ত স্নেতাযজনক। সেখানে জল, স রের ব্যবস্থা না থাকা সত্ত্বেও চাষীরা আপ্রাণ চেন্টা করে এই জিনিস করেছে। আমি মনে কবি যুক্তফ্রন্ট সরকারের এই যে মুক্তির আন্বাস তারই ফলে চাষীরা গ্রামে গ্রামে ধান এবং গুমের চাষ করতে আরম্ভ করেছে। কিন্তু **ম্খামন্ত্রীর কাছে আমার একটি আবেদন হচ্ছে এই যে ধান** এবং গমের চাষ হয়েছে সেখানে পোকা লেগেছে। তারা কংগ্রেসের আক্রমণ দূরে করতে পেরেছে কিন্ত প্রকৃতির এই আক্রমণ দূরে করতে পারছে না, পোকার হাত থেকে তারা বাঁচতে পারছে না। আমি কিছু ধানের গোছা সংগে করে এনেছি এবং মুখ্যমন্ত্রীর দূচ্টি আকর্ষণ করে বলছি আমাদের ওখানে খ্র ভাল ধান হয়েছে. লক্ষ লক্ষ্ম বিঘা জামিতে ধান হয়েছে কিল্ত জয়নগর বাসনতী ক্যানিং প্রভৃতি প্রত্যেক জায়গায় ধানগাছে পোকা লেগেছে। মুখার্মান্তমহাশয় যদি আমার বন্তব্য শোনেন এবং এর প্রতিকার করেন তাহলে আমি মনে করি আমাদের এই যে প্রগতিশীল সরকার যে সরকারের মধ্যে চাষী, মধ্যবিত্ত, থেটে খাওয়া মানুষ রয়েছে যাদের সংগ্রে নিয়ে আমরা চলেছি তাদের আরও এগিয়ে নিতে পারব। এই কথা বলে আমি আমার বস্তবা শেষ কর্রছ।

শ্রীন্দারিকাপ্রসন্ধ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আমাদের নেতা মুখামন্তি-মহাশয় যে বিল উত্থাপন করেছেন তা সর্বান্তঃকরণে সমর্থন করিছি। তারপর যে অঞ্চল থেকে দাডিরেছি সেই এলেকা সন্বন্ধে দু'-চারটি কথা বলতে চাই। আমার বাড়ী বীরভূমে সাইথিয়া থানায়। সাইথিয়া থেকে এ পর্যন্ত কেউ নির্বাচিত হয়নি। নির্বাচিত না হওয়ার প্রধান কারণ কংগ্রেস গভর্নমেন্ট যথন ছিল, তথন কংগ্রেসীদের সুযোগ সুবিধা করার জন্য আমাদের সাইথিয়া থানাকে দু'ভাগে ভাগ করে দেন এই থানাকে দু'ভাগ করে অর্থেক অংশ মাম্পপ্রের সঙ্গো যোগ করে দিলেন আর অর্থেক অংশ যোগ করেছিলেন লাভপ্রের সঙ্গে, কথনো বা সিউডির সঞ্জে। কারণ ওখানকার কংগ্রেসী বাবাদের সুযোগ সুবিধা দেবার জন্যই তারা এটা করেন। সেজন্য আমাদের ওখানকার যে সমস্ত দাবী দাওয়া তা আপনার দরবারে উপস্থিত করার জন্য কোন লোক ছিল না। আমি আপনার কাছে প্রার্থনা করছি এতকাল ধরে সাইথিয়া যে সমস্ত সুযোগ-সুবিধা পার নি তা যাতে পায় তার ব্যবস্থা করলে পরে বিশেষ বাধিত হব।

প্রথম কথা যা বলতে চাই সেটা হচ্ছে সাঁইথিয়া গ্রাম বীরভূম জেলার মধ্যে অন্যতম ব্যবসাকেন্দ্র এবং এখানকার লোকসংখ্যা প্রায় ঘোল হাজার এবং সেখানে ৭ হাজার ভোটার। কিন্তু সেখানে জলাভাবে খ্ব কটে, প্রত্যেক বংসর গ্রীষ্মকালে ই দারায় জল থাকে না এবং পানীয় জলের অভাবে নানা বক্ষম ব্যাধি দেখা দেয় এবং ব্যাধিগ্রহত হয়ে বহুলোকের প্রাণহানি ঘটে। সেই জলের জন্য বহু রক্ষম আন্দোলন ও চেষ্টাচরিত্র হওয়ার পর শ্রেনছি সেটা মঞ্জার হয়েছে ব্যেরিং হবে। কিন্তু মঞ্জার হলে কি হবে, কতকগ্রলি পাইপও এসে গেছে বটে কিন্তু সেই পাইপ বসাতেও পারেন

আবার তুলেও নিতে পারেন। কিন্তু এখানে অবশাশভাবী যেটা দরকার সেটা হল অবিলন্থে যদি পানীয় জলের ব্যবস্থা না হয় তাহলে প্রত্যেক বছরের মত এবারও সংক্রামক ব্যাধিতে বহু লোকের প্রাণহানি ঘটবে। আর একটা কথা। চাষের জন্য আমাদের দরকার কতকগর্নল স্লাইস গেট ও লিফট্ ইরিগোশন এবং ভীপ টিউবওয়েল তৈরী করা। ক্যানেল এইটেনসন কতকটা করা হয়েছে বাকীটা গভর্নমেন্ট থেকে বন্ধ করে দেওয়া হয়েছে, সেটা যদি তৈরী করা হয় তাহলে অনেক চাষীর প্রভৃত উপকার হবে। আর এখানকার রাস্তাঘাট বরাবরই নেগলেকটেড হয়ে আছে। এখানকার প্রতিনিধিছ করার কেউ ছিল না। এখানকার রাস্তাঘাটের এমন অবস্থা যে ডান্ডার যেতে পারেন না বলে রোগী মারা যায়। সেইজন্য আমি আপনার মাধ্যমে সংশিল্ডট মন্দ্রিশয়ের কাছে আবেদন জানাছিছ যাতে সেখানে রাস্তাঘাট তৈরি হয়। জয়হিন্দ।

[11-30-11-40 a.m.]

শ্রীহাজারীলাল মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমিল্মহাশয় যে অ্যাপ্রো-প্রিয়েশন বিল উপস্থাপিত করেছেন আমি সেই বিল সমর্থন করছি। এই বিলকে সমর্থন জানিয়ে আমি যে অঞ্চল থেকে এই হাউসে আসার সুযোগ পেয়েছি সেই অঞ্চল সন্বন্ধে কিছু: বন্ধব্য আপনার মাধ্যমে এখানে রাখতে চাই। আমার সেই অক্তল স্করবনের এক প্রান্ত যা ভারতবর্ষের দক্ষিণপূর্ব সীমান্তবতী অঞ্চল, সেটা অনাদৃত, অবহেলিত। এই সুন্দরবন অঞ্চল হচ্ছে এক-ফসলী অঞ্চল। সেথানে নদীগলে লোনা জলে পরিপূর্ণ এবং সেই নদীগলির পার্শবরতী অঞ্চল স্বেক্ষিত না থাকলে এক-ফসলী অঞ্চলে ফসল উৎপাদন করা আদৌ সম্ভব নয়। তার উপর জলনিকাশী ব্যবস্থা ঠিকমত সরেক্ষিত না থাকায় গত বছর অনেক ক্ষতি হয়েছে। গত ২১ বছর কংগ্রেস শাসনে আমরা দেখেছি বাঁধ বন্দী তৈরীর ব্যাপারে চোরা-কারবারী এবং দ্র্নীতি। শতকরা ৩০।৪০ ভাগ রাস্তায় মাটি পড়ে, বাকী মাটি পড়ে না। কন্টাকটারী সিসটেমের মাধ্যমে এই যে দুন্নীতি, তার পরিচয় আমরা পেয়েছি। শত শত উদাহরণ তার রয়েছে, এবং গত ১৯৬৭ সালে যথন এই যুক্তফ্রন্ট সরকার ছিলো তথন যুক্তফ্রন্টের কমীরা এ বিষয়ে অনেক দ্ব্রীতির উদাহরণ দেখাতে পেরেছিল। এইসমুহত কন্ট্রাকটারী সিসটেমে বাঁধ বন্দী এবং অন্য কিছা যদি হয়, তাহলে কিছাই হবে না। আমরা দেখেছি যে, কংগ্রেসী কর্মীরা এবং তার পূষ্ঠপোষকরা এবং স্কুলরবন অগুলে সেই সমুহত কংগ্রেসী প্রধান ঐ দুনীতির দায়ে দায়ী হয়েছিল, অভিযুক্ত হয়েছিল। আজ্ঞ সে কথা সমরণ করিয়ে দিই। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে এই বস্তব্য রাথছি যে এই বাঁধ বন্দীগুলি যেভাবে চলে আসছে সেই কন্ট্রাক্টারী সিসটেমে সেইভাবে যদি চলে তাহলে সরকারের বহু টাকার অপচয় হবে। আমি আশা করবো আমাদের যুক্তফ্রন্ট সরকার এই কনট্রাকটারী সিসটেমের বদলে জনগণের মাধামে এমন একটা পন্থা অবলম্বন করবেন যাতে সরকারী টাকার অপচয় না হয়। অপর দিকে যে জল-নিকাশী ব্যবস্থার কথা আপনার মাধামে রাখছি সেই জলনিকাশী ব্যবস্থা অত্যন্ত শোচনীয় অবস্থায় পরিণত হয়েছে। বর্ষার সময় আপনারা দেখবেন যখন উপর থেকে অতি মানুয় বর্ষণ হয় তখন জল সেখানে এমনভাবে আবন্ধ হয় যে বার বার সেই নিকাশের উাপায় না পাওয়ায় কৃষকরা অতান্ত বিপদে পড়ে। আগামী বর্ষায় এই শোচনীয় অবন্ধার যদি পরিবর্তন না হয় তাহলে ফসল উৎপাদন করা কৃষককূলের পক্ষে একেবারে অসম্ভব হয়ে পড়বে। জলনিকাশী ব্যবস্থার সমস্ত হিউম পাইপ, স্বাইস গেট, স্বাইস বন্ধ সমস্তই আমরা দেখেছি যে, সেগালি অকেজো হয়ে গেছে। তাছাড়া খাল বা সরকারী খাল জমিদারী উচ্ছেদের পর বড় বড় ধনিক কংগ্রেসীবাব্রো বা অন্যেরা আত্মসাৎ করে সাধারণ জল-নিকাশের পথ আবন্ধ করে দিয়েছে। এ বিষয়ে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীকে বলি এ বিষয়ে সার্ভে করে যাতে করে একটা সু-ঠ, জলনিকাশী ব্যবস্থা করা যায় তার আশ, ব্যবস্থা কর্ন। লালবাতি যদিও জনলেছে তব্বও আর একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই। সন্দর্বন একটি রিজ্ঞার্ভ ফরেস্ট। সেখানে সরকারী কর্মচারীরা এবং তাদের মাধামে যে অত্যাচার অনাচার হর তা সাংঘাতিক। সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে দেখা গেছে যারা মধ্য সংগ্রহ করতে বার তাদের কাছ থেকে টাকা আদার করা হয়। কিন্তু তাদের আত্মরক্ষা করার কোন

ব্যবস্থা এই ২০ বছরে আমরা দেখি নি। সরকারী হিসাবে দেখা গেছে যে বছরে ৫০।৬০, জন মারা গিয়েছে। কিন্তু ভূরি ভূরি প্রমাণ আছে সংবাদপত্রের মাধ্যমে আপনারা লক্ষ্য করেছেন যে সেখানে প্রতিবছর তিন শত সাড়ে তিন শত লোক মারা যায়। এই স্কুলরবনে বাঘের দোরাজ্য থেকে তাদের রক্ষা করার কোন ব্যবস্থা নেই—এ বিষয়ে সংশিক্ষণ্ট মান্দ্রমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিশকে সমর্থন জানিয়ে আমার বন্ধবা শেষ করছি।

শ্রীজাজিতকুমার বিশ্বাস: মাননীয় অধ্যক্ষমহাশয়, অতিরিক্ত খরচের উপর যে বায় অনুমোদন বিল মাননীয় মুখ্যমূলী এই হাউসে উপস্থিত ক্রেছেন আমি তাকে সমর্থন কর্রাছ। সেই বিলে অনেক কিছু, আছে—তার মধ্যে একটা জায়গায় আমি দেখলাম জয়েন্ট কমিশনার অফ প্রালশ তার একটা অতিরিত্ত খরচের কথা লেখা আছে। আমি জিক্সাসা করি এই রকম একসেস অফিসার আপ্রেন্টমেন্ট দেবার অর্থ কি ছিল? আমার মনে হয় যে এই রক্ম আপ্রেন্টমেন্ট দেওয়ার অর্থ হচ্ছে গণতান্ত্রিক আন্দোলনকে দমন করা এবং সেটা প্রমাণিত হয়েছে যেদিন জোর করে যুক্তফ্রন্ট সরকারের পতন ঘটিয়ে যুক্তফ্রন্টের মন্ত্রিম্বর গ্রীঅমর চক্রবর্তী এবং গ্রীবিশ্বনাধ ম খাজীকে নির্মমভাবে প্রহার করে ঐ ময়দানে শুইয়ে দেওয়া হয়। শুধ্ব তাই নম্ন পাঁচ হাজার যুক্তফ্রন্টের লোককে থানায় গ্রেম্ভার করে উত্তম মধ্যম প্রহার দেওয়া হয় এবং প'য়ভাল্লিশ হাজার মান্ধকে গ্রেপ্তার করা হয় এবং বারোজন যুবককে গ্রাল করে হত্যা করা হয়। এই রকম দমননীতি চালাবার জন্যই কি এই জ্বয়েন্ট কমিশনার আপেরেন্ট করা হর্মেছিল এবং তার জন্য অতিবিক্ত খরচ হয়েছিল? যাহোক আমি এই কথা বলি যে যুক্তফ্রন্ট সরকার যথন ক্ষমতায় এসেছে তখন তার দায়িত্ব অনেক আছে এবং সেই দায়িত্ব পালন করতে গিয়ে আমাদের যুব্তফ্রণ্ট সরকারের যে ফাইনান্স সেটা ডেফিসিট ফাইনান্স আমরা জানি কিন্তু এটা মিট করতে গেলে আমরা দেখি ৩টা উপায় আছে—একটা রেভিনিউ এবং ট্যাক্স, আর একটা হচ্ছে আমাদের যে সমুস্ত পাবণিক সেক্টর ওয়েস্ট বেপাল গভর্নমেন্টের অন্তর্ভুক্ত সেই সমস্ত জায়গায় আমরা দেখেছি ডেফিসিট ফাইনার্নাসং রান করছে এবং সেথান থেকে আমরা আয় করতে পার্রাছ না, আর একটা জায়গা হচ্ছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অর্থ দাবী করা। আমি এদিক দিয়ে মনে করি যে দটে। প্রশ্নে আমাদের কঠোর হসতক্ষেপ করতে হবে-একটা হচ্ছে কেন্দ্রের কাছ থেকে তারা যে আমাদের এতদিন পর্যন্ত বঞ্চিত করে রেখেছেন সেই অর্থ তাদের কাছ থেকে টেনে নিরে আসবার জন্য পরিম্পিতি স্থাটি করতে হবে আর লক্ষ্য করতে হবে পার্বলিক সেষ্ট্র-এ যেখানে চরি দ্নীতি রয়েছে সেই সমস্ত জায়গায় যে সমস্ত অফিসার দায়িত্ব গ্রহণ করে বসে আছে সেই সমস্ত ব্যবসাগর্নি যাতে সর্ন্দর উপায়ে চলতে পারে এবং সেখানে প্রফিট হতে পারে তার ব্যবস্থা করতে হবে। এর্মানভাবে আমরা আমাদের আয় বাড়াতে পারি বলে আমি বিশ্বাস করি। এছাড়া আজকে আর একটা প্রশ্ন যেটা বিরোধী দলের পক্ষ থেকে বলা হয়েছে যে গণতকু নিয়ন শৃত্যুলা প্রভৃতি নাকি বিপন্ন। আমি সেই প্রসঙ্গে বলি যে দেশের দুই রকম গণতন্ত আছে একটা হচ্ছে ব্র্রেগায়া গণতন্ত্র আর একটা হচ্ছে সোস্যালিস্ট গণতন্ত্র। আমরা জানি ব্রর্ভোয়ারা যতাদন ক্ষমতাম্ব থাকে ততদিন তারা গালভরা কথা বলে, নিয়ম শৃত্থলার কথা বলে কিন্তু যথন তাদের গদি টলমল করে তথন তারা গণতন্ত্রের কথা ভূলে যায়, তখন তারা স্টীম রোলারের আঘাতে সাধারণ মান,মকে পিষে মারবার চেষ্টা করেন। তাই আমি সিম্ধার্থবাব,কে বলতে চাই যে তিনি সেদিন বড় গলায় বলেছেন যে আমরা গণতল্যে বিশ্বাস করি, নিয়ম শ্ভথলা রক্ষা করতে চাই কিল্ড স্মেদিনের প্রশ্ন যেদিন যাক্তফ্রন্ট সরকারের পতন ঘটিয়ে তাঁরা যে বাবস্থা গ্রহণ করেছিলেন সেদিন তাঁদের কঠিম্বর শোনা যায় নি। আর একটা প্রম্ন তিনি বলেছেন যে কংগ্রেস নতুন ইমেজ নিয়ে আবাব বাংলাদেশে আবির্ভাত হবে। আমি বলি সিম্ধার্থ রায় মহাশয়ের নতুন ইমেজের মানে হচ্ছে ডঃ সান্যাল। তাহলে একথা আজকে আমাদের চিন্তা করতে হয় যে নতুন ইমেজের কোন প্রন্ন নেই, কারণ কংগ্রেস আজকে ডিকেয়িং ফোর্স, কংগ্রেসের বাঁচবার আর কোন চাল্স নেই, তার কারণ তাদের কোন অ'দর্শবাদ নেই এবং নেই বলেই আজকে এই সমস্ত প্রশ্নকে সামনে তুলে কংগ্রেসকে বাঁচাবার একটা চেন্টা হচ্ছে কিন্তু এর মাধ্যমে কংগ্রেসকে বাঁচাবার কোন সম্ভাবনা নেই বলে আমি মনে করি। কারণ আমাদের

দেশে পর্নজপতি ব্যবস্থা। এই পর্নজপতি ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা দেখেছি যে সাধারণ মান্য শোষিত হয়েছে, অত্যাচারিত হয়েছে এবং কংগ্রেস ২০ বছর ধরে এই পর্নজবাদের প্রজা করে এসেছে দেশপ্রেমের প্রজা না করে এবং এর ফলে দেখা যায় প্রিইন্ডিপেন্ডডেন্ট যুগে ৫৪ কোটি টাকা যার মূলধন ছিল আজকে তার ৪৩৭ কোটি টাকা বেড়ে দাঁড়িয়েছে। তারা এটা করেছে মান্যকে শোষণ করে, অত্যাচার করে, সাধারণ প্রমিক শ্রেণীকৈ নিম্পেষিত করে। এইভাবে তারা মূলাফা করেছে এবং মূলাফা করে তাদের পর্বাজিয়েছে। আমাদের প্রস্কার বুক্তাব যুক্তফন্ট সরকার একটা পথ গ্রহণ কর্ন যাতে সেই সমস্ত পর্বাজিনেয়ে নেওয়া যায়। আমরা এটা উপলন্ধি করি যে আমাদের ক্ষমতা সীমাবন্ধ। এক শ্রেণীব স্বার্থপরায়ণ লোক এ কাজে বাধা দেবে। যারা পর্বজ্ঞপতি, যারা ব্যবসার দ্বারা প্রচুর মূলাফা করে তাদের কছে থেকে অর্থ ছিনিয়ে সাধারণ মান্যের দেশের মঞ্চালের জন্য দেশের অর্থনৈতিক মঞ্চালের জন্য তাকে বায় করার ব্যবস্থা করতে হবে। এই দায়িছের কথা স্মরণ রেখে যুক্তফ্রন্ট সরকারকে চলতে হবে।

[11-40-11-50 a.m.]

শ্রীসনংকুমার রাহা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি এই অ্যাপ্রোপ্রিয়েসন বিলকে সমর্থন জানাই। আজকে বিরোধী দল যদিও সংখ্যালঘ, তব্ও বলি এইভাবে বিধানসভা চলা উচিত নয়। অ্যাপ্রোপ্রিয়েসন বিলে বলার যে সুযোগ ছিল সেটা গ্রহণ না করে তাঁরা যে ওয়াক আউট করে গেলেন এটা মনে হয় পরোক্ষভাবে স্পীকারের বিরুদ্ধে থ্রেট করা হয়েছে। এই পথে এইভাবে বিধানসভা চলা উচিত নয়—এটা আমি মনে করি।

দ্বিতীয়তঃ আজকে অনেকে বলেছেন সিভিল ওয়ার সম্বন্ধে এবং সিভিল ওয়ারের প্রেট করেছেন। সিভিল ওয়ার এলে তাকে ঠেকান যাবে না। তবে বিধানসভাই প্রকৃত জারগা। কোন সংশয় থাকলে সেটা এখানে আলাপ অলোচনার মাধামে ঠিক করে নেওয়া যায় সিভিগ ওয়ারের ভিতর না যেয়ে।

আমি গিয়েছিলাম ফারাক্কায়। দেখে এলাম ৩০ হাজার লোক—তারা ফারাক্কা ব্যারেজেব কর্মচারী, এন পি সি সি-র লোক এবং অন্যান্য কন্ট্রাকটারের লোক এবং হিন্দ্রস্থান লিমিটেডের কর্মচারী-তারা সমাবেশ করেছেন বিরাট জনসমাবেশ এবং তাদের একমাত্র দাবী আগামীকাল যে ছাঁটাই করা হবে তার বিকল্পে কি ব্যবস্থা করা হবে। কেন্দ্রীয় সেচমন্দ্রী ডঃ কে এল বাও এবং আমাদের রাজ্যের মন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখাজী উপস্থিত ছিলেন। অত্যন্ত অসহায়ভাবে ডঃ রাও পাবলিক মিটিং-এ বললেন এত বড় গ্রুর্ দায়িত্ব সম্পর্কে তাঁর কিছু বলার নেই। সতাই তো যে আঘাত তাঁরা করেছেন সারা ভারতবর্ষের জনসাধারণকে সেই আঘাতের পাল্টা আঘাত তারা হানতে আরম্ভ করেছে। তাব ফলে যেখানে ছাঁটাই হচ্ছে সেখানেই শ্রমিকরাও সঙ্ঘবন্ধ হয়ে আঘাত হানছে। ২০ বছরের কংগ্রেস শাসনে আজকে ভারতবর্ষের রূপ হচ্চে এই চরম দারিদ্রা শতকরা ৮০ ভাগ লোকের। আর চরম দ্নীতিপবায়ণ বাবসা। বাবসা বলচ্চি কেন ? বাবসা বহু লোক করে। আজকে চলছে প'্রজির বাবসা, আরও প'্রজির বাবসা এবং একচেটিয়া প্রাজপতির ব্যবসা। এই হল ভারতবর্ষে প্রাজতান্ত্রিক কাঠামোর শেষ পরিণতি। এই কথা সংশ্যে সংশ্যে আমার জেলা সম্পর্কেও বলতে চাই। ফরাক্কা হচ্ছে মুর্শিদাবাদ জেলাছ। ব্টিশ যুগে বেলডাগ্যায় একটা চিনির কল ছিল কংগ্রেসী আমলে সেই কল উঠিয়ে দেওয়া হয়েছে, ব্টিশ যুগের পর এখানে কাশিমবাজারে একটা মিল হয়েছিল—মনীন্দু কটন মিল। সেখানকার কংগ্রেসের শ্রীনেপাল চৌধ্বী**রে**ক এই ফিলের জনা নয় লক্ষ্ণ টাকা দেওয়া হয়: কিন্ত তিনি পলাতক এবং সেই মিলও উঠে গেছে। এই সমূহত জেলাগালো সমূহত দিক থেকে পশ্চাংপদ। বিগত ২০ বছরের কংগ্রেসের শাসনে সারা বাংলা দেশের পশ্চাংপদ অংশ বেতেছে --

কর্মেনি। এই তংশেব ক্রমশন্তি এমন জায়শয় নেবেছে—যাত্তফুল্টের আমল বলে বলচি না—্যে ১:২০ কালে চালও তাদের কিনে খাওয়ার ক্ষমতা নেই। এটাই হল বাংলাদেশের অবস্থা। এখনে যে অর্থানীতি প্রাজবাদ আছে, যে সমাজ তার। তৈরী করেছেন তার বিরুদ্ধে লড়াই করে একটা জিনিস আজ আমরা লক্ষ্য করছি যে বিগত ২০।২১ বছরের পর কংগ্রেসের মহাজাল থেকে মৃত্ত হয়ে মানুষ এগিয়ে যাবার জন্য আজ একজোট হয়েছে। একদিক থেকে নির্জালিখ্গাপা ও মোরারজীর ঝগড়া, তাদের মধ্যে কাটাকাটি, শাসকবর্গের আভান্তরীণ সংকট, ঠিক অপর দিকে বিহার ইউ পি-তে যক্তফ্রন্ট হয় নি. কিন্ত সেখানেও দেখা গেছে কংগ্রেসের বিরোধী দল যক্ত-ফুন্ট না করতে পারলেও কংগ্রেস সেখানে মেজের্নিটি হতে পারে নি। অর্থাৎ গতবাবের চেয়ে এবারে তাদের শক্তি হ্রাস হয়েছে। এর শ্বারা প্রমাণিত হচ্ছে সারা আন্তর্জাতিক বাজারে যে অর্থনৈতিক সংকট হচ্ছে সেই সংটের এটাও একটা সংকট। এর ফলে মন্ত্রাস্ফর্ণীত, চরম দারিদ্রা. দুর্নীতি ও কুয়ুশক্তির অভাব এর সঙ্গে সঙ্গে মানুষের নানা রক্ম বিপদ আসছে। এই বিপদের মধ্যে মুখানুক্তী আজু যে অ্যাপ্রোপ্রিয়েসন বিল নিয়ে এসেছেন তার কোন উপায় নেই নৃত্ন করে ঢেলে সাজার। সাজাতে গেলেও প্রতি পদে পদে বাধা দেবার চেণ্টা করা হবে। আমি মনে করি আপনার পেছনে জনসমর্থন আছে। আমি আশা করি যুব্তফ্রন্টের আমলে পশ্চাৎপদ এলাকাগ্রলিতে কাজ হবে। আজ আমরা ২১৮ আছি, কিন্তু আগামী দিনে দেখা যাবে জনসাধারণের গণতান্তিক আন্দোলন, আমাদের গণতান্ত্রিক চেতনা, মানুষের ঐকোর ফলে বিধানসভার শাস্তি আরও বাড়বে। আজ যাঁরা বিধানসভা থেকে প্রেট করে ওয়াক আউট করেছেন, ভেতরে ও বাহিরে সিভিল ওয়ার-এর থ্রেট দিয়ে রেথেছেন সেসবের জবাব বাংলা দেশের লোক যুক্তফর্ণ্টের সরকারের মধ্য থেকে দেবে। বাংলা দেশের যুক্তফ্রন্ট সরকার কংগ্রেস থেকে আশন্তনা করছে যে একে ভেন্সে ফেলার চেণ্টা হবে। কিন্তু তার মোকাবিলা করার জন্য যে আহ্বান, অগণতান্ত্রিক মানুষের গণশক্তির অ হরান্ সেই আহরান ছাঁটাই বেকারের বিরুদ্ধে গণতান্তিক আন্দোলনের আহরান সেই আহ্বানের মধ্য দিয়ে যাক্তফ্রন্ট সরকাবের যে কাজ বিধানসভার মধ্যে চলে তাকে যাক্তন্ট সরকারের হাতিয়ার হিসাবে বাবহার করবাব জন্য গণতান্ত্রিক শক্তি সেইভাবে তাকে র পায়িত করবে। এই কথা বলে মুখামন্ত্রী অজয়বাবু যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে খরচ করার জনা যে বিল এনেছেন তাকে আমি সম্পূর্ণর পে সমর্থন করি।

[11-50 12-00 noon]

শ্রীরবীন্দুনাথ মণ্ডলঃ মাননীয় স্পীকাব মহাশয়, মাননীয় মুখামনতী তথা অর্থমনতী যে হায়প্রোপ্রিয়েসন বিল এনেছেন সেটা সমর্থন করে ২। প্রটি কথা প্রসংগক্তমে বলতে চাই। ৩২ দফা কর্মাচির সংগ্রে সংগতি রেখে বাজেট হয় নি। তা ছাডা আমাদেব যে পবিকল্পনা তাব সংগ্রেম্পার ব্যান বাকেট হয়েছে তা আমরা পরিপ্রপ্রভাবে বলতে পারি। না। এই জনাই शांति है। या रामाण्यस पारकों एतर सरितन्तर में गुरु सुरेशार्व धालाम धतरात करागुरस्त सरस्त ভাব ভাল ভালাকরে । কালাল কলালে যে কালালয় বাজেট এবং প্রিকংপ্রা রচনা করতে। সেটা ছিল আখলাংকের উপ্রান্ভরিশীল, আধু সেই আমলাতকুছিল আয়োগা, দ্রীতিপ্রায়ণ, নীতি-ভ্রুট এবং জনসাধারণের সংখ্য সম্পক্ষাত। আমবা সেই ব্যবস্থাকে কনভূমে কবি বা আমবা সেই পদ্ধতিকে পরিত্যাগ করি। আম্বা চাই জনসাধাবণের স্থেগ সংযোগ স্থাপন করে। তাদের সংগে পাবস্পবিক আলোচনা করে এবং তাদের যে অভাব অভিযোগ সেগালির উপব দাীড়ারে আমবা আমাদের বাজেট এবং পবিকল্পনা রচনা করবো। আব সেটা করতে গিয়ে যেমন আমর। িন্রবাচনের সময় বিভিন্ন নির্বাচন কেন্দ্রে বিভিন্ন অংশে গিয়ে সেখানকার জনসাধারণের সঙ্গে মিশে তাদের কথাবাতা শ্বনে তাদের অভাব অভিযোগ জেনেছি আগামী দিনে আমাদেব বাজেউ এবং পরিকল্পনা রচনার ক্ষেত্রে তামাম বাংল। দেশের ২৮০টি নির্বাচনী কেন্দে প্রত্যেকটি অংশের মান্যের সংগ্রামিশে তাদের অভার অভিযোগ জেনে বাস্ত্র অবস্থার ভিত্তিত এবং অগ্রাধিকারের ভিত্তিতে সেইসব দাবি দাওয়া নিয়ে আমাদের বাজেট এবং পরিকল্পনা বচনা করবো। তা যদি করতে পারি তাহলে সেটা হবে অনেক বেশী গণতান্তিক এবং দেশের বেশান ভাগ মান্য—শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত, মেহনতী মান্য, তাতে তাদের স্বাথেরিই প্রতিফলন ঘট্রে। অপর পক্ষে যাঁরা মাণ্টিমের মানাষের স্বার্থে এতদিন শাসনব্যবস্থা চালিয়ে এসেছেন ঐ ব্যক্তেট এবং পরিকল্পনাগ্রলিতে তাদের স্বার্থ বিঘিত্ত হবে। তবে এ সবই ভবিষ্যতের সঙ্গে সংশ্লিণ্ট্ তাহলে এখন আমরা কি করতে পারি, এ সম্পর্কে আমার ২।১টি সাজেসান মাননীয় স্পীকার মহাশ্যু, আপনার মাধ্যমে আমি যুক্তফ্রন্ট মন্তিম-ডলী এবং যুক্তফ্রেটের সদস্যদের কাছে রাথতে চাই। আমার সাজেশান হল এই যে, যে সম্পদ আমরা ইতিমধ্যে পাব সেই সম্পদ যাতে সংথাক-ভাবে বায়িত হয় তার জনা যে যে পরিকল্পনা রচিত হবে বা যে যে খাতে বায়বরান্দ স্থির করা হবে—তা রাস্তাঘাটই হোক, খাল কাটার জন্যই হোক বা বিলিডং তৈরী করার জন্যই হোক সেগ্রালর ক্ষেত্রে পার্বালক অ্যানাউন্সমেন্ট করতে হবে। অর্থাৎ কোন রাস্ত। যথন তৈরী করা হবে সেখানে এক নম্বর ইণ্ট, খোয়া, সিমেন্ট যা কিছু, লাগবে সেইসব এবং তার দাম—অর্থাৎ এই ইপটের এত দাম, এই সিমেন্টের এত দাম ইত্যাদি এরকমভাবে ক্যাটিগরিক্যালি হিসাব রাখতে হবে। আর সপোরভাইজ করবে জনসাধারণ, ঐ আমলাতন্ত্র সপোরভাইজ করবে না বা তারা भू भारताहरिकिश वर्धातीं हरत ना। अहा करता घर कमराव अवश हा करता हरता कनमावातरात স্বার্থকে কিছুটো সঠিকভাবে এগিয়ে নিয়ে যাওয়া যাবে বলে আমি মনে করি। তারপর এই সমুহত আমুলা বি ডি ও ও থানা পর্লিশ অফিসাররা যারা কংগ্রেসের হয়ে কাজ করেছে এবং বিভিন্ন সময়ে মুন্টিমেয় মানুমের স্বার্থে কাজ করে চলেছে তাদের ক্ষেত্রে টাকা পয়সা বা বায়-বরান্দ দ্বিরীকৃত না করে আমরা তাদের পক্ষে শাস্তি চাই এবং এটা করতে হবে। এই প্রসংগে আমি রাজারহাট এলাকার কথা বলতে পারি। স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন যে এলাকাটা কত গরেম্বেপ্রেণ, দমদম এয়ারপোর্ট তারই সংলগ্ন এই এলাকা এবং এখান দিয়েই ভি আই পি রোড সিরেছে। স্যার, বাইরে থেকে যে সমস্ত প্রতিনিধি আসেন আমরা প্রথমেই তাদের সদব অভার্থনা জানাই কিন্তু পরবতী কালেই আমরা তাদের নিক্ষেপ করি ঐ সমনত অভাব অভিযোগ. দাবিদা এবং অন্ধকারের মধ্যে।

এই ভি আই পি রোড থেকে আরম্ভ করে রাজারহাট কেন্দ্র পর্যন্ত যেখানে ৮২টি গ্রাম আছে সেই এক একট। গ্রামে যেতে কম পক্ষে দ্র' ঘণ্টা হাটতে হয়, বাস্তাঘণ্টের কোন সংযোগ নেই। **একটা জায়গা আছে তার নাম পাথরঘাটা যেখানে** দ_{্ধ} আডাই ঘন্টা না হাটলো যাওয়া যায় না। আমরা বলতে পারি আধুনিক বিশেলষণের ভিত্তিতে যাকে সভা জগৎ বলে সেই সভা জগৎ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন এই পাথরঘটো এবং সেখানে যাতায়াতের কোন বন্দোবস্ত নেই। সেখানকার মান্যে শিক্ষা পায় না, সেখানে মান্যের বোগ হলে সেই রোগের চিকিৎসার জন্ম কলকাতার হাসপাতালে যথাসময়ে আসতে পারে না কোন রকম সংযোগ সেই এলাকার মানুষের সংখ্য নেই। দ্বিতীয়তঃ বৃহত্তম যে স্বার্থ জড়িয়ে আছে সেটা বাগজোলা ড্রেনেজ স্কীম যেখানে প্রায় 20126 হাজার সংলাদেন আছে. সেই সমুহত জুমি ঐ বাগজোলা জ্বেনজ ক্যানেল না হওয়ার জন্য, যথাযথভাবে খাল থেকে জল না তুলে দেবার জন্য ওখানে যে ১০ ১১৫ হাজার বিঘাতে বোবো ধানের চাষ হয়েছে তা নন্ট হতে চলেছে। এরও স্কুট্র বাক্থা করা একান্ত প্রয়োজন। তৃতীয়তঃ, জনসাধারণের সঙ্গে সংযোগ রেখে চললে আবো যেটা গ্রুছপূর্ণ প্রশেষেপে আমরা এগিয়ে যেতে পারবো এবং যাক্তফ্রন্ট সরকারের পক্ষে অভানত কার্যকরী হবে সেটা হচ্ছে সাধারণ মান্য শ্ধুমাত্ত সমর্থনই করবে না, তারা রিসোসেসি অর্থাং যুক্তফুন্টের এই বাজেট পরিকল্পনা কার্যকরী কবতে যে রিসোসেসের দরকার হবে সেই রিসোসেসের স্তুগ্লি তরা বলে দেবে। রাজারহাট কেন্দ্রে আমি জান্দি প্রচুর পরিমাণে রিসোসেস তাছে যেখানে মাত্র ৬ জন মান.ষ. আমি তাদের নাম বলে দিতে পারি ধীরেন বোস, আনন্দ চক্রবতী, নির্মাল ৰাণ্যাল, লতিফ মোল্লা, স্কুমার মিত্র এবং ছবি বিশ্বাস, সিনেমা আক্রির, যিনি মারা পিরেছেন, এই ৬ জন ভেড়িদারের অধীনে প্রায় ৩০ হাজার ২ শত বিঘা জমি আছে যারা সুদীর্ঘ ২২ বছর ধরে রনামে দখল করে আছে এবং সেই জমিগনি আইনের ফাঁকে জলা জমি করে রেখেছে। বিগত কুজনেটর আমলে আমরা সেই সব জমিতে চাষ করিয়েছিলাম এবং দেখেছিলাম সেগনিল শালা জামতে পরিগণিত হতে পারে। সেগনিল শালা জাম হলে সরকার তা রেকর্ড করবেন এবং রেকে করলে সেগনিল ঐ ভূমিহীন কুষকদের মধ্যে বিলি বণ্টন করা সম্ভব হবে। যাদ এই ভিমগনিলকে, ৭৫ বিঘা করে রেখে বাকী জমিগনিলকে ভূমিহীন এবং গরীব কুষকদের ধাে দেওয়া যায় তাহলে মান্বের হাতে জমি আসবে, তারা প্রভাকশন করতে পারবে, ফলে তাদের য়েক্ষমতা বাড়বে এবং যুক্তফণ্ট সরকারের যে বাজেট পরিকলপনা সেটাকে তারা যথেঘট পরিমাণে দাহায্য করতে পারবে। স্বভাবতঃই সাধারণ মান্বের স্বংর্থে কিছ্ব করতে গেলে তাদের সঙ্গো করে সম্ভত ক্ষেত্রেই এগিয়ে চলা উচিত। এছাড়াও আগামী দিনে আরে॥ যদি সম্ভব যে তাহলে বহু কিছ্ব বলার অপেক্ষা রেখে বাজেটের এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের সম্থ ল

[12-12-10 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাতঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থামন্ত্রিমহাশয় ১৯৬৮-৬৯ সালের যে সাপ্লিমেন্টারী এম্টিমেটের অ্যাপ্রোপ্রিয়েসন বিল আমাদের সামনে উপস্থিত ুরেছেন তাকে আমি সমর্থন করছি এবং এ সম্পর্কে আমার কিছু বন্ধব্য রাখছি। আমরা দেখাছ এটা যেন একটা রাহিতে পরিণত হয়েছে যে প্রথমে বাজেট, তারপরে রিভাইজড বাজেট, তারপরে আবার সাহিলমেন্টারী বাজেটে একটা বিরাট অধ্ব প্রভাক বছর আনা হয় এবং এ সম্পর্কে এর ্রেও বহু আলোচনা, সমালোচনা হয়েছে। এবারে ৫২ দফায় ১১৮ কোটি ৮৩ লক্ষ ৪৭ হাজার ৩০৭ টাকা আমরা কালকৈ মঞ্জার করেছি যদিও আমরা জানি যাল্লফ্রন্ট সরকাবের এতে কোন দায়িত্ব নেই কেন না এটা আগেকার সরকার করে গেছেন, তাহলে এরকম ধবনের একটা মোটা অঞ্চ প্রত্যেকবার রিভাইজড বাজেটের পরে বার বার আসবে এটা আমরা কখনও সমর্থন কবতে পারি না। যদিও এটা বেআইনী নয় ভাহলেও আমরা মনে করি একটা গণভালিক বাডের পক্ষে এটা অগণতান্তিক। আমরা এখনে বাজেট পাশ করলাম তারপরে আবার ঘবে বসে স্মাপ্লমেন্টারী বাজেটে, আগে বিধানসভার কোন সম্মতি না নিয়ে ১১৮ কোটি টাকা আহিরিক খুরচ করে ফেললাম এটা অগণতান্ত্রিক। অবশ্য একে মঞ্জার করতে হবে, কোন উপায় নেই কিল্ড এবাও বলবো যুক্তফ্রন্ট সরকাব ভবিষাতে যেন এদিকে একটা লক্ষ্য রাখেন। কারণ এতে হয় কি আলে থেকে যে ব'জেট তৈরী হয় তার সম্বন্ধে আমাদেব অক্ষমতা প্রকাশ পায়, এতে এটি থেকে যায়। সেজন্য বিচার বিবেচনা করে যেন বাজেট তৈরী হয়। রিলিফ খাতে, ফেমিন খাতে, সমাজ উল্লয়ন খাতে ৫২ দফার কোন খাতেই বাদ দেওয়া হয় নি একেবারে যেন সাধারণ বালেটের মত সব ভায়গায় অতিরিক্ত খরচ করা হয়েছে। সেজনা আমি এ বিষয়ে বিশেষ ভাবে সর্বাবের দান্তি আকর্ষণ করছি। আমি আর একটি বিশেষ জব্বী বাপোরে সরকারের দুণ্টি আকুর্যণ কর্বাছ সেঠা হচ্ছে গত বছর উত্তর বংশা বন্যা হল, দক্ষিণ বংশা বন্যা হল, তার জন। যদি বেশী ট্রাক্ খরচ হয়ে থাকে তাতে কিছা বলার নেই কিন্তু অনেক জায়গায় এমন টাকা খরচ হায়ছে যাব হান্য স্থানিকারের আমাদের আপত্তির কারণ আছে। আপনাবা জানেন গত বছর আমাদেব স্থায়ি মহক্মায় একটা বিধরংসী বন্যা হয়েছিল সে সম্পর্কে আমি এখানে দু'-একটি ঘটনার কথা উল্লেখ করবো। আমি দেখছি এখানে ১৩ কোটি টাকা খবচ কবা হয়েছে কিল্ড মাননীয় অধ্যক্ষহাত্রশ্য আমি আপনাকে বলবো যে ১৯৬৭ সালে কাঁথি মহকুমায় বিরাট বন্যা হয়, কাঁথি মহকুমা ভেসে যার, হাজার হাজার মান্য গ্রহীন হয়েছে, গর্ বাছ্ব জিনিসপ্য হারিয়েছে ৪ ার শতু ফুল ঘর ভেঙ্গে ভামিসাং হয়েছে, অতান্ত দুঃথেব বিষয় যে আজ পর্যন্ত সেখানে পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি। উত্তরবঙ্গের একজন মাননীয় সদস্য বললেন যে ১৫ থেকে ২০ টাকা ঘর ভাংগাব জন্য সাহাষ্য করা হয়েছে। কাথি মহকুমাতেও ঠিক এই রকম বাবস্থা, একটা ঘব ভেগে যাওযায় যার দ্র'-তিন হাজার টাকা নন্ট হয়েছে, সেখানে মাত ১০।১৫ কি ২০ টাকাব বেশী একে দেওয়া হয় নি। আজকে হাজার হাজার মান্য সেখানে গ্রহীন হয়ে আছে, তৈওলপত দেই, গ্রহ বাছার মারা গিয়েছে, সেখানে প্নর্বাসনের কোন বাবস্থা হয় নি। যে রিলিফেব বাবস্থা হয়েছিল

সেখানে বি ডি ও অফিসগর্নেল দ্র্নীতির কেন্দ্রে বসে ছিল, যারা লোন পেয়েছে তাদের ১০-১৫ টাকা করে দিতে হয়েছে তবে ৫০ টাকা তারা ঋণ পেয়েছে। এ সম্বন্ধে বহু দরখাস্ত সরকারের কাছে এসেছে অথচ সব চাপা পড়ে আছে। এনফোর্সমেন্ট থেকে সেখানে গিয়ে এগুলির তদ্তু করছেন, না চাপা পড়ে আছে এটা মাননীয় মুখার্মান্তমহাশয় একট্র তদন্ত করে দেখবেন। বি ডি ও সম্বন্ধে বহু, অভিযোগ এসেছে কিন্তু সব চাপা পড়ে আছে। তা ছাড়া, অধ্যক্ষ মহাশ্যু আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং সংশিল্ভ বিভাগীয় মন্তিমহাশয়ের দুড়ি আকর্ষণ করছি একটি বিষয়ের, সেটা হল গতবারে বন্যাবিধন্ত অগুলে ছাত্রদের বেতন মকর সম্পর্কে। আমাদের মাননীয় রাজ্যপাল বারবার প্রতিশ্রুতি দিয়েছেন, রেডিয়ো মারফত ঘোষণা করা হয়েছে, সংবাদপত্র মারফত ঘোষণা করা হয়েছে, কনফারেন্স ডেকে বলা হয়েছে যে সেখানে ১৯৬৮ সালের ডিসেম্বর পর্যন্ত ছাত্রদের বেতন মকুব করা হবে কিন্তু ১৯৬৮ সালের মার্চ পর্যতে টাকা মঞ্রী গিয়েছে বাকী নয় মাসের টাকা বহু স্কুলের ছাত্ররা বেতন বাবদ দিতে পারছে না, অভিভাবকরা বিপন্ন অবস্থায় রয়েছে, কলেজের ছাত্ররা প্রায় দেড় বছর টাকা দেয় নি ধার জন্য তাদের পরীক্ষা বন্ধ হয়ে গিয়েছে, টেস্ট দিতে পারছে না, মহা সমস্যা সেখানে সুডি হয়েছে। আমি শিক্ষামন্তিমহাশয়ের দূর্গিট আকর্ষণ করছি, বিশেষভাবে অর্থমন্তিমহাশয়েন দুষ্টি আকর্ষণ করছি, কাঁথির বন্যাবিধন্ত এলাকার ছাত্রদের ১৯৬৮ সালের ডিসেম্বর পর্যত্ত যে বেতন মকুব করার কথা ছিল, যদিও গভর্নর সেটা ঘোষণা করেছেন, তাহলেও এই সরকাব যথন প্রাক্তন সরকারের অনেক দায় দায়িত্ব নিচ্ছেন তখন এই দায় দায়িত্ব তাঁরা নেবেন। হয়ত বলবেন আমাদের টাকা কোথায়, কেন্দ্র টাকা দিচ্ছে না কিন্তু আমি বলবো অন্যান্য ব্যাপারে যেমন কেন্দ্র থেকে টাকা আনতে হবে তেমনি কাঁথির এই হাজার হাজার ছাত্ত-ছাত্রীর, যারা বিপন্ন অবস্থায আছে তাদের সম্বন্ধে বাবস্থা করবেন। তারপরে গতবারে টেস্ট রিলিফের জন্য অনেক টাকা মঞ্জার হয়েছে, কিন্তু সরকারের ঢিমেতেতালের জন্য কোন কাজ হয় নি। কাঁথি মহকুমায় রাস্তা-ঘাট সব নত্ট হয়ে গিয়েছে, সেই জন্য এক্ষণি স্টেট রিলিফের জন্য প্রচুর পরিমাণে টাকা মঞ্জুর করতে হবে এবং সঙ্গে সংগ্য গ্রনিমাণ, স্কুল গ্রগালির প্রনগঠন এবং শিক্ষকরা যে বিপন্ন অবস্থায আছে তাদের দিকে দুভিট দেওয়ার জন্য আমি শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। তা ছাড়া বন্যাবিধনত অঞ্জল স্থায়ী বন্যা নিয়ন্ত্রণেব জন্য একটা বাবস্থা করা দুরকার। আমরা জ।নতে পেরেছি যে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশন মেদিনীপার জেলায় স্পার্হী বন্যা নিয়ন্ত্রণের জন্য ১৬ কোটি টাকা মঞ্জুব করেছেন সেজন্য আমি মুখামন্ত্রিমহাশয়ের দুন্টি আকর্ষণ কবছি যে সেই টাকা দিয়ে যাতে কাঁথি মহকুমার স'বণরেথাব বাঁধ, খাগদা কেসিন দুগদা বেসিন, কেলেঘাই নদী, কণ্টাই বেসিন, এই সব জায়গায় প্রতোক বছব বন্যা হয়, আন্ত লক্ষ লক্ষ টাকা বিলিফের জনা সাহায। কবি, স্থায়ী বন্যা নিয়স্ত্রণেব যাতে দুতে বাবস্থা গ্রহণ করা হয় এবং কেন্দ্র থেকে যাতে টাকাটা আসে তার বাবস্থা করতে আমি মাননীয় মুখামন্তিমহাশুয়কে অন্রোধ করছি। তা ছাড়া আর একটি ব্যাপারে আমি তাঁর দ্ভিট আকর্ষণ করছি সেটা হচ্ছে গতবারে নানা কারণে এক একজন লোক দুইে, তিন, চারটি করে লোন নিয়েছিল ধান ন্টে হওয়াব ফলে তারপরে ১৯৬৮ সালের আম্বিন মাসে আবাব ব্লিট্র ফলে তাদের সব ফসল নণ্ট হয়ে গিয়েছে।

সেখানে ব্যাপকভাবে সাটি ফিকেট দেওয়া হসেছে, কোক করবার বাবংথা হয়েছে, কাকেই মুখামন্দিমহাশায়েব দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলন্দে সেখানে নির্দেশ দেওয়া দরকার। তাঁবা একটা নীতি নিয়েছেন বনাবিধন্দত অঞ্চলে ঋণ আদায় বন্ধ থাকবে। কিন্তু আমি বলছি যাবা ঋণ দিতে পারবে তারা পর্ণভাবে বা আংশিকভাবে দিক, কিন্তু যাবা অক্ষম তাদের গব্বাছার নিলাম করে, ক্লোক করে যেন ঋণ আদায় করা না হয়। তারপর ইন্ডান্ট্রিতে থরচ করা হছে। কিন্তু আমরা দেখছি হাওড়া যেটাকে শিলপনগরী বলা হয় সেখানে হাজার হাজার শ্রমিক ছাঁটাই করা হছে। আমি দৃষ্টি আকর্ষণ করবার জন্য ২।১টি ঘটনা এখানে বলছি। নাাশনাল আয়বন আনন্দ সন্দ ইন্ডান্ট্রিজ বহুদিন থেকে বন্ধ হয়ে বয়েছে এবং দেখানে ৫ হাজার কম্বী ছাঁটাই হয়েছে, তারা কোন কাজ পাছে না। এর সংশ্য বহু স্মল ইন্ডান্ট্রিজ জডিত বয়েছে যেখানে বহু সান্য প্রভাইড করা হয় সেগ্লোও বন্ধ হয়ে য়ছেছ। বিজ্ঞ আনন্দ রয় ক্রেছপানী যারা

ওয়াগনের অর্ডার পায় সেটাও বন্ধ হয়েছে। কাজেই আমি হাওড়ার দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সাণ্লিমেন্টারী বাজেটে কোটি কোটি টাকা বরান্দ হয়েছে এবং আমাদের অর্থমন্তিমহাশয় আমাদের সামনে যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমি এই আবেদন রাথছি যে, যে সমস্যাগ্র্লির কথা আমি বললাম তার প্রতি তিনি যেন দ্বিট দেন। এই কথা বলে আমি আমার বস্তব্য শেষ কর্মছি।

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, আমি অত্যন্ত দুঃখিত যে বিরোধী দল আজ এখানে উপস্থিত নেই এবং তাঁদের বস্তব্যও আমি কিছু শুনতে পেলাম না। বিরোধী পক্ষের বন্তব্য যখন কিছ, শ্নতে পেলাম না তখন সেদিক থেকে জবাব দেবার কিছ, নেই। সরকার পক্ষের মাননীয় সদস্যেরা এখানে নানা কথা বলেছেন। একটা কথা আপনারা মনে রাখবেন এই বাজেট হচ্ছে সাম্লিমেন্টারী বাজেট অর্থাৎ ইতিমধ্যে যে টাকা খরচ করা হয়েছে এবং ৩১শে মার্চ পর্যন্ত যে কয়টা টাকা খরচ হবে তার উপর বাজেট—এটা আগামী বছবেব বাজেট নয়। মাননীয় সদস্যেরা নিশ্চয়ই নানা রকম দাবী দাওয়ার কথা তুলবেন, কিন্তু আমি তাদের অনুরোধ করব সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে বা বিভাগের সঙ্গে যোগাযোগ করে ভবিষ্যতে ্রাদের এলাকার নানা রুক্ম উন্নয়ন কাজ যাতে হতে পারে আমি উভয় তরফের সদস্যদেবই বর্লাছ তাঁবা সেই চেন্টা কর্ন এবং আমরাও আমাদের আর্থিক সংগতির উপর নির্ভার করে তাঁদের সেই বিষয়ে সাহায্য করব। অনেকে নিজ নিজ এলাকা সম্বদ্ধে যা বলেছেন আমি বিস্তৃতভাবে সে সম্বন্ধে কিছু বলছি না। এখানে হাওড়া, মেদিনীপরে এবং উত্তরবংগরে বন্যার কথা হয়েছে। এইসব জায়গায় যে বন্যা হয়েছে সেখানে প্রথমে রিলিফের ব্যাপারে যে ব্রুটি-বিচ্যুতি হয়েছে সেগ্রাল উল্লেখ কর্বোছ। কেউ কেউ বলেছেন ভবিষাতে যেন বন্যা নিয়ল্যণের বাবস্থা করা হয়। এগুলি আমাদের সমরণে আছে এবং আমবা আমাদেব সংগতি অনুসারে চেন্টা করব। আমাদের স্কুরবনের সদস্য বাঘের কথা বলেছেন। স্কুরবনের রয়েল বেণ্গল টাইগার যদিও মান্ত্র খায় কিতে সেটা আমাদের গোরবের জিনিস, তাকে নিঃশেষ করা চলবে না। যাঁরা মধ্য বা কাঠ কাটতে থাবেন তাঁদের উপযান্ত ব্যবস্থা করে, সংগাঁ নিয়ে, শিকারী নিয়ে যাওয়া দরকার। সান্দরবনের াঘ্মেরে ফেলা ঠিক নয়। মাননীয় সদস্য রবনি মণ্ডলমহাশয় ৩২ দফা কর্মসূচীর কথা পলেছেন। তিনি নিজেই স্বীকাব করেছেন এটা আগের সরকারের বাজেট কাজেই যুক্তফুন্ট স্বকাবের ৩২ দফা কর্মাসাচী এখানে ফুটে উঠতে পারে না। আমরা পবে যখন বাজেট করব তথন সেটা সেইভাবে দেখব। আমি আর বিশেষ কিছু না বলে শুখু এটাকু বলছি যে, গঠনম লক বাজ যা বলেছেন সেগালি আমাদের মনে থাকরে এবং শাধ্য আমরাই মনে রাখতে চাই না তাঁরাও এটা ফলো আপ করে সংশ্লিষ্ট বিভাগের সংশ্র যোগাযোগ করে নিজের এলাকার উর্য়তি কর্ন। এর বেশী আমার আর কিছু বলার নেই।

[12-10—12-12 p.m.]

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the West Bengal Appropriation Bill, 1969, be taken into consideration was then put and agreed to

Mr. Speaker: There are no amendments to Clauses 1 to 3, Schedule and Preamble.

Clauses 1 to 3

The question that Clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule and Preamble

The question that the Schedule and the Preamble do stand part of the ${\bf Bill}$ was then put and agreed to.

Shri Ajoy Kumar Mukhopadhyaya: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 12-12 p.m. till 1 p.m. on Monday, the $17th\ March,\ 1969,\ at\ the\ Assembly\ House,\ Calcutta.$

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 17th March, 1969, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 24 Ministers, 3 Ministers of State and 217 Members.

[1-1-10 p.m.]

Adjournment motion

Mr. Speaker: I have received notice of an adjournment motion from Shr Jagadish Chandra Sinha on the subject of an alleged statement by Shri Satyananda Bhattacharyya in reply to an alleged statement of Hon'ble Minister Shri Jyoti Bhattacharyya regarding the use of arms. I have withheld consent.

Kumar Jagadish Chandra Sinha:

আপনার পার্রামসান নিয়ে আমি যে মোশানটার নোটিশ দিয়েছিলাম সেটা পড়ছি।

Under rule 59 of the rules of procedure and conduct of business in the West Bengal Legislative Assembly I have given notice of an adjournment motion which runs to this effect: That the business of the House do now adjourn to discuss a definite matter of recent occurrence and of public importance, namely, a speech delivered by Naxalite leader Shri Satyananda Bhattacharyya that arms for arms and blood for blood in reply to the reported speech of Shri Jyoti Bhattacharyya, a Minister, in the presence of Shri Jyoti Basu, Deputy Chief Minister, that U.F. will place rifles at the hands of responsible students to crush the Naxalites. The statement and the counter-statement are openly inciting violence and civil war which is prejudicial to the interest of the State.

স্যার, আপনি কাগজে নিশ্চয় দেখেছেন যে, এই রকম ইরেসপর্নাসবল স্টেটমেন্ট যদি মন্তিমংহাদয়রা করেন তাহলে দেশকে ও'রা কোথায় নিয়ে যাচ্ছেন, এই প্রশেনর জবাব মন্তিমহাশয়কে দিতে হবে।

Mr. Speaker: I will not allow you to speak on the motion. You have just read your motion, and that is enough.

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: The Minister in charge of the Home (Police) Department will please make a statement on the subject of reported stabbing of a worker of A.V.B. Project at Durgapur—called attention by Shri Haradhan Ray and three others, on the 13th March, 1969.

Shri Jyoti Basu: Sir, in reply to the calling attention notice of Sarbashree Haradhan Ray, Sunil Basu Ray, Bamapada Mukherjee and Lakhan Bagdi regarding the death of Shri Anath Bandhu Das, a worker of A.V.B. Project at Durgapur, I would like to make the following statement:

Shri Anath Bandhu Das, an employee of A.V.B. Project, Durgapur, and some other employees while returning from 'B' shift duty on 11th March, 1969 at 00.05 hours were attacked with daggers, swords, lathis, bombs, etc. near the administrative building of A.V.B. by a gang of miscreants. As a result of the attack four persons including Shri Das and one Shri Parimal Sarkar sustained

injuries and they were immediately sent to hospital. The injuries of Shri Das and Shri Sarkar were grievous. Two other injured persons were discharged after giving first aid. Shri Anath Bandhu Das succumbed to his injuries on the early morning of 11th March, 1969. Over the incident Durgapur P.S. case No. 32, dated 11th March, 1969 under sections 147, 148, 149, 304, 307. I.P.C. and 6(3) of the Explosive Act has been started. So far four persons have been arrested, out of them three belong to I.N.T.U.C. Efforts are being made to round up the remaining accused persons. Immediate police action brought the situation under control. Mobile patrol and armed pickets were introduced after the incident and these arrangements are being maintained.

Mr. Speaker: I have received three notices of Calling Attention on the following subjects, namely:—

- (1) Clash between a group of local people and the employees of Hindusthan Construction Company at Durbachak, near Haldia—from Shri Kalipada Mondal.
- (2) Resignation of Vice-Chancellor of Jadavpur University--from Shri Kalipada Mondal.
- (3) Missing of one Mrs. Sushila Biswas, a patient of T.B. Ward of Durgapur Steel Plant Hospital—from Shri Kalipada Mondal.

I have selected the notice of Shri Kalipada Mondal on the subject of clash between a group of local people and the employees of Hindusthan Construction. Company at Durbachk, near Haldia.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Jyoti Basu: On the 28th.

Shri Kripasindhu Saha:

মাননীয় স্পীকার স্যার, দেশের মান্থ গত ৯ই ফের্য়ারী বাংলা দেশ থেকে কংগ্রেসকে বিতাড়িত করেছিল। বাংলাদেশের মান্থ স্বস্থিতর নিঃশ্বাস ফেলেছিল—কিন্তু কিছ্বিদন যাবত বাংলাদেশের বিভিন্ন জায়গায় যে মশার উপদ্রব দেখা দিয়েছে তাতে বাংলাদেশের মান্য এবং ছাত্ত সমাজের বিধা ঘটেছে। তাদের পড়াশনা বন্ধ হবার উপক্রম হয়েছে। সেইজনা মান্য একথা বলছে যে আমরা যেমন বাংলাদেশ থেকে কংগ্রেসকে বিতাড়িত করে বাংলাদেশকে বাঁচিয়েছি তেমন যক্তফ্রন্ট মন্ত্রীদের কাছে আবেদন যে তাঁরা যেন বাংলাদেশের মান্যকে এই মশার হাত থেকে বাঁচান। সেইজনা আমি স্বাস্থামন্ত্রী মহাশ্রকে অনুরোধ করবো যে, যাতে বাংলাদেশের মান্য ভালভাবে শান্তিতে বাস করতে পারে তার জন্য যেন অবিলন্ধে ব্রুম্থা গ্রহণ করা হয়।

শ্রীমতী আজা মাইতি: মাননীর দ্পীকার মহোদয়, আজকে স্টেটসম্যান পত্রিকায় দেখলাম যে উড়িষায় মাছ ধরতে গিয়ে পদ্চিম বাংলার ১০৯ জন ধীবর গ্রেণ্ডার হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় মংস্য মন্ত্রীকে অনুরোধ করছি যে তাঁরা উড়িষ্যা সরকারের সংগ্য কথাবার্তা বলে যাতে তাদের মুক্তি হয় তার বাবদ্থা কর্ন। কারণ বিশেষ করে পশ্চিম বাংলাল মেদিনীপ্র জেলার জেলেরা বেশীরভাগ সময় ওখানে মাছ ধরতে যায়। যদি কোন ইরেগ্লারিটি হয়ে থাকে সেটা সম্পর্কে আলোচনা করে তাদের মুক্তির ব্যবস্থা কর্ন।

শ্রীনেশালচন্দ্র রাম : মাননীয় স্পীকার মহোদয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার দন্টি আকর্ষণ করছি ষেটা আমার বন্ধ, দ্রী সিংহ দিয়েছেন। আমরা দেখতে পাছিছ গত শনিবাব নকশালাইটরা একটা মিটিং করে কয়েক হাজার লোক ইউনিভারসিটি এলাকায় গিয়ে যেন একটা মৃদ্ধে জয় করেছেন এবং সেই এলাকা সম্পূর্ণভাবে তারা করায়ত্ব করেছে। নেতৃস্থানীয় ব্যক্তিবা তাদের ষেভাবে উম্কান দিছেন তাতে করে এই জিনিস দিনের পর দিন বেড়ে চলবে এবং বাংলা-দেশে লেখাপড়া বন্ধ হয়ে যাবে। আমি অনুরোধ করবো প্রিলশ মন্দ্রীকে যাতে করে এই

ভিনিসকে আর এগতে না দিয়ে সকলে মিলে বসে তাদের সংগ্য একটা ফয়সালা কর্ন। আমবা থবর পেলাম যে তারা তাদের প্রতিশোধ নেবেই, তারা একেবারে বন্ধপরিকর এবং ছোট ছে । ছেলেরা রয়েছে নকশালপন্থীদের মধ্যে বেশীরভাগ। তাই আমি বলবো অন্প বয়সের ছেলেদেব সংগ্য কোন মান অভিমান না করে আপনারা নিজেরা বসে একটা আপোধ কর্ন যার ফল ভা হবে এবং ইউনিভারসিটি চলবে। কলকাতার ব্কের উপর যদি ইউনিভারসিটি না চলে তালেলাদেশের ছেলেদের পড়াশ্না হবে নাা। এইজন্য খ্ব গ্রুড় দিয়ে আমি অন্রোধ করছি যে আপনারা এর একটা মীমাংসা কর্ন তা না হলে আজকে আপনারা করবেন, কালকে ওরা করবে পরশ্ব দিন আর একজন করবে। ফলে ছেলেরা ইউনিভারসিটিতে যেতে পারবে না এই অবস্থা চলবে।

শ্রীপারালাল মাঝি: মাননীয় পশীকার মহোদয়, আমি আপনার মাধামে একটা বিশেষ সাম্প্রতিক ঘটনার প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। উদয়নারায়ণপুর থানায় ১০টি টিউবওয়েল আছে, তাতে কোনটাতে দিনের বেলায় ইলেকট্রিক থাকে না, কোনটাতে রাহ্রিবেলা ২।৩ ঘণ্টা থাকে। সব সময় বন্ধ থাকে যার ফলে হাজার হাজার বিঘা জামিতে বোরো, আই, আর, তাইছুং নত্ট হয়ে যাছে, চাষীদের সর্বনাশ হছে। ওথানে বোরো বাঁধ হয়েছে হুগলী জেলায়, তার কন্টান্টর ছিলেন কংগ্রেস কমী। যুক্তফ্রন্ট গভর্নমেন্ট হবার পর সেই কন্টান্টের কাজ শ্রু করেন এবং অধিকাংশ টাকাটাই মাবা গিয়েছে। যার ফলে বাঁধটা ভাল হয়় নি এবং জল আসছে। এর ফলে ঐ এলাকার তিন হাজার একব জামর ধান নন্ট হতে বসেছে। অবিলম্বে যদি এর প্রতিকার না হয় তাহলে দেশের খাদাসমস্যাব দিক থেকে ক্ষতি হবে এবং সঙ্গো সংগ্র চাষীদেবও সর্বনাশ হবে। সেইজনা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এর এন্টা যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করেন।

[1-10—1-20 p.m.]

Shri Abdul Latif Mohamed:

মিঃ দপীকার স্যার, আমি গতকাল আমার এলাকা চণ্ডীতলায় গিয়েছিলাম। সেখানে বহন্
ভায়গায় অভিযোগ শন্নলাম কেরোসিন তেল নেই। কেন্দ্রীয় বাজেট লোকসভায় যেদিন পেশ
হল তারপর থেকে কেরোসিন বাজার থেকে উধাও হয়ে গিয়েছে। আগে য়ে যার খ্রিশমত দামে
বিক্রি করিছিল। এখন একটা দাম বে'ধে দেওয়া হয়েছে। কিন্তু এখন আর তেল পাওয়া য়চ্ছে
না। সেইজনা সংশিল্ডী মন্দ্রিমহাশয়কে অন্রোধ করিছি য়তে গ্রামাণ্ডলে কেরোসিন তেল
কন্ট্রোল প্রাইসে পাওয়া য়ায় তার বাবস্থা কর্ন।

Mr. Speaker: Please be short.

শ্রীকৃষ্ণগোপাল বস্: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধহয় জানেন কাল থেকে এখানে পরীক্ষা শ্রে হছে। অনেক ছাত্রছাতী পরীক্ষা দেবেন। আমি বিশ্বস্তস্তে জানতে পারলাম কংগ্রেস দল এবং নকসালিস্টরা চতুদিক থেকে বোমা তৈরী করে একটা অসবস্থির স্থিট করছে। শ্রীনেপালচন্দ্র রায়—কোশ্চেন, কোশ্চেন।) নেপালবাব্ এদের নেতৃত্ব দিছেন। আমি স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রীকে অন্রোধ করছি যে তিনি যাতে এ ব্যাপারে অবহিত হন এবং উপযুক্ত ব্যবস্থা অবলন্দ্রন করেন।

Laying of Rules and Reports

West Bengal Beedi and Cigar Workers (Conditions of Employment) Rules, 1968.

Shri Krishnapada Ghosh: Sir, I beg to lay the West Bengal Beedi and Cigar Workers (Conditions of Employment) Rules, 1968.

স্যার, বিভি এবং সিগার সম্পর্কিত কোন আইন এখনও পর্যন্ত ছিল না। আমি র্ল তৈয়ারী ক'রে হাউস-এর সামনে রাখছি গ্রহণ করবার জন্য

I beg to submit that the rules be adopted in this House.

Annual Report on the working and affairs of Durgapur Projects Ltd. for the year 1967-68.

Shri Sushil Kumar Dhara:

মাননীয় অধ্যক্ষ মহাশ্র, আমি আপনার অন্মতি নিয়ে ১৯৬৭-৬৮ সালের দ্রগাপ্র প্রোজেট লিমিটেডের বার্ষিক প্রতিবেদন পেশ করছি।

Annual Report on the working and affairs of Durgapur Chemicals Ltd. for the year 1967-68.

Shri Sushil Kumar Dhara:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে ১৯৬৭-৬৮ সালের দুর্গাপুর কেমিক্যালস লিমিটেডের কার্যাবলীর ৫ম বার্ষিক প্রতিবেদন পেশ করছি।

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

Mr. Speaker: Now there will be discussion on Governor's Address. Mr. Abdus Sattar may please speak.

Shri Abdus Sattar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর সরকার পক্ষ যে ধন্যবাদস্চক প্রস্তাব এই হাউস-এ এনেছেন প্রকৃত প্রস্তাবে সেটা একটা নিন্দাস্চক প্রস্তাব এটা র্লস-এর কন্ডান্ত অফ বিজনেস ইন দি হাউস—১৬(৩) ধারা অনুসারে আনা হয় নি বলে আমি র্ল ১৮ অনুসারে এর একটা আন্মন্ডমেন্ট এনেছি এবং তাতে বলেছি যে শেষ অংশট্কু যেটা নিন্দাস্চক প্রস্তাবের মধ্যে ঢোকান হয়েছে সেটাকে ভিলিট করা হোক। আমি আশা করব বিধান পরিষদে যে প্রস্তাব গ্রহণ করা হয়েছে এখানে সরকার পক্ষের সদসারা সেটাকে গ্রহণ করে একটা স্কুন্দর এবং প্রকৃত ধনাবাদস্চক প্রস্তাব এই হাউসে গ্রহণ করবেন। আমি জানি না, তবে আমার মনে হয় আজ এই হাউসে যেভাবে ধনাবাদস্চক প্রস্তাব আনা হয়েছে সেরকম প্রস্তাব প্থিবীর ইতিহাসে কোন গণতান্তিক রাণ্টে এর কোন নজীর নেই। এই নজীর প্রথম যুক্তফ্রন্ট সরকার রাখলেন—অর্থাৎ এক ন্তন ইতিহাস দ্ণিট করলেন।

শ্রীবারিক্সনারায়ণ রায়: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, বক্তা বলছেন ১৮ ধারা অন্সারে আমেন্ডমেন্ট আনছেন। কিন্তু সেই ১৮ ধারায় বলছে

Amendment may be moved to such a motion. He may add additional words at the end but not otherwise.

অর্থাং অ্যাড করতে পারেন, বাদ দিতে গেলে সেটা ১৮ ধারা অন্সারে আসে না। অতএব এটা আউট অফ অর্ডার করা হোক। Mr. Speaker: That has been declared to be in order.

সেজনা তিনি বলছেন।

শ্রীকাবদ্র সান্তার: আমার বন্ধরে র্লস সম্বন্ধে জ্ঞান কম। আজ এই যে নজীর তারা স্থিত করলেন সেটা সম্পূর্ণ গণতন্ত্রীবরোধী। সরকার পক্ষের যেসমস্ত ভাল ভাল আইনজ্ঞ আছেন তাঁরা আইনের বিভিন্ন ধারা দেখিয়ে বলেছেন গভর্নর যে ভাষণ রেখেছেন তাতে ২।৩ পরিছেদ তিনি বাদ দিতে পারেন না। আমার আইনের যে সামান্য জ্ঞান আছে তাতে আটিকেল ১৭৬ যদি দেখা যায় তাহলে দেখা যাবে গভর্নর এই হাউস ডাকার রীজনসটা স্টেট করবেন। অর্থাৎ এই হাউস ডাকার কারণ কি, লেজিসলেচার-এর প্রোগ্রাম কি এবং সরকার পক্ষের কি নীতি আছে এবং কি নীতি সরকার পক্ষ অন্সরণ করবেন সেসব গভর্নর জানাবেন। কিন্তু যেটা ইর্নেলিভেন্ট সেখনে

Governor has got the discretion to exclude those portions

স্তরাং গভর্নর এই যে বাদ দিয়েছেন সেটা করার সম্পূর্ণ তিনি অধিকারী আছেন। রিসেন্টাল একটা প্রবন্ধ বেরিয়েছে— যেখানে সরকার পক্ষ বলছেন ছাড়া অন্যায় হয়েছে, র্লস বিরোধী হয়েছে, আমরা বলছি অন্যায় হয় নি, ঠিক হয়েছে। ইরেগ্লার পোর্সন যেগ্লো আছে ভাষণের মধ্যে সেগ্লোকে এক্সকুড করার অধিকার তাঁর আছে। ১৫ই মার্চ অম্তবাজার পতিকায়— পাওয়ারস আন্ডে ডিউটিজ অফ গভর্নরস একটা প্রবন্ধ বেরিয়েছে। সেটা আপনারা দেখবেন।

[1-20—1-30 p.m.]

প্রবন্ধটি লিখেছেন রাজস্থানের এক্স চিফ জাস্টিস শ্রীসরয্প্রসাদ। গভর্নর যেভাবে তাঁর ভাষণ দিয়েছেন সে সম্বন্ধে তিনি তাঁর মতামত দিয়েছেন। স্যার, তিনি একজন এক্স চিফ জাস্টিস, তিনি আমাদের সভার কোন দলের লোক নন, তিনি সেখানে পরিষ্কারভাবে বলেছেন যে অন ৭৬ অনুসারে

Governor has only to state the reasons for summoning the Houses.

সেখানে গভর্নর যে অংশটা ইরেলিভেন্ট সেটা যদি ছেড়ে দিয়ে থাকেন

Governor has got the right to do that. In my opinion the Governor would exercise wide discretion in leaving out of his address the irrelevant matters. The address is supposed to guide the Legislature in the pursuit of legislative programme of the Government and it would be therefore unwise to encumber his address by reference to entirely irrelevant issues which have nothing to do with the policy and programme of the State Legislature and may be calculated to mislead the Legislature itself. Such an omission, in my view, is consistent with exercice of a wise discretion by the Governor.

সত্তরাং একজন এক্স চিফ জাস্টিস যিনি বিচার নিয়ে ছিলেন একজন জত্বিস্ট, আমার মনে হয় এই সভায় যাঁরা আছেন কি সরকার পক্ষ, কি বিরোধী পক্ষ, তাঁদের চেয়ে বেশী তিনি আইন নিয়ে ছে'টেছেন, তাইন নিয়ে চচ্চা করেছেন। তাঁর আইনজ্ঞান লামার মনে হয় যে কোল সাল্যা অপেক্ষা বেশী।

মিঃ স্পীকার: আপনি এসব কি বলছেন? আমরা এটা মনে করবো কেন যে তাঁর জ্ঞান যে কোন সদস্য অপেক্ষা বেশী? এখানকার সদস্যরা জ্ঞানীগুণী জেনে রাখুন।

শ্রীজাবদ্দে সাত্তার: স্যার, যিনি একজন এক্স চিফ জাশ্চিস, যিনি একজন জর্বিস্ট, যিনি আইন নিয়ে আছেন, এটা অন্যের মনে হতে পারে অন্য কিছু, কিন্তু আমি মনে করি এখানে যাঁরা চিংকার করছেন তাঁদের চেয়ে তাঁব জ্ঞান বেলী।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসানস)

Shri A. H. Besterwitch: Sir, on a point of privilege.....

(Noise and interruptions)

I stand on a point of privilege. I have not given it in writing but I will do so.

Mr. Speaker: You are entitled to do that but the honourable member is on his legs now. I will call you in due time.

(Noise)

Shri A. H. Besterwitch: Sir, the honourable member has just said that the Chief Justice is above the House. This is a breach of privilege of the House. (Noise) I shall give that to you in writing.

Mr. Speaker: Please let him continue.

শ্রীজাবদনে সাত্তার: স্যার, এই হিসাবে আমি নিবেদন করবো

Governor is not only the Constitutional figurehead.

স্যার, আর্টিকেল ১৬৩ অনুসারে মন্ত্রিমণ্ডলীর অ্যাডভাইস নিয়ে যেমন তাঁর কাজ করার বিধান আছে তেমনি ঐ আর্টিকেল ১৬৩-র নীচে বলা আছে যে তিনি কতকগর্মাল ব্যাপারে তাঁর ডিসাক্র-সন ইউজ করতে পারেন এবং সেই হিসাবে তিনি তাঁর ডিসাক্রসন একটা ম্যাটারে হবে কি হবে না সে সম্পাদের কার তাঁর আধকার আছে এবং তিনি যে সম্পাদত নেবেন আর্টিকেল ১৬৩ অনুসারে তাঁর সিম্পাদতটা ফাইনাল। সেই হিসাবে আমি বলবো তিনি তাঁর ভাষণের যে অংশ-ট্র্কু ছেড়ে দেওয়ার অধিকার তাঁর আছে এবং সেটা সংবিধানসম্মত এবং গণতল্বকে হত্যা করেন নি। তিনি যদি সেই কথাগ্লি বলতেন তাহলে আমি বলতাম যে গভর্মর সংবিধানবিরোধী কাজ কবতেন। তাই গভর্মর সংবিধানবিরোধী কাজ করেন নি, অন্ততঃ তাঁর একটা ডিউটি ছিল ট্ সেভ গার্ড কনস্টিটিউসন আদেড হি সেভ গার্ডেড কন্মিটিউসন। স্যার, রাজ্যপাল যে ভাষণ রেখেছেন সেই ভাষণের মধ্যে সবচেয়ে দ্বংথের সংগ্রামি বলছি যে পঞ্চায়েড সম্বাধ্যে তিনি একটা কথাও বলেন নি। স্যার, সংবিধানের আর্টিকেল ৪০ অনুসারে সেখানে নির্দেশ আছে

"The State shall take steps to organise Village Panchayets and endow them with such powers and authority as may be necessary to enable them to function as units of Self-Government."

স্যার, আমাদের পঞ্চায়েত বিভাগের পঞ্চায়েত মন্ত্রী আছেন কিন্তু স্বচেয়ে দুঃখের বিষয় যে যখন এই ভাষণ মন্দ্রিমণ্ডলী তৈরী করেন তখন পশ্চায়েত মন্দ্রী যেধ হয় ওয়াজ আব্দেশ্ট এবং পণ্ডায়েত মন্ত্রী যে কেন আছেন তা আমরা কেউ ব্রুতে পার্রাছ না। গ্রাম পণ্ডায়েতের যে নীতি সেটা হচ্ছে সেখানে বয়স্কদের ভোটে গ্রামসভার সভারা নির্বাচিত হন এবং নির্বাচিত হবার ফলে তাঁবা সেখানে নির্বাচিত প্রতিনিধি। পঞ্চায়েতকে যে সমস্ত অধিকতর ক্ষমতা দেওয়া হয়েছিল ১৯৬৭ সালেব পর থেকে আন্তে আন্তে সেই সমস্ত ক্ষমতা যুত্তফুন্ট স্বরকার কেতে নিজ্জেন। সংবিধানে একটা বিধান আছে সেখানে পঞ্চায়েত সম্বশ্ধে বলা আছে যে পঞ্চায়েত নিৰ্বাচিত প্রতিনিধিদের ম্বারা গঠিত এমন একটা সেল্ফ গভর্নমেন্ট হবে, এমন একটা ইউনিট হবে যেখানে রাস্তার কাজ, শিক্ষা স্বাস্থা, সব কিছুর দায়িত্ব তাদেব উপর পড়বে এবং তারা স্বয়ংসম্পূর্ণ একটা ইউনিট হবে। মহাত্মা গান্ধীর স্বংন ছিল যে গ্রামকে চারিদিক থেকে স্বয়ংসম্পূর্ণ করতে হবে এবং গ্রামকে সেই স্বয়ংসম্পূর্ণ কবার জনাই আজকে কমিউনিটি ডেভালপ্রেন্ট প্রোগ্রাম পঞ্চা-য়েত প্রোগ্রাম। আজকে গ্রাম যদি অবহেলিত হয় গ্রামের দিকে না তাকাই, গ্রামের যদি উন্নতি না হয় জাহলে বাংলাদেশের কোন উন্নতি হবে না। তাই তাজকে গ্রামকে সজীব করতে হবে। গ্রামেব প্রতিটি জিনিস বৈজ্ঞানিক পন্ধতিতে বাডাতে হবে, গ্রমের রাস্তা-ঘাট থেকে আরুভ করে শিক্ষা, সব কিছুরে সম্বন্ধে প্রোগ্রাম নিতে হবে! আজকে পঞ্চায়েতে কংগ্রেসের লোক থাকতে পারে **ীকন্ত আমি বলবো আজকে ও'রা সরকার পক্ষে গিয়েছেন, একদিন আসতে পারে যারফ্রন্ট**

ভোটের ন্বারা নির্বাচিত হয়ে পণ্ডায়েত প্রধান হতে পারেন। যদি গণতন্ত থাকে তাহঙ্গে আজকে পণ্ডায়েতে কংগ্রেস আছে আর একদিন যুক্তফ্রন্ট এখানে আসতে পারে। যেখানে ডেমোক্র্যাসি, গণতন্ত আছে, সেখানে এ জিনিস হবেই হবে. এটা কারো পৈতৃক জমিদারী নয়, এ জিনিসা হতে বাধা। আমি বলবো আজকে পণ্ডায়েতের মেয়াদ প্রায় শেষ হয়ে এসেছে, পণ্ডায়েতের মেয়াদ চার বছর হয়ে গিয়েছে, আবার নৃত্নভাবে নির্বাচিত হবে। আমি শুনেছি পণ্ডায়েত আইন পরিবর্তন করা হবে, কি ভাবে পরিবর্তন করা হবে তা এখনও জানি না, আজকে এই ভাষণে পণ্ডায়েত সম্বশ্বেধ তাব কোন নির্দেশ নেই। এই যে গ্রাম পণ্ডায়েত, অণ্ডল পণ্ডায়েত, আণ্ডলিক পরিষদ জেলা পরিষদ আছে এই সমস্ত পণ্ডায়েতের মাধ্যমে আমার মনে হয় জেলাভিত্তিক, থানাভিত্তিক, গ্রামভিত্তিক সব উন্নয়নমূলক কাজ করার দরকার এবং করা উচিত।

[1-30-1-40 p.m.]

এই ব্যাপারে যেসমুহত অফিসার আছেন তাঁরা সাহ।যা করবেন। কিন্তু দুঃখের বিষয় আজকে গভনতের যে ভাষণ ভাতে তিনি পঞ্চায়েত সম্বদ্ধে একটি কথাত বলেন নিন্তানি না পঞ্চায়েত মনতী যিনি এই বিভাগের দায়িছে আছেন তার প্রাপ্থ্য বোধহয় দুর্বল সেই হিসাবে ভি.ন পণায়েত বিভাগকে দূর্বল করে রাখতে চান। সেই জন্য আমি বলব এটাফে সভাবি করতে ২০০০ আমি মাননীয় পঞ্চায়েত মন্তিমহাশয়কে বলবো যে আপনার হাতে এটার দায়িত্ব প্রচেছে, আধান গান্ধীবাদী লোক, মহাত্মা গান্ধীর যে স্বংন ছিল আমি আশা করবো আপনার হাতে পড়ে পণ্ডায়েত আবার নৃত্নভাবে নৃত্ন চেহারা নিয়ে নৃত্ন রূপ নিয়ে দেখা দেবে। স্যার, যুক্তফুন্টের আমূলে ১৯৬৭ সালের কথা নিশ্চয়ই অনেকের মনে আছে। রাজাপাল তাঁর ভাষণে যেসমুখ্ত কথা বলেছেন কিম্বা যেসমুহত বর্তমান স্বকারের পালিসির কথা বলেছেন এবং বাংলাদেশকে বি ভাবে গড়া যায় বলৈছেন তা সম্পত্ই নিভ'র করছে বাংলাদেশের ল' আন্ত অডারের উপর । মনি নাংলাদেনে শানিত্র, থেলা না থাকে ভাইলো সমস্ত গলানি প্রেরাম কোন কাজে আসবে না। তাই আজকে যেটার সবচেয়ে বেশী গুভাব এই যুক্তফ্রন্ট সরকারের আমলে সেটা হচ্ছে নিরাপ্তার অভাব। জনজীবনে আজ কোন নিবাপত্তা নেই। সারে, আপনি জানেন যে যাৰুফুল্ট সরকার গদিতে আসান পর ঘেকেই এই কলকাতার বুকে কিভাবে পর পর ঘটনা ঘটে চলেছে। আজকে নকশালপ থবীবা কালেকাটা ইউনিভাবসিটির ভাইস চ্যান্সেলারকে ঘেবাও করেছেন, তাঁরা তাঁকে কনতেমভা করেছেন। স্যার এই নকশালপন্থাবি কে না এই নকশালপন্থীবা হচ্চে ঐ বাম কমিউনিস্ট পার্টির সূখ্টি। আজকে বাম কমিউনিস্ট্রা নকশালপন্থীদের কাছ থেকে আঘাত প্রেলেড বলে তাদের পায়ে লে।প্রছে। নক্ষ লগেও। এর রাম কমিউনিন্টদের মরে। কোন পাথকি। নেই। তাই আমি বলবো যে নকশালপন্থীদেব স্ত্তির মত্তল হল্চে ঐ বাম কমিউনিস্ট পর্টেট। তারা সহয**়** ঘ চায়। আমরা এই আমেমবলী হাউমে বসার আগে এখানকার সবচেয়ে বড় শবিত সেই দ্বল্য যিনি সেক্টোবী তিনি বঞ্জাকর বিশ্লবের কথা বলেছিলেন, কারণ তিনি পালামেন্টার তে মত সতে বিশ্বাস করেন না। তিনি পভাবিকে সমান কৰাৰ কথা ব্**ৰেছিলেন। সা**ৰ, আমৰা আগোগোড় বলে আসছি এখনও বলছি নকশালপন্থীই কব্কে বা নাম কমিটনিস্ট কব্ক কিংবা যাস্তুফুন্টের যে কোন শরিক করাক এই ঘেরাওটা ইল্লিগ্যাল, অবৈধ, এই ঘেরাও আমবা কখনও সম্বান ক'ব না। সে নক্ষালপ্থা ক্যুক, বাম ক্মিউনিস্ট ক্যুক ক্ষিত্র যাক্ত্রেন্ট্র যে কোন শ্রিক কর্ক আঞ্জে যে ঘেনাও কবা হায়েছে সেই ঘেরাওটা ত'দের উপর বামেরাং হয়ে এসে প্রভেছে। এই ঘেরাও তাঁরা ইন্টোডিউস করেছিলেন, এই ঘেরাও তাঁদের একটা বৈধ আন্দোলন।

এই ঘেরাও সম্বন্ধে আমাদের বস্তব্য হচ্ছে নকশালপনথীরা ভাইস চ্যান্সেলরকে যে ঘেরাও করেছে আমবা তাকে কনডেম কবছি এবং এই ঘেরাও নকশালপনথীরা কর্ক ব' যে দলই কর্কে এবং এমন কি ছাত্র পরিষদ যদি ঘেরাও করে তাহলেও আমরা তাকে কনডেম করব কারণ আমপা ঘেরাওয়ের মধ্যে নেই। তবে যে কারণের জন্য তারা লড়াই করছে তার যৃত্তিসংগত কারণ আছে। যুত্তিসংগত কারণ থাকলেও একথা বলব যে, দাবী আদার করার জন্য নকশালাইটরা যে পথ নিয়েছে সেই পথ আমরা কখনও সমর্থন কবি না। সারে আজকে নকশালাইটকেব এবং বাম কমিউনিস্টনের মধ্যে একটা ভ্রানক অবন্ধা চলছে। বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এই জিনিস আগেও ছিল অর্থাং অনেক গণ্ডগোল হয়েছে, অনেক মারামারি হয়েছে, কিন্তু এই নজীর কখনও ছিল

না যে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের শ্বারা কেউ নিহত হয়েছে। স্যার, যুক্তফ্রন্ট সরকারের আমলে সেই নজীর স্থি হোল। সেখানে ঘেরাও হয়েছে, মারামারি হয়েছে কিন্তু তা সত্তেও পর্লিসকে যেতে দেবে না কারণ অপবিত্র হবে। অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের পবিত্র প্রাণ্গণে যদি পর্নালস যায় ভাংলে সে জায়গা অপবিত্র হবে। তাঁদের হাতে ল' অ্যান্ড অর্ডার মেনটেন করবার ক্ষমতা রয়েছে অথচ গুল্ডার দল ১টা ৩০ মিনিট থেকে ভাইস চ্যান্সেলরকে ঘেরাও করে রেখেছে আর একটি দল তারা দিনের বেলায় যায় নি, সন্ধ্যা সাড়ে সাতটার সময় গেল এবং দেখা গেল ছাত্র নয় এমন লোক সেখানে গিয়ে মারামারি করেছে বোমা নিক্ষেপ করেছে। বিশ্ববিদ্যালয়ের প্রাণগণে পর্লিস গেলে অপবিত্র হবে, কিল্ড গর্ন্ডার দল গিয়ে যদি ওইভাবে ঘেরাও থেকে উদ্ধার করে ভাহলে বিশ্ববিদ্যালয়ের প্রাণগণ কি অপবিত্র হয় না? আমি তো এই জিনিসের কোন যুক্তি ব ঝতে পার্রাছ না। বাইরে থেকে এই যে লোক আমদানী করা হয়েছে এটা থেকে একটা ইণ্সিত দিচ্ছে যে, যুক্তফুন্ট সরকারের বড় শরিক বাম কমিউনিস্ট পার্টি গ্রেষ্ট্র চায় বলে তাঁরা পুলিসকে নিশ্বিয় করেছেন এবং তার বদলে বিশ্ববিদ্যালয়ের মধ্যে অন্য লোক চ্যুকিয়ে বোমা নিক্ষেপ করিয়েছে, মারামারি করিয়েছে। এই জিনিস বৃহস্পতিবার ঘটে। কৃষ্ণপদ রায় যিনি মারা গেছেন তাঁর সম্বন্ধে প্রথমে শুনেছিলাম তিনি একজন ছাত্র। কিন্তু তারপর দেখা গেল সে ছাত্র নয় সে বাম কমিউনিস্ট দলের একজন সক্রিয় সদস্য, লেখাপড়ার সঙ্গে তাঁর কোন সম্পর্ক নেই। ক্ষপদ রায় যিনি মারা গেছেন তার জন্য আমি দুঃখিত। কিন্তু ওই ধরনের লোক আমদানী করে যথন বোমা ছোড়াছ,ড়ি করা হচ্ছে, এসিডের বোতল ছোড়া হচ্ছে তথন আপনাব কাছে আমাব নিবেদন হচ্ছে এটা একমাত গৃহয় "ধ বা সিভিল ওয়ারের সূচনা ছাড। আর কিছা নয়। কৃষ্ণপদ রায় রাস্তাব উপরে মারা গেছেন। পর্বলিস বিশ্ববিদ্যালয়ের প্রাণ্গণে চ্বকতে পারে নি ঠিক। তবে আমার প্রশ্ন হোল কৃষ্ণপদ রায়কে যারা রাস্তার উপরে হত্যা করেছে তাদেব ধবতে প লিসকে কে নিষেধ করেছিল? আজকে রাস্তার উপরে এই জিনিস ঘটছে, মানুষেব জীবন চলে যাচে অথচ প্রলিস নিজিয়। তারপর কফি হাউসে লুঠ হোল। আমবা দেখলাম আধ ভজন মন্ত্রী কলেজ স্কোয়ারে গিয়ে বস্তুতা কবলেন এবং যুদ্ধের হুমুকি তলে তথামন্ত্রী বললেন ছেলেদের হাতে বন্দ্রক তলে দেওয়া হবে। তিনি একজন অধ্যাপক ছিলেন, কিন্তু আ্র তিনি সনকারের মন্ত্রী শলে এইভাবে ছাত্রদের উম্কানি দিচ্ছেন। তাঁর এই উম্কানির পর দেখা তেল ক্ষি হাউস লুঠ হয়েছে, সেখানে ছাত্রদের ধরে মারা হয়েছে, তারপর হিন্দু হোস্টেলে জিনিসপত্র তছনচ হয়েছে এবং সেখানেও ছাত্রদের মারা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রা:গণে কলেড স্ট্রীটে এটা ঘটে। আমি বলৰ যাত্তফ্ট সৰকাৰের বড় শ্রিক আৰু দি আৰেটসাঁ অভ ভিন শকারেন্স। তারিটে এটা লাগিয়েছে এবং এ বক্ষভাবে লাগারে। আজবে যে নকশালপন্থীদের কথা বুলা হচ্ছে সেই নকশালপন্থীদেব ভারাই ১৯৬৭ মালে সাঘ্টি আছিলন। নকশাল-প্রাংগীদের নর্মতা। লাক্ট্রন এবং অরাজকতার কথা কে না জানে। সেই অরাজকতা আভবে আনুত্র আবৃদ্ভ হয়েছে এবং আমি তাঁদের বলব যাদেব তোমরা স্থাণ্টি করেছিলে অ'জকে তারাই ব্যেবাং হয়ে তেঃমাদের ঘাডে চাপছে।

[1-40-1-50 p.m.]

যাক্ষ্ণটে সরকার যে অরাজকতা স্থিত করেছে, আমি বলবো, প্রালিস যদি কোন কাজে না আসে, বাদ শাঘাটে মেথানে ল্পুন চলে সেখানে যদি প্রালিস না যায় তাহলে প্রালিস থাতে এত টাকা আমবা কেন বহন করব ? প্রালিস উঠিয়ে দেওয়া হোক, তাঁদের স্বেচ্ছাসেবকরাই কাজ কর্ক। গোদিন আগেসদবলী বসল (যে হাউসেব মালিক হচ্ছেন আপনি, এখানে আপনার ইণ্ণিত ছাড়া কিছা হবে না) সেদিন কি হল ? আমরা যারা এই হাউসেব সভা, ঘবের মধ্যে ত্রকবাব সময় প্রাণে সেলিলাসেবকবা আমাদেব একজামিন কর্বেছিল। এই জিনিসে গণ্ডতে কোথায় আছে ? সেদিন স্থান গণ্ড মহাশ্য গণ্ডতে আনক বাগো করলেন। আজকে ভাকদের হাতে বত্তক কলে দিচ্ছেন এটা কি গণ্ডতের সাক্ষমতালীর গোলা করলেন। আজকে ভাকদের হাতে বত্তক কলে দিন্তে তাহলে এটা কি গণ্ডতের লক্ষণ ? যদি বলেন প্রিলমেব দবকাব নাই, ঐ নকশাল-প্রথমী ও বামপন্থী কমিউনিস্ট এবং অনানা ছাত্রা মারামারি করবে, আর মন্ত্রমণ্ডলীর কেউ

র্ঘাদ বলেন ওদের হাতে বন্দ্রক তুলে দাও তাহলে কোথায় গণতন্ত? আমি বলব They want to murder democracy, they are the murderers of democracy. আমি আরও বলবো ঐ নকশালপন্থীদের শনিবার মিটিং হয়েছে হাজার হাজার নকশালীস্ট অস্ত্র-শুকু নিয়ে বোমা নিয়ে প্রসেশন করেছে, কলেজ স্ট্রীটে গিয়ে তারা বোমা ছ'রুড়েছে, আমরা দেখতে পেলাম সেই সমুস্ত গ্লেডাদের নকশালীস্ট হোক বা যেই হোক তাদের থামাবার ক্ষমতা হল না পর্লাসের। আজকে তারা রাস্তায় দাঁড়িয়ে চ্যালেঞ্জ করছে। এই নকশাল ইটদের লীড.র স্ত্রানন্দ ভটাচার্য এবং মন্ত্রী জ্যোতি ভট্টাচার্য পরস্পর পরস্পরকে চ্যালেঞ্জ জানাচ্ছে একজন বলছেন আমি তোমাকে দেখে নিচ্ছি, আর একজন বলছেন তোমাকেও দেখে নিচ্ছি। এই চ্যালেঞ্জের পরিণতি কোথায় ? এর পরিণতি হচ্ছে রক্তান্ত বিস্লব, আজকে এই রক্তান্ত বিস্লবের জনাই প্রম্পর প্রম্পর্কে চ্যালেঞ্জ জানাচ্ছে, তারা গ্রেযুম্ধ বাধাতে চাইছেন। মাননীয় মুখ্য-মল্বী মহাশয় এখানে নেই, আমি তাঁকে বলবো, মাননীয় মথামন্বী মহাশয় একবার গৃহয়,দেধর পদত্যাগ করার সঙ্কল্প করেছিলেন, সেই গৃহযুদ্ধ এসে পড়েছে। আমার বন্ধব্য শেষ করার আগে বলবো যুক্তফুন্টে যারা আছেন, মন্তিমন্ডলীরা, ছাত্রদের দিকে তাকান, তারাই ভবিষাতে আমাদের দেশের ভার নেবে, তাদের জীবন যদি এভাবে নম্ট হয় তাহলে তারা উচ্ছাংখল হয়ে যাবে, দেশ জাহাল্লামে যাবে, এই অরাজকতা থামাতে পারবেন না। তাই আমার নিবেদন ছাত্রদের দিকে ্রাকিয়ে ত দের জীবনের দিকে তাকিয়ে, তাদের সমুখ্য পথে চালান, তারা যাতে লেখাপড়া করতে পারে, মানুষ হয়, তার চেণ্টা করুন। একথা বলে আমার বন্ধব্য শেষ করছি।

Shri Benoy Krishna Konar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিধানসভায় নূতন এসেছি। পরিষদীয় নিয়ম কানুনে সম্পুকে এখন ৫ কেতাদ্বেসত হতে পারি নি। তাই বস্তব্য রাখার সময় ত্রুটি হলে নিজগুণে মার্জন। কর্বেন্। আমি আপনার মার্ফত সভার মান্নীয় সদস্য- যারা বাংলাদেশের কোটি কে টি সংগামী মানুবের প্রতিনিধি, গণতত রক্ষার সংগ্রামে নৃত্ন ইতিহাস যারা সৃষ্টি করেছেন তাঁদের আভি-নন্দর জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলেব তরফ থেকে রাজ্যপালের ভাষণের উপর ্যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার সমালোচনা করা হয়েছে। কেন না রাজ্যপালের ভাষণের দুটি প্যারা বাদ দেওয়ায় দঃখে প্রকাশ করা হয়েছে মোশনে। আমি আশ্চর্য হয়ে যাই মাননীয বিরোধী দলের সদস্যরা কি জনসাধারণের ভোটে নির্বাচিত হযে আসেন নি ২ তাঁবা রাজ্যপালের দয়ায় এখানে এসেছেন কিনা তাই আমি মাঝে মাঝে ভাবি। আমি জানি সাধারণ মান্যেব স্তা নির্বাচিত হয়ে এই বিধানসভায় এসে আমরা সবাই চেন্টা কববো যাতে সাধারণ মান্যেয়ব অধিকার আমাদের মারফত—অর্থাৎ বিধানসভায় সদসাদের অধিকার কি করে আরও বেশী সম্প্রসাধিত করা মুখু। কিন্তু অত্যুন্ত লজ্জার সংগে, ঘুণার সংগে আমি লক্ষ্য কর্বছি যে তাঁর। তা না করে একটা বেতনভুক কর্মচারীর ক্ষমতা যাতে বাড়ে তাব চেণ্টা করছেন। যে দুটি প্যারা বাদ দেওয়া হয়েছে- আমি আইনজ্ঞ নই, মাননীয় বিরোধী দলে অনেক আইনজ্ঞ আছেন, আমার পর্ববত্তী ব্রাও আইনজ্ঞ এবং তিনি ইতিহাস সম্বশ্ধে সচেত্ন আমি আইনের টপুকা-টপুকি কালি না--ত্রে আমি জানি গত ২ বছরের বাংলাদেশে একটা ন তন ইতিহাস তৈবী হয়েছে এবং বাজাপালের ভাষানের ঐ দুটি পাবেতে ঐ দু বছবেব ইতিহাসকে ধরে বাখাব চেণ্টা হংযতিল এবং সেই দুই भावः वाम मित्र के मुट्टे वहवरक आभारमव ज़िल्य रमवाव रहाहो दर्शांक्य आयाराव माटे वहव ছিল—তা না হলে আমরা এলাম কি করে? এলাম ঐ দুই বছরের জনা। গত ২১শে ন্বেম্বর এই বিধানসভাকে বাতিল করে আগেকাব মন্ত্রীদের বিগেড প্যারেড গ্রাউন্নেড মাথায় লাসি মেরে গণতল্পকে রক্ষা করার চেণ্টা হয়েছিল। আর আপনি এই বিধানসভার সদস্যদেব অধিকাব দততার সংখ্যা রক্ষা করছেন। এবং সেই সংখ্যা আপনাব পিছনে দাঁডিয়েছিল বাংলাদেখেব কোটি কোটি মান্য তা আমি জানি। কেন না আজকে গণতন্ত্র গণতন্ত্র বলে যাবা চিংকাব করছেন ান্দ্রে নিলভিজ্ঞার এমন কোন সতুর নেই যেখানে নাচাত্র পারে না⊸ মারা তাপনার বাত⁹ বৈয়া ফলেতে পাতে নাবা কোন না পি ডি আাতে লাগতে তেখনত বাবে নানা দালাল দিলা এই বিধানসভা চালাতেন। কিন্তু বাং**লাদে**শের মাঠে-ময়দানে, কলকারখানার লক্ষ লক্ষ মান্য সংগ্রাম করেছে আপনার মর্যাদা বন্ধা করবাব জন্য,—তাই তাদের **সাহস** হয় নি আপনাব গায়ে হাত দেবার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত দুই বছরের শাসন বাংলাদেশের মানুষের স্বাধে গণতন্ত্র রক্ষা করে নি। আমাদের দেশের মুণ্টিমেয় প্রেণী যারা বেশীর ভাগ জমি ও কলকারখানার মালিক, যারা জনসাধারণের জাঁবিকার জায়গা দখল করে বসে আছে, রাজ্যপালের শাসনে তাদেঃ স্বার্থ রক্ষা করা হয়েছে। আমি বর্ধমান জেলার লোক—কৃষক আন্দোলনের সপ্থে আমি জড়িত আমি দেখেছি কিভাবে একদিকে খাস জমি বিলে করে অন্যাদিকে প্রিলস ক্যাম্প বসিয়ে জোতদার দের ক্রা করার চেণ্টা করা হয়েছে। বাঁ-হাতে জাম দিয়ে ভান-হাতে পুলিস ক্যাম্প বসিয়ে কৃষকদের মারবার চেণ্টা করা হয়েছে। তাদের কিভাবে স্বার্থ কায়েছ করা হয়েছে প্রতিধ্বান্ধ দেখেছি। নানাভাবে কৃষকদের রুজিরোজগার কেড়ে নেবার ব্যবস্থা করা হয়েছিল।

[1-50-2-00 p.m.]

আমরা দেখেছি বর্ধমান জেলায় কল্যাণপুরে যে জামতে কোন বিরোধ ছিল না, মামলা ছিল না সেই খাস জামর ধান কাটতে গিয়ে পর্লিস কি করেছে—সেখানে গর্লি করে কুষক কর্মী সত পাকড়েকে হত্যা করেছে, কিন্তু বাংলাদেশের মান্য তার জবাব দিয়েছে। ওরা গণতল্রের কথ বলছেন, আমরা তো জানি গণতকা মানে জনসাধারণের তকা। আমি নির্বাচিত হওয়ার পর এক কংগ্রেস কর্মী ভোল বদলে আমার সংখ্য দেখা করতে এসে বর্লোছলেন "বিনয়বাব, যা হোল হেড আপান তো নির্বাচিত হয়েছেন ভালই হোল, দেখবেন আর গণ কমিটি যেন করবেন না।" আহি বললাম, আপনারা তো পোস্টার মেরেছেন—যদি গণতন্ত্র, আইন শৃঙ্খলা রক্ষা করতে চান তে কংগ্রেসকে ভোট দিন, কিন্তু লোকে তা মানে নি। সত্তরাং এবার আরো ভাল করে গণ কমি: করতে হবে, লোকে তো এরই জন্য ভোট দিয়েছে। এতদিন যে কমিটি ছিল সে কমিটি গণ কমিটি ছিল না, সে ছিল জোতদার, জমিদার, ঘ্যথোর, আমলাতন্ত ইত্যাদি এর কমিটি: মুণিটমেং উপরতলার কিছু কোটিপতি, তাদের কমিটি ছিল। বাংলাদেশের মানুষ তিন টাকা কিলো চাল খেয়েছে কিন্তু আমরা দেখেছি যে তিন-চার টাবা কিলো চাল খেয়ে বাংলাদেশের গাঁসের ন্যাণট মান্যগুলো আমাদের ভোট দিয়েছে। কংগ্রেসের একজন নেতা বলেছিলেন যে জনসাধারণ আই **हील लिकिशन म्होन्हे-७ इनएइ ना. ठिक राहै। कारशम लिक्स लारकता अरनक कथा वरनायह** কিন্তু অমারা দেখলাম যে মান্যের চেতনা বাংলা দেশে অনেক বেশী। তাই আমানের যাক্ত সরকারকে আগামী দিনে সিন্ধানত নেবার সময় মানুষের মেজাজ থেয়াল করতে হবে, মানুষে মেজাজকে শ্রন্থা জানাতে হবে। আমরা দেখেছি মান্য শূধ্য আজ অর্থনৈতিক স্বার্থের ক' চিন্তা বরছে না, মান্ত্র এইট্রেন বাবেছে যে হঠাৎ আজকে কজি নাম্প বছন হ'লে দীর্ঘনিন হ' জমিগ্রেলাকে জ্যোতদারের প্রকেটে দিয়ে দেবার পর, একটেটিয়া কোটিপ্রিদের সেরা ক্ষরার প্র দেশের সংকট সাণ্টি করবার পরা বেক্টেড্র সাণ্টি করবার পরা আছকে দেশের দেশের দেশের জনিকার জন্ম প্রথম ल्लाहकर महाराथन काना कररामिताराम हाताथ काल भएए। किन्तु नाल्लाहमान गान २ १ १ । १ নৈতিক শিক্ষায় শিক্ষিত হয়েছে। মাননীয় অধাক্ষ মহাশ্যু, তারা এইটুক ব্রেছে যে, য পর্যনত আমাদের দেশেব মানুষ জীবিকার মুন্টিমেয় জমিদার মহাজন আর কোটিপতি মালিকে যে কম্জা তা ভেপেে চরমার করে দেওয়া না যাচ্ছে ততক্ষণ পর্যন্ত আমাদেব মত কিছা লোকতে পাঠিতা দিয়ে তাদেব মৌলিক উন্নতি হবে না—এটা মানুষ আক্ত ব্ৰুৱেছে। তাই মৌলিব সমাধানের দিকে তাকিয়ে তারা শুধু কংগ্রেসকেই পরাজিত করতে চায় নি তাবা আব এক জিনিস চেয়েছে। তারা এটাক বাঝেছে যে কংগ্রেস নামটি হচ্ছে পাতল নাচের পাতল। পেছনে থাকে টাকা বিডলা জমিদারেব দল যারা প্তল নাচের কর্তা। তাবা একটা করে টান দেহ অমনি পত্তল নেচে উঠে এবং এই পত্তল দিয়ে জনসাধারণকে ভোলান হয় এবং পত্তলের চেহার যথন খারাপ হয়ে যায় তখন তাঁরা নতন পতুলই খাডা করে। পায়ের জ্বতো চকচকে থাকে যদক্ষণ জাতো পা রক্ষা করতে পারে, তভক্ষণ জাতোর পালিশ হয়, তারপর জাতোটা ছিপা গেলে তার আবু কোন আদর থাকে না। আজকে আমাদের দেশের টাটা বিডলা এইভাবে প্রা থেলা কবছেন নিজেদের স্বার্থবিক্ষার্থে এক যতক্ষণ তাদের নিজেদের স্বার্থ থাকরে ততক্ষণ ভার এইরকম খেলা করবে তারপর নিভেদেব স্বার্থবিক্ষার ক্ষমতা চলে গেলে তাবা নাতন লেকেং নিয়ে আসবে—এই খোদাবকা সাহেবাদৰ নিয়ে আসবে। কাজেই দেশের মান্য আজ ব্যুক্তি কংগ্রেস নয় আসল শত্র হচ্ছে এর পিছনে যারা এই কংগ্রেসকে নিয়ে খেলা করছে। যথন তার

কোন ম্নাফা দেখাতে পারবে না তখন তাঁদের ভাগিরে দিয়ে সেই সমস্ত কোটিপতিরা নতুন লোক আনবে। তাই আজ বাংলাদেশের মান্য আসল শত্রালাকে চিনতে চাইবে। আজ বাংলাদেশের মান্য আসল শত্রালাকে চিনতে চাইবে। আজ বাংলাদেশের মান্য আসল শত্রালাকে চিনতে চাইবে। আজ বাংলাদদেশের মান্য তারা শ্ধ্ গণতক্ম হত্যার বিরুদ্ধে সংগ্রাম করে নি, তারা জোতদার, জমিদার এবং যারা লাঠ করছে সেই সমস্ত শত্রদের বিরুদ্ধে সংগ্রাম করতে চাচ্ছে, সমস্ত শ্রেণীকে ঐক্যাম্থ করে। তাই কেন্দ্রের সংগ্রা রাজ্যের বিরোধের প্রশ্ন এসেছে—এটা পালামেন্টের সংগ্রা বিধানসভার বিরোধ নয়,—এই বিরোধ হচ্ছে আমাদের দেশের জনগণের সংগ্রা, একচেটিয়া প্রজিপতিদের, যারা ভাবে দেশকে বাধাহীন, বন্গাহীনভাবে মেটাতে হ'লে প্রত্যেকটা রাজ্যের স্বতক্ম অধিকারকে নণ্ট করে ক্ষমতার সমস্ত চাবিকাঠি দিল্লীর কবলে নিয়ে যাওয়া দরকার।

তারা প্রত্যেকটি রাজ্যের দ্বাধীন অধিকারকে নণ্ট করে সমস্ত চাবিকাঠি দিল্লীর কবলে নিয়ে গিয়ে দিল্লীতে বসে একচেটিয়া প'্রিক্সিতির রাজত্ব চালাতে চান। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কেন্দ্রের বির্দেধ সংগ্রামে বাংলাদেশের মান্য আশা করে আমরা আমাদের সমস্ত শ্রেণীকে ঐক্যবন্ধ করে বাংলাদেশের র্জি রোজগারের চাবিকাঠি ওথান থেকে আদায় করতে পারবো। বাংলাদেশের মান্য এটা ব্ঝেছে কোটিপতি, জমিদায়, জোতদারের সাথে তাদের যে মামলা, সেই মামলায় ছোট অদালতের রায় তারা দিয়েছে, এবং এখন বাংলাদেশের মান্য চায় বড় আদালতে এখানকার কলকারখানার শ্রমিকদের, ভূমিহীন চাষীদের বিষয় নিয়ে লড়াই চালাতে। আমাদের দেশের শতকরা পাঁচ ভাগ লোকের হাতে শতকরা ৬৪ ভাগ জমি আছে। তাই বাংলাদেশের মান্য চায় আজকে একে দখল করার জন্য সংগঠিত হতে এবং সেই সংগঠনের জন্য তারা আমাদের বিধানসভায় পাঠিয়েছে। এই যে ছোট আদালত রায় দিয়েছে, তা দিয়ে বলেছে, 'তোমরা বিধানসভায় গিয়ে সংগ্রাম করো আর সংগঠন তৈরী করো বৃহৎ লড়াইয়ের জন্য। প্রকৃতপক্ষে সই লড়াইকে জারদার করার জনাই বাংলাদেশের মান্য আমাদের পাঠিয়েছে।

(এই সময় নীল বাতি জনলে উঠে।)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় সংক্ষিণ্ড। আমি বলতে চাই আজকে যেভাবে বিরোধীপক্ষ জনসাধারণের দাবী দাওয়ায় বিগলিত হয়ে উঠেছে, তাতে বলতে হয় তারা মান্ত্রেকে ভল চিনেছে। তারা ভল করছে। এই যে ঐতিহাসিক শিক্ষা তার থেকে তারা কোন শিক্ষা গ্রহণ করে নি। ইতিহাস থেকে মানুষের চেতনা হয়, বিচার করতে পারে, কিন্তু আজকে বাস্তব অবস্থায় দেখছি, তাদের সে চেতনা হয় নি। ওরা ভেবেছে, এসব কথা বললেই জনসাধারণ ওদের সমর্থন করবে। কিন্ত তিন টাকা কিলো ঢালের কথা তো বলেছিল, কিছ, হয় নি। আজকে বেকারদের ঢাকুরির বিষয় বলছে। ওরা বলেছেন লড়াইয়ে ওরা আমাদের সহযোগিতা করবেন। আমি কামনা করছি, পারবেন। আমরা যদি ঐক্যবন্ধ কোন সংগ্রাম করি, যদি বাংলাদেশের মানুষ চায় ঐক্যবন্ধ রেগুলেসন পাশ হোক এখানে, তাদের পক্ষ তাতে কি সমর্থন করতে পার্বেন? কিন্ত তারা পারবেন না, কারণ তা করলে তাঁদের চাকরি চলে যাবে। বড বড় লোক তাদের স্বার্থ দেখবার জনা এখানে ওনাদের পাঠিয়েছে। সেইজনা তাঁদের পিছনে পয়সা খরচ করেছে। সেইজনা আজ তারা দরকার হলে নকশালিস্টদের পর্যন্ত কাজে লাগাবেন। ঐসব বড় বড় লোকের স্বার্থ রক্ষা করা চাই। বাংলাদেশের মান্য সংগ্রামে যুক্তফ্রট সরকারের কুতিছ দেখতে চায়। সে সম্প্রের্ আমি আশা করব মন্তিমন্ডলী সচেতন থাকবেন। তাঁদের রাজনৈতিক চেতনা, তা আরও উধের নিয়ে যাবেন এবং সীমাবন্ধ ক্ষমতার মধ্যে দুনীতিমক্ত যতটকু করা সম্ভব করবেন। এই কথা বলে বাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের উপর সমর্থন জানিরে আমি আমার বক্তবা শেষ করছি।

[2-2-10 p.m.]

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, I am a newcomer to the meetings of this Assembly, not conversant with its ways and conventions. I therefore seek your indulgence and, through you, the indulgence of the honourable members of this House to what I may say.

At the very outset I wish to convey my gratitude to the people of Kharagpur who have returned me, a member of the minority community, to this Assembly rejecting by an overwhelming majority a stalwart of the Communist Party of India, Shri Narayan Choubey. Sir, the people, of West Bengal have sent us here to this temple of democracy to look after their welfare, to protect and safeguard their interests, to ameliorate their grievances and to alleviate their sufferings. It would be an act of treachery, a downright betrayal of the confidence reposed on us by the people of West Bengal if we do not act in the manner they want us to and if we fail to take positive steps to safeguard their interests and to improve their lot

Sir, West Bengal has enough of its problems. There is the problem of unemployment, poverty and hunger. We have the problem of food and industry. There is also the problem of refugees, the minorities, the scheduled castes and scheduled tribes. Above all, there is the problem of law and order that is posing a serious threat to the very existence of parliamentary democracy in this State.

Sir, in this connection I beg to refer you to the incidents that have taken place in Calcutta in the University of Calcutta in College Street, at Haldia and at Krishnagar. Nothing can be more disgraceful than this. Sir, it would be futile and no useful purpose would be served by wasting out time and energy over trifling matters, matters that would lead us nowhere. In the larger interests of the State, may I therefore appeal to the honourable members of this House, irrespective of their party affiliations, to put their heads together, do their bit to do something for the welfare of the State and for the people who look upon us for succour and relief. The Leader of the Congress Opposition has already given a categorical statement on the floor of this House that Congress would lend its wholehearted support to all matters to improve the lot of the people and to help the Government of the day. May I now request the Hon'ble Chief Minister to kindly give us the concrete proposals of his Government *nd to tell us how they wish to solve these problems and also let us know what kind of co-operation they require from the Congress and in what way. I reassure them on the floor of this House that such co-operation will be forthcoming in abundance.

Sir, speaking about my own constituency, Kharagpur, I shall make some submissions. You are aware, Sir, Kharagpur is one of the biggest railway colonies in India. It has to its credit the Indian Institute of Technology, the Airforce Station at Kalaikunda, and one of the biggest railway workshops in India. While we see progress and development everywhere it is a curious paradox that such an important town has not figured in the Fifth Five-Year Plan of this State. While I do not hesitate to accuse my own Government who was in charge of the administration of Bengal, people of Kharagpur will not spare their former representative to this August Assembly since 1957, who had failed to champion the cause of the people of Kharagpur, and simply bluffed them. Sir, Kharagpur is divided into two sectors. One is looked after by the South-Eastern Railway. The employees of the South-Eastern Railway residing in this area have a number of problems. Sir, I am aware that this is not the proper place where we can discuss problems relating to the Centre. So I would only seek an assurance from the Hon'ble Chief Minister that when such problems relating to the railway employees are brought to his notice he would not hesitate to take them up with the Ministry of Railways. After all, these railway employees residing within the Railway settlement are the bona fide citizens of the State of West Bengal. The area outside the Railway Colony is being looked after by the Kharagpur Municipality. This Municipality was created and constituted in the year 1954. No planned improvement has been possible all these years. There are no proper roads, no drains. We were given to understand that the previous Government have drawn a master plan for the improvement of this town. I don't know what the fate of that master planwill be in the hands of the present Government. Sir, you would be surprised to know that Kharagpur with a population of about 2 lakhs has no civil hospital of its own. There is no place where the people of Kharagpur in their distress can run for succour and relief. There is another important point to which L would like to invite attention of this Government, through you, Sir, that there is no water supply arrangement of the Municipality. The only source of water supply to which the people of Kharagpur depend are a few wells and tanks which go dry during the summer months, as a result of which the people of Kharagpur suffer a lot. The Hon'ble Chief Minister of West Bengal is fully aware of the problems of Kharagpur. While he was in the Congress he assured the people of Kharagpur that he would look into these problems. Now that he is at the helm of affairs, will it be too much to expect from the Hon'ble Chief Minister that he will look into these problems and try to redress their grievances? Sir, the other day the Hon'ble Deputy Chief Minister while replying to the debate on supplementary demands assured the Congress members of this House that if problems relating to their constituencies were brought to the notice of the Government, his Government would not hesitate to remove those problems

May I, Sir, as a test case place the case of Kharagpur in the able hands of the Hon'ble Deputy Chief Minister and expect that he will look into the matter and do something as he promised on the floor of the House? Sir, I have gone through the address of the Governor very carefully. Unfortunately, there is no assurance in that address to the people of Kharagpur. I, therefore, oppose the motion of thanks.

Thank you.

[2-10-- 2-20 p.m.]

শ্রীঅহণিদ্র মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত কয়েকদিন যাবত মাননীয় রাজাপালের ভাষণের উপর যে ধনারাদজ্ঞাপক প্রশ্নতাব এসেছে তার উপর সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের মাননীয় সদসারা যে বিতকের স্টুনা করেছেন সে সম্পর্কে আমি সামান্য কিছু বলতে চাই। রাজ্যপাল দুটো অনুক্ষের বাদ দিয়ে পড়েছেন, আমার মনে হয় সংসদীয় শাসনততের ইাতহাসে এরকম নালোর পথিবার খ্র কম দেশেই পাওয়া য়াবে এবং এটা আনেকটা ইচ্ছাকৃতভাবে সংসদীয় গাবততের ক্ষেত্রে একটা সঙ্কট সূচ্ছি করবার অপচেন্টা বলে আমি মনে করি। আমানের নাশ্চয়ই মনে আছে যে যখন আমারা শাসনতক্ত গ্রহণ করি তখন বৃত্তিশ পালামেন্টারী রাতিনীতি অনুসারে করা হবে তৎকালান নেতাদের পক্ষ থেকে এইরকম আন্বাস দেয়া হয়েছিল। তখনকার কানিচটিউয়েন্ট আনেসজার যে কার্যবিবরণী সেই বিবরণী পড়লে বৃঝা যাবে যে পান্ডত নেহের, পান্ডত আনেবদকর, গোপালাব্যামী আয়েন্ডার, ডঃ রাজেন্দ্র প্রসাদ ইত্যাদি আরো যাঁরা ছিলেন সেদিনকার সংবিধান প্রভাদের যাঁরা অন্যতম প্রধান তাঁদের মধ্য থেকে আমাদের পণ্ডত নেহের, ১৯৪৬ সালে ১৩ই ডিসেন্বর ডিফেন্স অফ অবর্টেন্টভস এই অনুচ্ছেদ থেকে তার একটা বক্তরা পড়ে দেন্দাছি। তিনি বলেছেন একটা উদাব আন্বাস ভারতবর্ষের কোটি কোটি মানুবের সামনে লিখে দেওয়া হচ্ছে সংসদীয় গণতক্তের ক্ষেত্রে জনসাধারণের প্রচুর দ্বাধানতার অবকাশ থাকবে বিশেষ করে স্টেটিনলর ক্ষেত্রে বলছেন হারাই......

"While we may lay down or agree with you that the measure of freedom must be the same in the States as elsewhere, personally I should like a measure of uniformity in regard to the apparatus and machinery of Government. Nevertheless, that is a point to be considered in co-operation and consultation with the States. I do not wish, I imagine this Constituent Assembly will not like to impose anything upon the States against their will. If the people of a particular State desire to have a certain form of administration, even though it might be monarchical, it is open to them to have it.

The House will remember that even in the British Commonwealth of Nations today Eire is a Republic and yet in many ways it is a member of the British

Commonwealth. So it is a conceivable thing. What will happen I do not know. But there is no incongruity or impossibility about a certain different form of administration in the States, provided there is complete freedom and responsible government there and the people really are in charge. If monarchical figure-heads are approved of by the people of a particular State, whether I like it or not, I certainly would not like to interfere".

বেখানে এতবড় কথা বলা হচ্ছে, এমন কি কোন ফিগারহেড বদি পিপল চয়েজ করে নেয় সেখানে তিনি ইন্টারফিয়ার করবেন না, সমগ্র দেশের পক্ষ থেকে যেখানে এই উদার আশ্বাসবাণী ছড়ান হচ্ছে সেখানে আমরা দেখতে পাচ্ছি গত ২০—২২ বছর ধরে এই আন্বাস এবং প্রতি-শ্রতিকে কিভাবে সংবিধানের বিকৃত ব্যাখ্যা করে অথবা দলীয় স্বার্থে তাকে ব্যাখ্যা করে ধাঁরে ধীরে ধরংস করে দেওয়া হচ্ছে। এর একটা কারণ আছে, তাঁরা সেদিন ভেবেছিলেন যে কংগ্রেস শাসনক্ষমতায় চিরকাল থাকবে এবং শাসনতান্তিক ক্ষমতার সুযোগ থেকে সমাজজীবনে রাজ-নীতির সমাজজীবনে রশ্পে রশ্পে তাঁদের সেই শাসনতান্ত্রিক ক্ষমতার অপবাবহার করে দলীয় স্বার্থে এবং তাদের যারা সমর্থন জানাবেন সেই সব লোকেদের স্বার্থে এই সাসনতা ক্রিক ক্ষমতাকে ব্যবহার করে তাঁদের ভোট নিয়ে চিরকাল তাঁরা আসতে পারবেন এই রক্ষ একটা ধারণা তাঁদের ছিল। কিল্ড যখন দেখা গেল যে জনসাধারণ তাঁদের সেই ধারণাকে উলটে দিতে শুরে, করেছেন তথনি তাঁরা তাঁদের সেই আগেকার প্রতিপ্রতি ভূলে গিয়ে কি করে সেই সমূহত শাসনতন্তের বিকৃত ব্যাখ্যা করে এবং নিজেদের দলীয় স্বার্থে যতটাকু প্রযোজ্য ঠিক সেই রকম-ভাবে ভিন্ন ভিন্ন স্পেটাএ ভিন্ন ভিন্ন রকম ব্যাখ্যা করে তাঁরা সেই সংবিধানকে ধাঁরে ধাঁরে হত্যা করতে আরম্ভ করলেন। গত ১৯৬৭ সালের সাধারণ নির্বাচনে বাংলা দেশের মানুষ বে রার দিয়েছিলেন তার উপর হৃহতক্ষেপ করলেন বাংলা দেশের রাজ্যপাল এবং তিনি আর একটি জঘনা নজার স্থিত করলেন, রাজ্যপালের বে ভাষণ রচিত হল তার থেকে তিনি দুটি অনুচ্ছেদ বাদ দিয়ে পড়**েল**ন। কংগ্রেসী সদস্যরা এটাকে যেভাবে ব্যাখ্যা করতে চাইছেন ভাতে তাঁরা রাজ্যপালকে অমনিপোটেন্ট করতে চাইছেন, গণতান্ত্রিক ইতিহাসে এটা একটা নিলজ্জি উদাহবণ যে সাংবিধানিক মর্বাদা বার নেই তাঁকে দিয়ে তাঁরা বিধাতা বানাতে চাইছে। কিল্ডু ডেমোক্রেসির একটা মূল কথা আছে। তাঁরা ডেমোক্র্যাসির সোচ্চার ঘোষণা করছেন অধচ ছনসাধারণের রারে যে ডেমোক্র্যাসিব প্রতিষ্ঠা হল তাকে যখন একজন যাঁর শাসনতান্যিক, সাংবিধানিক কোন মর্বাদা নেই, বিনি একজন বেতনভুৱ কর্মচারী তিনি যখন তার উপর খ্যাঘাত করলেন তখন তাঁকে সমর্থন করে এই হাউসে গণতন্ত্রের বিরুদ্ধে বক্তব্য বলছেন।

তাঁরা এটা কেন করছেন, না যেহেতু তাঁরা ২০ বছর দশতন্ত করেছেন। কোন মানুব বা কোন मन यीम मौर्यकान मनाउन्त करतम जारान मनाउन्तरकरे जाँता भगउन्त वनराज वनराज छातराज ভাবতে এত অভাস্ত হয়ে গিয়েছেন যে এর বে বিরাট একটা তথাত আছে দলতন্ত্র গণতন্ত্র নয় এই তফাতট্কু তারা ভাবতে ভূলে গিয়েছেন। রোমে বখন দাউ দাউ করে আগন্ন জ্বলছে তখন রোম সমাট নিরো যেমন বসে বসে বেহালা বাজাচ্ছিলেন ঠিক তেমনি ২০ বছর ধরে জনজীবনে যে বিবাট বিপর্যায় ঘটে গিয়েছে, লক্ষ কোটি মান্য যখন অনহারে মারা গিয়েছে, দিনেব পর দিন জনজীবনে চরম আর্থিক বিপর্যায় মান্ষকে ধরংসের শেষ সীমায় ঠেলে দিয়েছে তথনও তারা একচক্ষ্ হরিণের মত ওয়ান-আইড ম্যান হয়ে একদিকে ধাবিত হয়ে চলেছেন। বাংলা দেশে বিশেষ করে আমরা দেখেছি সেই ওয়ন-আইড লিডার তাঁর নৈতৃত্বে একদিকে দ্ণিট নিক্রেপ করে চলেছেন সেই দলতন্ত্র, সেই গোষ্ঠীতন্ত্র। স্যার, আজকে আমার আশৃৎকা যে শুধ্ বাংলা দেশে এই যে প্রচন্ড আঘাত দেওয়া হয়েছে চিরকালের কায়েমী স্বার্থের উপর এ আঘাত কোন ন্তন কথা নয়, পথিবীর ইতিহাসে প্রতিক্রিয়াশীল শক্তির উপর যখন এই আঘাত এসে পড়ে তখন তারা তাকে সহজভাবে গ্রহণ করতে পারে না। কিন্তু ইতিহাস এগিয়ে চলে ইতিহাস কখনও ক্ষমা করে না, ইতিহাস এগিয়ে চলবে। কোপারনিকাস কিদ্বা গর্ণালীলয়ো যেদিন বলেছিলেন দি আমার্থ রিভলভস্ রাউন্ড দি সান সেদিন তাঁদের বিচারে দণ্ড হয়েছিল, তাঁদের শাস্তি দেওরা হয়েছিল, মান্ষ সেদিন চমকে উঠেছিল। আজকে প্রচলিত রীতিনীতি, আইনের

ক্ট তর্কের অবতারণা করে তাঁরা যেভাবে জনসাধারণের জর্যাগ্রাকে এগিরে নিয়ে বাওয়ার পথে প্রতিবন্ধকতার সৃষ্টি করছেন, রাজ্যপাশকে হাতিয়ার হিসাবে প্রয়োগ করে জনতার কণ্ঠকে যেভাবে রোধ করতে চেট্টা করছেন তাতে তাঁরা ইতিহাসের সেই সাবলীল জয়্যাগ্রাকে স্বীকার করতে পারছেন না। স্তরাং আমি বলবো এই সংকটের অবসান হতে পারে, স্প্রীম কোটের অ্যাডভাইসরি জ্বিসাডিকশন রয়েছে যে রাজ্যপতি তাঁর উপদেশ গ্রহণ করতে পারেন, এই শাসনতানিক সংকট সৃষ্টি করে দেশকে গোডেগীতলের দিকে ঠেলে দেওয়া এই যে জঘনা প্রয়াস এর হাত থেকে দেশকে বাঁচান যেতে পারে। কোন রাজ্যপতি স্প্রীম কোটের অ্যাডভাইসরি জ্বিসাডিকশন নিচ্ছেন না বা তদন্সারে কাজ করতে ইচ্ছ্কে নন, ইচ্ছা করে একটা ধ্রজাল সৃষ্টি করে একটা সংকট সৃষ্টি করার চেন্টা করা হচ্ছে। তাই আমি বলবো, মাননীয় স্পীকার মহাশের আপনার মাধ্যমে কমরেড রবীন মুখাজনী যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বন্ধবা শেষ কর্রছি।

[2-20-2-30 p.m.]

Shri Prasenjit Barman:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল বিধানসভায় যে ভাষণ রেখেছেন তার উপর বিতর্ক গংশ গ্রহণ করতে গিয়ে প্রথমে আমি বলতে চাই যে, যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর আমাদের এই রাজ্যে বিভিন্ন ঘটনাকে কেন্দ্র করে আইন ও শৃঙ্খলার যে ক্রমাবর্নতি ঘটছে ভাষণে তার কোন উল্লেখ নেই। টিটাগড এবং তেলেনীপাড়ায় হাণ্গামা হয়েছে এবং গত ক্ষেক্দিন ধরে খাস কলকাতার বুকে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাণ্গণে এবং তার সংলগন এলাকায় যে ঘটনা ঘটেছে সেটা যেকোন সভা দেশের পক্ষে লম্জার ব্যাপার। অথচ আশ্চর্যের বিষয় এইসব ঘটনাকে দমন করবার জন্য এবং এইসব ঘটনার প্রনরাব্তি যাতে আর না হয় তার জন্য এই সরকার কোন চেণ্টা করছেন না। বরণ্ড প্রকারান্তরে দেখছি এই সরকার আইন শৃঙ্খলাশু^নপরিস্থিতি অবনতি ঘটাবার কারণ হয়ে দাঁড়িয়েছে। এই সরকারের মদ্মীরা প্রকাশ্যে গৃহযুদ্ধের ডাক দিচ্ছেন। ছাত্র, যুবক, কৃষক, শ্রমিক এবং মেহনতি মানুষকে ঐক্যবন্ধ করবার নাম করে বিভিন্ন শ্রেণীর মধ্যে পারস্পরিক হিংসার উত্তপত বীজ ছড়িয়ে দিচ্ছে এবং পরিস্থিতি জটিল করে তুলছে। এই অবস্থায় আজকে দেশের মানুষে ভাবতে আরুন্ড করেছে যে শান্তিপূর্ণভাবে বসবাস করে তাদের জীবিকা নির্বাহ করবার যে মূল গণতান্ত্রিক অধিকার আছে সেই অধিকার তাঁরা রাখতে পারবেন কি না এবং স্বাভাবিকভাবেই তাঁরা চিস্তা করছেন এই সরকার তাঁদের ঘোষিত ৩২ দফা কর্মস্কীর মধ্য দিয়ে বা রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে বা নানা রক্ম বিব্তির মধ্য দিয়ে যত রকম জনকল্যাণমূলক কাজের কথা বল্দে না কেন তাঁরা সেইসব কাজ সুষ্ঠাভাবে করতে পারবেন কি না? এর কারণ হচ্ছে রাজ্যে যখন আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটতে থাকে তখন কোন কাজ সম্ভব হয় না। এই সরকার প্রশাসনকে দূর্নীতিমন্ত করতে চেয়েছেন এবং মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির নেতা জ্যোতিবাব, প্রশাসন বিভাগ এবং প্রিলশ বিভাগ অনেক টানাহেচড়া করে তাঁর নিজের হাতে রেখেছেন। স্যার, সারা দেশের মান্য সপ্রশন দ্বিটতে তাকিয়ে আছে কিভাবে তিনি প্রশাসনকে দ্বীতিম্ভ করবেন। এতদিন পর্যশ্ত তাঁরা শুধু সরকারী কর্মচারীদের রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করেছেন এবং তাঁদের শুধু দাবী আদায়ের জনা আন্দোলন করতে শিখিয়েছেন। তাঁরা যাতে তাঁদের দায়িত্ব সম্বন্ধে সচেতন হয়ে ওঠেন সেই জিনিস তাঁদের শেখান নি। এই সরকারী কর্মচারী যাঁদের কাছে দুর্নীতির আশ্রয় না নিলে কোন কাজ হয় না এবং আমরা দেখছি দিনের পর দিন মানুষ তাঁদের কাছে কাজের জনা ঘুরে यातम्ब अवः घ्रतरा घ्रतरा क्रान्य राज्ञ भएरह। कार्ष्क्रदे अरे मतकात्री कर्माग्रतीस्मत्र मिरा किसार তিনি কাজ করবেন, কিভাবে প্রশাসনকে দুনীতিমন্ত করবেন সেটা দেখার জনা মানুষ সপ্রশন প্রিটতে তাকিয়ে আছে। মাননীয় স্পীকার মহাশয়, রাজাপালের ভাষণে অ্যাগ্রেরিয়ান রিফর্মের কথা বলা হয়েছে। অ্যাগ্রেরিয়ান রিফর্ম আমরাও চাই। বেনামী জমি উষ্পদৃষ্ট করা হোক এবং এই বেনামী জমি উম্পার করবার জন্য সরকার যেখানে এগিল্পে যাবেন সেই কাব্ধে সহযোগিতা করতে আমরাও প্রস্তৃত আছি। কিন্তু বেনামী জমি উন্ধার করবার নাম করে বাদি নিরীহ কুষকের উপর

এতাচার করা হর এবং যেসব উচ্ছেদের খবর এখনই আমরা পাচ্ছি সেইসব ঘটনা যদি ঘটে তাহলে সেই অত্যাচারকে কোনমতেই সমর্থন করা যায় না। এই অত্যাচার বড় বড় জমির মালিকের উপর হচ্ছে না, নিরীহ গরীব কৃষক যারা ভেস্টেড জমি দখল করে আছে তাদের উপর একান অত্যাচার হচ্ছে বলে আমাদের কাছে খবর আসছে। এই অত্যাচার যদি এই সরকার বন্ধ না করেন তাহলে রাজ্যের জনগণই এই অত্যাচার বন্ধ করবার দায়িত্ব নেবে।

ীয়ং স্পর্কার, স্যার, উত্তরবংগর উর্গতির কথা যাতফ্রন্ট সরকার ফলাও করে করেছেন। শিদেপর উন্নতি সম্পর্কে রাজাপালেব ভাষণে কিছু উল্লেখ আছে। কিন্তু উত্তরবংশ শিল্প বসাবার সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন কিছু, উল্লেখ করা হয় নি। গতবারেও একথা বলেছিলেন, এবার যাতে দেরী না হয়, সত্বর যেন কোথাও শিশ্প বসান। আমি এ বিষয়ে বলতে চাই উত্তরবংগে সবচেয়ে অনগ্রসর জেলা কুচবিহার, সেখানে যেন সত্তব শিলপ বসাবার ব্যবস্থা হয় এবং সেখনে যে বেকার সমস্যা আছে তা দূর করাব কাজে যাতে সহায়তা হয়। উত্তরবংগে বন্যা সম্পর্কে বালাপালের ভাষণে উল্লেখ আছে। আপনি জানেন স্পীকার মহাশয়, সেথানে যে প্রলায় করী বন্যা হয়েছিল তাতে হাজার হাজার লোক গৃহহীন ইয়েছে, এবং আশ্যন্থত হয়েছে, এই গ হহীন আশ্রাদ্যত লোকদের যেন সংষ্ঠা, পানবাসন করা হয়। এই কাজের অনেকথানি বাকী আছে, এই কাজ দ্বর্যান্বত করতে হবে। এবং তাদের শুখু গৃহ এবং আশ্রয়ের ব্যবস্থা করলেই হবে না, তাদের যাতে উপযুক্ত জাবিকানির্বাহের বাবস্থা হয তার উপায় করে দিতে হবে। তাদের মধ্যে যারা চাষী তাদের চাষের জমি দিতে হবে, তাদের বিনা মল্যে সার এবং বীজ দিতে হবে এবং নানা সাহায্য দিবাব ব্যবস্থা করতে হবে। তাদের এগ্রিকালচারেল লোন, ক্যাটল পার্চেজ লোন, এইসব দেবার ব্যবস্থা করতে হবে। যারা চাষী নয় বা যাদের চাষ্টোগ্য জমি দেওয়া যাবে না, তাদের যাতে বিকল্প বৃত্তি দেওয়া যায় তার জন্য সরকারকে সচেণ্ট হতে হবে, এই এনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ কর্রাছ।

Shri Nares Chandra Chakravarty:

মাননীয় স্পীকার মহাশয়, আমি উত্তরবঙ্গের মানুষ থাকি জলপাইগুড়ি শহরে। উত্তরবঙ্গ পিছিয়ে পড়া এলেকা, আপনি জানেন তার নানা সমস্যা। সব সমস্যার কথা আজকে এখানে আলোচনা করা সম্ভব নয়, কারণ সময়ের অভাব। আমাদের সবচেয়ে বড সমস্যা বন্যা সমস্যা। বন্যার পর যে অবস্থা সেখানে হয়েছে সে সম্বন্ধে আপনার কাছে কিছু, নিবেদন করতে চাই। মিঃ স্পীকার, সাার, আমাকে কলকাতায় অনেকে জিজ্ঞাসা করেছে এখন জলপাইগাড়ির অবস্থা কি স্বাভাবিক হয়েছে? আমি তাঁদের বলেছি না, এখনও স্বাভাবিক হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, শু.ধু, জলপ ইগু.ডি জেলাই নয় উত্তরবংগর বন্যাবিধ্যুসত এলেকার অবস্থা স্বাভাবিক হয় নি। সেথানে হাজার হাজার বিঘা জমি বন্যায় নন্ট হয়েছে, তা আবাদের উপযুক্ত এখনও করা হয় নি। সেখানে হাজার হাজার মান্যে আছে যাদের জমি আছে অথচ জমি তারা চাষ করতে পাচ্ছে না। কারণ তাদের চাষের বলদ ভেসে গিয়েছে, তারা সরকারী সাহাযা কিছু পায় নি। এখন পর্যন্ত মানুষ ত্রিপলের নীচে এবং খিনজার ঘরে বাস করছে, তাদের ঘর ভেসে গিয়েছে, নণ্ট হয়েছে কিন্ত ঘর তৈরী করার জন্য হাউস বিভিডং লোন তারা পায় নি। প্রশ্ন উঠতে পারে তাহলে কি উত্তর বাংলার বন্যায় কোন সাহায্য কি দেওয়া হয় নি? সাহায্য দেওয়া হয়েছে। আমি काराम तिनिएमत वा मादारयाव कथा वर्नाह ना। ७ ता अरनक प्रेका (भाराहिस्तन, अरनक मान-প্র জিনিষ পেয়েছিলেন, সেগর্মল তাদের শিলিগর্মিড সেন্টাল গ্রেদামে জমা কবে রাখা হয়েছিল। **मिथा**रन जाना जरहोत्रत भारम स्थला दश नि. जर्जन्यत भारमे थाना दश नि। जान शाती भारमत মাঝামাঝি সেই গ্লেম্মু,থেকে ট্রাকে ট্রাকে কম্বল, ধ্তি, শাড়ী, এবং এমন কি টানজিস্টার দিয়ে বিভিন্ন কংগ্রেস কর্মীকে পাঠান হয়েছে বন্যাবিধন্ত গ্রামগুলিতে এবং ভোট পাবার প্রতিশুর্নীতর বিনিময়ে সেগুলি বিলি করা হয়েছে।

[2-30-2-40 p.m.]

্য সম্পর্কে কিছু বলতে চাই না। কিন্তু এগ**্রল ইলেকসনে**র আগে এইভাবে বিলি করা স**প্**গত হর্মোছল কি না সে সম্পর্কে আমি বলতে চাই না—এবং এইভাবে রিলিফ দেওয়াটা ইলেকসনে দুন ীতি বা কোরাপ্ট প্রাক্টিস-এর আওতায় পড়ে কি না সে বিষয়েও কিছু বলতে চাই ন। সরকারী রিলিফের কথা বলছি, এই যে রিলিফ সেটা ঠিকভাবে দেওয়া হয়েছিল কি না সেটা একটা দেখবেন। সরকারী রিলিফ উত্তর বাংলায় বিভিন্ন জেলা থেকে যে দেওয়া হয়েছিল এবং সেগালি অন পলিটিক্যাল কর্নাসভারেসনে বিলি হয়েছিল কি না সে সম্পর্কে আমি কয়েকটি দৃষ্টানত দিছি। সেন্ট্রাল ফুড মিনিস্টার শ্রীজগজীবন রাম সেন্ট্রাল খাদ্য ভান্ডার থেকে কয়েক হাজার মণ খাদ্যশসা-বোধ হয় ২৭ হাজার মণ খাদ্যশস্য উত্তর বাংলার রিলিফের জন্য গিফাট হিসাবে দিয়েছিলেন কংগ্রেস রিলিফ সংগঠনকে যে কংগ্রেস রিলিফ সংগঠনের সভাপতি ছিলেন শ্রীপ্রফল্লেচন্দ্র সেন, ঐ অকংগ্রেসী সংগঠন ভারত সেবাশ্রম সংঘকে তো এই গিফাট ফেওন হোল না। তার পর রেলওয়ে মিনিস্টার ইনস্ট্রাকসন পাঠিয়ে দিলেন যে উত্তর বঙ্গে যে বিলিফ এব মাল পাঠানো হবে এই কংগ্রেস রিলিফ সংগঠনের নামে বিভিন্ন স্টেশন থেকে বাংলাব বাইরের দেটশন থেকে তার উপর ফেট বা মাশলে লাগবে না। কিন্তু ঐ ফ্রেট প্রিভিলেজ তো ইউনাইটেড ফ্রন্ট রিলিফ কমিটি বা অকংগ্রেসী ভারত সেবাশ্রম সংঘকে দেওয়া হোল না। তারপর খবরের বাগজেও দেখেছেন একটা সভা হয়েছিল শিলিগাড়িতে উত্তর বংগ কংগ্রেসকমী সংগঠনের বিলিফ সম্পর্কে আলোচনার জন্য। সেই সম্মেলনে সভাপতি ছিলেন খ্রীঅতুল্য ঘোষ। কাগজের রিপোর্ট প্রকাশ যে সেই সম্মেলনে আরও একজন উপস্থিত ছিলেন তিনি ডিভিসনাল কমিশনার শ্রী এস কে ব্যানাজ্যী। একজন ডিভিসনাল কমিশনারের পক্ষে একটা দলীয় সম্মেলনে যোগদান কবা সমীচীন হয়েছে কি না সেটা আমি বলতে চাই না, সেই সম্মেলনে তিনি খনুপ্রাণত হরেছিলেন কি না তা আমি জানি না-কিন্তু তার পর দেখলাম যে সারা উত্তর বাংলার জেলায় জেলায় গ্রাম স্তর পর্যন্ত যে ফা্ড অ্যান্ড রিলিফ কমিটি ইউনাইটেড ফ্রন্টের আমলের গঠিত হয়েছিল যেটা ধরমবীরের আমলে বিসাপল্ড করা হোল এবং যাদের স্পারিশে রিলিফ দেওয়া হোত তদের বাদ দেওয়ার নির্দেশ দেওয়া হোল এবং বলা হোল রিলিফ বিলি কবা করে অণ্ডল প্রধান ও গ্রামসভার অধ্যক্ষেব স্কুপারিশক্রমে।

এই অণ্ডলের প্রধান এবং অধ্যক্ষ এবা কারা তা আপনাবা জানেন। এরা ১৯৫৮ সাঙ্গে নির্বাচিত হয়েছিল যথন বাংলা দেশের গ্রামে গ্রামে কংগ্রেসের জায়ার ছিল। এই রিলিফ বা রিহ্যাবিলিটেশন গ্রান্ট যে পলিটিক্যাল কর্নসিডারেশন-এ ফ্ড মিনিস্টার জগজীবন বাম কংগ্রেস বিলিফ সংগঠনকে ফ্ড গিফ্ট দিয়েছিলেন সেই একই পলিটিক্যাল কর্নসিডারেশনে এই কংগ্রেসী অধ্যক্ষরা রিলিফ রেকমেন্ড করেছে। এবং এই রিলিফ পোলো কারা? যারা কংগ্রেসের সঙ্গে যৃত্ত, কংগ্রেসী ঝান্ডা নিয়ে গ্রামে গ্রামে নির্বাচনী প্রচার করতে রাজী খগেন দাসগংশ্ত, জিন্দাবাদ, পীযুষ মুখাজী জিন্দাবাদ, যজ্ঞেবর রায় জিন্দাবাদ বলে, তাদেরই এই রিলিফ দেয়া হরেছে। যে পলিটিক্যাল কর্নসিডারেশনে ইউনিয়ন ফ্ড মিনিস্টার জগজীবন রাম তার দলের যে রিলিফ কমিটি তাঁকে ফ্ড গিফ্ট দিলেন, ইউনাইটেড ফ্রন্ট রিলিফ কমিটিকে দিলেন না, অকংগ্রেসী সংগঠন ভারত সেবাশ্রম সন্থাকও রিলিফ দেওয়া হল না ভানের যারা যুক্তফ্রেসী সংগঠন ভারত সেবাশ্রম সন্থাকও রিলিফ দেওয়া হল না ভানের যারা যুক্তফ্রেসী সংগঠন বান কর্মিডারেশনে কোন রিলিফ দেওয়া হল না ভানের যারা যুক্তফ্রেস সংগ্র যার বা কংগ্রেসের সঙ্গে যারা যুক্ত নয়।

এই তো অবস্থা যার ফলে জলপাইগাড়ি জেলা সারা উত্তর বাংলার হাজার হাজার মানাষ এখন বঞ্চিত রিহ্যাবিলিটেশন সম্পর্কে হাউস বিনিজং গ্রান্ট সম্পর্কে ক্যাটল পারচেজ গ্রান্ট সম্পর্কে। এই সম্পর্কে আমরা আমাদের গ্রাণ মন্দ্রীর সঙ্গে দেখা করে সব বর্লেছি -ির্চান বলেছেন যে লোকের ঘর ভেঙে গেছে যে গ্রিপলের তলায় বাস করছে সরকারী সাহায্য পায় নি তাদের সরকারী সাহায্য দেওয়া হবে ঘর করার জন্য। তিনি আমাদের আশ্বাস দিয়েছেন যে লোকের জমি আছে অথচ জমি চাষ করতে পারছে না কারণ তার চাষের বলদ কেনার ক্ষমতা নেই এবং সরকারী সাহায্য পায় নি তাদের সরকারী সাহায্য দেওয়া হবে। তিনি আমাদের আশ্বাস

দিরেছেন যে জমি অনাবাদী পড়ে রয়েছে বন্যায় নন্ট হয়ে সেই জমিগ্রিল চাষের উপযুক্ত করে দেওয়া হবে স্টেট রিলিফের মাধ্যমে। আমি আশা করি এবং বিশ্বাস করি এই কাজগুলি খুব শীঘ্র হবে বর্ষার আগে। মিঃ স্পীকার, স্যার, উত্তর বর্ণোর বিভিন্ন জেলার নদী-নালার ধারে যে গ্রামগ্রালি আছে যে গঞ্জগ্রিল আছে শহরগ্রাল আছে এবং যেখানে লক্ষ্ণ লক্ষ্ণ মানুষ বাস করে তারা এক আতত্কের মধ্যে রয়েছে যে সামনের বর্ষায় কি হবে—তিন মাস পরে বর্ষার শ্রুরু হবে। আমাদের জলপাইগাড়ি জেলায় যে বাঁধ ছিল জলপাইগাড়ি শহরের পার্ব ধারে সেই বাঁধকে আমরা নিরাপদ মনে করেছিলাম এবং মনে করে ৪ঠা অক্টোবর তারিখে বিছানায় গিয়ে শুয়ে-ছিলাম সেই বাঁধকে আমরা এখন আর নিরাপদ মনে করি না। আমাদের কাছে প্রশন এসেছে আতৎক দীড়িয়েছে যে সামনে বর্ষায় কি হবে, দাজিলিং জেলায় যে মানুষ বাস করে পাহ ড়ে তাদের কাছে এই প্রশ্ন এসেছে যে সামনের বর্ষায় আবার ধনুস নামবে কি না এবং সেই ধনুসে তাদের গ্রাম নিশ্চিক্ত হয়ে যাবে। মিঃ স্পীকার, স্যার, আমি আসবার সময় জলপাইগাড়ি শহরে দেখলাম যে শইরের পূর্বে ধারে যে বাঁধটা আছে যেটা কয়েক মাইল লম্বা সেই বাঁধটা উচ করা হচ্ছে পাঁচ ফুট, আমি কারণটা বুঝতে পারলাম না। আমাদের তিস্তা নদীর বেড় পাঁচ ফুট উচ হয়েছে এবং তার কণ্ডে পাল্লা দিয়ে বাঁধ পাঁচ ফুট উ'চু করা হোল। সামনের বছদ নদীর বেড় আরো পাঁচ ফুটে উ'চু হবে তথন বাঁধকে আবার পাঁচ ফুট উ'চু করা হবে, পরের বছর বেড আট ফাট উচ্চ করা হবে, বাঁধকেও আট ফাট উচ্চ করা হবে এইভাবে করলে কোন সলিউশন হবে না। আমরা শূর্নেছি আমাদের মুখ্যমন্ত্রী যথন সেচমন্ত্রী ছিলেন তথন একটা মাস্টার গ্লাংন रर्साष्ट्रल नमीरक रमार्भ एथरक करणोल कतात এवং এই माम्होत भ्लाम यीम कार्मकती कता यारा তাহলে উত্তর বাংলায় সম্পদের দরজা খলে যাবে। আমরা শর্নোছ এই মাস্ট র প্ল্যান কার্যকরী করতে ২০০ কোটি টাকা দরকার এবং কেন্দ্রীয় গভর্নমেন্ট সেই টাকা দিতে সম্মত নন। মিঃ স্পীকার, স্যার, আমাদের জলপাইগ্রড়ি এবং দার্জিলিং জেলা থেকে আমরা প্রচুর টাকা দিই চায়ের খাতে এবং বছর বছর যে কোটি কোটি টাকা দিয়ে এসেছি তার একটা অংশ চাই উত্তর বাংলাকে বাঁচাতে—মাস্টার স্ল্যান চাল্ব করতে। (লালবাতি)

(নিদিপ্টি সময় অতিবাহিত হওয়ায় বস্তা তাঁহার আসন গ্রহণ করেন।)

Kumar Jagadish Chandra Sinha:

[2-40-2-50 p.m.]

মিঃ স্পীকার, স্যার, রাজ্যপালের ভাষণের উপর আজকে আমাদের এখানে একটি ধন্যবাদস্চক প্রস্তাব আলোচনা চলছে। সেই প্রস্তাবে অংশ গ্রহণ করতে গিয়ে স্যার, আপনার মাধ্যমে আমি মন্দ্রিসভার সামনে কয়েকটি বস্তুবা রাখতে চাই। রাজ্যপালের ভাষণ ঠিক নিয়ম সংগত হয়েছে কি হয় নি, তিনি যে দুটি অনুচেছদ বাদ দিয়েছেন, সেটা সংবিধান বিরোধী কি না, সে সম্পর্টেশ মতামত প্রকাশ করার ক্ষমতা আপনার একমাত্র আছে। আপনি এই বিধানসভার ধারক। আপনি বিধানসভা সম্পর্কে কোন অন্যায় আচরণ হতে দেবেন না, এই আমরা বিশ্বাস রাখি। স্যায়, আজকে বাংলাদেশের বিশেষ করে কলকাতা শহরে যে অবস্থা হয়েছে, সে সম্বন্ধে একট্ আগে মুল্পুবী প্রস্তাব পেশ করেছিলাম। নিয়ম বহিভূতি বলে আপনি সে প্রস্তাব উত্থাপন করতে দেন নি। কিন্তু দুংথের বিষয় বাংলাদেশের একজন দায়িত্বশাল মন্দ্রী তিনি শুকুবার ছাত্রদের হাতে বন্দুক তুলে দেওয়া হবে বলেছেন। কেন দেওয়া হবে? তাঁদের তৈরী নকশালপন্থী যায়া আজকে ফ্রাঞ্কানস্টাইন হয়ে তাঁদের বিরুদ্ধে অস্ট্র ধারণ করেছে, তাঁদের বিরুদ্ধে সংগ্রাম করার জন্য। এই সংগ্রামের পরিণতি কোথায় যাবে ভা ভেবে আমরা ভয় পাছি। সংগ্রাম শেষ পর্যন্ত সিভিল ওয়ারে দাঁড়াবে কি না—সেটা আপনারা ভেবে দেখুন। আপনারা প্র্লিশকে নিজ্বীয় করে রেখেছেন। একট্, আগে এখানে কোন মাননীয় সদস্য বলেছেন যে, যথন হিন্দু হোস্টেলের সামনে রাস্তায় মারামারি হয়েছে, তথন প্রিলশ কোথায় ছিল?

(শ্রীবীরেন্দ্রনাথ রায়: "বেলগাছিয়া ভিলায়" ছিল।)

মাননীয় সদস্য বীরেন রায় বলছেন, আমার বাড়ীতে ছিল। কিন্তু বোধ হয় তা নয়। যেহেতু তিনি য্ৰফ্রন্ট সরকারের লোক হয়ে এখানে সাধারণ মান্য সেজেছেন সেহেতু মারলীন পার্কের বাড়ীতে প্লিশ ছিল।

মি: স্পীকার: আপনারা রাজায় রাজায় ঝগড়া করবেন না। আমাকে রক্ষা কর্ন।

(তুমুল হাস্যরোল)

কুমার জগদীশচন্দ্র সিংহ: পর্বিশকে নিজ্ঞীয় করে রাখা কি ভাল হচ্ছে, খ্ব ভাল কথা, মাননীয় উপ-ম্খামন্ত্রী যেটা বলেছেন যে, বিদ্যায়তনে বা শিক্ষায়তনে পর্বিলশ চ্কুবে না। আমি অভিনন্দন জানাচ্ছি তাঁর এই প্রস্তাবে। কিন্তু সেই সঙ্গে সঙ্গে সরকারের পক্ষে আজকে প্রকাশ্যে ঘোষণা করতে হবে, এই প্রশ্নের জবাব আজকেই দিতে হবে যে, তাঁরা সতিাকারেই বন্দ্বক তুলে দিয়ে রাস্তায় রাস্তায়, শহরে শহরে, গ্রামে গ্রামে লড়াই স্বর্করতে চান কি না। তাঁরা সিভিল ওয়ার চান কি না। এর প্রয়োজন আছে। শ্বুধ্ব কলকাতা শহরে নয়, বাংলাদেশের গ্রামাণ্ডলে যেখানে ইউ, এফ-কে সমর্থন বাংল দেশের জনগণ জানায় নি সেখানকার গরীব চাষীদের উপর অত্যাচার করা হচ্ছে। তাদের জমি জ্যার করে দখল করে নেওয়া হচ্ছে।

(গোলমাল ও বাধাদান)

যতই চীংকার কর্ন ও'রা আমার ম্থ বন্ধ করতে পারবেন না। বাংলাদেশের প্রতিনিধি হিসাবে আমার নির্বাচন কেন্দ্রের তরফ থেকে আমি এখানে আপনাদের মধ্যে উপস্থিত হয়েছি। কারো দ্য়ায এখানে আসি নি– একথা মনে রাখা দরকার।

(गानमान ७ वाधामान)

মিঃ স্পীকারঃ আপনাদের যথন সময় হবে তথন আপনারা সব ফিরিস্তি দেবেন। এই রকম করলে সকলেব অপমান হবে।

কুমার জগদীশচন্দ্র সিংহ: মননীয় সদস্য যথন জানতে চেয়েছেন কোথায় এই রকম অত্যাচার হয়েছে তখন আমি তাঁকে বলব দয়া করে আমার অন্তল কাঁথিতে গোকর্ণ, কামারসাউ, মহানন্দি, রাণ্গামাটি, চাঁদপাড়া, সাড়ইচড়িগাজ প্রভৃতি জায়গায় দেখে আস্কুন নিজের চক্ষে। তবে যদি তিনি রিণ্গন চশমা পরে যান তাহলে দেখতে পাবেন না, কি রকম বেআইনীভাবে জমি দখলের চেষ্টা হচ্ছে।

(এ ভয়েসঃ আপনার কত জমি আছে?)

কেউ যাদ অন্যায়ভাবে লহুকিয়ে রেখে থাকে তাহলে তাকে ধরার জন্য এগিয়ে আসহুন, আমাদের সহযোগিতা পাবেন। কিন্তু সরকার সেই সহযোগিতা নিতে চান না।

(এ ভয়েস্- দরকার হবে না।)

একজন সদস্য বলছেন দরকার হবে না. আমি তা জানি, কারণ যাঁরা আইন-শৃঙ্থলা চান না তাঁরা বেআইনীভাবে, জাের জবরদািস্ত করে রক্তপাতের মাধামে জামি নিয়ে অপরকে দেবেন। আমার কাথি মহকুমা অতান্ত সমস্যাসঙ্কল। আমি এই সভায় ঘােষণা করতে পাার আমার স্বনামে বা বেনামে কােন চাষের জামি নেই। তবে মাননীয় সদস্য যদি প্রমাণ করতে পারেন তাহলে আমি সদস্যপদ পরিত্যাগ করব।

(नरत्रञ)

মিঃ চপীকার: আপনারা এই করে কাকে হেলপ করছেন? যুক্তু সরকারকে? আমার মনে হয় আপনারা কিছুই করছেন না, ক্ষতিই করছেন। যদি অপোদ্ধিশন-এর কথা শুনতে না চান তাহলে ডেমোক্রেসি ইজ মিনিংলেস। আপনারা যথন উত্তর দেবেন তথন সব বলবেন। তাং বিদি না হয় তাহলে আমি হাউস্বন্ধ করতে বাধ্য হব।

কুমার জগদীশচন্দ্র সিংহ: আপনি যে কথা বলেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ। বাংলা দেশে গণতন্ত্র আজকে সমস্যার সামনে উপস্থিত হয়েছে। সত্যিক রের গণতন্ত্র আজ থাকরে কি না সেটাই আজ প্রশন? আজ আপনারা প্রতি প্রতিশ্রুতি এখানে উপস্থিত হয়েছেন। কিন্তু আপনারা সেই সংবিধানকে ভাগতে দৃতপ্রতিজ্ঞ। আমি আমার মহকুমার কথা আপনার মাধ্যম সরকারের কাছে বলব। বাংলাদেশে বনার প্রকোপে উত্তর বাংলা, মেদিনীপরে ইত্যাদি জায়গায় গেল বছর হয়ে গেছে। আমাদের মহকুমায় বন্যা কম কিছু হয় নি। কিন্তু আজ পর্যন্ত সেই বন্যায় যেসমস্ত বাধ ভেণে গিয়েছিল তার মেরামতের ব্যবহ্য সবকারের তরফ থেকে গ্রহণ করা হয় নি। আমি অবিলন্ধে আপনার মাধ্যমে দাবী জানাব যে আমার এলাকায় টি আর-এর সাধ্যমে এই বাধগুলো মেরামতের হুকুম যেন দেওয়া হয়। আমি কাগজে দেখেছি যে সরকারের গ্রাণমন্ত্রী বলেছেন এ বিষয়ে তিনি জেলা কর্তৃপক্ষকে জানিয়েছেন। কিন্তু জেলা কর্তৃপক্ষের সপেগ যোগাযোগ করলে খবর পাই যে তাঁরা বলেন এখনও রাইটার্স বিল্ডিংস থেকে কছে হুকুম পাই নি, স্তরাং আমারা কি করে কাজ করব। হুকুম রাইটার্স বিল্ডিংস থেকে আনিয়ে দেবার বাবস্থা করনে।

[2-50-3-00 p.m.]

তারপর আমি বাংলাদেশের মুসলমান সমাজের একটি সমস্যার কথা বলব। স্যার আজকে তারা কোন সম্পত্তি বিক্রী করতে গেলে অঞ্চল প্রধানের, মিউনিসিপ্যালিটির চেরারম্যানের বা আমাদেব মতন যারা জনপ্রতিনিধি আছেন তাদের কাছ থেকে সার্টিফিকেট নিয়ে করতে হয়। স্যার, তারা কি ভারতবর্ষের **ন্বিতীয় শ্রেণী**র নাগরিক? কেন তাদের এটা করতে হয়? আমাদের ভারতীয় সংবিধানে প্রতিটি নাগরিকের সমান অধিকার আছে। তাই আমার কথা হল আজকে সরকার দুংত কন্ঠে, দুড় ভাবে ঘোষণা করুন যে বাংলাদেশের মুসলমান সম্প্রদায় তাবা ভারত্যেরি শ্বিতীয় শ্রেণীর নাগরিক নয় বা বাংলাদেশের মাইনরিটি কমিউনিটি তাবা ভারতবর্ষের শ্বিতীয় শ্রেণীর নাগবিক নয়। তাদের কোন সম্পত্তি আদান প্রদানের জন্য সার্টিফিকেটের দরকার হবে না। স্যার, এটা আমি ব্রুবতে পারি না আমাদের যখন দরকার হয় না তখন ওদের কেন হবে। তারপর আমার এলাকায় যে সমস্ত জায়গা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে সেই সমস্ত জায়গার বাঁধ আজও মেরামত করা হয় নি। সেই সমস্ত জায়গার দরিদ্র কৃষকদের খাজনা মকুবের দাবি আমি সরকারের কাছে জানাবো। আমি বিশ্বাস করি সরকার তাদের সেই দাবি মঞ্জুর করে তাদেব খাজনা মকুব করবেন। স্যার, আপনার হয়ত স্মরণ আছে যে মাননীয় সদস্য কাশীকান্তবাব, দ্ণিট আকর্ষণ করে বলেছিলেন যে সার্টিফিকেট নিয়ে গর্-বাছ্বর এবং অন্যান্য অস্থাবর সম্পত্তি নিয়ে টানাটানি করা হচ্ছে। এগত্নলি বন্ধ না হলে অতান্ত দুর্গতির মধ্যে দিয়ে যারা চলেছেন তাদেব বাঁচার আর কোন রাস্তা থাকবে না। এ বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে ২।১টি কথা বলতে চাই। ফরাক্কা বাঁধ আর এক বছবের মধ্যে তৈরি হয়ে গেলে গণ্গা দিয়ে মুশিদাবাদের ভেতরে বেশী জল আসবে। এটা যেমন আমাদের কাছে আশার সংবাদ তেমনি আর এক দিকে ভয় হচ্ছে যে যদি ঠিক মত ড্রেনেজের ব্যবস্থা না হয় তাহলে জলনিকাশের কি ব্যবস্থা হবে। আমি জানি গতবার যুভফ্রন্টের সেচমন্দ্রী মহাশয় শ্রীবিশ্বনাথ মুখাজী এ বিষয়ে অনুসন্ধান করেছিলেন কিন্তু সেই অনুসন্ধানের ফল কি হল বা তিনি এ বিষয়ে কি করলেন তা আজ পর্যশ্ত কেউ জানতে পারলো না, এমন কি আমরা এই সভার সদসারাও জানতে পারে নি. বাংলাদেশের জনসাধারণ তো দ্বের কথা। স্যার, এবারে দেখেছি আপনি ঐ এলাকাতে গিয়েছিলেন, যদিও আরও কিছ,দিন আগে বন্যার সময় যেতেন তাহলে দেখতে পেতেন যে ঐ এলাকাতে প্রায় ২ মাসের উপর হাজার হাজার বিঘা জমি জলের তলায় ডুবে ছিল জলনিকাশের অভাবে। আমরা শুনতে পাচ্ছি ব'সহারওয়া-কাটোয়া-হাওড়া লাইনে নাকি ৬।৮ টি কালভার্ট তৈরি করতে হবে, কিন্তু তার পার্রমিসান এখনও দিল্লী থেকে পাওয়া যার নি, এটা সত্য কিনা জানি না, তবে আমরী একথা শ্রনছি, আমি জানতে চাই দিল্লীর সংগ্য কথা বলে বা আলাপ-আলোচনা করে এ সম্পর্কে কোন ব্যবস্থা করা হয়েন্সে কিনা। এটা এই জন্যই জ্ঞানতে চাই তার কারণ হল এই যে ফরাক্কা থেকে জল এসে যেমন বাংলাদেশের উপকারে লাগবে তেমনি অন্য দিকে যদি যেটা রয়েছে সেটা ভাসিয়ে নন্ট করে দেয় তাহলে উপকারের থেকে

অপকারের সীমা অনেক বেশী ছাড়িয়ে যাবে। কাজেই এবিষয়ে আমি সরকারের দৃণ্টি আকর্ষণ করাছ। স্যার, সব শেষে আমার বস্তুতা শেষ করার অংগ আমি এই দাবিই জানাবো যে আজকের ভেতরে সরকার পক্ষ দৃশ্তভাবে ঘোষণা কর্ন যে তাঁরা বাংলাদেশে সিভিল ওয়ার চল্ করতে চান না, বাংলাদেশে আইনসংগত সরকার চাল্ রাখতে চান এটা তাঁরা প্রকাশ কর্ন। ল্কিয়ে চুরিয়ে কাজ করলে চলবে না, দেশের সামনে তাদের জবার্বাদিহি করতে হবে।

Shri Kripasindhu Saha:

মিঃ স্পীকার, স্যার, বিরোধী পক্ষের কয়েকজন বস্তার বস্তুব্য শুনে এই কথাই মনে হচ্ছে যে তাঁরা य উल्प्लिश वाश्ना प्रतम कृष्टिम वन्ना मुन्धि कर्त्राष्ट्रलम स्मिटा उर्रापत उपन এসে পড়েছে। তাঁরা ঠিক একথা ব্রুতে পারেন নি যে বাংলা দেশের মানুষের ঐকোর বন্যা তাঁদের আজকে ৫৫ জনে নামিয়ে দেবে। স্যার, আজকে যে কয়েকজন এখানে এসেছেন তাঁদের মধ্যে অন্ততঃ আমি কয়েকজনকে জানি তাঁরা এখানে এসেছেন বন্যার দয়াতে। আমি জানি ঐ অম্লেশ মুখারুণী মহাশয় যাঁর এলাকায় বন্যায় থাব বেশী ক্ষতিগ্রস্থ হয় নি সেই এলাকার মধ্যে নাকি ১৫ লক্ষ্ণ টাকা খরচ করা হয়েছে। সেই এলাকায় এস ডি ও সংশ্লিষ্ট গভন মেন্ট অফিসাররা রাত্তের অন্ধকারে কংগ্রেসী নেতাদের কারস্যাজিতে সমস্ত অঞ্চল, গ্রাম অধাক্ষদের নিয়ে সমস্ত অণ্ডলে মিটিং করেছেন। তাঁদের একথা বলা হয়েছে যে তোমরা যদি বংগ্রেসকে ভোট দাও তাহলে তোমাদের হাজার হাজার টাকা পাইয়ে দেয়ো। তোমশা খাদ ভোট দাও তাহলে তোমাদের প্রামে প্রামে, পাড়ায় পাড়ায় স্কুল করে দেকে, তোমবা যদি ভোট দাও তাহলে তোমাদের আর কোন দ্বঃখ থাকবে না তে মরা সোনার সংসারে বসবাস করবে। এই হচ্ছে কংগ্রেসী আমলের চরিত্র। কিন্তু তাঁরা এটাুকু ভাবতে পারেন নি যে এই অবস্থা তাঁদের হবে। মিঃ স্পীকার, স্যার, আজকে রাজ্যপালের ভাষণ আলোচনা করতে গিয়ে আমার কণ্ঠস্বর বন্ধ হয়ে আসছে, আমার কণ্ঠ রুম্ধ করেছে বাংলা দেশের হাজাব হাজার মানুষের কন্ঠম্বর। তাঁরা একথ। বলছেন যে ঐ কংগ্রেস সরকার বাংলা দেশের মানুমের সূত্র দৃঃখ গত বিশ বছর এবে চেপে রেখে দিয়েছিল, বাংলা দেশের শিশরে মুখের হাসি কেড়ে নিয়েছিল, বাংলা দেশের মায়েব কোল থেকে সন্তানকে কেড়ে নিয়ে হত্যা করেছিল, স্তাস কোল থেকে স্নামাণক কেডে নিয়ে হত্যা করেছিল, বাংলা দেশের শহীদদেব রক্তে হোলী খেলেছিল, বাংলা দেশের যুক্তফেও সরকারকে পিছন থেকে ছাবির আঘাত করেছিল, সেই সরকাবেব হ'তের পাতৃল ধরমবীবের ভাষণ পড়তে আমার ঘুণাবোধ হচ্চে। সাজকে তাঁর ভাষণে বিভিন্ন বিষয়ের উল্লেখ করা হয়েছে কিন্তু আমি দেখছি প্রথমিক শিক্ষকদেব ব্যাপারে কোন উল্লেখ নেই। অগত উচ্চ মাধ্যমিক শিক্ষা, কলেজীয় শিক্ষা, শিক্ষকদের ব্যাপারে কথা বলা হয়েছে। আমি আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো তাঁদের কথা চিন্তা করুন। যাঁরা ছাত্র সমাধ্যের ভিত তৈরী করেন, যাঁরা ছাত্র সমাজকে আগামী দিনে নেতৃত্ব দেবার জন্য তৈরী করেন তাঁদের কথা আজকে রাজ্যপালের ভাষণে নেই। সেজনা আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে এই কথা বলসো শে নিৰ্বাচনেৰ পূৰ্বে যে সমুহত নিৰ্বাচনী স্কুল তৈবী হয়েছিল গ্ৰামে গ্ৰামে সেখানে যে সমুহত যাবস্দার চাকবীর প্রলোভন দেখিয়ে কংগ্রেসের হয়ে খাটান হর্মেছিল সেই সমস্ত স্কুলের প্রতি লক্ষা বাথবেন। আমি আরো বলবো যে যে সমস্ত স্কল বোর্ড আছে সেগর্লি যাতে কন্টোল করা যায় সেদিকে তীক্ষা নজব দেওয়া দববার। কংগ্রেসের হয়ে যে সমস্ত যাবক খেন্টেভিল তাদের যোগাতা না থাকা সত্তেও ঐ কংগ্রেসী নেতাদের চক্রান্তে সেই সমস্ত যারকদের চাকরী দেওয়র চেন্টা হচ্ছে। অথচ অসরা দেখাছ াংলা দেশের বহু বেকার যুবক যাদের যোগাতা আছে অথচ পিছন থেকে যাঁদের ব্যাকিং করার লোক নেই তাঁবা বাংলা দেশের বিভিন্ন জায়গায় ঘরে বেডাচ্ছে। আমি মন্ত্রিমণ্ডলীর আছে অন্রোধ করবো তাঁদের দিকে যেন নজর রাখা হয়। বাংলা দেশের যুবক সমাজ যাতে চাকরী পায় সেদিকে আমাদের নজর রাখতে হবে। মিং স্পীকার স্যার, কুটির শিল্প সম্পর্কে তাঁরা বস্তব্য রেখেছেন আমি কুটির শিল্প মন্তিমহাশয়কে অনুরোধ জানাবো বাংলা দেশের বিভিন্ন জায়গায় কুটির শিল্প গডার সাযোগ রয়েছে তাথচ কংগ্রেস সরকার ২০ বছর যাবত সেই সমস্ত বিষয় কিছু করে যায়নি, আজকে গ্রামাণ্ডলে শনি কুটির শিলপ গড়ে তোলা যায় তাহলে বাংলা দেশের গ্রামীন অর্থনৈতিক উন্নতি হবে এবং সেখানে বহু বাজালী বেকার যুবক চাকরী পাবে।

[3-00-3-25 p.m.]

স্যার, মাদ্রাজের মত জামগায় প্রতি গ্রামে কুটির শিল্প গড়ে উঠেছে, সেখানে বেকার যুবকেরা চাকরী পেয়েছে। তাদের ওথানে যদি সম্ভব হয় তাহলে আমাদের বাংলা দেশে তা সম্ভব হবে না কেন? সেজন্য আমি মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করবো, বিশেষ করে কুটির শিল্প মৃল্রীকে, যে আমাদের বাংলা দেশে যে সমস্ত কুটির শিল্প ধনংসের মূথে চলে যাচ্ছে তাদের দিকে নজর দিন। স্যার, আমি ধনেখালি অঞ্চল থেকে নির্বাচিত হয়েছি, সেই এলাকার ধনেখালি শাড়ী শুধু বাংলা দেশে নয় ভারতবর্ষেও বিখ্যাত। আজ সেই ধনেখালি তাঁতশিল্প ধরুংসের মুখে কলে যাছে। তাই আমি কৃটির শিল্প মন্ত্রীকে অনুরোধ করবো বাংলা দেশে অন্যান্য শিল্প সম্বশ্ধে যে বাবস্থা আছে সেই রকম ধনেখালি তাঁতশিলপ সম্বশ্ধেও ব্যবস্থা গ্রহণ করা হোক। ধনেথালি তাঁতশিল্প সন্বন্ধে একটা এমপোরিয়াম খোলা হোক এবং সন্ভব হলে বাংলা দেশের বিভিন্ন জায়গায় এই এমপোরিয়াম খোলা হোক। এবং তাতে বাংলা দেশের মানুষ জানবে যে ধনেথালি শাড়ী বলে একটা জিনিস বাংলা দেশে আছে। তারপর আমি বলবো আমাদের পরে লিয়ায় যে লাক্ষা শিল্প আছে তারও উর্লাত করতে হবে। মুশিদাবাদের রেশম শিল্পের যাতে উন্নতি করা যায় সেই ব্যবস্থা করার জন্য আমি শিল্প মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। স্যার. ঐ থাদি বোর্ড যেগালি আছে সেগালি সমসত বাসতুঘ্যুদের বাসা হয়ে আছে, সেই বাসা ভেপো তচনচ করে দিয়ে ন্তন ভাবে সেই জিনিস গড়ে তোলার জন্য আমি মন্তিম ডলীকে অনুরোধ জানাচ্ছি। রাজ্যপালের ভাষণে তপশীলী সম্প্রদায় সম্বন্ধে বলা হয়েছে, আমি জানি তপশীলী জাতি বা উপজাতি তারা সব চেয়ে বেশী অবহেলিত। বাংলা দেশের বিভিন্ন গ্রামে তাদের জন্য স্কুলের নাম করে বিভিন্ন কংগ্রেসী নেতা কিছু বাড়ী করে তারপর নিজেদের বাড়ী করেছে। বাংলা দেশের অনুমত সম্প্রদায়, তপশীলী সম্প্রদায়ের ছাত্ররা স্কুলে স্টাইপেন্ড পায় না। কিছু কিছু সহরে স্কুলের হেড মাস্টারদের দিয়ে দেওয়ার কথা কিন্তু সে সমস্ত স্টাইপেন্ড দেওয়ার বাবস্থা কোথাও হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, সমস্ত তপশীলী জাতি এবং সিডিউল্ড কাষ্ট সম্প্রদায়ের যাতে ফ্টাইপেন্ডের ব্যবস্থা থাকে সেই দাবী আমি করছি। তারপর কলেজের ব্যাপারে আগে রাইটার্স বিল্ডিং থেকে স্টাইপেন্ডের বাবস্থা করা হোত কিন্তু এখন শুধু নিউ কেস রাইটার্স বিশিঙ্গ থেকে করা হয় এবং প্রোণো কেসগ্রালিকে বিভিন্ন জোনে ভাগ করে দেওয়া হয়েছে। ব্যারাকপুর অণ্ডলে সেথানে একটা জোন আছে অথচ সেখানে কোন কর্মচারী পাঠান হয়নি। আজকে যদি ব্যারাকপুরে কোন সরকারী কর্মচারী পাঠান না হয় তাহলে আমি জানি সেখানে কয়েক শত ছাত্র এবছরে স্টাইপেন্ড পাবে না। সেইজন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এবিষয়ে অবিলম্বে তদশ্ত করেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীকে আর একটি অনুরোধ জ্ঞানাচ্ছি সেটা হচ্ছে এই যে দু' একটি জায়গায় গর্বাদ পশ্কেন্দ্র এর আগে খোলা হয়েছে, এইবারের নির্বাচনে বহু জোড়া বলদ বার্ডতি হয়েছে তারা রাস্তায় বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াচ্ছে তাদের জনা আর একটি গ্রাদি পশ্বকেন্দ্র যদি খোলেন তাহলে তারা উপকৃত হবে ও চাকরী পাবে।

[At this stage the House was adjourned for 20 minutes]
[After adjournment]

[3-25-3-35 p.m.]

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, in supporting the Governor's speech including the resolution of honourable Shri Rabin Mukherjee I make certain comments regarding the debate in the House by the congress members. Honourable Shri Jagadish Chandra Sinha stated regarding sale of land by the Muslims that without any permit that is the only community which is not allowed to sale any land. Unfortunately, when Shri Sinha speaks of the 'only community' who have got to take permission for the sale of land I think he has no idea whatsoever that there are other communities also who cannot sale land without taking proper permission, viz., the tribal communities. During Congress Government they framed rules and regulations banning sale of

land and as a special safeguard permission had to be taken. Then Sir, Shri Sinha says that he has got no land whatsoever of his own. But Sir, he has got a huge amount of non-agricultural lands. What has he done with those lands? Has he not given land to some leading Congress leaders of the State of West Bengal while Shri Atulya Ghosh was the head? Can he deny this fact? It is no use saying that he has no land. For instance, Sir, in Paikpara, in Kandi Rajbari, he has huge non-agricultural land which has been handed over to various persons to get his nomination.

Sir, I have heard a lot of things stated by Dr. Sanyal in his speech. He has been the mouthpiece of his leader, Shri Siddhartha Ray, who, you are aware, was called in this very House as a political upstart. And now Dr. Sanyal is under the leadership of a political supstart. Why? Because of the simple reason that he is a turn-coat, and the birds of same feather flock together on the Congress side. It is no use now for him to speak various things against and for.

Now I come to Shri Khuda Buksh. Unfortunately, the honourable member is not here. This gentleman, so long he is here, always speaks about the minorities. Sir, you have given a ruling in this House that there is no minority here, all are equal. I don't see any reason why he utters the word 'minority' in all his speeches. He forgets that there are real minorities in this House who have not as yet claimed themselves as minorities, i.e., the christian or the Adibasi members. So, it is no use of him beating the drum saying that he belongs to the minority. In fact, they are more majority than we are here and so he should not beat the drum saying that they are minorities. We have come here of our own strength and we shall carry on with our own strength. We don't take any morsel from anybody.

Then regarding the Governor's speech, you remember, Sir, when you were in the opposition with me, I always raised the question about distribution of land which the tea gardens have in galore. Unfortunately, Shri P. C. Sen is not here at present.

Mr. Speaker, Sir, Perhaps you know that Shri Prafulla Chandra Sen used to say that it was not possible to distribute the forest land which was a national asset. Sir, you will be surprised to know that he has distributed over one thousand acres of land to Atiabari Tea Estate. This land was purely a forest land rich with Sal trees. Similarly, the Governor, only in the month of January, has distributed five hundred acres of land between Branabari Tea Estate and Chuapara Tea Estate to Hashimara Tea Estate with all the trees, and in fact all the assets. What was the reason of it? Sir, this handing over of the five hundred acres of land by the Governor to the Tea Estate was nothing else but a political stunt in favour of the Congress candidate so that the Hashimara Tea industry would supply the candidate and the workers with all sorts of conveyance, jeeps and cars and all these things. But it is for the first time in the history of election, in the history of the tea industry, that a particular political party was helped by a Tea Estate viz. the Hashimara Tea Estate. Sir, this is only because of the fact that the Governor gave them the five hundred acres of land. I would request the Minister of Forest to see that this land which is rich in timber is recovered from this Tea Industry because, the tea estates in general, have huge acreage of land. But you see that they are not employing any labourers. Sir, another important thing, when I come to question of labour, is that the one man Commission, which was deputed by the Government to go into the merits and demerits of the problems of the tea industries, made certain suggestions and recommendations. I would request the Labour Minister immediately to see that, at least for the present, the recommendation of that one man commission is implemented in the tea industry so that the dependants of the primary workers are immediately

recruited in the tea industry. Sir, another important factor in the tea industry, which has to be taken notice of, is that huge acreage of tea garden lands are lying fallow and the tea gardens are not taking interest to cultivate tea there. I think that these lands should be taken over by the Government and distributed among the poor cultivators whatever colour they may belong to. It is a pity that thousands and thousands of acres of land are lying fallow and we are crying that there is no food in West Bengal. Another thing which Shri P. C. Sen had done during his regime is this. Everybody knows that about 1200 acres of land were handed over to the Government by the Chengmari Tea Estate, and instead of distributing these 1200 acres of land amongst the poor peasants, the Minister handed over the same land to one Shri Dhiren Bhowmic, one of the tea magnates, for cultivation of tea. Sir, if one tea garden hands over the surplus land why should another tea garden be allowed to take over that land? Why should the Congress Government be allowed to indulge in these kinds of activities? I would request the Land and Land Revenue Minister to be very careful about the question of those 1200 acres of land and, if possible, that land should be snatched away from that person and be distributed among the landless peasants. Regarding the Atiabari Tea Estate I can only say that the land was handed over to one Mr. Rabi Sikdar, who is the Congress President of Jalpaiguri and who also happens to be the President and Director of that Tea Estate.

[3-35-3-45 p.m.]

Sir, these Congress people are talking about democracy. I do not know whether it is a democracy or a damn-cracy? Mr. Speaker, Sir, during the last 21 years, people have been crying hoarse and we were asking them all along for a good administration. They never thought about it and they wanted only their men to be at the helm of affairs. They did not like to take any advice from anybody and that is why the people of West Bengal do not want them. Sir, you will be surprised to hear that though, in the past, many times we brought to their notice about the distressing condition of the people, they were dear to our entreaties. So whatever we said was of no avail. People are aware of their bad activities and the people do not want them. Sir, you know that these people are going about making a propaganda that rice was selling at Rs. 5 per K.G. during the last year. Sir, it is known to everybody as to the cause of this. Sir, in spite of all that happened the people accepted our policy. Sir, imagine the position. All these people were in collusion with interested people, hiding the stock. They were sending the stock away to Nepal, they were sending the stock away to Bihar and they were sending the stock away to Pakistan and other places. In fact, they wanted the people of West Bengal to die of starvation. We know that is what these people wanted and they are crying for democracy. Bo they know what is democracy. It was a damncracy during their period. The funny thing is that they want to teach us democracy. We know democracy in the proper sense of it Mr. Speaker, Sir, you know what is democracy. We want democracy but not of that type of their democracy. We have got our own type of democracy. We want democracy in the proper meaning of the word 'democracy'.

Sir, with these words I support the Governor's Address including the Motion tabled by my friend, Shri Rabin Mukherjee.

Shri A. H. Besterwitch: Sir, on a point of order. Shri Nepal Chandra Roy is prompting one honourable member what is to be stated.

Mr. Speaker: I will look after him. Please do not worry for that. Shri Iatindra Mohan Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে বিতর্কে যোগ দিয়ে প্রথমে অভিনন্দন জানাই গণতন্তরে বাহক দর্শক মণ্ডলীকে। অভিনন্দন জানাই যাদের হাতে লেখনী—এই বিধানসভার বৃক্তা লেখার জন্য সদা জাগ্রত। মিঃ স্পীকার স্যার, গত ৬-৩-৬৯ তারিখে আমাদের এই বিধান মণ্ডলীতে যে ভাষণ দিয়েছেন আমাদের রাজ্যপাল, তাতে আমরা নির্ংসাহ হয়েছি—কোন ন্তন পরিকল্পনার কথা উদ্ধোখ নেই। রাজ্যপালের ভাষণে ১৯৬৭ সালের মন্ত্রীমণ্ডলী বরখাস্তর কারণই বেশীর ভাগ উল্লেখ করা হয়েছে। রাজ্যপালের ভাষণে গত ১৯৬৭ সালের গণ কমিটির কথা বলা হয়েছে— কিন্তু সাধারণ মান্য ভূলে যায় নি সেই কথা। এবার রাজ্যপাইলের ভাষণে গণ আন্দোলনের কথা বলা হয়েছে।

किन्छ ११९ जात्मान्तन किভाবে इरेरव स्म विषया कान राधाभाग करा रय नारे। माननीय স্পীকার স্যার, পশ্চিম দিনাজপুরে রাস্তার যোগাযোগ অতি দুক্তর। আমাদের কশ্মণিডতে আজও প্র্যুন্ত ভাল রাস্তা নির্মাণ হয় নি। আমি এই বিষয়ে পূর্ত বিভাগের মন্তিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যপালের ভাষণে চিকিৎসার কথা উল্লেখ করা হয়েছে কিল্ড আমি দুঃখের স্পের জানাচ্ছি যে আমাদের পশ্চিম দিনাজপ্রেরর কুশ্মণ্ডি থানায় কোন স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয় নাই। সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র কথা কল্পনা করা যায় না। কশ্মনিড থানায় যাহাতে স্বাস্থাকেন্দ্র স্থাপিত হয় সেজন্য আমি মাননীয় স্বাস্থ্য মন্দ্রিমহাশয়কৈ আপনার মাধ্যমে জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিম দিনাজপরে অতি অবহেলিত জেল। <u>এ জেলার কোনরকম উন্নতি এখনও পর্যন্ত সদ্ভব হয় নি। রাস্তার যোগাযোগ, চিকিৎসার</u> ব্যবস্থা বিভিন্ন ধরনের বাধ নির্মাণ করা কৃষিকার্যের জন্য একান্ত প্রয়েজন। তারপুর বর্ডার নিরাপত্তার কোন কথা রাজাপালের ভাষণে উল্লেখ করা হয় নাই। সেজন্য আমি দুর্গাখত হয়েছি। মাননীয় স্পীকার স্যার, এখানে অনেক মাননীয় সদস্য আছেন যাঁরা বর্ডার এলাকা থেকে এসে-ছেন তাঁরা নিশ্চয়ই জানেন যে বর্ডারের গ্রামসমূহ হইতে কি পরিমাণ গরু পশু ইত্যাদ চুরি হয় এবং ডাকাতি রাহাজানি হয়ে থাকে, আমি মাননীয় প্রলিশ মন্ত্রীর এ বিষয়ে দুলি আকর্ষণ করছি। শহরে এর বিভিন্ন জায়গায় দ**্রুধ সরবরাহ কেন্দ্র খোলা হয়েছে এ**বং আরো হবে বলে পরিকলপনা হয়েছে কিন্তু গ্রামের দিকে লক্ষ্য বাথা হয় নাই। আজকাল গ্রামবাংলায় দুধের অভাব দেখা দিয়েছে। সেইজনা প্রতি রক লেভেলে পশ্য কেন্দ্র খোলা একান্ত প্রয়োজন আছে। গ্রামের চাষ্ট্রীদের এমন অবস্থা নয় যাতে তারা হালের বলদ ছাডা অন্য গর, রাখতে পারে। কাজেই শ্বাধ্য রক লেভেলে শ্বাধ্য নয়, **গ্রামাণ্ডলেও পশ**্ব পালনের জন্য উৎস**ন্থ্য দেও**য়া একানত প্রয়োজন। মাজাপালের ভাষণে বর্ডার নিরাপত্তার কথা উল্লেখ না থাকায় আমি হতাল হয়েছি। তারপর গ্রামের চাষ্ট্রীদের সাধারণ মানুষের উন্নত মানের জীবন যাপনের জন্য কোন রকম পরিকল্পনা বাজা-পালের ভাষণে নেই। স্বস্তিরে মান্য যাতে উন্নতভাবে জীবন যাপন কবলে। পাবে একি পি সাধন কবতে পারে তার জন্য আমি আপনার মাধামে মান্নীয় মুখাম্বী মহাশ্যু-এব দুলি আকর্ষণ কর্মছ। মাননীয় স্পীকার সাার, আমাদেব গ্রামে অনেক সমস্যা রয়েছে বিভিন্ন সমানায সমিতি গঠন করা একানত প্রয়োজন-মহিলা সমিতি প্রয়োজন আছে। দীর্ঘদিন ধরে আমাদের ওখানে মহিলা সমিতির জন্য চেন্টা করা সত্ত্বেও কিছতেই বেজিম্থী হচ্ছে না। আমি অচিবে যাতে প্রত্যেক গ্রামাঞ্চলে মহিলা সমিতি গঠিত হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। তারপরে বাজাপালের ভাষণে বয়স্ক শিক্ষার কোন উল্লেখ করা হয় নাই। আজু যে শিক্ষা চলছে এইর প শিক্ষা চলতে আমাদের গ্রামবাংলার উর্লতি হওয়া সম্ভব নয়। আমি মাননীয় শিক্ষাফালীর এদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানাচ্ছ। প্রত্যেক গ্রামে প্রাইমারী স্কল হলেই হবে না ভার সংজ্য স'ভা বয়সক শিক্ষাকেন্দ্র যাতে পরিচালিত হয় সেজনা আমি শিক্ষামাল্টী মহাশায়কে দান্টি রাখার জন্য অন্ত্রাধ জানাচ্ছি। মাননীয় স্পীকার সারে, আমাদের পশ্চিম দিনক্ষপূত্র জেলাল বনায়ে অনেক অন্তল ধরংস হয়ে গেছে-সেই সমস্ত এলাকায় চাষীদের অভাব দেখা দিয়েত অনেক খাদের তাভাবে বাট পাচ্ছে। অচিরে আমাদের এলাকায় টি আর-এর কাজ যদি চালা না হস তাহলে অনেক লোক না খেয়ে মারা যাবে। কাজেই আছকে যাতে টি আর চলা হল সেজনা মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মল্টীমণ্ডলীর দুটি আকর্ষণ কর্ছি। আমার আর একটি বন্ধব্য এই যে, রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার মানুষের উন্নতির কথা বিশ্তারিত ভাবে না থাকায় আমি খুব হতাশ হয়েছি। গ্রাম বাংলার জন্য বিশেষ করে পশ্চিম দিনাজপুর জেলার জন্য মন্ত্রীমণ্ডলী বিশেষ দ্বিট রাখবেন আশা করি। এই বলে আমি আমার বন্ধব্য শেষ করছি।

[3-45-3-55 p.m.]

Shri Bazle Ahamad :

भाननीय श्रीकात भरागत, त्राकाशान आमार्रामत धरे मधात माम्यन य धारण मिराराह्म छार्छ ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব আমাদের সরকারের তরফ থেকে এসেছে আমি তা সমর্থন করছি। সমর্থন করে কিছু কথা বলতে চাই। আমাদের যুব্তফ্রন্ট সরকার শাসনব্যবস্থা পরিচালনার ক্ষেত্রে যে নীতিগুলি ঘোষণা করেছেন তার মধ্যে আমি খাদ্য সম্বন্ধে কিছু কথা আপনার মাধ্যমে এই সভাতে রাখব। আমরা ঘোষণা করেছি যে দেশের লোককে খাওয়াবার দায়ীত্ব যক্তফ্রন্ট সরকার গ্রহণ করলেন। এই ঘোষণা যে আমরা করেছি তার পিছনে যে কার্যক্রম আছে তা সেই ভাষণের মধ্যে বিস্তারিতভাবে আলোচনা করা হয় নি। আমি সভার সামনে আপনার মাধ্যমে অনুভ কথাগ্লিই রাথছি। খাওয়াবার দায়ীম্ব পালনের দুটি দিক আছে—(১) খাদ্য সংগ্রহ (২) খাদ্য বিতরণ। খাদ্য সংগ্রহের ক্ষেত্রে আমরা দেখছি আমানের সম্মুখে কিছু প্রত্যক্ষ বাধা আছে। সে वाधाग, त्ला २ एक यात्रा ट्याफिউमात अर्थार थाना छेर भानक छाता, यात्रा थाना किनएक এवर বাজারে ব্যবসা করছে মজতুলার তারা, আর যারা কালোবাজারী তারা। এই তিন শ্রেণীর লোক—এক বড় জোতদার উৎপাদক তারা, দুই যারা কালোবাজারী করছে তারা, তিন আর যারা মজ্বতদার। এই তিন শ্রেণীর লোকই হচ্ছে থানের ব্যাপারে ভেস্টেড ইন্টারেস্টেড পার্সন। তার মধ্যে কিছু, সরকারী কর্মচারী আছে যারা এদের মদত দেয়। প্রধানত এদেরই চক্রান্তে দেশের **উৎপন্ন ফসলের এলাকাভিত্তিক উন্দর্ভ অংশের সবটা সরকারী ভান্ডারে জমা হয় না।** কালো-वाकारत हरन यात्र अवर मञ्चलमात्री ও म्लाव्यित करन म्लाव्य लात्कत मूर्नमा, मृश्य कच्छे वार्छ। আমাদের সরকার যান্তফ্রন্ট সরকার কি করবেন? এই যে চেন, এই যে চক্রান্ড, এই যে ষড্যন্ত— এইটা ভাষ্ণাবার জন্য সর্বপ্রকারে ব্যবস্থা নেবেন আমাদের সরকার। এর জন্য যদি প্রয়োজন হয় আমাদের স্বরাষ্ট্র বিভাগ এগিয়ে আসবেন। যারা আমাদের নীতিকে সফলতার পথে নিয়ে যেতে চান সেই সব মানুষের সাহাযা নেওয়া হবে আশা করি। খাদ্যের বিক্রমূল্য এমনভাবে বাঁধা হবে যাতে দেশের সবাই কিনতে পারে এবং বিতরণ করা হবে এমন পর্ন্ধতিতে যাতে মানুষ তার প্রয়োজনীয় পরিমাণ সহজভাবে পায়। সেদিকে যদি স্বরাষ্ট্র বিভাগ এবং খাদ্যবিভাগ প্রস্পরের সহযোগীতায় কাজ করতে পারেন তাহলে আমার বিশ্বাস আমরা এতে সাফলা লাভ করতে পারব। আমাদের কল্যাণের জন্য দেশের মধ্যলের জন্য আমাদের এগিয়ে যেতে হবে। যেমন আগের সরকার বার্থ হলে আমরা বলেছি তার নিন্দা করেছি তেমনি আমরা যদি বার্থ হই তাহলে আমাদের যুক্তফ্রন্ট সরকারকেও কলন্ডেকর ভাগ নিতে হবে এবং দেশের জনসাধারণের নিকট জবার্বাদহী করতে হবে। আমি আশা করি, থাদানীতির ঘোষণায় যে কথাগুলো বলা আছে, দেশবাসীর কাছে যাজ্ঞান্ট সরকার যে প্রতিশ্রতি দিয়েছেন, তা অক্ষরে আক্ষরে পালন করবার জন্য চেন্টা করবেন। আমি পনেরায় বলফে চাই যে, আমরা সব সময় অন্য দলের বা অন্য গভর্নমেন্টের যারা দেশ শাসন করেছেন, তাঁদের কাজের সমালোচনা করে এসেছি। আমরা বলেছি তাদের কৃতকর্মের ফলে আমাদের দুর্দশা অনেক বেড়েছে, অনেক কণ্ট ভোগ করতে হয়েছে। আজকে আমরা যদি কোন ভূলদ্রাণিত করি বা বার্থ হই তাহলে তাঁরা অভিযোগ করবেন এবং আমাদের অযোগাতা তাঁরা কাজে লাগাতে চেষ্টা করবেন। সর্বশক্তি দিয়ে তারা যা করতে পারবেন তা করবেন এবং দেশবাসীর নিকট তাদেরই মত অযোগ্য সরকার হিসাবে যুক্তফ্রন্টকেও প্রতিপন্ন করতে হুটি করবেন না--বলা বাহুলা এর চাইতে পরিতাপের আর কিছু থাকবে না।

অপর প্রসংগে উল্লেখযোগ্য যে, টিটাগড় তেলিনিপাড়া ইত্যাদি ভায়গায় সাম্প্রতিক যে সাম্প্রদায়িক দাগ্যা ঘটে গেল। আমি মনে করি উটা একটা পরিকল্পনা করে করা হয়েছে। আছারা জ্যানি দেশে যখন দঃখকন্ট, অনাহার, বেকাবী এসে গাস তখনই এসব ঘটনা ঘটে। এব তাপেও কংগ্রেসে করেছে। তাদের গৃংডাদের দিয়ে সাম্প্রদায়িক দাগ্যা বাঁধিয়েছে এবং তারা মান ককে বিদ্রান্ত করার জন্য এই সমস্ত চক্রান্ত করে এসেছে। এই নির্বাচনে তারা প্রাজিত হয়ে নৃত্ন

ভাবে চক্রান্ত সূত্র, করেছে এবং তার ফলেই এই দাপ্গা হয়েছে। এই দাপ্গা আমরা কৃতিছের সহিত স্বলপকালে থামিয়ে দির্লেছ। কিন্তু সেটাই বড় কথা নয়। এই প্রকার যাতে আর না ঘটে তার জন্য ব্যবস্থা করতে হবে। আমরা জানি আমাদের যে প্রিলশ বিভাগ আছে, তারা স্ব সময় বিশ্বাসযোগ্য নয় এবং এটা আমাদের য**্তু**ফ্রন্ট সরকারও ভা**লভাবে জানেন। সে**জন্য আমা-দের যা করা দরকার তা করতে হবে। আমাদের যে বিভিন্ন কর্নাস্টট্রেন্ট পার্টিজ যুক্তফরে আছে তাদের যথেষ্ট ভলান্টিয়ার আছে, আমাদের চলতি সেসনে যেদিন প্রথম বিধানসভা খোলা হয় সেই দিন যুক্তফ্রন্টের স্বেচ্ছাসেবক ব(হিনী বিধানসভায় শান্তিরক্ষা করেছে এবং তার জন্ম আর্থান তাদের প্রশংসাও করেছেন। সেইভাবে আমাদের যেসমুস্ত বিভিন্ন রাজনৈতিক দলের স্তেত্যনেরক বাহিনী আছে তারা এই সাম্প্রদায়িক দার্গা রোধ করবার জন্য এগিয়ে আসনে এবং তাহলে আমি মনে এই প্রকার দাপ্যা আর ঘটবে না। প্রত্যেকটি এলাকায় আমাদের যুক্তফ্রটের মধ্যে যেসব কর্নস্টিট্রয়েল্ট পার্টিজ আছে তারা যদি কাজ করেন তাহলে এসব দ্ভাগ্যজনক ঘটনা আর ঘটবে না। আমরা শ্বে সরকারী প্রিলশের নির্ভার করব না। দেশের মানুষকে দুভাগে ভাগ করতে কংগ্রেসীরা যে চক্রান্ত করেছে আমরা তাকে ভাপাতে বন্ধপরিকর। তারা এমন বিপদ ও বিভেদ জনসাধারণের মধ্যে সূচিট করবে যাতে প্রতিক্রিয়াশীল, মুনাফাখোর, চক্রাল্ডকারীদের হাত শক্ত হয়। কিন্তু আমরা তা করতে দেব না। আমি স্বরাষ্ট্রমন্ত্রী জ্যোতিবাব্বকে অনুরোধ করি তিনি যেন এ বিষয়ে সক্রিয় হন এবং আমাদের কনস্টিট্য়েন্ট পার্টিগ্রেলা নিজ নিজ এলাকায় তাঁদের সংগঠনকে শরিশালী করে সাম্দাসিক উত্তেজনার বিরুদেধ কাজ কর্ন যাতে এইরকম দাণ্গা ভবিষাতে না হয়। আমি মনে করি সাম্প্রদায়িক দাংগা সম্বন্ধে যেসব কথা রাজাপালের ভাষণে বলা হয়েছে হাতে খোলাখালি সব কথা নেই। কিন্তু তবু আমরা প্রতিশ্রত যে আমরা দেশের মান্যকে এইভাবে দুই ভাগে ভাগ হতে দেব না এবং দেশের মানুষকে দুমুঠো খাওয়াব। আমার বক্তার শেষেব কথাটি হচ্ছে যে দেশের লোকের কাছে যুক্তফ্রন্টের প্রতিটি দল একটা কথা বলে এসেছেন যে, তাদের বাঁচার নানেতম দাবী সেটা আমরা প্রেণ করব। কিন্তু এটা চাইলেই পাওয়া যাবে না, তার জন্য দেশবাসীকৈ আন্দেলন করতে হবে। কিন্তু যাতে তীরা নির্বিবাদে সেই আন্দোলন করতে পারেন তার জন্য সে ব্যবস্থা নিশ্চয় স্বরাষ্ট্র বিভাগ করবে। প্রলিশ যেন গণতান্তিক আন্দোলনে হুমতক্ষেপ না করে। এই আশা কবে যে ধনাবাদ প্রস্তাব এসেছে রাজাপালের ভাষণের ^{ইপর ভারে} সমর্থন করি।

[3-55-4-05 p.m.]

Shri Azizur Rahaman :

মাননীয় দ্পীকার মহাশয়, বিগত ৬ই মার্চ রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণে পশ্চিম বাংলার বহু সমস্যার বিষয় উল্লেখ থাকলেও সেগালি রাপায়ণের বাসতব দ্ণিউভজাীর কোন ইন্গিড নেই। তাঁর ভাষণ বাসতব দ্গিট বহিছাত বলে মনে করি। তাঁর ভাষণে মধ্যবিত্ত নিশ্ন মধাবিত্ত সমাজের কর্মসংস্থানের কোন ইন্গিত নেই। গ্রাম হচ্ছে সামগ্রিকভাবে বাংলাদেশের উর্গেডর উৎস মালা। কিন্তু সেখানে উদ্যাম ও প্রাণ সঞ্চারের কোন উদ্যাগ দেখতে পাই না।

গ্রামীণ বাংলাকে সঞ্জিবীত করে তুলতে হলে মধ্যবিত্ত, নিন্দমধ্যবিত্ত, শ্রমিক ও কৃষক সমাজের কথা বিশেষভাবে চিন্তা করে দেখতে হবে। গ্রাম বাংলার মধ্যবিত্ত, নিন্দমধ্যবিত্ত, কৃষক ও শ্রমিক সমাজের অর্থনৈতিক অবস্থার কথা ভালোভাবে চিন্তা করে দেখার প্রয়োজন আছে। শহর থেকে দ্রে যেসমুহত পল্লীবাসী নিজেদের কায়িক শ্রমের দ্বারা এবং অর্থ বিনিয়োগের দ্বারা শস্য উৎপল্ল করে সেই সমুহত কাঁচা মাল বেমন গ্রামীণ ভেজিটেবল, চিলিস, অনিয়ন, সেই সমুহত পেরিসেবল গ্রহুক তার ন্যায় মূল্য থেকে তারা বিশ্বত থাকে। এর কারণ স্থানীয় মার্কেটের অভাব ও পরিবহণ ব্যবস্থার অভাব। তাই সুদ্র পল্লীবাংলার গ্রাম অঞ্চলের চাষীরা যে সমুহত কাঁচা মাল উৎপল্ল করে তার ন্যায় মূল্য যাতে তারা পেতে পারে তার ব্যবস্থা করার জন্য আমি বিভাগীয় মনিগ্রহালয়ের দণ্টি আকর্ষণ করিছ। গ্রাম বাংলার চাষীরা যে সমুহত পাটজাত দ্বা উৎপল্ল করে তার বিশ্বত থাকে, তারা যাহতে ন্যায় মূল্য পার তার ব্যবস্থা করার জন আমি সরকাবের দণ্টি আব্রহণ করিছ। গ্রাম বাংলার মধ্যবিত্ত, নিন্দমধ্যবিত্ত, চাষী ও মজ্বরের অর্থনৈতিক ভারস্থাব

উন্নতি করে তারা যাতে তাদের উৎপন্ন দ্রন্যের ন্যায্যমূল্য পেতে পারে তার জন্য সম্যাধক প্রচেন্টার প্রয়োজন। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বাংলাদেশ নদীমাত্রক দেশ। কালক্রমে নদ্দি গুলি মজে গিয়েছে, যদিও বহু নদী সংস্কার করার ফলে সেচ পরিকল্পনার দ্বারা বাংলাদে উপকৃত হচ্ছে তব্ত এখনও বহু নদী আছে যেগালির সংখ্কার করা হয় নি। এগালির সংক্রের বাক্তথা করা হলে বাংলাদেশের প্রভত উন্নতি হতে পারে আর তার ফলে ২ রকম ভাবে ক্রমকর **উপকৃত হতে পারে। একদিকে সেচ পরিকম্পনাগর্মল হতে পারে অন্যাদিকে জমির উবার শার্** বৃদ্ধি পেতে পারে। তারপরে বাংলাদেশের খাল বিল গালি বহা আবাদী জমি তাতে বচ আছে। এই খাল বিল গুলির সংস্কার করা হলে বাংলাদেশে আবাদযোগ্য জমির সংখ্যা বঞ্চি পাবে। মাননীয় স্পীকার মহাশয়, গ্রামবাংলার জনস্বাস্থ্যের উর্মাতর বিষয়ে বিশদভাবে চিন্ত করা দরকার। বাংলাদেশে এখনও বহু গ্রাম আছে যেখানে প্রাইমারী হেল্থ সেন্টার বা সার্বাস-ডিয়ারী হেল্প সেন্টার নেই। জেলা ওয়ারী পরিসংখ্যান নিয়ে এ সমস্ত অণ্ডলে যাতে প্রাইমারী হেল্থ সেন্টার বা সার্বাসিডিয়ারী হেল্থ সেন্টার স্থাপিত হয় তারজন্য অগ্রাধিকারের ভিত্তিত বাক্ষা হওয়া উচিত। তারপর শিক্ষা সম্পর্কে অনেকে অনেক কথা এই হাউসে রাখলেন, আহি ২।১টি কথা এই সম্পর্কে বলতে চাই। শিক্ষার প্রথমিক শতর থেকে মাধ্যমিক প্রার্থ নার অন্যান্য বিষয়ের উন্নতির সংখ্য সংখ্য শিক্ষায়তনগুলিতে শরীরচচ্চামূলক শিক্ষা বাধ্যতাম লব ভাবে প্রবর্তন করা যায় সে বিষয়ে সকলের দুটি দেওয়া প্রয়োজন বলে আমি মনে কবি এবং আপনার মাধামে আমি সেই বন্ধবা রাখছি। তারপর শিক্ষকদের বেতন বাডানোর দাবি যেমন মেনে নেওয়ার প্রযোজন আছে—বেতন বাড়ানোর প্রযোজন আছে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতির জন্য তাতে বলার কিছু নেই, তেমনি সেই শিক্ষকরা ছাত্রদের শিক্ষা সম্বন্ধে যত্নবান হচ্ছেন কিনা সে বিষয়েও আমাদের বলিষ্ঠ দূর্ঘিট দিয়ে দেখা দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাই গ্রামাণ্ডলে বহু শিক্ষায়তনের গ্রাদি এইনার ঠিকমত সংস্কার হয়নি, তাদের আসবাবপতেরও বিশেষ অভাব রয়েছে। কাজেই গ্রামাণ্ডলের কালে মজুর ভাইদের ছেলেদের শিক্ষার সন্যোগ দেওয়া হয়েছে সেই শিক্ষায়তনগুলির সংস্কৃতির প্রযোজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিশেষে আমার বন্তব্য এই বলে শেষ কর্প্রচাই যে গ্রামাণ বাংলার উর্লিত সাধন হবে সামগ্রিক পশ্চিম বাংলার উর্লিতর সহায়ক। বাংলার গ্রামগুলি সহরাণ্ডলের উর্লিতর উৎসমুখ, সেই উৎসমুখ যাতে বিঘানিত না হয়, ভার অন্তরায় স্থি যাতে না হয় সেই দৃষ্টিভংগী নিয়ে পশ্চিম বাংলার গ্রামগুলির দিকে লক্ষ্মদেওয়া আমাদের সবিশেষ কর্তব্য। এই বলে আমি আমার বন্তব্য শেষ কর্রছি।

Shri Sudarson Singh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবন্দিজ্ঞাপক প্রস্তাব এই হাউসের সামনের এসেছে সেই প্রস্তাবসম্বন্ধে বিরোধী পক্ষ নানারকম আলোচনা করছেন, আইনের নান কুট প্রশ্ন এনেছেন এবং চেন্টা করছেন প্রমাণ করতে যে রাজ্যপালের ভাষণ বে-আইনী এবং আরে নানা কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূৰ্বে মাননীয় কাশীবাব কীথ, আইভরনিংস্ প্রভৃতি বিশেষ চিম্তাশীল রাজনৈতিক পণ্ডিতদের বন্তব্য এই হাউসের সামনে তলে ধর্রোছলেন এবং আপনি যে রুলিং দিয়েছেন সেই রুলিং-এর পরে এই সমস্ত কুট আইনগত প্রশেনর কো অবকাশ আছে বলে আমার মনে হয়না। স্যার, আজকে রাজ্যপালের যে ভাষণ এই হাউসে সামনে আছে সেই ভাষণ সম্বন্ধে বিরোধী পক্ষের নেতা আলোচনা প্রসংগ্য বলছেন যে এর মূল কথা হল কেন্দ্র এবং রাজ্যের মধ্যে আয় বনন্টের ক্ষেত্রে রাজ্য সরকারের যে দাবী সেই দাবীবে তার। সমর্থন জানাবেন। কিন্তু সেই সমর্থন সন্বন্ধে তিনি বলেছেন যে সেটা সর্তসাপেক অর্থাৎ যদি ষ্ট্রেক্টেন্ট সরকার গণতন্ত্রের মর্যাদা বজার রাখেন তবেই তারা সমর্থন জানাবেন মাননীয় অধাক্ষ মহাশয়, যুৱ ফ্রন্ট সরকার গণতন্ত্র বিরোধী কি কাজ করলেন? এখানে অনেব কথা বলা হ**রেছে**, রাজ্যে সিভিল ওয়ার ল্যুগলো বলে, এখানে নাকি রাস্তায় রাস্তায় অরাজকত আরম্ভ হয়ে গিয়েছে, এইরকম নানা অভিযোগ আনা হয়েছে। কিন্তু সত্য সত্যই কি সেইরক **धतत्तत्र किছ, राश्रष्ट, সाधात्रण मान,य कि एम कथा मरन करतन? योग जा मरन करत्**जा जारूर ১৯৬৭ সালের যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে বেসমস্ত অভিযোগ আনা হয়েছিল সেই সমস্ত অভিযোগের পরে যে ব্যাপক আন্দোলন সমসত বাংলাদেশে হয়েছিল এবং জনসাধারণের সেই এনেলালনে যুবন্ধদট সন্পো এসেছিল এবং যার ফলে এই মধারতী নির্বাচনে আচরা দেখতে পাই কংগ্রেসের সংখ্যা ৫৫-তে নেমে এসেছে সেই ঘটনা ঘটতো না। স্কৃতরাং এইরকম ভাবে জনসাধারণকে যুবন্ধদট সরকারের বিরুদ্ধে বিভালত ব্যার্থ কেনে এবকাশ নেই, এতে বেলন লাভ হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশের মান্য গত ২০ বছর ধরে কংগ্রেসের অগ্সাননের চেত্রো দেখেছে। আমি বাঁকুড়া জেলা থেকে এসেছে, বাকুড়া লেলা সম্বন্ধে লোকের একটা ধারনা।ছেল এই জেলা কংগ্রেসের একটা দ্বর্গ, লোকে আমাদের চাট্টা করে বলতো বলদভূমের লোক। কিন্তু আজ সেখানের কি চেহারা? ১৯৬৭ সালের নির্বাচনে কংগ্রেসের পালের গোদা অতুলা ঘোষকে সম্পূর্ণভাবে নিশ্চিছ করে দিয়েছে এবং আই নির্বাচনে বাঁকুড়া জেলা থেকে কংগ্রেসক সম্পূর্ণভাবে নিশ্চিছ করে দিয়েছে এবং আইলামী দিনে কংগ্রেসের একটা প্রাথণীও বাঁকুড়া জেলায় পাওয়া যাবে বলে মনে হয় না।

[4-05-4-15 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশ্য বাঁকড়া জেলায় একটা নিঃশব্দ বি॰লব ঘটে গিয়েছে। সাধারণ মানুষের কাছে এটা পরিম্কার হয়ে গিয়েছে, তারা ব্রুতে পেরেছে শোষকদের পক্ষে, একচেটিয়া পণ্জি-পতিদের পক্ষে ২০ বছর যে শাসনকার্য চালান হয়েছে তার দ্বারা সাধারণ মানুষের কোন মণ্যল হতে পারে না তাই তারা যান্তফ্রন্টকৈ সমর্থন করেছে। তাই যান্তফ্রন্ট আজ কেবল মাত্র বিশেষ কোন রাজনৈতিক দলেব প্রতিষ্ঠান নয়, যুভফুন্ট হচ্ছে জনসাধারণের প্রতীক, তার বির,েধ যতই বিরোধী দল বিজ্ঞান্তিকর কথা বলান না কেন, এই হাউসকে বিজ্ঞানত করার চেণ্টা করান না কেন ুবা সফল হবেন না। মাননীয় অধাক্ষ মহাশয়, গত কয়েকদিন যাবত নকশালপন্থীরা কল-ক এয় কিছুটো হাজ্যামা করছে, বিশ্ববিদ্যালয়ের উপাধ্যক্ষকে তারা ঘেরাও করেছে, ছাল্লত ৮ ৫০৩ মারামারি হয়েছে কিন্তু সেই নকশালপন্থীদের মাঝখানে কংগ্রেস যে আছে একথা বাংলাদেশের মনুষ জানে। ছাত্র পরিষদের ছাত্ররা কংগ্রেসী নেতাদের। পবিচালনায এই কাজ করে*তে এব*ংগা ভানতে কাবো বাকি নেই। নকশালপন্থীদের নাম দিয়ে যুক্তফ্রন্টকে যতই অভিযুক্ত করুন না क्त সাধারণ মানুষ এই আন্দোলনের চেহারা জানে, সাধারণ মানুষ একথাও জানে যে যেখানে কংগ্রেসী সরকারে আছে সেখানে ত নকশালপন্থীরা আন্দোলমু করে না, এইরকম মারামারি করে না, যেখানে যুক্তফ্রন্ট সরকার আছে সেখানেই নকশালপন্থীদের উপদ্রব থাকে এবং কংগ্রেসীদের সংগ্র সেখানে তারা হাত মিলাতে থাকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন এক মন্ত্রী শ্রেছি থবরের কাগজে কি এক বস্তব্য রেখেছিলেন, আজকে এখানে বলা হচ্ছে যে সেই বন্তব্য যান্তফ্রনেটর বহুবা। কোন একজন মন্ত্রী কোন কিছ্ব বন্তব্য রাখলেই সেটা যে যুক্তমুন্টের বন্তব্য হয় না একথা খাজকে বলে বোঝাবার প্রয়োজন নেই। যুক্তফল্টের উপ-মুখামন্ত্রী পরিন্দার বলেছেন যে, ক্শালিস্ট্রা যদি বেশী বাড়াবাড়ি করে তাহলে তাদের বিরুদ্ধে যুক্তফ্ট সরকাব ব্যস্থা এব-নদ্বন করবেন একথা বাংলাদেশের মান্য জানে। সত্তরাং যুক্তফ্রন্ট সরকার অরাজকতার সাণ্টি াবছে, যাজ্ঞুকট সরকার সাধারণ মানুষের জীবনকে সিভিল ওয়ারর দিকে নিয়ে যাওয়ার চোটা ফরছে এইসমুস্ত বিদ্রান্তিকর উভির ন্বারা যুভ্রফ্রন্টকে জনসাধারণের সামনে যে হেয় ১৫০০ শারবেন না এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা নিঃশব্দ বিংলব ঘটে গ্যেছে, সাধারণ খেটে খাওয়া গ্রামের অগণিত জনসাধারণ যুক্তফ্রন্ট সরকারের পক্ষে দাঁডিয়ে মাজকে অপেক্ষা করছে যান্তফ্রন্ট সরকার তাদের কতথানি মঞ্চল সাধন করবেন ঠিক সেই মাহ তে ানাবকম বিদ্রাণ্ডিকর অপপ্রচারের শ্বারা যদি বিরেণ্ধী পক্ষ জনসাধাবণের এই আব্যাল্ডাকে ার্থ করে দিতে চান তাহলে জনসাধারণ তাঁদের ক্ষমা করবেন না এটাই ইতিহস্কুসর লিখন। প্রেদিন ীমতী গীতা মুখাজী যে দেওয়ালের লিখনের কথা বলেছিলেন সেই দেওয়ালের লিখনের কথা মামি বিরোধী পক্ষকে সমরণ করিয়ে দিতে চাই। অধ্যক্ষ মহাশয়, সেদিন সাধন গ্রুণ্ড বলেছিলেন বপাবলিক্যান পার্টির পরিবর্তে যদি ডিমোক্র্যাটস আসে, ইংলন্ডে লেবার পার্টির পরিবন্তর্ নরারভেটিভ পার্টি আসে এটা সেইরকম আসা, নয়, এখানে একটা বিস্পব ঘটে গিয়েছে, সাধারণ খটে খাওয়া মানুষের বিশ্লব। সেদিন বিরোধী পক্ষের নেতা বলেছিলেন ওল্ড ওয়াইন ইন নিউ বটল কিনত আমি এই কথা বলতে চাই নিউ ওয়াইন ইন আন ওল্ড বটল। এই ওল্ড ेन इल त्कन्द्रीय अतकात ७वং त्राक्षा अवकारतव यात्राथारम रय अम्लर्क, काठारया, रुपटे काठारया

হচ্ছে ওল্ড কাঠামো, এই ফ্রেম ভেশে দিতে না পারলে বাংলাদেশের মধ্পল হবে না। আজকে ব্রুক্তান্ট সরকার যে দাবী তুলেছেন সেই দাবী আইনস্পাত, সেই দাবী যদি মেনে নেওয়া না হয় তাহলে অবশাই এই দাবী জনতার আন্দোলনে পরিণত হবে এবং সেদিন যে অবস্থার সৃষ্টি হবে সেই অবস্থা থেকে দ্রে থাকবার জন্য আমি বিরোধী পক্ষকে অন্রোধ করবো তাঁরা সরকার পক্ষকে সর্বতভাবে সাহায্য কর্ন।

Shri Shamsuddin Ahmmed:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বলে নিই আমি এবারে একজন নতেন সদস্য হিসেবে এখানে এসেছি এবং মালদহ জেলার কালিয়াচক কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। রাজাপালের ভাষণের উপর আলোচনা প্রসংখ্য আমি আমার এলাকার কৃষি জমির বিষয়ে কিছু বলতে চাই। ফরাক্কা প্রোজেক্টের লেফট্ ব্যাৎক যেটাকে বলা হয় সেই নদীর পাশপাশি যে জমি আছে সেগালি অধিকাংশই প্রোজেক্টের মধ্যে রয়েছে এবং কালিয়াচকের পাশে মানিকচক থানার জমির প্রকৃতি একটা আলাদা ধরনের—অর্থাৎ সেই জমিতে বেলেমাটিও রয়েছে এবং কোন কোন জমিতে ভাল मार्चि तुरहारह। किन्छू नवरहरा वर्ष नमना। राष्ट्री तुरहारह रमणे अपनरकर वरनन नि वरन आमि সে সন্বদেধ কিছু বলতে চাই। আমাদের সেখানে ফসল উৎপাদনের চেন্টা করা হয়, কিন্তু সেই ফসলের বড় শার, হচ্ছে উই পোকা। এই সম্বন্ধে আমরা অনেক কথা বেসরকারীভাবে বলেছি। সাধারণ মান্য পরিশ্রম করে যে ফসল লাগায় সেগর্লি উই পোকায় নন্ট করে ফেলে। এই নতন উপদূব অনেক জায়গাতেই রয়েছে কিন্তু আমাদের এলাকায় একটা বেশী মান্তায় রয়েছে। কৃষি সম্বন্ধে আমার বস্তব্য হচ্ছে ১৯৬৯-৭০ সালে ৭০ লক্ষ মেদ্রিক টন ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি একটা ট গেট ঠিক করা হয়েছে। এই টার্গেটে পেশছাতে হলে কিন্তু অধিক পরিমাণে উন্নত ধরণের শ্রীক্ষ দিতে হবে। আর একটা জিনিস দেখলাম একটি কপোরেশন আছে যে কপোরেশ নের মাধ্যমে কিন্তিতে ট্রাক্টর বা অন্যান্য যলপাতি দেওয়া হবে। আমার বন্তবা হচ্ছে আমাদের গ্রামের কৃষকরা যাতে এ সম্বন্ধে ভালভাবে ওয়াকিবহাল হতে পারে সেই জন্য প্রচারের ব্যবস্থা করা দর্ভার। আমি মাননীয় অধ্যক্ষ মহাশ্যের মাধ্যমে সরকারকে জানাতে চাই আপনারা এব বহুল প্রচারের বাবস্থা করুন। তারপর ছোট ছোট প্রোজেক্টের কথা বলা হয়েছে, কিন্তু বড় বড পরিকল্পনাগলে দেখছি বিকল অবস্থায় রয়েছে। আমার এলাকায় অর্থাৎ কালিয়াটক থানায যে ডিপ টিউবওয়েলগুলি হয়েছে সেই ডিপ টিউবওয়েলের ঘরের দরজা, জানালা নেই এবং ইট-পাটকেল ভতী হয়ে রয়েছে। ইলেকট্রিকের তার রয়েছে কিন্তু ৩-৪ বছর ধরে দেখছি চাল, অবস্থায় নেই। এই ডিপ টিউবওয়েলগ্বলি চাল্বলে আমরা অনেক আগেই উন্নত ধরনের ফসল ফলাতে পারতাম। কাজেই আমি মাননীয় অধাক্ষ মহাশয়ের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশুয়ের কাছে আবেদন জানাচ্ছি এই ডিপ টিউবয়েলগুলি যাতে অচিরেই চালু হয় তাব বারুম্থা গ্রহণ করনে। এই প্রসংগে আমি আর একটি দ্বঃখের কথা জানাতে চাই। আমরা পূর্ব পর্যাকস্তানের সীমানার কাছাকাছি বাস করি এবং দেখতে পাচ্ছি প্রায় প্রতিদিন রাত্রে কৃষকেব গব্ চুরি হয়ে ওই পারে যাচেছ। অর্থাৎ বলতে গেলে এমন দিন যায় না যেদিন এই ধবনের ঘটনা না ঘটছে। প্রতিদিন ভোরবেলা উঠে খবর পাচ্ছি অমুক গ্রেখর গর, চুরি হয়েছে, অমুক গ্রুম্থের গর, চুরি হয়েছে। এর প্রতিকারের বাবস্থা যাতে ভালবাভে হয় আমি তারজন্য অন্-রোধ জানাচ্ছি।

[4-15-4-25 p.m.]

আমি এখানে আর একটা কথা বলতে চাই। এখানে আনএমন্লমেন্ট সন্বন্ধে অনেক কথা বলেছেন। আজকে চাষার ছেলেরা কিছু কিছু কেথাপড়া শিখছে। যারা সাধারণ শিক্ষা গ্রহণ করেছেন, তাদের যদি আজকে এমনি চাষের কাজে লাগান যায় তাহলে পুরোনো পদ্ধতিতে পুরানো জ্ঞান নিয়ে কিছু কিছু করতে পারে। কিন্তু আমার কথা হচ্ছে যারা ধর্ন কাস এইট কিংবা ম্যাণ্ডিক ক্লাস পর্যন্ত পড়েছে, তাদের যদি একটা ট্রেনিং দিয়ে দেওয়া যায় তাহলে তাদের নিজ নিজ যে জমি আছে তাতে বৈজ্ঞানিক পশ্চতিতে চাষবাস করতে পারে এবং বাড়ীর অনান বারা আছে তাদেরও সাহায্য করতে পারে। এদিক থেকে আমার মনে হয় যারা এ রকম শিক্ষিত বেকার তার থানিকটা সমাধান্ধ হতে পারে।

তারপর শিক্ষা বিভাগ সন্বন্ধে একটা কথা উল্লেখ করতে চাই। মাধ্যমিক শিক্ষকদের সন্বন্ধে একটা আন্তরিক ব্যবস্থা করতে হবে। আন্তরিক ব্যবস্থা বলতে আমি গ্রাচুইটি পেনশন ইত্যাদির কথাই বলছি। মাধ্যমিক শিক্ষকরা পরেরা বেতন সময় মত পাননা তার জন্য তাদের খ্বই অস্বিধা হয়। আমরা এটা লক্ষ্য করে দেখেছি গ্রামে স্কুলগ্রনিতে যে সমসত শিক্ষকরা কাজ করেন তারা সময় মত মাইনে পাননা, কারণ অধিকাংশ ছেলেরা সেথানে চাষী মজ্বরের ছরের, তারা অনেক সময় কিস্তিতে বেতন দের, সময় চলে গেলে এক সংগে ছেলেদের মাইনে দিতে চাছা। ফলে শিক্ষকদের মাইনে সময়ে দেওয়া যায় না। এটা অধিকাংশ ক্ষেত্রে ঘটে থাকে। আমি সেজন্য মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে একটা রাখতে চাই এই হাউসে যে সরকার থেকে যে টালা সাহায্য হিসাবে পাঠান সে টাকা যেন তারা সময় মত স্কুলে পাঠিয়ে দেন। এই সংগে আমি আর একটা কথা বলতে চাই। প্রাথমিক শিক্ষার ব্যাপার নিয়ে অনেক আলোচনা হয়েছে। কিস্তু একটা দিক আমরা আলোচনা করিনি। প্রাথমিক স্কুলে ছোট ছোট কচি কচি ছেলে মেয়েরা পড়ে। অনেক জায়গায় দেখা যায় তাদের কোন ঘর নাই, গছেতলাতেই স্কুল বসে। আবার দেখা যায় তারা সেই ধ্লিবালির মধ্যেই লেখা পড়া শিখছে, তাদের জন্য কোন স্কুল নাই, কারও বৈঠকখানায় কিংবা কোন গোয়াল ঘরে স্কুল বসে। এ বিষয়ে সরকারের দ্ভিট আকর্ষণ করে আমি আমার বন্ধবা কেনি করিছি।

Shri Subodh Gopal Cuchhait:

মাননীয় দপীকার মহাশয়, রাজ্যপালের ভাষণ সদপকে যে সরকারী প্রদতাব বা মোশন অব ধ্যাৎকস আনা হয়েছে, সে সদপকে আমি সদপ্রণ সমর্থন জানাছিছ। রাজ্যপালের ভাষণের উপর যে মোশন অব থ্যাৎকস তার উপর আইনগত কিছ্ব বিতক হয়েছে। সরকার পক্ষ থেকে এবং বিরোধী পক্ষ থেকে সে সদবদেধ অনেক কিছ্ব বলা হয়েছে, যদি সময় থাকে আমি পরে এ ব্যাপারে কিছ্ব বলবো।

সেখানে লোক কি অভূতপূর্ব দৃদ্শার মধ্যে পড়েছে তা আমি জানি। মেদিনীপূর জেলার কাঁথি মহকুমা যে কি অভূতপূর্ব দৃদ্শার সম্মুখীন হয়েছে সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন উদ্ধেখ নেই। আমি আপনার মাধ্যমে মন্তিসভাকে জনাতে চাই যে ১৯৬৭-৬৮ সালে যে প্রলয়ংকর বন্যা হয়েছিল তা চোখে না দেখে অনুধাবন করতে পারবেন না। পীচের রাস্তায় পর্যন্ত তা৪ হাত জল জমে গিয়েছিল। শৃধ্যু রাজ্যপালের নয়, ভারতবর্ষের প্রধানমন্ত্রীকে পর্যন্ত সেখানে যেতে হয়েছে। কিন্তু তার জন্য ১৯৬৭ সালে এমন কি ১৯৬৮ সালেও বিশেষ কিছ্

করা হয় নি। রাজ্যপাল যিনি ছিলেন, এবং এখনও যিনি আছেন তিনি স্বয়ং প্রতিশ্রতি দিরোছিলেন যে বন্যা বিধন্ধত এলাকার ছাতদের মাহিনা মকুব করা হবে। সেখানে দ্ব-দ্বার •লাবিত হয়ে গেল সেই অবস্থা সম্পর্কে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন দুঃথের বিষয় এখনও পর্যকত তা রক্ষিত হল না। বাতে সেখানে শিক্ষকদের মাহিনা ২।৩ মাসের মধ্যে পে'ছায়--স্কুলের কর্তৃপক্ষ তো এখনও আদায় করতে পারে নি যার ফলে শিক্ষকরা মাইনে পাচ্ছে না ১০।১১ এমন কি ১৪ মাসের মাইনে বাকী আছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দূড়ি আকর্ষণ করতে চাই যে, যে প্রতিশ্রুতি রাজ্যপাল দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি যাতে রক্ষিত হয় তার বাবদ্ধা করবেন। তাতে শুধু দকুলগুলি নয় বহু দরিদ্র ছাত্র যাদের পড়া বন্ধ হয়ে গেছে তারা তাহলে পড়াশনো করতে পারে। তার সঙ্গে যে বন্যা হয়েছিল বন্যার সময় এবং আগে যে মন্ত্রিসভা শপথ গ্রহণ করবার পর নোটিশ গিয়েছিল মন্ত্রিসভা একটা সিম্পান্ত নিয়েছিল যে এখানে সার্টিফিকেট জারি হবে না-সেই খবর সেখানে পেণছায় নি-এখানে অবিলম্বে যাতে ঐ সার্টি-ফিকেট জারি বন্ধ করা যায় তার ব্যবস্থা করা দূরকার। মাননীয় অধ্যক্ষ মহাশ্যু, আপুনি জানেন রাজ্যপালের শাসনের সময় যে পরিমাণ সাহায্য উত্তরবঙ্গে দেওয়া হর্য়েছল সেটা অতি অলপ. মেদিনীপরে জেলার কাঁথি মহকুমায় যে সাহায্য দেওয়া হয়েছিল সেটাও অতি অলপ, হাউস বিলিডং লোন, এবং অন্য ব্যাপারে যে টাকা দেওয়া হয়েছিল তা অতি অল্প এবং যাও বা দেওয়া হয়েছিল তা সরকারী আমলাদের এবং কংগ্রেসী অগুল প্রধান যারা রয়েছেন তাদের জনা সেখানে ঘ্রেষর রাজ্য চলেছে। ১০০ টাকা আদায় করতে ১০, ২০, ৫০ টাকা ঘ্রুষ দিতে হয়েছে। এমন কংগ্রেসের প্রতিবাদ করা তো দ্রের কথা তারা তাতে সহযোগিতা করেছে। এই রক্ম অভিযোগ আছে যে এই সব ব্যাপারে কতক অণ্ডল প্রধানদের যোগ আছে, এমন কি তাতে ভাগ থাকতে পারে। সেখানে হাজার হাজার লোকের ঘর ভেঙেগ গেছে, সেখানে অবিলন্দের সাহায্য দেওয়া দরকাব। সেখানে বন্যা হবার ফলে চাষীরা চাষ করতে পারছে না জলাভাবে। সেই সমুস্ত সমস্যা কিভাবে সমাধান করা যায়—সেথানে স্যালো টিউবওয়েল করে, ডিপ টিউবওয়েল করার চিন্তা করেন এর জন্য আমি বর্তমান যুক্তফ্রন্ট সরকারকে অনুবোধ করবো। আমি একজন পি এস পি সদস্য, নির্বাচনে আমরা প্যাক্ট করেছি এবং যৃত্তফ্রণ্ট সরকারে আমরা প্রকাশ্যভাবে যোগদান করেছি। আমরা জানতে পেরেছি যে জনতা চায় য্তুফ্রণ্ট সরকারকে—যুক্তফ্রণ্ট মানে জনতার ফ্রন্ট। তাই জনতা আজকে যুক্তফ্রণ্ট সরকারকে ভোট দিয়েছে। ফেব্রুয়ারীতে না হয়ে যদি নবেশ্বর মাসে ইলেকশন হোত তাহলে তারা ঐ ৫৫টাও পেতেন না—তার চেয়েও কম পেতেন। যুক্তফুন্ট সরকার জনতার আশা-আকাৎথার প্রতিফলন করবে বলে আমরা যুক্তফ্রন্ট সরকারে যোগদান করেছি। এখানে আইনগত বিতর্ক বহ, আলোচিত হয়েছে—তার জন্য দীর্ঘ সময় নিম্নে আমি বলতে চাই না আমি আপনার কাছে এই কথা বলতে চাই যে সেদিন যে রুলের কথা বললেন সে মোশন অব থ্যাত্কসের মধ্যে ঐ একটি কথা থাকবে আর কিছুই থাকবে না--কিন্তু এ রকম नष्टीत ভातजवर्दा ना थाकरलेख भृथिवीत अनामा प्रत्म, वृष्टिम भार्लास्यस्ट वतकम नज्जीत आह्य, আমাদের বিরোধী দলের সদস্য যে বলেছেন প্রথিবীতে এমন কোন নজীর নাই—আমি জানি এ রক্য নক্ত্রীর অন্যান্য জায়গায় আছে যে মোশ্যন অব থ্যাত্কসে অন্যান্য শব্দ যোগ করা যায়।

এবং মোশন অব থ্যাওকসে স্টেটমেন্ট অব ফ্যাক্টস দেওয়া হয়েছে—তাতে বলা হয়েছে ষে রাজাপাল এট্-কু বাদ দিয়ে ভূল করেছেন। এটা কোন কন্ডিসন্যাল নয়। স_্তরাং প্রস্তাবের মধ্যে অন্যায় কিছ, হয় নি। আমার স্বতট্-কু জানা আছে কনন্টিটিউসন অব ইন্ডিয়া, তাতে ১৬১এ ছিন্দ্রিসানের কথা দেপসিফিক্যালি বলা আছে যে কি কি ছিন্দ্রিসান আছে। এ ছাড়া আর কোন ছিন্দ্রিসান নেই। সত্তরাং ইচ্ছান্যায়ী তিনি তাঁর ভাষণ পড়বেন এ ছিন্দ্রিসান তাঁর নেই। অতএব 'দো' বলে যে কথাটা বলা হয়েছে সেটা অন্যায় হয়েছে বলে আমি মনে করি না। আহি সর্বান্তঃকরণে এই প্রস্তাবটা সমর্থন করছি।

[4-25-4-35 p.m.]

Shri Mohammad Idrish Ali:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একজন নৃতন সদস্য। আমাদের রাজ্যপাল এই সভায় যে ভাষণ দিয়েছেন তার প্রতি দ্রণ্টি দিলে দেখা যায় যে তাতে বিশেষ কোন আশার আলো নাই এবং হতাশায় পরিপূর্ণ। এ সম্বন্ধে সমালোচনার পূর্বে আমি আমার কন্সচিটিউয়েন্সী সম্বন্ধে ২।১% কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মুশিদাবাদ এক সময় বাংলা, বিহার উড়িষ্যার রাজধানী ছিল। যদিও আজ তা নাই তথাপি এই ঐতিহাসিক স্থান প্রিদর্শন করবার জন্য ভারত তথা বিশেবর বহু দেশ থেকে পর্যটক আসেন—কিন্ত অত্যান্ত দুঃথের বিষ্য্য যারা ঐসমস্ত ঐতিহাসিক দুষ্ট্যা স্থানগুলি দেখতে আসেন—পরিদর্শনের পর সেখানে তাদের থাকবার কোন ব্যবস্থা না থাকায় ভবিষণ কন্ট পান। কাজেই আমি আপনার মাধ্যমে যুক্তফ্রন্ট স্বকারকে অন্রোধ জানাই যাতে ম্শিদাবাদ তথা লালবাগ সহরে একটা ট্রিস্ট লজ স্থাপন বর হয়। যেখানে বিভিন্ন দেশের লোকেরা এসে থাকতে পারেন। এবং মর্নিশাবাদ পরিদর্শন ব্রভ্রে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ম্রেশিদাবাদের নাম ইতিহাসে একটা িববাট অংশ জুড়ে আছে—কিন্তু সেই মুশিদাবাদ তথা লালবাগ সহরে আজ পর্যন্ত একটা ডিগ্রা কলেজ নাই। সেখানে ডিগ্রা কলেজ না থাকা বাংলা তথা ভারতবর্ষের একটা কলংক। ামার মনে হয় বাংলাদেশে এমন কোন সাবডিভিসন নাই যেখানে আজ পর্যন্ত ডিগ্রী কলেজ ংয় নাই। একমাত্র লালবাগই তার জলনত ব্যতিক্রম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে লালবাগে যে সমস্ত গরীব অধিবাসী আছে এবং গভর্নমেন্ট কর্মচারী আছে যারা অলপ মাইনে পায়, তাদের ছেলেমেয়েদের শিক্ষার জন্য ডিগ্রী কলেজ না থাকায় কি প্রতিবন্ধকতার স্বাণ্টি হয় সে সম্বন্ধে ব্রুঝিয়ে বলার প্রয়োজন নাই। মাননীর অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে র্মাণ্যাবাদ তথা লালবাগ সহর অতি প্রাচীন সহর এবং সেই সহরে নবাবী আমলে ইরিগেসনের জনা ক্যানেলের ব্যবস্থা ছিল। কিন্তু অতীব দঃখের বিষয় যে সেই নবাবী আমল চলে গেছে এবং এখন ঐ সমস্ত ক্যানেল অর্থাৎ ড্রেনেজগুলি মজে যাওয়ায় মুণিণাবাদ বর্তমানে বসবাসের অনুপ্রোগী হয়ে পড়েছে। কাজেই আমি যান্তফুন্ট সরকারকে অনুরোধ জানাই যাতে তাবা মর্মিশাবাদের প্রতি—অর্থাৎ লালবাগের প্রতি অনুগ্রহ করে মঙ্গে যাওয়া ড্রেনেজগ্লি আবার সংস্কার করার ব্যবস্থা গ্রহণ করেন এবং জন বসবাসের উপযোগী করে তোলেন। মাননীয় অধ্যক্ষ ^{মহাশ্র,} লালবাগ সহরে আজ পর্যন্ত সার্বার্ডাভসন্যাল হাসপাতাল প্থাপন হয় নাই। আমি ^{ভানি} প্রত্যেক সার্বাডিভিস্নে একটা করে সার্বাডিভিস্ন্যাল হাসপাতাল হয়েছে কিন্তু লালবাগে যে একটা হাসপাতাল কংগ্রেসী আমলে করবার চেণ্টা করা হয়েছিল (ফয়েজবাগে): সেই হাস-পাতাল যাত্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর গতিমাস করায় হয় নি। এক্ষণে সেটা স্পাপন ক্রার যদি ব্যবস্থা করা হয় তাহলে মুর্শিদাবাদের লোক যুক্তফ্রন্ট সরকারের প্রতি পূর্ণ সমর্থন ङानात्व । माननीয় অধ্যক्ষ মহাশয় মাননীয় রাজ্য়পালের ভাষণ সম্বল্ধে সমালোচনা করতে গিয়ে

প্রথমেই চোঝে পড়ে যে ল্যান্ড বিষ্ণম আৰু যেটা কংগ্রেদী আমলে পাশ হয়েছিল এবং পি ডি এফ সরকার ভূমিহীন কৃষকদের মধ্যে চিরুম্থায়ীভাবে ভূমি বন্টনের ব্যবস্থা করেছিলেন যুক্তফ্রন্ট সরকার সে সম্বশ্যে কোন নীতি অবলম্বন করেন নাই।

রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই একসেস ল্যান্ড, ভূমিহানিদের মধ্যে কিভাবে বন্টন করা হবে ? বর্তমানে যে অবস্থা দেখা থাছে তাতে মনে হয় ঐ ভূমি বন্টনের ব্যাপারে—জে এল আর ও তহশীলদার গণকমিটির লোকেরা ছিনিমিন থেলতে স্বর্ করেছেন। এবার একজন কৃষককে দেওয়া হল, পরের বার আর একজনকে দেওয়া হল। এর ফলে কৃষকরা ইনসেনটিভ পাছে না। কাজেই যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ করি যেমন পি ডি এফ সরকার যে নির্মে বাসভূমি স্থায়ী বন্দোবস্ত করবার চেন্টা করেছিলেন সেই ধরনের চিরস্থায়ী বন্দোবস্তের ব্যবস্থা গ্রহণ করেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজাপালের ভাষণ পর্যালোচনা করলে দেখা যায় এই ভাষণে হতাশা ছাড়া আশার আলো নাই। এই ভাষণের ১২ দফার প্রতি দ্যন্তিপাত করলে দেখা যাবে যে. "নবগঠিত সরকার জনগণকে এই আশ্বাস দিচ্ছে যে জনগণের আইনসংগত কোন গণতান্তিক আন্দোলনের ব্যাপারে বাধা দেবেন না"। কিল্ড দঃখের বিষয় এই যে "আইন সম্মত" কথাটা लाथा रसार ७ ७। वको वावत भाव। छेनारतगम्बत्भ वला याउ भारत-कलकाण ववः मन्भी-প্রেয়ে সমস্ত ঘটনা ঘটল ঐ ভাষণের ইণিগতেই ঘটেছে। দেখা যাচ্ছে চর্তুদিকে অগণতান্তিক ঘটনা ঘটছে এবং গণকমিটি ইতিমধ্যেই কোথাও কোথাও আন্দোলন সূত্র, করে ফেলেছে-তাতে দেশে অরাজকতা সূথি হয়েছে। দেশে আইন-শৃংখলা ভেণ্ডে পড়েছে। রাজাপালের ইণ্গিতই ম্পণ্ট হয়ে ফাটে উঠেছে। পরবর্তী ১৫. ১৬. দফায় বলা হয়ছে, পল্লী অণ্ডলে প্রার্থামক শিক্ষার ব্যবস্থা করা হবে এবং প্রাথমিক শিক্ষকদের গ্র্যাচুইটি এবং তাঁদের পরিবারদের পেন্সন দেওয়া হবে। ভাল কথা। কিন্তু সরকারের সঙ্গে সঙ্গে এটাও চিন্তা করা উচিত যে পল্লীগ্রামে বহু নতুন প্রাইমারী স্কুল খোলা হয়েছে এবং দু তিন বছর ধরে চালিয়ে আসছে, সেই সমস্ত নতুন দকলগালি যদি মঞ্জারী না পায় তাহলে গ্রামে শিক্ষা বিদতার কি বন্ধ হয়ে যাবে না? যুক্তফ্ট সরকারের আমলেই নতন স্কলের মঞ্জারী ক্ষ হয়ে গিয়েছে। নির্বাচনে দেখা গিয়েছে স্কলেব মাস্টাররা—যথা প্রাইমারী বিশক্ষক এবং মাধ্যমিক শিক্ষক বিশেষভাবে নির্বাচনে অংশ গ্রহণ করেছিলো। সেইজন্য এই সরকারের লক্ষ্য ছিল কি করে এদেরকে সন্তন্ট করে পরবতী ইলেকসনে পুনরায় জেতা যায়। সেইজনা ১৭ দফায় শিক্ষকদের একই বেতনক্রম নির্ধারণ প্রস্তাব করা হয়েছে। কিন্তু যে সমস্ত এলাকায় কলেজ নাই সেখানে নতুন কলেজ খোলার কোন বাবস্থা অবলম্বনের কথা ভাষণে নাই। কলেজ কতগুলো জায়গাতেই বা আছে। এ থেকে মনে হয় যুক্তফ্রন্ট সরকার জনসাধারণকে কেবল ভাঁওতা দেবার চেণ্টা করেছেন এবং তারা এই সমুষ্ট স্কবিধাবাদি লোকদের স্বযোগ স্ববিধা দিয়ে সম্তুষ্ট করে হাতে রাখতে চাইছেন। এটা যেন সরকার মনে রাখেন জনসাধারণ তাদের কর্যকলাপের প্রতি সতর্ক দুন্টি রাখছেন। যদি জনগণের অধিকার ক্ষ্ম হয়, তাদের আশা-আকাণ্যা প্রেণে এই সরকার ব্যর্থ হন তাহলে জনগণ তাদের রেহাই দেবেন না। তাঁরা আঁবার ওদিক থেকে (সরকার পক্ষের আসন দেখাইয়া) সরিয়ে এদিকে (বিরোধী পক্ষের আসন দেখাইয়া) এনে বসাবেন। এটা মনে রেখে যান্তফ্রন্টে ৩২ দফা কর্মসূচী কার্যকরী করা উচিত। যুক্তফ্রন্ট তো সরকার গঠনের সঙ্গে সঙ্গে এক দফা ভঙ্গ করে ফেলেছেন এবং আরও ৩১ দফা ভঙ্গ করবার জন্য চাতর্যপূর্ণ ভাষণ রচনা করেছেন যাতে কেন্দের উপর দোষারোপ করে এবং সংবিধানের উপর দোষ চাপিয়ে নিস্কৃতি পাওয়া বায়।

[4-35-4-45 p.m.]

Shri Sarat Sardar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজাপালের ভাষণের উপর ধন্যবাদ জানিয়ে আমি করেকটা কথা এই হাউসের সামনে রাখতে চাই। পশ্চিম বাংলায় ২৪-পরগনা জেলার সাধারণ ভাগচাষী, খেটে-খাওয়া মানুষের বে কি অবস্থা তা আমি এই মধ্যবতী নির্বাচনের সময় প্রচার করতে গিয়ে

দেখোছ যে দেখানে পৌষ মাসে অনেক লোকের খাওয়া হয় নি। ২০ বছর অতীত হয়ে গেল , অপ্ত আজ পর্যন্ত সন্দেরবনের বিস্তৃত এলাকায় কোন জলনিকাশী ব্যবস্থা নেই। এখানে সমস্ত ধেনো জমির উপর লোনাজল বুড়ি হয়ে আছে। অনতিবিলন্বে সে সমস্ত জায়গায় জলনিকাশী বাবস্থা না করলে আগামী বছরে ফসল হবার সম্ভাবনা নেই। কারণ লোনাজল, বিষান্ত জল এবং ঐ জল থাকলে ধান হয় না। সেখানে অনেক মানুষের কাজ নেই, বেকার সমস্যায় তাদের অনাহারে দিন কাটাতে হচ্ছে। তাই আপনার মাধ্যমে সরকারের দৃণ্টি আকর্ষণ করছি যে এখানে এখুনি টি আর-এর কাজ করা হোক যাতে তারা খেটে জীবনযাপন করতে পারে। মাঘ মাসে সন্দেশখালির দক্ষিণ সীমায় পোড়াকাটিতে নির্বাচনী সভা করতে গিয়ে দেখলাম যে কংগ্রেসীরা বলছে যে এখানে আমাদের নির্বাচনী সভা হবে তোমরা ৪টার পর জনসভা করবে। ৪টার পর আমরা যখন বললাম, তখন তারা বললেন যে এখানে জনসভা করতে দেওয়া হবে না। তারপর আমরা সেই স্কুলের পশ্চিমের মাঠে গিয়ে জনসভা আরম্ভ করলাম। কিস্তু সেখানে গিয়ে তার। আস্বিক কা∿ আর≖ভ করল এবং আমাদের মাইকের তার ছি'ড়ে দেবার চেন্টা করল। আমরা তাড়াতাড়ি মাইকের তার সরিয়ে নিলাম। আমরা যথন চলে যাচ্ছি তখন তারা জোর করে আমাদের গায়ে ঠেলা মারতে আরম্ভ করব। এইভাবে তারা আমাদের দেশে গণতন্দের আদর্শ ্রেথিয়েছে। সেখানে বর্তমানে যারা যক্তেঞ্চন্টের পক্ষে ভোট দিয়েছিল তাদের উপর তারা নানা রবম অত্যাচার করার চেণ্টা করছে। সেই পোড়াকাটির হাসপাতালে যে একজন মহিলা চাকরী শরেন তার উপর কংগ্রেসীরা অত্যাচার আরম্ভ করেছে। তিনি আমাদের আলিম,ন্দিন স্ট্রীটেন পার্টির অফিসে এসে – যেখানে আমি থাকি – আমাকে জানালেন যে আমার উপর কংগ্রেসীরা হামলা স্বর্ করেছে এবং বলছে যে তুমি পোড়াকাটির সর্বনাশ করেছো।

আমি সেখানে বললাম আপনি তো নির্বাচন করতে যান নি, আপনি সেখানে নিজের পেটের ্না বা বাঁচার জন্য চাকরী করতে গিয়েছেন, আপনি সেখানে কিছুই করছেন না তাহলে আপনার উপর আক্রমণ কেন ? এইভাবে সেই ভন্তমহিলা আমাকে বললেন যে আমি মেয়েছেলে, আমি ঝগড়া করতে চাই না অথচ তারা আমার উপর আক্রমণ চালাচ্ছে, এইভাবে আমি সেখানে থাকতে পাবছি না, আপনি দয়া করে এটা গিয়ে বলবেন। এইভাবে কংগ্রেসীরা একদিকে বিনা দোষে লোষারোপ করছেন অন্যদিকে আহিংসা পরম ধর্ম এই নীতি প্রচার করে বেড়াচ্ছেন। তারপর সন্দেশখালি কেন্দ্রের নেজাগ অগুলের অধিবাসীদের মনে একটা বিষয়ে আক্ষেপ রয়েছে, সেটা হচ্ছে দক্ষিণ খাটালা বলে যে গ্রামের নাম সেখানে কংগ্রেসীরা সেই নাম ডুবিয়ে দিয়ে নেজাদ বলে ান করেছেন, অথচ সেটার নাম দক্ষিণ খাটালা ৫ নং। কংগ্রেসীরা নেজাগ বলে ঘোষণা করেছেন এবং রেজিস্ট্রী করেছেন। আমি সংশ্লিষ্ট মন্দ্রিমহাশয়ের কাছে তাদের সেই বিক্ষোভের কথা জানিয়ে যে নাম আছে সেই আখাতলা বলে যাতে নাম হয় তার জন্য আবেদন করছি। স্যার. সন্দেশখালি থেকে কংগ্রেসীরা ২।৩ বার নির্বাচিত হয়ে এসেছেন। ওখানে ধ্লিয়াখাল বলে যে একটা জল নিকাশের পথ আছে সেই পথটা সম্বন্ধে তারা নির্বাচনের সময় বলে এসেছিলেন যে নির্বাচন হয়ে গেলেই ধুলিয়ার খাল সংস্কার করা হবে যাতে করে ভালভাবে চাষ আবাদ कता याग्न जात जना ताकश्या कता हरत। स्मिट धूनियात थान मश्म्कात कता हम नि यात करन थे এলাকার সমস্ত জমিতে জলু নিকাশের অভাবের জন্য ভালভাবে চাষ আবাদ হয় নি। বোয়ার-মারি অঞ্চলের মটবারি ও ফরিয়া বলে যে গ্রাম আছে সেই সমস্ত গ্রামগ্রলিতে বর্ষার সময় অতিরিক্ত জল হয়, সেজন্য সেখানে চাষ আবাদ ভাল হয় না, গত বছরও হয় নি। তারা আমাদের কাছে আবেদন করেছে যে আপনারা অন্ততঃ আমাদের যুক্তফুট সরকারকে বলবেন যে এর একটা ব্যবস্থা যদি না করা হয় তাহলে চাষ আবাদ হবার কোন উপায় থাকবে না—এ আবেদন তাদের অনেক দিনের কিল্ড কংগ্রেসীবাবরো সেখান থেকে ভোট নিয়ে এই আইনসভায় এসেছেন অথচ তার বাবস্থা আজ পর্যান্ত করেন নি এই হচ্ছে সেখানকার অবস্থা। এই বলে আমার বন্তব্য শেষ কর্রছি।

	(খ) রতুয়া ১নং	(১) বিলাইমারী (২) বতুয়া (৩) সমুসী
	(গ) হবিব প ুর	(১) ঋষিপ্র
	(ঘ) গাজোল	(১) বাব-প্র
২। পশ্চিম দিনাজপুর	(ক) রায়গঞ্জ	(১) রামপ ্রর (২) গৌরী

332	ASSEMBLY PROCEEDINGS	[18th March,
জেলার নাম	রকের নাম	ন্যায় পঞ্চা য়েতের নাম

		·
জেনার নাম	রকের নাম	ন্যায় পণ্ডা য়েতের নাম
৩। বর্ধমান	(ক) মেমারী ২নং	(১) বিজ্বর (২) নবম্থা (৩) বোহর (৪) কুচুট
	(খ) ব র্ণমান	(১) রঘর (২) ক্ষিতিয়া (৩) বান্দুন (৪) সবাইতিকর (৫) গোবিন্দপূর (৬) বৈকৃঠপুর (৭) বোরস ্ল
	্গ) ভাতা র ব্লক	(১) আমর্ন (২) মহাচন্দ্র (৩) বিত্যানন্দপর্র (৪) বলগোলা (৫) মহতা (৬) বাম্নারা (৭) সাহেবগঞ্জ (৮) বনপাস
	(ঘ) আউ সগ্রাম ২নং	(১) ভেদিয়া (২) অমরপূরে
	(ঙ) চোমাবী ১নং	(১) আমদপুর (২) দুর্গাপুর (৩) মেমারী (৪) নিমো
	(চ) আউস্থাম ১নং	(১) গ্সেকবা (২) দিগনগর (৩) উজা (৪) আউসগ্রাম
	(ছ) মঙ্গলকোট	(১) চনক (২) লাকুরিয়া (৩) মজালকোট (৪) ঝিলু (৬) মঝিগ্রাম (৬) ভা ল্গ্রাম (৭) কৈচর (৬) নেগ্রন ১) খিরোগ্রাম।

শ্রীৰীরেন্দ্রনারায়ধ রায়: এই লিস্ট-এ দেখছি যে মুর্শি চাবাদ জেলায় আজ পর্যন্ত কোন ন্যায় পঞ্চায়েত হয়নি এর কারণ কি ?

শ্রীবিভূতিভূষণ দাশগ্রণ্ড: এর কারণ হচ্ছে ১৯৬৭ সাল থেকে ন্তন করে কোন পঞ্চরেড স্থাপন করা হয়নি, যা হয়েছে সব ১৯৬৭ সালের আগে পর্যন্ত হয়েছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ১৯৬৭ সালের আগে পর্যন্ত পণ্ডায়েত হয়েছে। কিন্তু সেখানে এমন কি অবস্থা হয়েছে যার জন্য ন্যায় পণ্ডায়েতগ**্**লি করা হয় নি?

শ্রীবিভূতিভূষণ দাশগ্ৰেতঃ তা বলতে পারব না।

[1-10-1-20 p.m.]

শ্রীসনংকুমার রাহা: এটা কি সত্য যে তদান শিতন কংগ্রেস গভর্ন মেন্ট কি এই ন্যায় প্রান্ধানে এই করেছিলেন, যে এটা করলে সত্য সত্যই অন্যায় করা হবে। তাদের পক্ষে অর্থাৎ বিচার যেভাবে করেন সেই ভ বে করা সম্ভব হবেনা বলে এটা বন্ধ করে দেওয়া হয়?

শ্রীবিভূতিভূষণ দাশগ্'তঃ এটা বলতে পারব না।

মি: চপীকার:

This question does not arise; it is not relevant at all.

শ্রীজাবদ্স সন্তারঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ১৯৬৭ সালের পর কোন নায় প্রধায়েত হর্মন। আমি জানতে পারি কি যে, ১৯৬৭ সালে থিনি নায় পঞ্চায়েত মন্ত্রী ছিলেন বর্ত্তমানেও তিনি ন্যায় পঞ্চায়েত মন্ত্রী, কাজেই তিনি কি কোন নিপ্দেশি দিয়েছিলেন?

শ্ৰীবিভৃতিভূষণ দাশগ্ৰুত: না দিই নি।

শ্রীঅদিবনী রায়: এদের কাজ করলে কিভাবে কাজ হয়েছে এবং বর্তমানে কোন কাজকর্ম হচ্ছে না, অচল অবস্থা চলেছে এর্প কোন বিপোট আপনার কাছে আছে?

শ্রীবিভূতিভূষণ দাশগ়েত: এবারে এসে কোন রিপোর্ট পাই নি।

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ মান্ননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, বর্তমানে যে ন্যায় পণ্ডায়েও আইন আছে তাকে সংগঠন করবার অর্থাং সেই ন্যায় পণ্ডায়েও আইনের নানা প্রকার কুটি বিচুর্যিত থাকার জন্য নায় পণ্ডায়েও তৈরী করবার অস্থাবিধা আছে -

প্রীবিভূতিভূষণ দাশগ_েত:

It is a matter of opinion.

শ্রীজমলেশচন্দ্র মজনুমদার: মাননীয় মন্তিমহাশয় বলবেন কি এই ন্যায় পণ্ডায়েতের পবি-প্রেক্ষিতে এই ন্যায় পণ্ডায়েতকে রাখবেন না একে চেলে সাজান হবে ?

শ্রীবিভূতিভূষণ দাশগ়ত: এটা বিবেচনার বিষয় আছে।

শ্রীম্গেন্দ্র ভট্টাচার্যঃ বিভিউ করা হয়েছে এবং পরব*ত*ীকালে সংশোধনের জন্য কোন ব্যবস্থা আছে কিনা

শ্রীবিভূতিভূষণ দাশগ্•তঃ আমি আগেই বলেছি যে রিভিউ করা হয় নি।

শ্রীস্নীল বসরোয়: আসানসোলের শিল্পাঞ্জে কোন ন্যায় পঞ্চায়েত করা হয় নি কেন কানাবেন কি ²

শ্রীবিভূতিভূষণ দাশগ্°ত: লিখিত প্রশ্ন করলে জানাতে পারি।

Separation of the Judiciary from the Executive

•4. (Admitted question No. *63.)

ইবিবিদ্রনারায়ণ রায়: বিচার বিভাগের মন্তিমহোদয় অন্তহপ্র্বক জানাইবেন কি -

- (১) বিচার বিভাগ এবং শাসন বিভাগের মধ্যে সম্পূর্ণ পৃথকীকরণ: এবং
- (২) মামলার দুত নিংপত্তির জন্য সরকার কতদ্রে অগ্রসর হইয়াছেন?

Shri Bhakti Bhusan Mondal:

- (1) West Bengal Separation of Judicial and Executive Functions 1968 (President's Act 8 of 1968)

 এর বিধান অনুযায়ী কলিকাতা প্রেসিডেন্সি টাউন এবং হুগলী জিলাতে ৫ই সেপ্টেবর, ১৯৬৮ হইতে বিচার বিভাগকে শাসন বিভাগ হইতে প্থক করা হইয়ছে। বাঁকুড়া জিলাতে প্থকীকরণের জন্য প্রেজনীয় ব্যবস্থাদি অবলন্দিত হইতেছে এবং আশা করা যায় যে অতি শীঘ্র ঐ জিলাতে পৃথকীকরণ চাল্ হইবে। অন্যান্য সমসত জিলাতে এইর্প পৃথকীকরণ বথাসম্বর চাল্ করাই বর্তমান সরকারের নীতি। এই উদ্দেশ্যে সংশিল্ট জেলা শাসক ও জিলা জজদের নিকট প্রেজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। উক্ত তথ্যাদি প্র্যালোচনা করিয়া এবং আর্থিক সংগতির প্রতি লক্ষ্য রাথিয়া সরকার শীঘ্রই এ সম্বন্ধে একটি পরিকল্পনা গ্রহণ করিবেন।
- (২) আদালতে বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তির জন্য সরকার কোন নির্দেশ দিতে পারেন না। সংবিধানের ২২৭ ধারা অন্যায়ী রাজ্যের সমস্ত আদালতের উপর তদার্রাকর ভার মহাধর্মাধিকরণের উপর নাসত। কোন আদালতে মামলা জমিয়া যাওয়ার ফলে মহাধর্মাধিকরণ ধশনই অতিরিক্ত বিচারক নিয়োগের প্রস্তাব করেন, তখনই সরকার সাধারণতঃ ঐ প্রস্তাব কার্যকরী করিয়া থাকেন। আশা করা যায় যে শাসন বিভাগ হইতে বিচার বিভাগের সম্পূর্ণ পৃথকীকরণের পর ফৌজদারী মামলার নিষ্পত্তি দ্রুততর হইবে।

কলিকাতা মহাধর্মাধিকরণের আদিম বিভাগে বিচারাধীন মামলার সংখ্যা কমাইয়া ঐ জাভীয় মামলার দ্রুত নিপ্পত্তির উন্দেশ্যে কলিকাতা নগর দেওয়ানী আদালতের আথিক এতিয়ার বৃদ্ধির একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

- (১) ৬ মাসের মধ্যে কর্মাণলট সেপারেশন করবার জন্য থ্রু আউট দি স্টেট বাবস্থা করা হচ্ছে। আথিক সংগতির প্রতি লক্ষ্য রেখে সরকার শীঘ্রই এ সম্বন্ধে পরিকল্পনা গ্রহণ করবেন।
- (২) সংবিধানে কর্নাস্টিটেউসন অব ইন্ডিয়া ২২৭ আর্টিকেল অনুযায়ী এ সম্বন্ধে শ্বরচের দাবী করবার ক্ষমতা স্টেট গভর্নমেন্ট-এর নেই।

শ্রীবীরেম্প্রনারায়ণ রায়: আপনি উত্তরে ঠিকই বলেছেন, আপনি এটা জানেন জাস্টিস ডিলেড ইজ জাস্টিস ডিনায়েড এটা কি হাইকে'র্ট'-এর সপো বিচার বিভাগের সপো কথাবাতী বলে একস্টা লোক দেবার ব্যবস্থা করবেন ?

শ্রী**ডবিভূষণ মণ্ডল:** এই সম্বন্ধে চিন্তা করা হয়েছে, এখনও কিছ_ন করা হয় নি।

শ্রীসনংকুমার রাহা: মাননীয় মন্তিমহাশয় জানাবেন যে বিচার বিভাগ শাসন বিভাগ পৃথকী-করণেব ফলে যে সমসত সমস্যা দাঁড়াবে সেই সব সমস্যা থেকে উন্ধার হবাব জন্য আমাদের বিচার বিভাগ চালাবার জন্য ক্ষমতা বা শক্তি আছে কিনা ?

শ্রীডরিভূষণ মণ্ডলঃ আপনি কোন্সমস্যার কথা বলছেন ব্রুতে পাবছি না ন্তন করে বললে উত্তর দেব।

শ্রীসনংকুমার রাহা: প্রথমেই আাসেম্বলী হ্রাউস-এ এবাপ একটা প্রস্থাব একেছিল ভাতে বলা হয়েছিল কেডার-এ লোক পাওয়া যাবে না। যারা বিচার বিভাগে বিচার করেন ভালের বিচারের যোগ্য মালা দেওয়ার এটা যান্তম্বলট বিবেচনা করেন কিনা ও পৃথক করার বারস্থা সেই-ভাবে করছেন কিনা? যদি করে থাকেন ভাহলে জেলাওয়ারী সমস্ত জেলায় হবে কিনা না সারাবাংলাদেশে একই সপো হবে?

শ্রীভবিভূষণ মন্তলঃ এটা আমরা বিবেচনা করছি। যেসব ম্যাজিন্টেট আছেন, তারা যদি অপসন দেন, পার্মানেন্ট ভেপ্টেসন নয়, তাহলে প্র্যাকটিকালী আমরা সেই অপসনগুলো জ্বার্ডিসারীতে পেয়ে যাব। আর কিছ্ ম্নুনসেফ যদি রিক্রট করি, যদি ফাইনাান্স পার্মান্ট করে তাহলে সেটা হয়ে যাবে।

শ্রীসনংকুমার রাছা: মাননীয় মন্দিমহাশয় কি জানাবেন, সারা বাংলাদেশে এই ব্যবস্থা চাল ; হবে, না স্টেজ বাই স্টেজ হবে ?

শ্রীভিত্তিভূষণ মণ্ডল: স্টেজ বাই স্টেজ নয়, ডিস্টিক্ট বাই ডিস্টিক্ট বল্ন। এর আগে যে গভর্নমেন্ট ছিলেন তারা ডিস্টিক্ট বাই ডিস্টিক্ট করবার চেণ্টা করেছিলেন এবং সেই অন্যায়ী হ্নলী এবং চিফ প্রেসিডেন্সি কোলকাতায় যেটা আছে সেটা সেপারেসান করার কথা হচ্ছিল, আমি এসে একটা স্কীম করাচ্ছি প্র্ আউট ওয়েস্ট বেঙ্গলে কর্মান্সট সেপারেসান জন্ডিসিয়ারী আন্তে এন্থিকিউটিভ যাতে করাতে পারি। এব জন্য স্কীম তৈরি হচ্ছে, এখনও ফাইনালাইজ হয় নি. হলে জানাবো।

শ্রীসাধন গ্*তঃ ফোজদারী আদালতে কি পবিমাণে ম'মলা জমে আছে তাব জেলাওয়ারী হিসাব মাননীয় মলিমহাশয় দিতে পারেন কি স

গ্রীভারভূষণ মন্ডল: নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী: মাননীয় মন্তিমহাশয় কি জানাবেন, যেখানে বিচার বিভাগ থেকে শাসন বিভাগকে পৃথকীকরণ করা হয়েছে সেখানে হাইকোর্টের টাইম মেনটেন করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে কি? চিনসুরা কোর্ট সম্পর্কে আমার কিছু প্রশন আছে।

শ্রীডারভূষণ মন্ডল: হ্গলী এবং কোলকাতাতে হয়েছে। বিচার বিভাগ এবং শাসন বিভাগের সেপারেসান হলে বিচার বিভাগের উপর খবরদারী করার এই গভর্নমেন্টের আর কিছ্ব থাকবে না। হাইকোর্ট কি করছেন আমরা বলতে পারবো না।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী: হাই কোর্ট যে কোর্ট আওয়ার মেনটেন করেন যেখানে বিচার বিভাগ পৃথকীকরণ করা হয়েছে সেখানে সেই কোর্ট আওয়ার মেনটেন করা হচ্ছে কিনা এই প্রশনই মাননীয় মন্তিমহাশয়ের কাছে রাখছি।

শ্রীভব্তিভূষণ মন্ডল: এটা হাই কোর্টের ব্যাপার, আমরা এ সম্বশ্বে কন্টোল বা অন্য কিছ**ু** করতে পারবো না।

শ্রীদেবনারায়ণ চক্রবতীঃ মাননীয় মন্তিমহাশয় কি জানাবেন, তাঁর কাছে এ তথ্য আছে কিনা, যেখানে বিচার বিভাগ শাসন বিভাগ থেকে পৃথকীকরণ করা হয়েছে সে জায়গায় বিভিউ করা হয়েছে কিনা যে মানুষের দুর্দশা বেড়েছে না কমেছে >

শ্রীভব্তিভূষণ মণ্ডল: এখনও পর্যন্ত এ সম্বন্ধে কোন প্রস্তাব আসে নি।

শ্রী আবদ্ধে কোয়াম মোলা: মাননীয় মন্তিমহাশয় কি জানাবেন, যে সমস্ত স্থানে বিচার বিভাগ সেপারেসান করা হয়েছে সেখানে যারা কোর্ট ইন্সপেক্টার ছিলেন তাদের কি অপসারণ করা হয়েছে?

শ্রীষ্ঠারভূষণ মণ্ডল: না, এখনও পর্যানত কাউকে অপসারণ কবা হয় নি। সে রকম করতে গোলে যে টাকার দরকার অর্থাৎ, প্যানেল প্লিডার ইত্যাদি সে রকম এখনও পর্যানত স্যাংসান হয় নি। তা ছাড়া এ সম্বন্ধে এখনও পর্যানত চিন্তা করা হয় নি। প্রাসিকিউসান কবতে পারেন নোটিফিকেসান তার আছে।

শ্রীজাবদ্দে কোরাম মোরা: মাননীর মন্মিহাশর কি জানাবেন, ছর মাসের মধ্যে বেখানে সমস্ত জারগার সেপারেসান করার প্রশন এসেছে সেখানে কোর্ট সাব-ইম্সপেক্টাবদের রেথে করা হবে কি?

শীভবিভূষণ মণ্ডল: এ সম্বন্ধে আমাদের কোন সিম্পান্ত হয় নি। আমরা মনে করি একটা শান্তিনিকেতন মেথড ফলো করা উচিত। তা ছাড়া অনেক জিনিস আমরা চাই যা করতে পারবো না। সেইজন্য শিক্ষার জন্য যেমন গাছতলায় প্রথম আরম্ভ করা হরেছিল তারপর বিলিঙং যা কিছ; করা গিয়েছিল তেমনি এ ব্যাপারে আমরা তাড়াতাড়ি করে নেব তারপর যে ইনকনভিনিমেন্সগর্নল হবে আমরা নেব। তা না হলে ৭ বছরে যেমন হয় নি এখনও তাই হবে। সেইজন্য আমরা শান্তিনিকেতন মেথড ফলো করতে চাইছি।

শ্রী এস, এম, ফজলুর রহমান: মাননীয় মন্তিমহাশয় কি জানাবেন, বিচার বিভাগের বিচারক আর শাসন বিভাগের শাসক এদের যোগ্যভার মাপকাঠি কি একই না পূৰ্ক?

শ্রীভব্তিভূবণ মণ্ডল: তাদের যোগ্যতা একই হবে তবে তাদের কাঞ্চটা এবাপিরিরেন্স অন্-যায়ী যে ভাবে করেছেন সেটা বিবেচনা করা হবে। যেমন ম্নেসফ যাদের রিব্রুট করা হবে তাদের প্রথমে হয়তো থার্ড ক্লাস পাওয়ার দেওয়া হবে তারপর ক্রমণ সেকেন্ড ক্লাস এবং ফাস্ট ক্লাস দেওয়া হবে। আর অন্য যায়া আছেন অর্থাৎ ম্যাজিস্টেট যায়া আছেন তাদের কাজটা আন্ডার দি কন্টোল অব দি হাইকোর্ট এবং সেসান জাজে চলে যাবেন।

[1-20-1-30 p.m.]

শ্রী এস, এম, ফজলুর রহমান: শাসন বিভাগে যাঁর। শাসক নির্বাচিত হবেন তাঁদের কি আইন সম্বন্ধে বিশেষ জ্ঞানের যোগ্যতা সম্বন্ধে বিবেচনা করা হবে?

শ্রীছবিভূষণ মণ্ডল: শাসন বিভাগে যাঁরা এখন একজিসটিং আছেন তাঁদের মধ্যে যাঁরা ম্যাজিন্দেট্টের কাজ করছেন, ডেপ্টি ম্যাজিন্দেট্ট,
Special Deputy Magistrate with first class, second class or third class power বা স্পেশাল পাওয়ার যাঁদের আছে তাঁদের নেওয়া হবে এবং ম্নেসফ যাঁদের রিকটে করা হবে তাঁদেরও ম্যাজিন্দেটের ফান্স্ট ক্লাস, সেকেন্ড ক্লাস, থার্ড ক্লাস পাওয়ার দিয়ে নেওয়া হবে। কাজেই যোগ্যতা একই রকম হবে। যোগ্যতা মানে আকাডেমিক, না কি বলছেন সেটা একট্লুক্লিয়ারলি বল্লণে আমি উত্তর দিতে পারি।

শ্রীসনংকুষার রাছাঃ মাননীয় মণ্টিমহাশয় বলবেন কি, শাসন বিভাগে যে এল আর ও, এস এল আর ও, ভাগচাষ বোর্ড তারা শাসন করেন, বিচার করেন। জে এল আর ও দণ্ডরে, ভাগচাষ বোর্ডে, এস এল আর ও দণ্ডরে যে সব শাসন বিচার চায় সেটা এই পৃথকীকরণের ফলে কিভাবে নিম্পত্তি হবে ?

শ্রীভবিত্বশ মণ্ডল: আপনি যেগালি বলছেন এ সম্বন্ধে পাওয়ার দেওয়া আছে ল্যান্ড রিফরমাস আরু অনুযায়ী, কাজেই ল্যান্ড আন্ড ল্যান্ড রেভিনিউ মিনিস্টার এটা চিন্তা করবেন এবং তার উত্তর দেবেন।

শ্রীকৃষ্ণাপাল বসু: মাননীয় মন্ত্রিমহাশয়ের কি একথা জানা আছে, অবশ্য আমি প্রথমে একথা বলে নিই যে বিচার বিভাগ শাসন বিভাগ থেকে পৃথকীকরণের স্বপক্ষে আমার মত আছে, কিন্তু এই পৃষ্কীকরণের ব্যাপারে যথেণ্ট সময় লাগবে বলে আমি নিজেও আশ্বরুকা করি। কারণ প্রশাসনিক দশ্তর থকে যেসব যোগাতাসম্পন্ন ব্যক্তিদের নেওয়ার প্রশন উঠেছে সেই যোগাতাসম্পন্ন ব্যক্তি পাওয়া কতদিনে যাবে এই প্রশন্টা জটিলতাকে আরও বৃদ্ধি করেছে। এই ব্যাপারে আপনি নির্দিণ্ট মত কিছু বলতে পারেন কি? কারণ আমার যতদ্বে জানা আছে তাতে উপযুক্ত ব্যক্তিরা শাসন বিভাগ থেকে বিচার বিভাগে যেতে চার না। এর কারণ কি এবং কিভাবে এটাকে স্বর্গিন্তত করা যায় সে সম্বশ্ধে জানা থাককো একট্ব বল্ন।

ত্রীছভিত্ত্বপ রন্দ্রল: আমি এ সম্বন্ধে কিছ্ ম্যাজিস্ট্রেটের সপ্তা আলোচনা করেছি। আপনি ষেটা বললেন সেটা ঠিক মতামত নয়, যদি তাদের পার্মানেন্দীল অ্যাবজর্ব করে নেওরা হয় তাহলে অনেকে যেতে রাজী আছেন যারা এখন ক'জ করছেন তারা।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আমি মাননীয় মনিশ্রমহাশয়কে এই কথা জিজ্ঞাসা কর্নাছ যখন শাসন বিভাগ এবং বিচার বিভাগ পৃথকীকরণ কর্মাপলট করতে যাচ্ছেন তখন আপনার। এই জ্রি সিস্টেম আবার প্রশ্বপ্রতান করবেন কিনা ?

শ্রীভরিভূষণ মণ্ডল: আমরা যেটা চিন্তা করেছি সেটা হচ্ছে জর্নর সিস্টেম আব ইন্ট্রোডিউস করবো না এটাই আমাদের মোটামর্টি মত।

Recruitment of Bengali typists and stenographers

*5. (Short Notice) (Admitted question No. *213.)

শ্রীনিখিল দাস: অর্থবিভাগের মন্তিমহোদ্য অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

- ক) সরকারী কার্যে বাংলাভাষা প্রয়োগের পরিপ্রেক্ষিতে সরকার এ পর্যন্ত কতজন বাংলা টাইপিস্ট ও বাংলা স্টেনোগ্রাফার নিয়োগ করিয়াছেন;
- (খ) ইহা কি সত্য যে, কিছ[ু] সংখ্যক বাংলা স্টেনোগ্রাফার সরকার কর্তৃকি অন্তিঠত পরীক্ষায় পাশ করা সম্বেও অদ্যাপি নিয়োগপত পায় নাই; এবং
- (গ) সতা হইলে ইহার কারণ কি?

Shri Ajoy Kumar Mukhopadhyay:

- (ক) বিভিন্ন সরকারী আফিসে কতজন বাংলা টাইপিস্ট ও বাংলা স্টেনোগ্রাফার আছে তাহার সংখ্যা সংগ্রহ করা হইতেছে। বর্তামানে অর্থা বিভাগে ১৮ জন বাংলা স্টেনোগ্রাফাব আছে। ইহা ছাডা ৫০ জন ইংরাজি স্টেনোগ্রাফারের বাংলা স্টেনোগ্রাফিতেও যোগাতা আছে।
- (খ) ১৯৬৭ সালের শেষ দিকে ৩ জন বাংলা স্টেনোগ্রাফার পাশ করা সত্ত্তে নিয়োগ করা হয় নাই।
- (গ) বায় সংকোচের উদ্দেশ্যে এবং ঐ বছরের শেষ ভাগে নন্দ্রীসভার আয়তন ছোট থাকাষ বাংলা স্টেনোগ্রাফারের উক্ত পদ প্রেণ করার প্রয়োজন হয় নাই।

শ্রীনিখিল দাস: মাননীয় মণ্ডিমহাশয় এটা বলবেন কি, আমবা ঠিক কর্বোছ যে সরকার এখন বাংলা ভাষায় সবকারী কাজ চালা, কববেন, আমাদের সমসত মল্ডিমহোদযরা কি বাংলা স্টেনো-হাফার পেয়েছেন ?

শ্রীঅজয়কুমার ম্থোপাধায়েঃ প্রত্যেকে একজন করে পান নি তবে দ্ব'জনেব উপব একজন **স্টোনোগ্রাফা**র এই রকম আছে। আমরা কিছু স্টেনোগ্রাফার বাড়াবার কথা ভাবছি।

শ্রীনিখিল দাস: তাহলে এটা কি আমরা ধরে নিতে পাবি মন্দ্রীদের প্রত্যেককে একজন করে বাংলা স্টেনোগ্রাফার দেওয়া হবে ?

শ্রীঅজয়কুমার মৃথোপাধ্যায়ঃ প্রত্যেকের যদি দরকার না হয় তাহলে দেওয়া হবে না, দবকার **হলে দেও**য়া হবে।

শ্রীনিখিল দাস: মিঃ স্পীকার, স্যার, আমার প্রশন হচ্ছে স্বকাবী কাজে বাংলা ভাষাকে আমরা চাল; করবো, মন্দ্রীদেব স্বকারী কাজ করতে হচ্ছে স্ত্রাং প্রতিটি মিনিস্টারেব একজন করে বাংলা স্টেনোগ্রাফার থাকরে কিনা এই হচ্ছে আমার অতিরিক্ত প্রশন।

শ্রীজজনকুমার ম্থোপাধ্যায়: প্রত্যেক মন্দ্রীন যত কাজ পড়ে বাংলায় লেখা, সব লেখাও যদি লেখন তাহলে সেই কাজের জনা যদি একজন প্রেরা ফেনোগ্রাফারের দবকাব হয় নিশ্চয়ই দেওসা হবে। যদি এমন দেখা যায় যে একজন স্টেনোগ্রাফার পাশাপাশি দাজন মন্দ্রীর কাজ কবতে পারছেন তাহলে একজনকে দিয়েই চালান হবে। তবে আমরা আনো রিকুট করাব চোটা কর্বছি বাতে সবাইকে দেওয়া যায়।

শ্রীনিখিল দাসঃ একথা কি সত্য যে মন্ত্রী মহোদয়রা বাংলায় স্টেনোগ্রাফার না পাওয়ায় কাজে অস্ক্রিধা বোধ করছেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ অসুবিধা হওয়ার কথা নয়। যে স্টেনোগ্রাফাররা আছেন তাঁদের দিয়েই ব্যবস্থা করে দেওয়া হয়েছে।

শ্রীনিখিল দাস: এই যে ন্তন বাংলায় ন্টেনোগ্রাফার নিয়োগ করা হবে তাতে যে পরীক্ষা দিয়ে ৩ জন পাশ করেছেন ত দের কি অগ্রাধিকার দেওয়া হবে?

শ্রীঅজয়কমার মুখোপাধ্যায়: নিশ্চয়ই।

শ্রী এস, এম, ফজলুর রহমান: সরকারী কাজে বাংলা ভাষার প্রয়োগ করছেন, না **প্রচলন** করছেন ?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: দুই হচ্ছে।

ভাঃ নিজনাক্ষ সান্যালঃ মাননীয় মন্তিমহোদয় বলবেন কি, যে, বাংলা এবং ইংরাজী স্টেনো-গ্রাফার ৩২ জন মিনিস্টারের প্রত্যেকের থাকবে, না প্যানেল অব স্টেনোগ্রাফার করে যাঁর যখন দরকার হবে তথন তিনি তার থেকে ভু করবেন?

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: এখন প্রায় প্রত্যেকের ইংরাজী স্টেনে।গ্রাফার আছে, বাংলা প্রত্যেকের নেই। যাদ দরকার হয় তাহলে আমরা প্রত্যেককে দেবো। যাদ দ্বাজনের একজন স্টেনোগ্রাফারে চলে তাহলে ব্যয় সংকোচের জন্য সেই ব্যবস্থা তাদের অন্মতি নিয়ে, তাঁদের সংগে প্রামশ কারে করা হবে।

শ্রীকৃষ্ণগোপাল বস্: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি প্রশন জিজ্ঞাসা করছি জানি না এটার উত্তর মুখ্যমণ্টী দেবেন, কি অধ্যক্ষ মহাশয় আপনি দেবেন। আমাদের এই হাউসের কাজ চালবার জনা যে বাংলায় স্টেনোগ্রাফার আছেন তাঁরা সকলেই একই কাজ করেন অথচ তাঁদের দ্ব' রকম মাইনে দেওরা হয়। কোন সময়ে, কেন এইভাবে নিয়োগ করা হল ? তাঁদের মধ্যে একজনকে কম বেতন দেওয়া হছে আর একজনকে বেশী বেতন দেওয়া হছে অথচ তাঁরা একই কাজ করছেন এবং, অধ্যক্ষ মহাশয়, আপনার অধীনে তাঁরা কাজ করছেন। আপনি এই সম্বশ্ধে অনুসন্ধান করে আমাদের জানাবেন কি ?

শ্রীষতীন চক্রবতীঃ ওটা তো মাননীয় সদস্য যিনি প্রশ্ন করলেন তিনি তো পে-কমিশনের সদস্য, স্বৃতরাং ওটা তাঁদের পে-কমিশন ঠিক করবেন এবং এ সম্বশ্ধে যা নির্দিষ্ট হবে আমরা তাই দেবো।

শ্রীকৃষ্ণগোপাল বসে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি মাননীয় মন্তিমহাশয়কে **আপনার** পক্ষ হয়ে জবাব দেওয়ার অধিকার দিয়ে থাকেন তো আমার কিছু; বল:র নেই।

শ্রী এস, এম, ফজল্পে রহমান: সরকারী বিভাগে সব কাজে কি বাংলা ভাষা প্রচলনের নীতি গ্রুতি হয়েছে ²

শ্রীজজয়কুমার মুখোপাধ্যায়: নীতি গৃহীত হয়েছে কিন্তু এখনও তাকে রূপ দেওয়া হয়। নি. ধীরে ধীরে হবে।

ন্ত্ৰী এস. এম. ফজলুর রহমান: নীতি গৃহীত হলে আংশিক কোন কাজে কি শ্রু হয়েছে? শ্রীঅজয়কুমার ম্থোপাধ্যায়: তা হয়েছে।

শ্রীজমনেশচন্দ্র মজ্মদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই বিধানসভার অনেক কাগজপত্র এখনও আমরা ইংরাজীতে পাচ্ছি। এটা কি ফোনোগ্রাফারের অভাবে বা অন্য কিছব্র অভাবে এই জিনিষ হচ্ছে ? আমরা সব বাংলায় পাবো এটার ব্যবস্থা করার জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করাছ।

মি: **স্পীকার:** এ বিষয়ে পরে কথা কইবো।

শ্রীকৃষ্ণগোপাল বস; স্যার, এখানে একটা গ্রেত্র প্রশন তোলা হয়েছে। এখানে যে বন্ধৃতা হয় তার অন্পিলিপ ২।৩ দিনের মধ্যেই যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করা উচিত। পার্লামেন্টে বন্ধৃতার অন্পিলিপ পরের দিনই পায় তার ব্যবস্থা আছে। কাজেই আমাদের এখানেও এটা দ্বানিবত করা হোক যাতে ২।৩ দিনের মধ্যে আমরাও পেতে পারি। এ ব্যাপারে হয়তো বেশী স্টেনোগ্রাফার নেবার প্রশন উঠতে পারে। আমি জানতে চাইছি এই ব্যাপারে কি ব্যবস্থা করা হচ্ছে?

শ্রীযতীন চরবতী: আগামী অধিবেশন থেকে যাতে তাড়াতাড়ি বস্কৃতার অন্লিপি পান সেই ব্যবস্থা করা হচ্ছে। ইংরাজীতে বস্কৃতা দিলে ইংরাজীতে পাবেন, বাংলায় বস্কৃতা দিলে বাংলায় পাবেন।

শ্রীঅমলেশচন্দ্র মজ্মদার: আসেশ্বলীর আইন কান্ন যা আছে তাতে আমরা তো সব ইংরাজীতে পাছি। এ সম্বন্ধে কি ব্যবস্থা করছেন?

শ্রীষতীন চক্রবতী: এ সম্বন্ধে আমরা সিম্ধান্ত নেব এবং বাংলায় যাতে পান সেই ব্যবস্থা করব।

Report of the Pay Commission

*6. (Short Notice) (Admitted question No. *215.)

শ্রীবীরেণ্দ্রনারায়ণ রায়ঃ অর্থবিভাগের মণ্দ্রিমহোদয় অন্তহপ্রেক জানাইবেন কি---

- (ক) পে-কমিশন তাঁহাদের রিপোর্ট সরকারের কাছে পেশ করিয়াছেন কি, এবং
- (খ) করিয়া থাকিলে কতদিনের মধ্যে তাহা সাধারণের নিকট প্রকাশ করা হইবে বলিয়া আশা কবা যায়?

[1-30—1-40 p.m.]

Shri Ajoy Kumar Mukhopadhyaya:

- (ক) না।
- (খ) সূত্রাং এই প্রশ্ন উঠে না।

শ্রীবীরেন্দ্রনারায়ন রায়ঃ কভদিনের মধ্যে পে-কমিশনের রিপোর্ট পাবেন বলে সরকার আশা করেন >

শ্রীঅজয়কুমার মাধোপাধ্যায়: এ বংসবের ৩০শে জনুন পর্যতি সময় দেওয়া হয়েছে। তবে তাঁরা যদি সময় বাড়াবার জন্য অনারোধ করেন তাহলে বিবেচনা করা হবে।

শ্রীশৈলেশ্রনাথ অধিকারীঃ যুক্ত ফ্রন্ট সরকারের আমলে যথন পে-কমিশন গঠিত হয়েছিল তথন ত'দেব একটা সময় নির্ধাবিত করে দেওয়া হয়েছিল এবং তারপর অনেকদিন চলে যাওরা সম্ভেও দেখছি এখনও তাঁদেব রিপোর্ট আসছেনা। আমি জানতে চাই মুখামন্ত্রী এ সম্বন্ধে কোন খেজি খবর নিয়েছেন কিনা?

শ্রীঅজয়ক্ষার মুখোপাধ্যায়ঃ এটা পে-কমিশনের কাজ। তাঁরা যদি সময় বাডিয়ে দেবাব জনা সরকারের কাছে সন্বোধ করেন তাহলে সরকার সেটা বিবেচনা করতে পারেন। তবে ৩০শে জান প্রযাভত তাঁদের সময় আছে।

শীর্নালনাক্ষ সান্যালঃ স্যাব, আমার একটা পরেন্ট অব অর্ডার আছে। এখানে যে সমস্ট কোশ্চেনের এটনসাব দেওয়া হোল সেটা পক্ষপাত্রশান্য হচ্ছে কিনা সেটা ব্রুক্তে পাবছিলা। সেসব এটি মিটেড কোশ্চেন অনেক পরে দেওয়া হরেছে যেমন ১৪৮, ৬০, ২১৩, ২১৫ আজ তার উষ্ণব্দ দেওয়া হোল, অথচ অমাদের তরফ থেকে যেসব প্রশ্ন দেওয়া হয়েছে সেগ্রালি আপনার দৃত্র

থেকে পাঠন সংস্থেত তার জবাব আর্সোন। এই ব্যাপারে আমি রুল থাটি সিক্স—এর প্র প্রাপানার দৃণ্টি আকর্ষণ কর্রাছ। এখানে ১২ দিনের নোটিশ দিতে বলা হয়েছে। তাছারা বে কোন মিনিস্টার কবে উত্তর দেবেন তাও নির্দিণ্ট করে বলা হয়েছে। এরপরও কি আমরা অ করতে পারিনা আম দের তরফ থেকে যেভাবে প্রশ্ন পাবেন প্রাওরিটি অনুসারে তার জ্বদেবেন। এরা এ'দের ইচ্ছা মত যথন তখন জবাব দেবেন এবং আমাদের বিরোধীপক্ষের ৫ এইভাবে পিছিয়ে যাবে, সেসন চলে গেলে আর জবাব পাবনা এর কোন প্রতিকার হবে কি আমি আপনার কাছে সেই জিনিস জানতে চাই?

Mr. Speaker: I shall look into this matter. If you have any definite ca to be reported, you please come and see me and I shall see that everythin is done according to rules. Nobody will get any preferential treatment and will see that no partiality is done in the matter at all.

Mr. Nalinaksha Sanyal:

আপনাকে দেও দিছিল। আপনি যে অভার পাঠিয়েছেন, সেই অভারের জবাব আসছে । সেটাই বলছি।

Mr. Speaker: I shall look into the case.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Primary Health Centre at Lalgola

1. (Admitted question No. 18.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বাস্থ্যবিভ গের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

- (ক) ইহা কি সতা যে, মুশিশোবাদ জেলায় লালগোলায় স্সাস্থাকেন্দ্রতির বাড়ি প্রাপ্নি তৈয়ারী হওয়া সত্ত্বে চাল, হয় নাই;
- (খ) সতা হইলে কারণ কি, এবং
- (গ) কত্রদিন নাগাদ উহা চালা হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Health:

- (ক) ম্মিদাবাদ জেলায় ল.লগোলা ব্লকের অন্তর্গত কৃষ্ণপুরে মৌজায় প্রাথামক স্বাস্থা কেন্দ্রটির নির্মাণকার্য শেষ হওয়ার পব উক্ত স্বাস্থাকেন্দ্র ইংরাজী ১৫-২-১৯৬৯ হইতে চাল করিবার জন। সরকারী আদেশ দেওয়া হইয়াছে।
 - (খ) এই স্বাস্থাকেন্দ্রে ভাষ্টার এবং অন্যান্য কর্মচারী নিয়োগের ব্যবস্থা হইতেছে।
- (গ) এইসকল কর্মচারী স্বাস্থ্যকেন্দ্রে কার্যে যোগদান করিলেই স্বাস্থ্যকেন্দ্রীট চাল্ব কর হইবে।

Bidi Factories in Jangipur subdivision

2. (Admitted question No. 19.)

শ্রীৰীরেন্দ্রনারায়ণ রায়: শ্রমবিভাগের মন্দ্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি---

- (ক) ম্মিশদাবাদ জেলার জজ্পীপুর মহাকুমায় কয়টি বিভি ফাক্টেরী আছে (নাম সহ) এবং কোন্টিতে কত শ্রমিক কাজ করেন:
- (খ) উত্ত বিড়ি শ্রমিকদের জনা স্বনিন্দ কোনও মজ্বুরী স্থির করা হইয়াছে কিনা এবং হইরা থাকিলে তাহা কত:

- (গ) উক্ত প্রমিকদের ব্যাপারে মজ্বী বোর্ড আছে কিনা এবং থাকিলে উক্ত বোর্ড কবে গাঁঠত হইয়াছিল: এবং
- (ঘ) উক্ত বিডি শ্রমিকদের কোনও ইউনিয়ন আছে কিনা এবং থাকিলে কয়টি?

The Minister for Labour:

- (क) এ বিষয়ে তথ্য বর্তমানে সরকারের নিকট নাই। প্রয়োজনীয় তথ্য সংগ্রুতি হইতেছে।
- (খ) হাাঁ। প্রতি হাজার বিড়িতে বর্তমানে মহার্ঘভাতা সহ সর্বান্দন মজুরী জণ্গাঁপুর হিকুমার ধ্লিয়ান, ঔরণগ্রাদ ও নিমতিতা অঞ্লে ২ টাকা ৯০ পয়সা এবং অন্যান্য অঞ্লে ু টাকা ৪৬ পয়সা।
 - (গ) না।
 - (ঘ) হা। চারটি।

Tenements under the Low Income Group Housing Scheme

- 3. (Admitted question No 20.) Shri B!RENDRA NARAYAN ROY: Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—
 - (a) how many tenements have been constructed up till now under the Low Income Group Housing Scheme with costs thereof; and
 - (b) how many are under construction at present?

The Minister for Housing: (a)(1) Number of tenements completed—7,377.

- (ii) Cost of the tenements—Rs. 638.84 lakhs.
- (b) 1.077.

Production of Ganja in Murshidabad district

4. (Admitted question No. 22.)

শ্রীবীরেণ্দ্রনারায়ণ রায়ঃ আবগারী বিভাগের মন্তিমহাশ্য় অন্ত্রহপূর্বক জানাইবেন কি –

- ১৯৬৫ সাল হইতে ১৯৬৮ সালের ডিসেম্বর মাস প্যতি কোন্ সালে মুশিদাবালে কত গাঁজার উৎপাদন হইয়াছে.
- (খ) উত্ত গাঁজার (১) উৎপাদন মূল্য এবং (২) বিক্রয় মূল্য কত:
- (গ) গাঁজা চাষে শ্রমিকদের মজ্বী কত : এবং
- (ঘ) উত্ত শ্রমিকদের কোন নান্নতম মজনুরী দিবার ব্যবস্থা আছে কিনা এবং থাকিলে তাহা কত?

The Minister for Excise:

(ক) নিম্নলিখিতর প গাঁজার উৎপাদন হইয়াছে-

১৯৬৪-৬৫-১৩.৪৭১ কে জি।

১৯৬৫-৬৬--৩৭ ১৬৮ কে জি।

১৯৬৬-৬৭--২৩,৩০৯ কেজি।

১৯৬৭-৬৮-১৫.০১২ কে জি।

(খ) (১) উত্ত গ'জার উৎপাদন মূল্য-

১৯৬৪-৬৫--२.७১.०२१ होका।

। किंचि ४३८,८५,७-७७-१७५८

১৯৬৬-৬৭--৪.৩১.২১৬ টাকা।

३৯७१-७४--०,**३२,२८**६ होका।

(২) উ**ন্থ গাঁ**জার বিক্রয় ম্ল্য— ১৯৬৪-৬৫—২৯,৯০,৫৬২ টাকা। ১৯৬৫-৬৬—৮২,৭৩,৪৯৬ টাকা। ১৯৬৬-৬৭—৫১,৭৪,৫৯৮ টাকা। ১৯৬৬-৬৭ তত,৩২,৬৬৪ টাকা।

- (গ) গাঁজা চাযিগণ তাহাদের শ্রমিকদিগকে যে মজ্বী দেয় তাহার একটী বিবরণী পেশ কর **হইল।**
- (ঘ) আমাদের যতদ্র জানা আছে তাহাতে উক্ত শ্রমিকদেব কোন না্নতম মজ্রী দিবার ব্যাবস্থা নাই।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 4

লাইসেন্স প্রাণত চাষী ভি দত্তের প্রমিকদের মজ্বী

পরেষ শ্রমিক ... দৈনিক ২ টাকা হইতে ২ ৫০ টাকা।
মহিলা শ্রমিক ... দৈনিক ১ ৩৭ টাকা হইতে ১ ৭৫ টাকা।
পোন্দার ... মাসিক ২০০ টাকা হইতে ৩৫০ টাকা।
ফুলারী ... মাসিক ১৭৫ টাকা হইতে ২০০ টাকা।

লাইলেন্স প্রাণত চাষী এন কে জৈনের প্রমিকদের মজ্বরী

পারুষ শ্রমিক (সাত ঘণ্টা) ... দৈনিক ২ ৫০ টাকা হইতে ২ ৭৫ টাকা। পুরুষ শ্রমিক (দৈনিক পাঁচ ঘণ্টা) ... দৈনিক ১ ৩৭ টাকা হইতে ২ ০০ টাকা। মহিলা শ্ৰমিক (দৈনিক সাত ঘণ্টা) .. দৈনিক ২·২৫ টাকা হইতে ২·৫০ টাকা। মহিলা শ্ৰমিক (দৈনিক পাঁচ ঘন্টা) ্ৰ দৈনিক ১ ২৫ টাকা হইতে ১ ৭৫ টাকা। পোদদার মাসিক ১৯০ টাকা হইতে ৩০০ টাকা। ফুলারী .. মাসিক ১২৫ টাকা হইতে ২৪০ টাকা।

Strikes and lock-out in Industries

5. (Admitted question No. 23.)

আৰীবেশ্যনারায়ণ রায়: শুমবিভাগের মন্তিমহাশয় অন্গ্রহপ্রিক জনেইবেন কি

- (ক) ১৯৬৭ সালের ২২এ নভেম্বর হইতে ১৯৬৮ সালেব ১১ই মার্চ প্যণ্ত পশ্চিমবজ্গে কোন্ কোন্ শিলেপ করটি (১) ধর্মঘিট এবং (২) লক-আউট হইয়াছিল: এবং
- (খ) উক্ত ধর্মঘট এবং লক-আউটের ফলে কত শ্রমিক বেকার হইয়াছিলেন?

The Minister for Labour:

(ক) (১) এবং (২) ১৯৬৭ সালের ২২এ নভেম্বর হইতে ১৯৬৮ সালের ১১ই মার্চের মধ্যে বিভিন্ন শিলেপ ধর্মঘট ও লক-আউটের পরিসংখ্যান নিম্নর পঃ—

শিল্পের নাম	ধম'ঘট	ল ক-আউট
(১) চা-শিল্প	১২	>
(২) তুলা শিল্প	8	>
(৩) পাট শিহপ	8	>
(৪) বড় ইঞ্জিনীয়বিং (২৫০ জনের বেশি কমী)	৬	٥
(৫) ক্ষ.ড ইঞিনীয়ারিং (২৫০ জনের কম কমী)	25	Œ
(৬) লোহ ও ইস্পাত শিল্প	>	*
(৭) রাসায়নিক শিল্প	2	`
(৮) স্বান্ডশাসনম্লক প্রতি তান	•	×
(৯) বিবিধ শিলপ	২৬	8
	***	THE PERSON NAMED IN COMMENT
মোট	१४	20

(খ) উক্ত ধর্মাঘটের ফাল ২৩,২৭২ জন এবং লক-আউটোব ফলে ১০,৫১৩ জন কর্মী সাময়িকভাবে বেকার হুইয়াছিলেন।

Cinemas

6. (Admitted question No. 24.)

শ্রীবীরেম্দ্রনারায়শ রায় ঃ স্বরাণ্ট্র (বাজনৈতিক) বিভাগের মন্ত্রি**য়াশ**য় অন**ুগ্রহপ**্ব'ক জানাইবেন কি—

- (ক) পশ্চিমবংগর কোনা জেলায় ১৯৬৭ সাল হইতে বর্তমান সম্য পর্যাত কয়টি নতেন পারমানেট সিনেমা লাইসেন্স দেওয়া হইয়াছে (লাইসেন্স প্রাণ্ডদের নামসহ), এবং
- (খ) বর্তমানে জেলাওযারী বয়টী পারমানেন্ট সিনেমা চালা, আছে ?

The Minister for Home (Political):

(ক) জেলা	ন্তন প রমানেন্ট লাইসেন্সের সংখ্যা	লাইসেন্স প্রাণ্ড ব্যক্তিদের নাম
হ্মলী	8	(১) শ্রীপরিতোষকুমার সাহা (২) শ্রীকালীপদ সাহা এবং
		(२) डाकानात्रम नारा अपर डीमीनवन्धः माहा
		(৩) শ্রীউপেন্দ্র প্রসাদ সিংহ
4		(৪) শ্রীবৈদ্যনাথ বদ্যোপাধ্যায়

344	ASSEMBLY PR	JCEEDINGS [18TH]	March,
বধ [′] মান	9	(১) শ্রী এম জেড আবেদী	ન
		(২) শ্ৰী এম ইউ হাতেন্দী	
		(৩) শ্রীস্বোধ কুমার নায়ে	
হাওড়া	\$	(১) শ্রীঅমল কৃষ্ণ মণ্ডল	
		(২) শ্রীবিজয় কৃষ্ণ মন্ডল	
বাঁকু ড়া	>	(১) শ্রীকৃষ্ণকালী সেন	
২৪-পরগনা	٩	(১) শ্রীগোরাণ্গ চন্দ্র বণিক	
		(২) মেসার্স জি এস আর (প্রাইভেট) লিঃ	পিকচার্স
		(৩) শ্রীঅজিত কুমার বন্দ্যে	াপা ধ্যা র
		(৪) শ্রীমন্মথনাথ নাথ	
		(৫) শ্রীদাউদ আলী জমাদার	1
		(৬) শ্রীশংকরানন্দ বন্দ্যোপা	
		(৭) শ্রীরবীন্দ্রনাথ সাধ্যাঁ	
ম <i>্</i> শিদাবাদ	5	(১) শ্রীসেকেট্য কুমাব সাহা	
বীবভ্ন	>	(১) শ্রীকাশীনাথ ঘোষ	
প ুরুলিয়া	2	(১) শূীপ্রাণ লাল মেহতা	
		(২) শ্রীপরেশনাথ মাঝি	
মেদিনীপ _্ ব	2	(১) শ্রীসন্তোষ কুমার দাস	
		(২) গ্রীঅবনী কান্ত দে	
		মানেন্ট সিনেমা লাইসেন্স দেওয়া হয়	। নাই।
(খ) জেলা ও চা	ল _ু পারমানেণ্ট সিনেমার সং		
	ক লি কাতা হ ু গলী	96	
	হ _{ন্} গণ। কোচবিহার	৩২ ৪	
	বর্ধমান	99	
	পশ্চিম দিনাজপরে	২	
	জলপাইগ্রাড়	25	
	মালদহ নদীয়া	8	
	ন্দ।র। দাজি লি ঙ	25	
	হাওড়া	95	
	বাঁকুড়া	٩	
	২৪-পরগনা	90*	
	মুশিদাবাদ	52	
	বীরভূম পঢ়ের্লিয়া	8 9	
	মেদিনীপর্র	, 2 5	
		ইটি সিনেমাতে শো বন্ধ আছে	

Persons migrated from West Bengal and Pakistan

7. (Admitted question No. 45.)

শ্রীৰীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাণ্<u>ট</u> (পাসপোট) বিভাগের মন্দ্রিমহাশয় অন্গ্রহপ্রিক জানাই**বেন** কি—

- (ক) সরকারী হিসাব অন্যায়ী ১৯৬৬, ১৯৬৭, ১৯৬৮ এবং ১৯৬৯ সালের ফের্য়ারি মাস পর্যত্ত কোন বংসর কয় ব্যক্তি পাকিস্তান হইতে পশ্চিমবংগ আসিয়াছেন,
- (খ) উক্ত সময়ে কয় ব্যক্তি পশ্চিমবংগ হইতে পাকিস্তানে গিয়াছেন; এবং
- (গ) ঐ সময়ের মধ্যে ঐ ব্যক্তিগণের মধ্যে কয়জন—
 - (১) পশ্চিমবভেগ থাকিয়া গিয়াছেন, এবং
 - (২) পাকিস্তানে থাকিয়া গিয়াছেন >

The Minister for Home (Passport):

- (ক) ১৯৬৬ সনে ১০৩২৯ জন, ১৯৬৭ সনে ১৮,৮৫১ জন, ১৯৬৮ সনে ২৫,৬৮৩ এবং ১৯৬৯ সনের ফেরুয়াবি প্যণিত ৩,৩৩৮ জন পাকিস্তান হইতে পশ্চিশংগ আসিধাছেন।
- (খ) ১৯৬৬ সান ১১,৭৮৮ জন, ১৯৬৭ সান ১৩,৯২৫ জন, ১৯৬৮ সানে ১৩,৪৭১ জন, ১৯৬৯ সানের ফেব্রুয়ারি প্রথণ্ড ২,৯১৮ জন পশ্চিম্বুপা হুইতে পাকিস্থানে গিয়াছেন।
 - (গ) (১) ৯.৭২৮ জন।
 - (২) ১৭৩ জন।

Non-official agencies for welfare of Scheduled Castes and Tribes

- **8.** (Admitted question No. 32.) **Shri BIRENDRA NARAYAN RAY:** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—
 - (a) whether there are any non-official agencies who are given grant by the Government for carrying out welfare activities amongst the Scheduled Castes and Tribal people, in the State;
 - (b) if so, the name of such agencies and the amount of money granted to each of the agencies for the years 1964-65, 1965-66, 1966-67, 1967-68 and 1968-69; and
 - (c) details of the welfare carried out by these agencies during the said period?

The Minister for Scheduled Castes and Tribes Welfare:

- (a) Yes.
- (b) and (c) A statement is placed on the Library Table.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of Gherao of the Vice-Chancellor of the Calcutta University on the 13th March, 1969 and incident thereafter resulting in the death of one Shri Krishna Ray, called attention by Shri Nikhil Das and Shri A. H. Besterwitch on the 14th March, 1969.

Shri Jyoti Basu: Mr. Speaker, Sir, in response to calling attention notice by Shri Nikhil Das and Shri A. H. Besterwitch, M. L.A., regarding gherao of the Vice-Chancellor of the Calcutta University on 13th March, 1969 and incidents thereafter resulting in the death of Shri Krishna Roy, I would like to make the following statement:

On 13th March 1969 at about 8 p.m. information was received that there might be a breach of peace on the streets around the University area due to clash between two rival groups students one comprising Navalites and pro-Congress elements and the other pro-United Front elements. Immediately police force was detailed to proceed towards. University area to see that no breach of peace takes place on the public streets in the vicinity of the University. On arrival near the University campus it was learnt that due to a settlement arrived at the Vice-Chancellor and other Professors who had been gheraoed by the Nuxalite and Chatra Parishad students were escorted out of the University by some students and had left for their respective homes. What actually happened inside the University campus is not known to the police as none of them entered the campus as per instructions. No requisition for help was received from either the Vice-Chancellor of the University or any other Authority of the University regarding the gherao of the Vice-Chancellor and the disturbances that reportedly followed inside the University campus.

After the departure of the Vice-Chancellor when a large number of pro-United Front students and others were still present on College Street in front of the University, a bomb was thrown at them presumably from the top of Hare School building at about 9 p.m. causing severe injuries to one Krishna Roy, son of Subal Roy of 15, Narkeldanga North Road, P.S. Beliaghata, an employee of West Bengal State Electricity Board and a member of Yuva Sangha. He dies on his way to Medical College Hospital. Another employee of West Bengal State Electricity Board named Susil Chakravorty, son of Surendra Nath Chakravorty of 13, Russa Road, South 2nd Lane, also received minor injuries and was treated and discharged from hospital. The students gradually dispersed from the University area which became clear at about 10 p.m.

Over this incident a case has already been started. So far five arrests have been made and further investigation is proceeding.

- Mr. Speaker: I have received five notices of Calling Attention on the following subjects, namely:—
 - Inadequate supply of irrigation water for double crop land in Damodar Valley area in Burdwan district—from Shri Aswini Roy.
 - (2) Retrenchment in Cane and Sugar Company, Ramnagar—from Shri Satyapada Bhattacharyya.
 - (3) Scarcity of kerosene oil in the villages of West Bengal—from Shri Ganesh Chandra Mondal.
 - (4) Trepidation of peasants of Malda District from Border Security Forces—from Shri Nimai Chand Murmu.
 - (5) Cold storage facilities for peasants in P.S. Garbeta in the district of Midnapore—from Shri Saroj Roy.

I have selected the notice of Shri Saroj Roy on the subject of cold storage facilities for peasants in P.S. Garbeta in the district of Midnapore.

The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Ivoti Basu:

২১শে তারিখে যদি ফ্রাসেম্রি থাকে।

Message from Council

Secretary (Shri P. Roy): Sir, the following Message has been received from the West Bengal Legislative Council, namely:

"Message

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1969, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 17th March, 1969, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

UPENDRA NATH BARMAN,
Deputy Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:

The 17th March, 1969.

Sir, I lay the mesage on the table.

Mr. Speaker: Some honourable members have got to mention some important matters. I will request them to be as short as possible in their speech, and I hope they will finish their speech within one or two minutes.

[1-40-1-50 p.m.]

Shri Haradhan Roy:

মাননীয় দপীকাৰ মহাশয়, সমগ্র আসানসোল মহকুমা এবং দুর্গাপুর মহকুমার অভ্জাল পানা এলেকা খনি পরিবর্গ টত এলেকা। এই সমস্ত খনির মালিকরা কেন্দ্রীয় সরকারের দুর্নীতিপরায়ণ অফিসাবদের সমর্থপুষ্টে হয়ে অবৈধভাবে কয়লা খননের ফলে গ্রামার মান্যের জিমি জায়ণা ধরুসে যাছে এবং গ্রামারগিদের জিমি নাট হছে। বহু, গ্রামার গ্রামানাদির নাটিশ দেওয়া হয়েছে যে তোমরা গ্রামা ছেডে চলে যাও। যদি না যাও তাহলে যদি তোমাদের জীবন হানি ঘটে বা সম্পত্তি হানি ঘটে তার জনা সরকার দায়ী থাকবেনা। বহু গ্রামে এই বকম নোটিশ জাবী ইয়েছে। যে সমস্ত গ্রামের মান্য যেতে চার্নি তাদের কংগ্রেস আমালে পর্বাশ লাঠি পেটা করে বের করে দিত। এবং আমি দেখছি রাণীগঞ্জ পানার বেলেবাবাথান, নিম্না, জেমেনি, কোঁয়ারভি এই সমস্ত জায়গায় এবং হারাপার থানার আলুটিয়া, ভবতচক এই সমস্ত গ্রামে নেটিশ জারী ইয়েছে যে তোমবা গ্রামা ছেডে চলে যাও, সাার, এ কি ব্যাপার হ এই জন্য আমি সংশিট মন্ত্রী মহাশয়ের দান্টি আকর্ষণ করিছ যে যে সমস্ত জায়গায় বেআইনীভাবে এই সমস্ত জিনিস হচ্ছে সেগ্রিল অবিলদের বন্ধ করা দরকার যে সমস্ত গ্রামের উপর নোটিশ হয়েছে ঐ কোলিয়ারীর মালিকদের তারা তার ক্ষতিপারণ দিন এবং বিকল্প বাসম্পানের ব্যবহ্যা কর্ন এবং জীবিকার জন্য বিকল্প জমি এবং ঢাকরীর ব্যবহ্যা তাদের কর্ন। তা না হলে সমস্ত গ্রামবাসীর জীবন একেবারে সংগানি হয়ে যাবে।

শ্রীদেবীপ্রসাদ দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বর্ধমানের কথা বলছি। এই বর্ধমানের অনেকগৃলি মৌজায় বর্ধমান সহর এবং ভাতার রকের বিভিন্ন জায়গায় আই, আর.—৮ বোরো ধানের চাষ করা হয়েছে। কিন্তু ইরিগেশন দণ্ডর থেকে নোটিশ দেওয়া হয়েছে জলসেচের জন্য ৩১এ মার্চ পর্যান্ত জল সরবরাহ করা হবে না। কিন্তু আমি জানি বিভিন্নজায়গায় প্রায় ১০ হাজার একর জমিতে খুব ভাল ফসল হয়েছে। এই উৎপাদন নন্ট হবার উপক্রম হচ্ছে এবং চাষীরা বিপদে পড়েছে এবং আতংকর মধ্যে হাহাকার করছে। আমি সেচ মন্দ্রীর কাছে আবেদন করবো ঐ এলাকায় সেচের খালগুলির মাধ্যমে—ঐসব ক্যানেশের মাধ্যমে যাতে আরও অন্তত জল সরবরাহ ১৫ দিন বাডিয়ে দেবার চেট্টা করেন।

শ্রীঅহীশ্র সরকার: আমি আজকে সকালে আমাদের জেলা থেকে টেলিগ্রাম পেলাম ষে আমাদের জেলা পরিষদে যেটা ঐ কংগ্রেস বাস্তৃ ঘ্রঘ্র দ্বারা পরিচালিত, একটা রেজনিউসন কবা হয়েছে যে ১৫টি চ্যারিটেবল ডিসপ্যানসারী এয়বিলিস করে দেওয়া হয়েছে- যার ফলে হাজার লোক চিকিৎসা থেকে বঞ্চিত হবে। এ বিষয়ে স্থানীয় স্বায়ত্বশাসন এবং স্বাস্থ্য মন্তীকে অনুবোধ করছি যে তাঁরা যেন স্বয়ং অবিলন্তে এর ব্যবস্থা করেন।

শ্রীবলাইলাল দাস মহাপাতঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনাব মাধ্যম মাননীয় মুখ্য মণ্ডী মহাশয়, ও পাবিকংপনা উগ্রয়ন মন্ত্রী মহাশয়ের দৃণ্টি আকর্ষণ করাছি যে দীঘা উগ্রয়নের নামে দীঘান আশে পাশে যে কয়েক একর জাম জায়গা দখল করা হয়েছিল কংগ্রেসী আমলে সেখানে সেই উগ্রয়ন না করে শত শত একর জাম পড়ে আছে। আমরা বার বার বলছি কিন্তু তা গ্রাগ্র করা হয় নি। আবার সমপ্রতি র দ্বেপতি শাসনের সময় দীঘা উপকূলের কাছে দৃ-থানি গ্রাম দত্তপুর এবং পশ্চিম গদাধরপ্র দখল করবার নোটিশ দেওয়া হয়েছে। তাতে সেখানক বহু অধিবাসী উচ্ছেদ হয়ে যাবে। আমি আপনার মাধ্যম মাননীয়া মুখ্য মন্ত্রীকৈ অনুরোধ বর্গছি এ সম্পর্কে তদনত করা হোক এবং যাতে তারা উচ্ছেদ না হয় তার ব্যবস্থা কর্ন। যদি প্রকৃতপক্ষে উন্নয়নের ব্যবস্থা থাকে তা হলে অন্য জায়গা নেওয়া হোক আর না হলে তাদেব বিকলপ বাসস্থানের ব্যবস্থা করা হোক। আমি অনুরোধ করবো যে সেখানে একটিও মানুষ উচ্ছেদ না হয়—কারণ তারা অধিকাংশই দরিদ্র লোক মংসাজীবী সম্প্রদায়ের লোক।

শ্রীকৃপাসিন্ধ, সাহা: স্পীকার মহাশয়, আমি যে ঘটনা এখানে রাখছি তা অত্যুক্ত গ্রুত্ব-পূর্ণ বিষয় এক মিনিট সময় চাছি। আমি দৃষ্টি আকর্ষণ করছি যে যুক্তফ্রন্ট সরকার হবার সাথে সাথে আমরা দেখলাম কংগ্রেসী চক্রান্তে বিভিন্ন জায়গায় সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা সূর্ব্ হয়ে গেছে। আমরা দেখলাম বিধানসভার সরকারী সদস্য তারা গিয়ে আমল কারণ তাদের ব্বিয়ে দেবার চেন্টা করছে—তেমনি আমরা দেখলাম বাংলাদেশের কয়েকটি জায়গায় যেখানে সম্পূর্ণ শান্ত হয়ে গেছে তখন কংগ্রেসী সদস্যরা বিভিন্ন জায়গায় জায়গায় ঘুরে বেডাচ্ছেন। পরশ্বিদন দেখলম জয়নাল আবোদন, প্রতাপচন্দ্র চন্দ্র এইভাবে ঘুরে বেড়াচ্ছেন। এটা অতান্ত জর্বী। সেই এলাকা শান্ত হয়ে গেছে…..

মি: **॰পীকার:** আপনি অতো কথা বলছেন কেন—জায়গাটার নাম বলন।

শ্রীকৃপাসিন্ধ, সাহা: ঐ তেলিনীপাড়া, ভদ্রেন্বর এলাকায়—সেখানে গিয়ে উসকানী দিচ্ছে। সেদিন আমি দেখলাম যে ৫০০ লোক লাঠি নিয়ে বিভিন্ন জায়গায় ঘ্রের বেডাচ্ছে। এই রকম হবে না এগালি যাতে একেবাবে বন্ধ হয় তার ব্যবস্থা করতে আমি অন্রোধ করছি।

শ্রীম্পেক্স ডট্টার্য মিঃ স্পীকার সারে, আপনি জানেন যে মেদিনীপরে জেলায় তিন ভাগের এক ভাগ বনায় বিধ্বস্ত হয়ে গেছে। দ'সপুর থানার দটো অণ্ডলে হাজার হাজার মানুষ গৃহ হারা হয়েছে এবং শতকরা ৯৯ জনের বসতবাড়ী পড়ে গেছে একটা স্কলও সেখানে নেই সব স্কুলগুলি পড়ে গেছে এবং অনেক মানুষের ফসল নন্ট হয়ে গেছে। তারা না পাচ্ছে পাদ্য না পাছে কোন কাজ—তাদের এই ঘরবাড়ীগুলি ধ্বংস হবার জন্য কিছু কিছু টাকা দেওয়া হেম্ল

সেই টাকাগ্রিল কংগ্রেস এবং সরকারী কর্ম চারীদের লোকেরা নিয়ে অপবায় করেছে এবং লোকেরা খ্ব সামান্যই পেয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলবো যে এ সন্বশ্ধে একটা বাবস্থা গ্রহণ করতে এবং বন্যা বিধন্নত এলাকায় যে সমস্ত স্কুল বাড়ী এবং বসত বাড়ী পড়ে-গেছে, সেগ্রিলর জন্য যাতে সরকারী সাহায্য পান তার ব্যবস্থা করতে এবং ঐ সমস্ত এলাকায় জি. আর এবং ব্যাপকভাবে টেস্ট রিলিফ স্বুর্ করা হোক এবং ওখনে খাজনা আদায় স্থাগত রাখা হোক এবং যে সমস্ত জায়গায় বোরো ধান হয়েছে সেগ্রিল নন্ট হয়ে যাড়েছ সেই এলাবায় সেগ্রিলকে বাঁচাবার জন্য জল সরবরাহ করার ব্যবস্থা করা হোক।

শ্রীহরিপদ মুখার্জিঃ মিঃ স্পীকার স্যার, হ্বুগলী জেলার কোল্লগরে লক্ষ্মীনার ৭ কান মিল এমাস থেকে বন্ধ হয়ে গেছে— তারা ছেটট ইলেকট্রিসিটি বোর্ডের টাকা শাের কবতে পারে নি বলে ছেটট ইলেকট্রিসিটি বোর্ডে জিসকানেক্ট করে দিয়েছে তার জন্য এ কাবখানা বন্ধ। এখনই তারা এসেম্বলীর পশ্চিম গেটে কয়েকশত শ্রমিক বিক্ষোভ প্রদর্শন করছে— তানের মাইনে দেওয়া হয় নি বহু দিনের মাইনে তারা পায় নি তারা ব্যুভুক্ষ্ব অবস্থায় রয়েছে। আমি আপনার মাধানে মাননীয় শ্রম মন্ত্রীকে অনুরোধ করবাে তিনি একবার গেটে গিয়ে তাঁদের সঙ্গে কথা বলে তাদেব অভিযোগগা্লি শ্রনে যে একটা প্রতিকার করবার চেন্টা করেন।

শ্রীনেশাল রায়: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়েব প্রতি মাননীয় পর্বালশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছে। আমার জোড়াবাগান এলাকায় একটা অবাঙগালী অধ্যুষিত এলাকা আছে—পি কে টেগোর কা'সেল খ্রীট সেখানে বিভিন্ন ধরণেব অবাঙগালী বাস করে সেখানে প্রায় প্রতিদিন অবাঙগালীদের ধমক দিয়ে পয়সা আদায় করা হয় কোন দল করছে আমি তার কিছ্ ইঙিগত করছি না— কিন্তু কিছ্ দৃষ্কৃতকারী তারা দিনেধ পর দিন অবাঙগালীদের উপর উৎপীড়ন চালিয়ে যাচ্ছে। এটা যাতে না হয় তার জন্য আমি মাননীয় প্রলিশ মন্ত্রীকে অন্বোধ জানাচ্ছিয়ে এ বিষয়ে যেন তিনি একট্ দৃষ্টি দেন। তা না হলে কলকাতায় যারা অবাঙ্গালী আছে এবং বিশেষ করে আমি একটা বিরাট অবাঙ্গালী এলাকার প্রতিনিধিত্ব করি—আমি জানি যে তারা খ্ব শঙিকত হয়ে পড়েছে।

শ্রীশচীশ্রমোহন নন্দীঃ মাননীয় স্পীকার মহোদয় আপনার জানা আছে যে পশ্চিমবংগ তঠি শিলপ একটা গ্রুছপূর্ণ শিলপ। এই রকম একটা শিলেপর কেন্দ্র নন্দ্রীপ এবং তংপাশ্ববিত্তী অগুলে গড়ে উঠেছে। সম্প্রতি স্তাব দর অফ্রাভাবিকভাবে বেড়ে যাওয়ায় এই শিলপ একটা সংকটের স্থিত হয়েছে। কুটির শিলেপর মন্ত্রী দয়া করে এদিকে যদি দৃষ্টি দেন তাহলে ভাল হয়, তা না হলে এই শিলেপ যে লক্ষ্ক লক্ষ্ক লোক করে খাচ্ছে তারা বেকার হয়ে পড়বেন এবং বিপদেন সম্মুখীন হবেন।

শ্রীকৃষ্ণগোপাল বস্থঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্য মন্ত্রীব দৃথি আকর্ষণ করছি একটা গ্রেত্র বিষয়ের প্রতি। মুখ্য মন্ত্রী মহাশয়, কেন্দ্রের সংগে অসহযোগিতার প্রশন এখনও তোলেন নি। কিন্তু ইতিমধ্যে কেন্দ্র আমাদের সংগে অসহযোগিতা সূত্র করে দিয়েছে। আমি সংবাদ পেয়েছি যে কেন্দ্রীয় সবকারী কর্মচারীরা যে সমসত দপত্রে কাজ কবেন তার অনেকগৃলি অফিস কলকাতা থেকে স্থানান্ত্রিত কববাব সিম্পান্ত তারা গ্রহণ করেছেন। যার ফলে বহু কম্মী এবং পবিবার বিপদগ্রস্ত হবে। সেই অফিসগ্রালিব নাম হোল ডাইবেক্টার জেনারেল অর্ডনান্স ফাজুরী অফিস নিয়ে যাবার সিম্পান্ত করেছেন সোরকালায়ার বহরমপ্রে। আশা করি বিরোধী দলের নেতা এ বিষয়ে সাহায্য কবনেন এবং বাংলা দেশেশ মানুষকে এ বিপদ থেকে রক্ষা করবেন। তার পর পি এন্ড টি ইলেকট্রিফকেসন সারকেল ভূলে নিয়ে যাওয়া হচ্ছে এ সম্পর্কে বিস্তারিত তথ্য আমি পরে দেবো।

শ্রীঅভয়কুমার মুখোপাধ্যায়ঃ আপুনি বিভিন্ন মন্দ্রণালয় সম্বদ্ধে আলাদা আলাদা করে লিখে দেবেন—আমি তাদের সংগে যোগাযোগ করবো।

Motion for Association of Members of the West Bengal Legislative Council to the Committee on Public Accounts

[1-50-2 p.m.]

Shri Jatin Chakraborty: Sir, I beg to move that this House recommends to the West Bengal Legislative Council that they do agree to nominate five Members from the West Bengal Legislative Council to associate with the Committee on Public Accounts of this House for the year 1969-70 and to communicate to this House the names of the Members so nominated by the West Bengal Legislative Council.

The motion was then adopted.

Discussion on Governor's Address

Shrimati Abha Maity:

মাননীয় দপীকার মহোদয়. মাননীয় রাজ্যপাল মহাশয়, আমাদের যুক্ত অধিবেশনে যে ভাষণ রেখেছিলেন এবং সেই ভাষণের উপরে যে ধন্যবাদস্চক প্রস্তাব সরকার পক্ষ থেকে উত্থাপিত করা হয়েছিল আমি তার উপর এই কথাই বলতে চাই যে তিনি তাঁর ভাষণের প্রথমে যে বিষয়ের উপর আলে কপাত করেছেন সেই বন্যা এবং ধন্স জনিত ক্ষয়ক্ষতি বিষয়ে আমি সরকার পক্ষের দৃণ্টি আকর্ষণ করতে চাই। রাজ্যপালের শাসন যথন চলছিল তথন কতকগুলো কাজের বারুখা করা হয়েছিল রিলিফ এবং রিহ্যবিলিটেশনের ব্যাপারে। কিন্তু ইউ, এফ গভনমেন্ট হবার পরে আমরা থবর পাচ্ছি বিভিন্ন জেলায় এবং বিভিন্ন স্থানে বিভিন্ন ধরণের কাজকর্ম প্রায় বন্ধ হয়ে যাছে। আমি সরকার পক্ষের দৃণ্টি আকর্ষণ করতে চাই যে এই বাবদ বিভিন্ন জেলায় যথেণ্ট অর্থ বরাদ্দ করতে হবে—এটা মনে রাথা দরকার।

একথা মনে রাখা দরকার যে মেদিনীপরে জেলার ১৯টা থানার বিভিন্ন অণ্ডলে বন্যার ব্যাপক ধ্বংস লিল। রেখে গেছে। এব থেকে তাদেব পুনর্দ্ধার করতে গেলে ব্যাপক বাজ করতে হবে। এ বছরে যদি আমন চাষ করতে হয় তাহলে যেসব জায়গায় ববি, জমির আল নাই নণ্ট হয়ে গেছে সৈসৰ সায়গায় টি আর-এর মাধামে কাজ যদি তাড়াতাড়ি না করা হয় তাহলে চামের ক্ষতি হবে। এই কালে শেষ করতে হবে বর্ষা আসার পূর্বে। বর্ষা আসার আগে যদি কাজ না শেষ হয় ভাহলে ভবিষ্যতে অর্থ বরান্দ করে কোন লাভ হবেনা। আমি এই হাউসের দুট্টি আকর্ষণ করছি ঘর ইত্যাদি মাথায় ভেণে গেছে তাদের কিছু কিছু খয়রাতি সাহায়া দেওয়া হয়েছিল। কিন্তু যেসব ব্যক্তি অনুদান পাবার যোগ্য নয় তারা হাউস বিক্ডিং লোন পাচ্ছে না। এ বিষয়ে আমি মন্ত্রীমণ্ডলীর দুটিট আক্ষ'ণ করছি। আবাব যাদের জমি জায়গা ছিল তাদের ধান না হবার জন্য ঘরবাড়ী মেবামতের জন্য যা তাদের অসুবিধা হচ্ছে। সূত্রাং যথা শীঘ্র সম্ভব তাদের জন্য অর্থ ব্রাদ্দ ক্বা দরকার, যাতে বর্ষার পূর্বে তারা তাদের গৃহ্ ক্বতে পারে। এছাড়া মধাবিত্তদের কিছা ঋণ দেওয়া দরকার এবং সরক রের সে ব্যবস্থা আছে তা আমরা জানি। আমি বলব এগ্রিকালচ্বা'ল লোন-এর বাবস্থা তাডাতাড়ি করতে হবে এবং বন্যা প্রীডিত এলাকার যেসমুহত ছাত্র বিভিন্ন স্থানে পড়ছে তাদের বেতন মুকুরেব বাবস্থা করতে হবে। এছাড়া আমি আপনার দ্ণিট আকর্ষণ করছি যে নির্বাচনের সময় এই ইউ এফ এর বিভিন্ন নেতারা বিভিন্ন জায়গায় বলেছিলেন যে যদি তাদের নির্বাচনে সাহাযা করা হয় তাহলে বন্যা প্রীডিত এলাকায় সমুহত ঋণ তাঁরা মুক্ত কববেন। আমার নিজের এলাকা ভগবানপুরে বিভিন্ন ইউ এফ নেতার বক্ততায় এই ঋণ মকুবের আশ্বাস দিয়েছিলেন। আমি বলব এই যে আশ্বাস তাঁরা দিয়েছিলেন সেই আশ্বাস তাঁরা কায়ক্ত্ররী কর্ণ এবং অবিলন্দের ঋণ মুক্ত কর্বেন এটা তাঁরা ঘোষণা করনে। আমি এই সঙ্গে সংখ্যে দুণ্টি আকর্ষণ কর্বছি যে আজ বিকেলে মুখ্যুস্দুনী যখন জবাব দেবেন তখন তিনি নিশ্চয এসমুহত বিষয় একটা আশ্বাস দেবেন এবং কেলেঘাই নদীর বিধনংসী বন্যাব ফালে ষেসব এলাকায় ক্ষতিগ্রহত হাফাভ সেই কোলঘাই নদীর সংহকারের কথা বলবেন এবং মেদিনীপার জেলার অধিবাসীদের আশ্বাস দেবেন। ২০ বছর ধরে মারে

মাঝে বাঁধ মেরামত হয়ে আসছে। কিন্তু ১৯৬৬ সাল পর্যন্ত এমন ব্যবন্ধা হয়নি যাতে করে প্রবল বন্যা হয়। কিন্তু ১৯৬৭ সালে ও ১৯৬৮ সালে হয়েছে। স্তরাং এবিষয়ে আর অবহেলা না করে সরকারের দ্বিট আকর্ষণ করছি যাতে তাঁরা তাড়াতাড়ি এই নদী সংস্কার করার চেন্টা কর্না। রাজ্যপাল থাদ্য নীতির কথা কিছু কিছু বলেছেন। কিন্তু আমি তার ভাষণ পড়ে এটা ব্রুতে পাছি না বা কোলকাতা মহানগরীর এবং ইন্ডাস্টিয়াল রেন্ট-এ যেমন জ্যাটিউটরী রাম্মনিং চলছে সেই রাম্মন এলাকার রামন বরান্দ যা আছে ৮০০ গ্রাম তার বেশী এই মন্ত্রিমন্ডলী কিছু দিতে পারবেন কিনা তা বলেন নি। ২।১ দিন পরে আমাদের এই হাউসে এ থাদ্য নীতি সন্বন্দে আলোচনা হবে। আমি তাই এই দাবী থাদ্য মন্ত্রীর কাছে করছি যে তিনি যেদিন আমাদের এই আন্বাস দেবেন যে স্ট্যাট্টরী এলাকায় রেশনের পরিমাণ তিনি বান্ধি করবেন।

[2-2-10 p.m.]

স্বাতে আমাদের গ্টাট্টারী র্যাশন এলাকার লোকদের বাইরে থেকে চাল না কিনতে হয়, ব্ল্যাক মার্কেটিংকে প্রশ্রয় না দিতে হয় তার বাবস্থা করবেন। হয় আপনারা রেশনের বরান্দ বাড়াবেন না হয় কলকাতায় যাতে চাল আসতে পারে তার ব্যবস্থা কর্ন। মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি দৃণ্টি আক্ষণ কর্বছি। আমাদের বর্তমানে যে যুক্তফুল্ট **সরকা**র তারা বেকার ভাতা দেবার জন্য তাদের ৩২ দফার মধ্যে রেখেছেন। এটা অত্যন্ত আনন্দের কথা, অত্যন্ত অভিনন্দনের কথা। আমি এই কথা বলতে চাই যে, বাংলা দেশের শহব এবং ইনড্রাস্টিয়াল বেল্ট ছাড়াও এনেক গ্রাম বয়েছে সেই গ্রামাণ্ডলে এনেক অশিক্ষিত বেকার আছে এবং তারা যে নীতিতে যে বেকার ভাতা দেবেন বলে ঘে যণা করেছেন সেই বেকার ভাতা শহর এবং শিল্পাণ্ডলের লোকেরাই পাবে না গ্রামের লোকেরাও নিশ্চয়ই পাবে। গ্রামে কত বেকার আছে আন-এডুকেটেড তার একটা পরিসংখ্যান চাই। সেই পরিসংখ্যানের ভিত্তিত করা দরকার। তাই আমি প্রস্তাব করছি মন্ত্রিমণ্ডলীর কাছে যাতে এমণ্লয়মেন্ট এরাচে**ল্ল** গ্রামণ্ডলে স্থাপন করেন তাতে আমরা ব্রুতে পাবব প্রকৃত চিন্ত কি, কত বেকার রয়েছে এবং বেকার ভাতা দেবার কাজের পক্ষে পরিকল্পনা রচনাব পক্ষে মন্তিমণ্ডলরিও সংবিধা হবে। তাই এম্প্লয়মেন্ট এক্টেঞ্জ যদি গ্রামে গ্রামে কবতে পারেন সে খন্বোধ জানাই। মানুনীয় স্পাঁকার স্যার, গভর্নরেব ভাষণের ভেতরে শিক্ষা সম্পর্কে কতকগুলি বিষয় উল্লেখ করা গুয়েণ্ড। আমরা দেখছি যে, আমাদের পশ্চিম বাংলায় জনসংখ্যাব প্রায় : তাংশ শিশ্ব প্রাথমিক বিদ্যালয়ে যেতে পারে বা প্রাথমিক বিদ্যালয়ে যাছে। এই মোট শিশ্ব ৭৫ বা ৭৬ ভাগ শিশ, আজকে বাংলা দেশেব প্রাথমিক বিদ্যালয়ে যাজে কিংত এখনও ২৪-২৫ ভাগের মত শিশ**্ তারা যেতে পাবছে না। স্কলে যারার স**ুযোগ তারা পাচ্ছেনা। আমাদের বাংলা দেশের আরও প্রাইমারী দ্রুল করার প্রয়োজন। অতীতে কংগ্রেস সরকারের হাতে টাকা ছিলনা তাই সেই কাজ তারা করতে পারেন নি আমি আশা করি বর্তমান সরকার আরও অর্থ বরাদ্দ করে প্রাথমিক বিদ্যালয় করবেন যাতে বাকী ২৫ ভাগ শিশ্য যারা আছে তাদের কভার করা যায়। এই ২৫ ভাগ শিশুকে পড়াশুনা করবার স্বিধা করে দেবার জন্য আমি বলছি। কিন্তু এই ভাষণের মধ্যে এই কগটা বলতে চাই যে, যুক্তুন্ট সুরকাব আজকে যে নীতি নিয়েছেন তা হচ্ছে প্রাথমিক শিক্ষা যাতে ব্যাহত হয় সেই নীতি তারা নিয়েছেন। কেন নিয়েছেন জানিনা কিন্তু গতবারেও আমরা দেখেছি যে যাক্তফ্রণ্ট স্বকার ষ্থন প্রথম এসেছিলেন তথন তারা যে মহৎ কাজটি করেছিলেন তথন তারা বিভিন্ন দকল বোড়ের্দ বেসমুহত হকুল স্বকারী মঞ্জুবী নিয়ে থাচ্ছিলেন সেগুলিকে বন্ধ করেছিলেন। আবার এই বাবেও আমরা দেখছি যে ক্ষমতায় তাবা আসবাব মাইই তারা প্রথম যে মহৎ কাজ কব্ছেন---তাহচ্ছে যে, সমসত স্কুল গণ্ডেছে সেই সমসত স্কুলে একটা করে টেলিগ্রাম পাঠান হচ্ছে যে 👌 সমস্ত স্কুল বন্ধ থাক্রে। শিক্ষক নিয়োগ বন্ধ থাক্রে এবং সমস্ত রাস্তা করা বন্ধ থাক্রে। আমি জিজ্ঞাসা করছি এটা কি নীতি ?

(তুম্ল হটুগোল)

মিঃ **॰পীকার ঃ** ওনার ত ভিউজ আছে আলাদা, উনি বলেছেন। আপনাদের ভিউজ ত উনি বলবেন না। উনি নিজের ভিউজ বলছেন আপনারা তর উত্তর দেবেন।

শ্রীসিন্ধার্থ শংকর রায়: এইভাবে গণ্ডগোল হলে আজকে মন্ত্রীদের কাউকে বলতে দেব না মাননায় প্পীকার মহাশয়, আমি এখানে জানতে চাই যে আমাদের বলবার অধিকার আছে কিনা কারণ আমাদের তরফের কোন বস্তা বক্তা দিতে উঠলেই সকলে এরকমভাবে চেণ্চায় ওঁদের বছারা যথন বস্তুতা দেন তখন আমরা কি কেউ চেণ্চিয়েছি, এটা আপনি বিচার কর্ন। এই রক্মভাবে চললে অস্থিধা হবে, আমরা আমাদের সভ্যদের ঠেকিয়ে রাখতে পারবো না এবং আমি তাদের নেতা হিসাবে বলতে পারবো চুপ করে থাকতে, কেননা তাঁরা আমাদের একজন বভাকেও বলতে দিছেন না।

মিঃ পশীকার: মিঃ রায় আমি যতদ্র সদ্ভব চেন্টা করছি যাতে কোন গোলমাল না হয়।
মাঝেমাঝে উত্তাপ হলে থামিয়ে দেওয়া হচ্ছে। এই কয়ের্কাদনের মধ্যে আপনাদের বা এদের
বল সমান সমানভাবে- আপনাদের বরং বেশী লোকই বলেছেন, যাই হোক সে রাইট আপনাদের
আছে, কিন্তু আপনি যে বলছেন একে বলতে দেব না, তাকে বলতে দেব না এটা ঠিক নয়।
আমরা চেন্টা করবো যাতে সভা চলে। তাহলে কি আমরা সিভিল ওয়ার ন্টার্ট করবো
আপনার কথা অনুযায়ী? ইফ দ্যাট ইজ ইওর প্রেট আই এয়ম হেলুপলেস। ইউ আর দি
কিছার, অর্বাদ অপজিসন, এন্ড ইউ সে দ্যাট, আপনাবা কি করে বলেন দেখছি—আই এয়ম হিয়ার
ট্রু প্রেটেক্ট ইউ এয়জ ফার্মলি এয়জ আই কান। ইফ আই ফেল কাইন্ডলি পয়েন্ট আউট। যদি
কোন গোলমাল করে এবা আপনাদের বলতে না দেন তাহলে আমাকে চেন্টা করতে দিন, আমি
চেন্টা করছি। অনেক থেমে গিয়েছে। কিছু কিছু লোক বলছেন, ও'দের লিডাররাও বলেছেন,
আমি নিজে আপ্রান চেন্টা করছি, আপনারা সহযোগিতা করছেন—আমি চাই সহযোগিতা।

শ্রীসম্পার্থ শক্ষর রায়। সাার, এখানে যাতে আবহাওয়া শানত থাকে সেজন্য আমরা নিশ্চই সহযোগিতা করবো এবং তার জন্য আমরা সর্বদাই সচেণ্টিত থাকবো। কিন্তু আমাদের বস্তারা বশ্বনই বস্তুতা দিতে উঠিবেন তখনই ওখানে একেবারে ঝড় উঠবে আর আমরা চুপ চাপ থাকবোঃ এটা অন্যায় কথা।

মিঃ স্পীকার: এরকম ঘটনা হয়নি। আপনি কালকে আসেন নি, কালকে এই রকম ঘটনা হয়নি। আস্তে আস্তে কমছে, দেখুন কমে কিনা।

শ্রীমতীন চক্রবতীঃ মাননীয় স্পীকার মহাশয়, এটা খ্র দৃঃথের বিষয় যে আমাদের লিভার অব দি অপোজিসন আজকে—আমরা আগেও অনেক দেখেছি, আমরা অপোজিসন ছিলাম, কিন্তু কোন লিভার অব দি অপোজিসন..............

শ্রীসিন্ধার্থ শন্তর রায়: আমার বন্ধবা খ্র পরিজ্ঞার। এখানে আবহাওয়া যাতে শান্ত থাকে নাব জনা আমরা সর্বদাই চেন্টা করবো। আমরা চাই এই সভার বিতর্ক শান্তিপ্রভাবে হোক বিন্তু আমাদের বন্ধারা যখনই বন্ধৃতা করতে উঠবেন তখনই ২৫-৩০ জন চেন্টামেচি করবেন এতো একটা অসম্ভব অবস্থার স্বিট করছেন। তাই আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই সে

What is sauce for the gander can also be sauce for the goose.
আপনারা ২৫ জন মিলে আমাদের প্রত্যেকটি বস্তাকে বস্তৃতা কবতে দেবেন না আর **আমরা** চুপচাপ বসে খাব এটা কি রকম কথা?

(शालगाल)

মিঃ স্পীকার:

Mr. Ray this is not a true statement that you are making.

(গোলমাল)

শ্রীসিন্দার্থ শশ্কর রার: আপনাকে টেস্ট করা হচ্ছে, আমরা বসে পড়ছি, দেখা যাক গণ্ডগোল হয় কিনা।

শ্রীৰতীন চক্তরতীঃ মাননীয় স্পীকার মহাশয়, আমরা চাইছি যে সভা শান্তিপ্র্ণভাবে চলছে। আমি চীফ হৃইপ হিসাবে.....

[2-10-2-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলেছি সেটা আবার রিপিট করছি। আমি যেটা বলেছি সেটা হচ্ছে এই যে আমরা আগে বিরোধী দলে ছিলাম, আমরা বিরোধী দলের নেতাদের দেখেছি কোন বিরোধী দলের নেতাকে এই রকম ভাবে ভয় দেখাতে শর্নানি যে আমাদের মন্ট্রীরা যদি বস্তুতা দিতে উঠেন তাহলে তারা বাধা দেবেন। আমি বলেছি আপনারা যদি বাধা দেন তাহলে আমাদের স্পীকার আছেন, স্পীকার যথোচিত ব্যবস্থা অবলম্বন করবেন, প্রয়োজন হলে বের করে দেবেন। স্পীকারের অধিকার আছে বের করে দেবার।

(তুম্ৰ হটুগোৰ)

মিঃ স্পীকার: আমি আপনাদের বলে দিচ্ছি ফারদার আপন রা কেউ গোলমাল করবেন না। আপনারা হয়ত দুটারটি কথা বলতে পারেন সেটা আলাদা কথা কিন্তু আপন রা কোন বান্তিকে ও'দের সসম্মানে বলবার পূর্ণ অধিকার আছে সেই অধিকার থেকে আপনারা ও'দের বিশ্বত করবেন না। আমি আপনাদের কাছে নিবেদন করছি যে কেউ গোলমাল করবেন না কারণ উত্তেজনা যা ছিল তা ত হয়ে গেল এর পরে যদি কেউ গোলমাল করেন তাহলে আমি ভাঁকে বেব করে দেবো। আমাকে যদি চলে যেতে হয় এই চেয়ার ছেড়ে আমি চলে যাবো। But I shall maintain the dignity of the House.

শ্রীভ্রমলেন্দ্রলাল রায়: মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমার নিবেদন হচ্ছে এই যে আমারা কয়েক দিন ধবে দেখছি যে লিভার অব দি অপোভিশন ধথন এখানে দাঁড়াছেন তথানি প্রতাককে তিনি আমাদের সকলকে শাসাছেন। লিভার অব দি অপোভিশনের যে বেসপন-সিবিলিটি আভকে সেই রেসপর্নাসিবিলিটি যদি লিভার অব দি অপোভিশনের না থাকে এবং তিনি যদি জনে করেন যে (হটুগোল) ..

মিঃ স্পীকাৰ:

I have given my ruling. I will protect them because they are honourable members of this House.

শ্রীঅশিবনীভূষণ সাহাঃ মাননীয় প্পীকার মহাশয়, কেন মেন্বার বঙ্গুতা দেবাব সময় থকি কোন মেন্বার একটা বিমাক করেন—কারণ এয়াসেমহীতে আমি ৫ বছর ছিলাম, আপনি ত বহুদিন আছেন, যদি কোন মেন্বার রিমাক করেন তাতে কেন ওবা রাগ করছেন। এই সম্বন্ধে আমি আপনার রুলিং চাছিছ আমরা কি বিমাক করতে পারবো না?

মিঃ স্পীকারঃ

I know it is not a deaf and dumb association but why they should be touchy at all.

প্রামর্শ করে এই জাম বিলি করতে হবে। যে-কোন রাজনৈতিক পার্টি যদি প্রস্তাব দেয় তাকেও আমরা বিবেচনার মধ্যে নিয়ে আসবো, এইভাবে আমরা জমি বিলি করবো। আমরা বেনামা জামগালি ধরবার জন্য আপ্রাণ চেণ্টা করবো এবং আমরা দেখেছি যে বেনামা জমি ধরা হল অঘচ ভাদের আমলে, ধরমবারের আমলে সেই জামর পজেশন নেওয়া হল না। ২৪-পরগন জেলায় বেশী জাম চার হয়েছে, সেখানে ৪৬ হাজার একর বেনামী জাম ধরা পড়েছে কিন্তু জেনে রেখেদিন মত্র ৭ হাজার একরের বেশী জামর পজেশন নেওয়া হয়নি, ধরমবীর তার আফসারদের দখল নিতে বারণ করে দিয়েছিলেন যার ফলে জামদারদের সুযোগ দেওয়া হয়েছিল সেই জাম-গর্মালকে নেরে খানার এবং একতরফা কোটা কাছারীর আশ্রয় গ্রহণ করে গভর্নামেন্টের সেই প্রচেষ্টাকে বানচাল করাই ছিল তাঁদের উদ্দেশ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এমনও আমরা দেখোছ। দঃখে লাগে, বাথা লাগে, কোটো মামলা হয়েছে, গভর্ণমেন্টের মামলাকে ঠিকমত তাদ্বির করা হর্মান, মামলা চালানর কোন বাবস্থা করা হয়ান, সময় মত এ্যাপল করা হর্মান, ভাল উকল দেওয়া ২ফান, ত লভাবে কাজ চালান হয়নি। সেজন্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ঠিক করোছ এই সমসত বিষয়গুর্নিকে আমরা বদলাব, প্রয়োজন হলে উকলি বদলাবো, আইন-কানুন যাতে ১৮০ মত চালান যায় সেই ব্যবস্থা করা হবে এবং সঙ্গে সংগ্য দখল নিয়ে আমরা জামর বিলি-ব্যবস্থা করবো। সাার আমরা ইতিমধ্যেই শনেতে পাচ্ছি গ্রামে উচ্ছেদের একটা হিডিক দেখা দিয়েছে, আমর। আমাদের অফিসারদের নির্দেশ দিয়েছি যে তোমাদের সতর্ক থাকতে হবে, আমাদের গ্রহণ মেণ্ডের নীতি হল জে তদার বর্গাদারদের ঝগডায় বর্গাদার হল গ্রীব পক্ষ তোমরা স্বাদান দিলে বর্গাদারের পাশে দাভাবে এবং আমরা আমনের অফিসারদের অর্ডার দিয়েছি প্রয়োজন কলে জিমিন্যাল প্রামিডিয়োর কেড বাবহার করে যারা অন্যায় করে, বেআইনী করে ঐ বগাদ এনের এডাবার চেণ্টা করবে তাদের বির**্থে তোমরা শাস্তিম্লক** বাবস্থা গ্রহণ করবে। এখানে অনেকেই বক্তা দিয়েছেন, খাব কুম্ভীরান্স বিসর্জন করেছেন যে বন্যাপীডিত জায়গায় খাজনা ছ ডের কি হবে। এটা কংগ্রেসীদের মুখে সাজে না, ত'দের আমলে বন্যা হয়েছিল ১৯৬৭ সালে, সেঠ বনায় খজনা ছাড়ার সিম্পন্ত ঐ যুক্তফ্রন্ট সবকার ঘোষণা করোছলেন আর এবারে ধরমবাবের আমলে বন্যা হল, আমাদেব গভর্গমেন্ট আসার পর প্রথম কাবিনেটের মিটিং-এ সিম্ধান্ত নিজা ঘোষণ করে দেওয়া হয়েছে যে, এই সব জায়গায় নিদেশি পাঠিয়ে দেওয়া হয়েছে যে যেখা নি ৬০ ৬.গ ফসল ২ফেছে এফন কি সেই সব জায়গায় পর্যন্ত খাজনা আদায় আমরা বন্ধ করে দিনেতি আন দায় কথ করে দিয়েছি একং কলে দিয়েছি খডানাটা ছাড় দেওয়ার প্রদন আমব নাম্ভা বিভাগন বাবে সিম্বালত গ্রহণ করবো। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই অন্যান্য বাদ্যা আছনা, লোন অদায় করে, ধারা গ্রীর মান্য গ্রুপ লোন বিশেষে একের কথা আত্মব্য নি ্নালে লালে দিয়েছি। কিন্তু আমবা লক্ষ্ণ করোছ যাবা বড় বড় জামদার, হাজার দ্যু-হাজার ৮ বং মাদের বাকী আছে, যারা কো-অপারোটভ লোন নিয়ে সাদের কাববার করছে **যার** বেশার ও গ ভালি খেতি নিয়ে দেখেছি কংগ্রেসী দলভঙ্গ তারা পর্যান্ত খাজনা দেওয়া কর্ম করেছেন। আমি ব্যবদ্ধ দিয়েছি আমাদের সরকাবী অফিসারদেব ওদের বিবৃত্তের সার্টিফিকেট কবরে। যার वनमूद्रवत नार्रे भिन्न थाएं श्राह्माजन रहन नार्रे भिन्न क्राह्म स्वर्ध स्वर्धात क्रिको क्रत्या। जामि जामा কবর্বে ক্লান্তা সেই কাজে আমাদের স্বর্তোভাবে সাহাষ্য করবেন। মাননীয় অধাক্ষ মহাশ্য, অনি বাস্ত্রিভিট্ন সংব্রুণ একটি কথা বলবো। স্বার, আপুনি জানেন গ্রামে গ্রীবদেব বাস্ত্রভিটার অধিকায় দেওয়ার হন্য আমবা একটা আইন করেছিল'ম তথন দিল্লীব গভনমেণ্ট তাকে আটকে দিয়েছিলেন পরে যখন দিল্লীর অনুমতি পাওয়া গিয়েছিল তখন ও'দের গভর্ণমেণ্ট এই বাস্তভিটা আইনকে বাতিল করে দিলেন। আমাদের কাবিনেট সিম্পানত গ্রহণ করেছেন যদি এই সৈশনে না পারি ভারাল অ গামী সেশনে গ্রামের গরীব মান্যকে বাস্তৃভিটা অধিকার দেওঁইরৈ আইন আমরা নিয়ে আসবো এবং আমরা তা গ্রহণ করবো।

[6-50-7 p.m.]

মাননীয় দপীকাৰ মহাশয় এই সেসানীই আমরা আলোচনা করব, ঠিকা প্রজ্ঞাদের উচ্চেদ বন্ধ করবাব বিধান ব্যাদিয়ে দেব। আমি জানি ঠিকা প্রজ্ঞাদের অধিকার দিতে হবে এবং ঠিকা প্রজ্ঞাদের নীচে যারা ভাডাটে আছে তাদের উপর যাতে জলাম না হয় সেটা বিবেচনা করে আগামী আইনসভার যাতে একটা পরিপূর্ণ আইন আনতে পারি তার চেটা করব। আর একটা কথা বলে আমি আমার বন্ধরা শেষ করব এবং সেটা হচ্ছে এই কাজ যদি করতে হয় তাহলে শুধুমাএ আফসার এবং কম চারীদের সাহায্য পেলেই হবে না, গ্রামের খেটে খাওয়া মানুষ, সাধারণ কৃষ্ণ সংগঠিত আকারে যদি আমাদের পাশে এসে না দাঁড়ায়, আমাদের সাহায্য না করে তাহলে এই কাজ আমরা করতে পারব না। সেই জনাই আমরা বারে বারে মানুষকে আহানা করব, মানুষকে উৎসাহিত করে তুলব, তাদের সাহায্য এবং সহযোগিত। নেব এবং তাদের সেই সংহা্য এবং সংযোগিত। নিয়ে জোতদারদের চক্তাত, জমিদারদের চক্তাত এবং তাদের পৃথ্ঠপোষক কংগ্রেসের চরাত বিধন্ত করতে পারব। এই আশা প্রকাশ কবে রাজাপালেব ভাষণের উপরে যে ধন্যব দস্চিক প্রস্থান এগছে তাকে সমথান কর্ছি।

Shri Jyotibhusan Bhattacharyya:

মাননায় অধ্যক্ষ মহাশয়, একটিমাত বিষয় সম্পক্ষে আমাকে এই সভার কয়েক মিনিট সময় নিতে হচ্চে। রাজ্যপালের ভাষণ সম্পর্কে বিত্রকের সময় বিবোধী পক্ষেব কেনি কেনি সদস্য একটি বাপাবে কিছ্ মন্তব্য বেখেছেন, কিছ্ বন্তব্য রেখেছেন যার জবাব দেওয়া প্রায়োলন। এটা রাজ্যপালের ভাষণের অন্তর্গত নয় এবং সেই হিসেবে অবান্তর মনে কবা যেতে পারে। কিন্তু যেহেতু বিরোধী পক্ষের দায়িত্বশীল সদস্যেরা কিছ্ কিছ্ উটি করেছেন সেহেতু বাপাবটা বোধহয় পবিশ্বর করে আপনার মাধ্যমে সভার কাছে নিবেদন বান আমাব দায়েন। গত ১৪ই মার্চ কলেজ স্কেল্যারে দ্রীকৃষ্ক রায় যাকৈ আমি শতিদ বলেই মনে করি তার মৃত্রতে শোক জানাবার জন্য যে সমাবেশ হরেছিল সেখনে আমি কিছ্ বলেছিল মান করি সোটা একটি সংবাদপ্রে প্রকাশিত বংগছে। সেই বিশেষ সংবাদপ্রের বিক্রত বলে মনে করি সোটা একটি সংবাদপ্রে প্রকাশিত হগেছে। সেই বিশেষ সংবাদপ্রের বিশেষ উধ্যতি বিবেধি সামের বলা হয়েছে, আমি নাক বলেছিলাম, If need be the U.F. will place riftes at the hands of responsible students to

If need be the U.F. will place rifles at the hands of responsible students to crust the Navalities.

এবকম কোন উত্তি আমি করিনি। প্রথম কথা হচ্ছে আমি বাংলা ভাষায় বলোছবাম। আমার এট,কু কণ্ডজ্ঞন আছে যে নকসালপন্থীদেব চ্পাঁ কববাব জন। কাব্ব হাতে বন্দ্ব, বাইফেল তুলে দেবাব প্রয়োজন নেই, তারা নিজেবাই চ্পানিছিল কছে। এই প্রসংগ্য হব কথাই আমি মাননীয় সদস্দের অবগতিব জন্য বলাছি। এই প্রসংগ্য এবশা আমি উল্লেখ ব্রেছিলাম যে, প্রিবীর অনেবখানি জালো জাড়ে এবং আমাদেব দেশে বিভিন্ন প্রতিরাদালিলেটে বিভিন্ন কাজে করছে। এবকম প্রিম্পাতি অবশাই উদ্ভাব তেওঁ সংযোগ সংগঠনের মাধনম সক্রীয়ভাবে কাজে করছে। এবকম প্রিম্পাতি অবশাই উদ্ভাব তেওঁ প্রথম বিভিন্ন দেশে কোন কেনে সময় এরকম প্রিম্পাতি বিভিন্ন বাহ্ন কাম করেন সংগঠিত সবকাব শ্রেমান তাব নিজেব বিশেষ দিশিক। প্রক্রম প্রিম্পাতি বিশ্বিমার তাব নিজেব বিশেষ দিশিক। প্রক্রম প্রিমার প্রথম প্রালশ বাহিমার বা ফোজের উপর একাতভাবে নির্ভাব করে দেশবক্ষা করতে পারে নাঁ,

আমি তথ্যক মহাশ্য, একথাই বলেছিল ম যে প্রয়োজন হলে এটা স্বন্ধই বন্ধে এবং সেটা আইন অনুসাবেই করবে, বে-আইনীভাবে কিছু করা হরে না, এবং এটা প্রকাশে বার হরে সিম্পান্ত নিয়ে, বিচার করে, যদি প্রয়োজন উপ্থিয়ত হয় তাংলে এটা নিশ্চ্যই কাম করে, এবং সেটার প্রয়োজন হরে কিনা সেটা স্থির করবেন কংগ্রেস দল এবং তাঁদের বিভিন্ন পূর্ণভারনাশাল বন্ধুবা তাঁদের আচরণের দ্বারা। তাবা যদি দেশবাসাকৈ এটা ব্রুক্তে পারেন এব কোন প্রয়োজন হবে না, তাহলে আমরা নিশ্চ্যই আনন্দিত হব। গ্রুষ্টেশ্বর উস্কানি দেওয়া গ্রেছে বলো ইয়েছে। মালনীয় অধ্যক্ষ মহাশ্য, আমরা গ্রুষ্ট দেউ চাইনা, গ্রুষ্টেশ আমাদের লাভ কিছু নাই, গ্রুষ্টেশ্ব করে আনত্তাতিক বন্ধা বান্ধ্বরা। তাবাই এটা স্থির করবেন। তারা যদি গ্রুষ্ট্র চাই না তাহলে গ্রুষ্ট্র হবে, সেটা তারাই স্থির করবেন। কিন্তু আমাদের দিক থেকে একথা আমি বলতে পারি যে গ্রুষ্ট্র বা ঐ রক্ষ ধ্বনের কোন রক্ম শক্তির সংগ্রেষ্ট্র তাঁদেরই হবে।

আর একটা কথা এই যে জনসাধারণের হাতে বন্দ্রক তুলে দেবার কথায় এত আতি কত হলে তো চলবে না। তুলে গেলে চলবে না ১৯৬৬ সালে বন্ধ আন্দোলনের সময় সংবাদপরে, অনেকগ্রিল সংবাদপর প্রকাশিত হয়েছিল যে গোপনে, প্রকাশ্যে নয়, কাদের বন্দুক দেওয়া হয়েছিল। এই অন্দেশনের সময় অনেকগ্রিল লাইসেন্স গোপনে যাদের নাম জানা ন ই, সেই সমন্ত লোকের হাতে তখনকার সরকার দিয়েছিলেন। এ সন্বন্ধে নিন্চয়ই অন্দেশনা বরব। এবং এটা এটন অনুসারেই করা হবে এটা যেন তাঁরা জেনে রাখেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশের মানুষের অন্ত ধারণ করবার অধিকার, অন্ত বহন করবার অধিকার নাই। ইংরেছেব যে আর্মন্ এটি ছিল সেটাই চাল্ব আছে। আমি অধ্যক্ষ মহাশয়, আপানর মাননীয় সন্সার জনসাধারণ কি এই অসহায় অবস্থা কি আমাদের চিরকাল থাকবে হা আমাদের এখানকার অসহায় জনসাধারণ কি একদিকে পড়ে থাকবে আর অন্তধ্যন করে দ্বুক্তকারীর। তাদের উপর অভ্যাচার করবে হা এই অবস্থা তো চিরকাল চলতে পারে না। এটা বিরেচনার বিষয়।

universal arming of the people.

যেমন প্রয়োজন হয় তেমনি আইনের সংশোধনও প্রয়োজন আছে। পরিশেষে আমি আপনার মাধ্যমে বিবোধী পক্ষের সদস্যদের এই আশ্বাস দিতে পারি যে সরকার কোন রকম বে-আইনী কাজ কিছু করবে না।

[7-7-10 p.m.]

Shri Ajoy Kumar Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে তিনাদিন ধরে আলোচনা হয়েছে, অবশ্য আমি সব সময় এখানে থাকতে পারিনি। আমি আর বেশীক্ষণ সময় নেব না, সংক্ষেপে দ্-চার কথা বলব। আমাদের তরফ থেকে অনেক কথা বলা হয়েছে। বিবোধী দলের নেতা মাননীয় সদস্য শ্রীসিম্ধার্থশঙ্কর রায় বলেছেন,

every political party has a right to exist

একণ। এবশা দ্বীকার্য, আমিও দ্বীকার করি। কিন্তু আমি ভারতি এত বড় একটা প্রতিষ্ঠান বার বিশ্বজোড়া নাম ছিল, যার একটা গোববম্য ঐতিহা আছে, সেই পাটির প্রিষ্টীয় নেতা কি আজ্ ভয় পেয়ে গেলেন যো আজকে তার একি জিটেন্স থাকরে কি থাকরে না, তাই এই বক্ম একটা কথা ভূললেন ? তিনি আবাব বলেছেন, দেখবেন শাঁঘুই কংগ্রেসকে কিভাবে গড়ে ভূলি। খুব ভাল কথা, করলে খুব আনন্দিত হব, অবশা আমি ফিবে যাব এটা মনে কব্বেন না। তবে সেটা হলে আমি অনুনিদ্ভ হব। কিন্তু ইংবেজীতে একটা কথা আছে,

Better late than never

কিন্তু আমার একটা আশাধ্কা হচ্ছে সম্ভবতঃ

আর গোধ হয় হবে না। ইট ইচ ট্ লেট। অমি বলেছিলাম হৈও অন দি বমহিটটিউশন তারে ও বা আপতি করেছেন যে এই শব্দ কেন কলোব করা হোল। আমি করেটি কেস দেখাবো তারে দেখতে পাবন যে বিভালে কন্দিটিউসনক বিজত করা হছে। কনিস্টিটিউসনে ছিল আলোদের যে ইনলাম টাল্লে ছিল ইনলাম টাল্লে অব ১৯৫১ এই আইন অন্সাকে টাল্ল আছাম হোল তার ভেত্র বাজাগালি পেতা। তাতে ও রা সংশোধন করে ওাব মধ্যে যেটা বছ আয় বছ কে কেম্পানী থেকে মেটা আয় হোল সেটাকে বের করে নিমে নজেন যে এটা ইনকাম টাল্লে নয়, এটা করপেশবসন টাল্ল এটাব ১৬ আনা ভারত সবকার পাবেন। এইভাবে বাজাগালি ভাগ পেতা তাবা আবাব নাতুন আইন করে একট্ সংশোধন করে এবটা সাকে কাজাগালি ভাগ পেতা তাবা আবাব নাতুন আইন করে একট্ সংশোধন করে এবটা সাকে ছা ইনকাম টাল্লে করে আটা নাতুন ভিনিস ওদীর সকটোট ভারত সকক্ষের থাকে—বাজাসরকাবের পাকরে না।

ফাইন্যান্স কমিশন একটা কনম্পিটিউটেড বজি—সেই বজি স্থারিশ করলেন এক্সাইজ ডিউটি রাজ্যগর্মানতে ভাগ হবে। তথন তারা করলেন কি এক্সাইজ ডিউটির উপর একটা দেপশ্যাল ডিউটি বাসয়ে
দিলেন এবং সেই দেপশ্যাল ডিউটি বাসয়ে দিয়ে বলেন এটা দেপশ্যাল ডিউটি—অতএব এটা রাজ্য
পাবে না—শর্ম ভারত সরকার পাবে। সেকেও ফাইন্যান্স কমিশন স্থারিশ করলেন যে বড় বড়
দেনাগ্রিল যা আছে ভারত সরকার থেকে রাজ্যগ্রালর সেগ্রিল দীর্ঘ মেয়াদী করে দাও কতকগ্রিল
১৫ বছর, কতকগ্রিল ৩০ বছর। কিন্তু সেকেও ফাইন্যান্স কামশনের স্থারিশ ভারত সরকার
গ্রহণ করলেন না। আরও তারা বলেন যে স্বদের হার এতো করা উচিত নয়। স্বদের হার
কমিয়ে দাও—তা তারা দ্বীকার করলেন না। এই রকম আরও অনেক ঘটনা দিতে পারি।
এই জন্য বলছিলাম,

It is a fraud on the Constitution.

ষারা কর্নান্টটিউসন করেছিলেন তাঁরা কোন দিন ভাবেন নি যে সেসবর্গনিল ভারত সরকার এবং রাজ্যসরকার ভাগাভাগি করবে—সেগ্নাল রাজ্যকে বিগুত করে ভারত সরকার একলা নেবার আইন করবেন এবং সংবিধানকে তাঁরা এই রকমভ বে ঘ্রারয়ে পেণ্টিয়ে করে দেবেন—এটা তাঁরা ভাবেন নি বলে মনে হয়। তাই আমি বলছিলাম থে,

They talk one way and act in another way.

ত রা খ্ব দরদ দেখান যে রাজ্যসরকারকে সাহায়। করবেন এবং আমাদের সংবিধানের জয়গান করেন—তাহলে তাঁরা ঘ্রিয়ে পে'চিয়ে এই রকম করে দাঁড় করাতেন না। তাই লোকে ব্ঝেছে যেটা এয়ারাহাম লিংকনের বাণী তা বলতে পারি,

You can fool some people for some time but not all people for all time

এটা প্রমাণ হয়ে গেল এবারের নির্বাচনে যে আর জনসাধারণ বিফর্ল্ড হোল না। আমাদের মাননীয় সদস্য বিরোধী দলের নেতা তিনি বলেছেন যে আমি যে বাক্যটা বলেছি সেটা হ্বহ্ এর আগে অন্যান্য ফাইন্যান্স মিনিন্টার প্রশেষ বিধান্চন্দ্র রায়, এবং অন্যান্যরা বলে গেছেন। অতএব

it is old wine in a new bottle

আমি বলি ছিপিটা খুলে একটা গন্ধ শাকুন,

It is new wine.

কিন্তু এই সৰ জিনিস তাঁৱা বল্লে কি হবে—তাঁৱা কি কোনদিন ভাৱত সরকারের সংগে তোরজার করেছে যেটা আমরা চেয়েছি। আমরা ব**লেছি কেন্দ্রীয় সরকারের সংগে কোন সংঘর্য** করতে চাই না। আমরা একসংগে মিলে-মিশে সব কিছু করতে চাই ; কিন্তু তাই বলে কেন্দ্র আমাদের যাদ পংগ্র করে চান তাহলে কিন্তু আমরা মাথাচাড়া দেবো বৈ কি। এই মাথাচাড়া কংগ্রেস নিয়ন্তিত শাসনে তো তাঁৱা দেন নি—এজনা এটা নিউ ওয়াইন।

ওর। হিসাব দেখিয়েছেন যে ১৯৪৭ সালে বাংলা সরকারের কি আয় ছিল, কি বায় ছিল, বেড়ে বেড়ে কি হয়েছে, কত বেড়েছে, কত উপ্লতি করেছেন। টাকা বেশা খরচ করলেই বেশা উপ্লতি হল? অবশ্য আমি কোনদিন বলিনি যে আমাদের দেশে কোন উপ্লতি হয়নি কিন্তু আম এই ঘরে আর একবার বলে গেছি যে কি ধরে এগ্লেন—পণ্ডবার্ষিকী পরিকল্পনার উদ্দেশ্য এবং লক্ষা কি ছিল—গণতান্তিক সমাজবাদের বিকাশ করবো পরিকল্পনার ভেতব দিয়ে। আজ সেই বিকাশ হয়েছে কিনা জনগণ তার রায় দিয়েছে। তাছ ডা ভাবত সবকার যে মহলনবাশ কমিটি নিয়োগ করেছিলেন যে ভারতের এই যে জাতীয় আয় এটা কার পকেটে যাছে খোঁজ নাও, সেই বিপোর্ট কি তাঁরা খুলে দেখেননি—তাতে বলেছেন যে আমাদেব জাতীয় আয়ের ১২ আনা চলে যায় মান ৭৫টি ধনী প্রিবারের কাছে—তাতে কি তাঁরা একথা বলেনিনি যে আমাদের দেশে ধনী আরো ধনী হয়েছে, গরীব আরো গরীব হয়েছে। কাজেই তাঁদের সংগ্য আমাদের দ্ণিটভগাীর তফাং আছে। তাই বলছি,

it is a new wine.

গুল্ড ওরাইন নর। তিনি এবং শ্রীতর্গকাল্ডি ঘোষ এবং আমি ছিলাম না, শানেছি শ্রীমতী আভা মাইতিও বলেছেন ধে আমরা সহযোগিতা কবব। কৃবি, শিল্প, L-26

বাণিজ্যের উন্নতিতে আমরা সমর্থন করব এবং আপনাদের অর্থনৈতিক অভাব মেটাবার জন্য আমরা সহযোগিতা করব। তা যদি করেন তাহলে আসন্ম না আমরা এই হাউস এবং কাউন্সিল দ্ব জায়গাথেকে সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ করে ভারত সরকারের কাছে পাঠাই যে আমাদের আর্থিক সাহায্য বাড়াতে হবে, এই সব জিনিষগন্লি বিচার করে দিতে হবে। আমাদের যা ন্যায্য পাওনা তা আমাদের দিতে হবে। তা যদি রাজি না হন তাহলে আমরা আর একবার সবাই মিলে প্রস্তাব করব যে তাহলে কনির্ঘটিউসনকে সংশোধন করতে হবে।

শ্রীসিন্ধার্থ শংকর রায়ঃ আপুনি একটা রেজলিউসন আমাদের কাছে পাঠিয়ে দিন না।

শ্রীঅজয়কুমার মুখোপাধায়েঃ তা যদি বলেন তাহলে আমি আগাম তাঁদের ধনাবাদ দিয়ে রাখাছ। অমি আর বেশী কিছু বলব না। আমি রাজ্যপালের ভাষণের উপর প্রস্তাবটা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

Mr. Speaker: I now put all the amendments to the Motion of Thanks to vote.

The motion of Shri Iswar Chandra Tirkey and Dr. Zainal Abedin that the sollowing be added at the end of the address in reply, viz.:—

"But regret that no mention is made about the dreadful happenings in Nuxulbari and the failure of the then United Front Government to restore law and order in the area."

was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that the following be added at the end of the address in reply, viz.: -

"But recret that there is no mention of the recent cases of widespread disturbances, loot, arson and murder in Bongaon, Telmipara and Titagarh areas."

was then put and lost.

The motion of Shri Animesh Mukharjee that the following be added at the end of the address in teply, viz.:—

"But regret that there is no reference to the reign of terror in West Bengal brought about by some of the political parties belonging to the United Front after the assumption of office of the United Front."

was then put and lost.

The motion of Shri Animesh Mukharjee that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no reference to the lawlessness and disorder prevailing in almost all the districts in West Bengal after the installation of the United Front Government and the failure of the authorities and the police to either prevent large-scale assaults to and damage to properties of Congress workers, supporters and sympathisers as well as their families in spite of prior information or to take effective action to prevent such assaults and attacks."

was then put and lost.

The motion of Shri Lakshan Saren that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that a vague rumbling and destructive criticism has been made of the relationship of the Centre with the States without being specific on any particular point, with the sole intention of confusing and misleading the people and leading them on to lawlessness and anarchy in the State."

was then put and lost.

The motion of Shri Lakshan Saren that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that the speech is to commence a tirade against the Central Government and thereby bring in complete disorder and lawlessness in the State."

was then put and lost.

The motion of Shri Lakshan Saren that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no mention of the proposal of imposing ceiling on urban income and urban properties."

was then put and lost.

The motion of Shri Subodh Chandra Maiti that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no mention of the possibility of increasing the quota of rice to the extent of three kilograms per capita per week in Statutory Rationing areas and enhancement of the area of medified rationing in flood devastated districts."

was then put and lost.

The motion of Shri Subodh Chandra Maiti that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no mention of any proposal for introduction of large-scale test relief measures in the flood affected areas where no other scope of employment exists."

was then put and lost.

The motion of Shri Jatindra Mohan Roy that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no mention of any measure specific or otherwise that the new Government will take to deal with the acute problem of unemployment in the State."

was then put and lost.

The motion of Shri Jatindra Mohan Roy that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that the number of uneducated unemployed persons has not been even approximately mentioned and the number of educated unemployed persons as mentioned is far below the actual number of such unemployed persons."

was then put and lost.

The motion of Dr. Md. Fazle Haque that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no reference to the lawlessness and disorder prevailing in various parts of West Bengal where Congress workers, supporters and sympathisers and their relations are being physically assaulted and are being subjected to intimidation and threat and their properties set on fire."

was then put and lost.

The motion of Dr. Md. Fazle Haque that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no reference to the proposal to forthwith abolish the Legislative Council in West Bengal."

was then put and lost.

The motion of Dr. Md. Fazle Haque that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that no mention is made about appointment of a Judicial Commission of Enquiry to find out the causes of the disturbances in Chowringhee, Dhurumtolla and surrounding areas of Calcutta on January 31, 1969, and justification or otherwise of the police firing there."

was then put and lost.

The motion of Shri Siddhartha Shankar Ray that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no proposal therein for the Inquiries Commission Act, 1952, to hold a thorough Judicial Enquiry into the unfortunate incident that took place in Calcutta on the 31st January, 1969, leading to police firing and the loss of 4 lives."

was then put and lost.

The motion of Shri Siddhartha Shankar Ray that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that there is no mention in the speech of the Governor in increasing the quota of rice for ration card holders in the statutory rationing area."

was then put and lost.

The motion of Shri Rabin Mukherjee that-

"A respectful Address in reply be presented to the Governor as follows:-

'That we, the Members of the West Bengal Legislative Assembly, beg to offer our thanks to the Governor for the speech which he has been pleased to deliver to both Houses of the Legislature assembled together on the 6th March, 1969, though he has unlawfully omitted that part of the speech approved by the Council of Ministers contained in paragraphs 2 and 3 of the printed speech circulated to Members which referred to the unwarranted and unconstitutional dismissal of the United Front Ministry formed after the Fourth General Election'."

was rnen put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-10 p.m. till 1 p.m. on Wednesday, the 19th March, 1969 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 19th March, 1969, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 21 Ministers, 2 Ministers of State and 229 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1-1-10 p.m.]

Reclamation of Bilbasia and Telkar Beels

*7. (Admitted question No. *8.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: সেচ ও জলপথ বিভাগের মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

- (ক) মুশিদাবাদ জেলার (১) বিলবসিয়া এবং (২) তেলকর বিল সংস্কারের যে পরিকল্পনা সরকার বিবেচনা করিতেছিলেন সে বিষয়ে এ পর্যান্ত কতদুরে অগ্রসর হইয়াছেন, এবং
- (খ) উক্ত বিল দুইটির সংস্কাব করিলে কোন্টির স্বারা কত হাজার একর জমি চাষ্যোগ্য ১ইবে বলিয়া আশা করা যায়?

Shri Biswanath Mukheriee:

(ক) বিলব্দিয়া অঞ্চলের উন্নয়নের জন্য কোন পরিকল্পনা পৃথকভাবে বিবেচনা করা হইতেছে না। বিলব্দিয়ার সমস্যা খুবই জটিল। এই বিলটি খুব নীচু বলিয়া অতি সাধারণ বন্যার সময়েও ইহা জলে প্লাবিত হইয়া যায়। এই বিলের জল নিম্কাশন ও বন্যা নিরোধ সমস্যা সমগ্র কাল্দী এলাকার জল নিম্কাশন ও বন্যা নিরোধ সমস্যা সমগ্র কাল্দী এলাকার জল নিম্কাশন ও বন্যা নিরোধ সমস্যার সহিত জড়িত। কাল্দী বন্যা নিরোধ প্রকল্প সম্পর্কিত মডেল প্রক্রিকা শেষ হইবার পর এই প্রকল্পের চ্ডান্ত র্প দেওয়া সম্ভব ইইবে।

তেলকর বিল এবং পাশ্ববিত্তী এলাকার জল নিষ্কাশন সমস্যা সমাধানকল্পে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইয়াছে। সংগ্রহীত তথ্যাদির উপর ভিত্তি করিয়া কোন গ্রহণযোগ্য সন্ধ্র প্রকল্প প্রস্তুত করা সম্ভবপর কিনা তাহা বর্তমানে পরীক্ষা করা হইতেছে।

(খ) উক্ত (ক) প্রশেনর উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশেনর উত্তর বর্তমানে দেওয়া সম্ভব নহে।

শ্রীবারিক্সনারায়ণ রায়: আপনি যে বলেছেন কান্দার পরিকল্পনা না হওয়া পর্যন্ত হবে না। আমার প্রন্ন এটা কত দিনের মধ্যে হবে বলে আশা করেন?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ঃ যখন প্রশন করলেন তখন একটা কথা বলি। এটা গেল টেকনিকাল দিকের কথা। সেটা হয়ত তাডাতাডি করা যায়। কিন্তু আসল যে সমস্যা সেটা হল টাকা পয়সা এবং আপনাদের সকলের অবগতিব জন্য এটা জানাছিছ আমাদের পশ্চিম বাংলায় অনেক-গুলো বিল সংস্কার করা দরকার এবং অনেক জায়গায় সামান্য বৃষ্ঠিতে অসুবিধা হয়। এই জেনেজ সমস্যা সম্পর্কে আমি আলোচনা করেছিলাম কেন্দ্রীয় সেচমন্দ্রীর সঙ্গে। আমি দেখছি তারা এ বিষয়ে আমাদের কোন সাহায্য করতে পারছেন না। ফ্লাড কন্ট্রোলের জন্য অম্প টাকা এই সভা মঞ্জুর করেছেন এবং সেই সামান্য টাকায় ফ্লাড কন্ট্রোল কি করব, আর ড্রেনেজ কি করব আমি বৃথে উঠতে পারছি না। সৃত্রাং টেকনিক্যাল দিক থেকে তাড়াতাড়ি করে দিতে পারি। কিন্তু টাকার অভাবে কিছু করতে পারছি না, কবে করে উঠতে পারব তাও জানি না।

শ্রীৰীরেশ্যনারামণ রাম : এই প্রশ্নটা আমি কংগ্রেস যথন ছিল তখন অনেকবার করেছিলাম এবং একটা উত্তর পেরেছিলাম একটা মডেল তৈরারী হয়েছে—এটা ঠিক কিনা এবং এটা যদি হয়ে খাকে তবে কেন্দ্রীয় সরকারকে চাপ দিয়ে আদায় করবার চেন্টা করবেন কিনা?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: মডেল তৈয়ারী হয়েছে। কিন্তু আবার বলছি টাকা পয়সার কোন আশা দেখতে পারছি না এবং কোন আশা দিতে পারছি না।

শ্রীজমলেন্দ্রলাল রায়ঃ মন্তিমহাশয় জানাবেন কি কান্দী মহকুমায় যে বন্যা হয়েছিল ১৯৫৬ সালে এবং তারপর যে কান্দী ফ্লাড এনকোয়ারী কমিটি তৈয়ারী হয়েছিল তাঁরা কান্দী এলাকায় গিয়েছিলেন। তাঁদের কিছু রেকমেন্ডেশন ছিল। তাঁদের সেই রেকমেন্ডেশনের ভিত্তিতে আজ পর্যালত ঐ এলাকায় কোন প্রকল্পের কাজ শরে হয়েছে কি?

শ্রীবিশ্বনাথ ম্থোপাধ্যায়: আমি যতদ্র জানি হয় নি। তবে আরও ভাল করে খোঁজ নিতে পাবি।

শ্রীঅমলেন্দ্রলালে রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বিল বসিয়া ও তেলকর বিল জল নিষ্কাশনের পরিকল্পনা কাঁথি এবং মডেল সেটা পাকা করার পর তৈরী হবে। কাঁথির এই মডেলের পরীক্ষা কবে নাগাদ শেষ হবে সে সম্বন্ধে জবাব দেওয়া যাবে কি?

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ঃ কবে নাগাদ হবে বলতে পারব না। এরকম অ্যাসিওর করতে পারি খ্র তাড়াতাড়ি হবে। কিন্তু লাভ কি হবে জানি না। অনেক দ্বীমই পরীক্ষা করে তৈরী করা আছে যাতে হাত দেওয়া অসম্ভব। ৫০ লক্ষ টাকায় ফ্রাড প্রিভেনসান হয় না। ড্রেনেজ হয় না, কিছ্ই হয় না। ১ কোটি টাকা দিলে নর্মাল ফ্রাড প্রিভেনসানের কাজ হয়, অন্য কিছ্ হয় না। তা ছাড়া এবার যেরপ্র ফ্রাড হয়ে গিয়েছে তাতে করে ৫০ লক্ষ টাকায় ফ্রাড প্রিভেনসান হবে, ড্রেনেজ হবে, বাংলাদেশের এতগালি বেসিন—সব জায়গায় থেকে আমাকে ছিড্ থাচ্ছে—আমি দিশেহারা হয়ে গেছি। আপনারা যদি উপায় বাতলাতে পারেন আমি নিশ্চয়ই করব।

শ্রীসনংকুমার রাহা: তেলকার বিল সংস্কারের জন্য কোন প্থেক পরিকল্পনা স্থানীয় অধিবাসীরা দিয়েছেন কিনা? সেটা প্থেকভাবে বিলবসিয়া থেকে আলাদা মডেল পরীক্ষায় কোন সম্পর্ক নেই। এর সঞ্জো অলপ পয়সায় বেশী জমি সেচ হবার সম্ভাবনা এর্প দর্থাস্ত পেয়েছেন বা তথ্য সংগ্রহ করেছেন। আমি জানাই সেটা র্পদান করবার চেষ্টা করা হচ্ছে।

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: কিভাবে বলতে পারব না। তবে অলপ পয়সায় কাজ বেশী হবে যেখানে সেখানে স্বভাবতই আরুষ্ট হব।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সমস্ত পরিকল্পনা করা হয়েছে সবই টাকার অভাবে বন্ধ হয়ে আছে। মন্ত্রিমহাশয় নিজে যথন সন্দিহান আমি তথন মন্ত্রিমহাশয়েকে জিজ্ঞাসা করছি যে, বিলবসিয়া তেলকার বিল এবং জুমকা নদী এটা এই যে প্রজেক্টটা এটা ফরাক্কা ব্যারেজ ইরিগেশনের মধ্যে দিয়ে দিলে এর টাকা পাওয়া যায় না?

श्रीविश्वनाथ मार्थाभाषायः ना।

Farakka Project

*8. (Admitted question No. *77.)

🎒 সনংকুষার রাহাঃ সেচ ও জলপথ বিভাগের মন্তিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন, কি—

- (ক) ফারাক্সা প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়;
- (খ) এই প্রকল্পের কাজ সম্পন্ন ছইলে পশ্চিমবঞ্চোর সেচ ব্যবস্থার কীর্পে উন্নতি হইবে: এবং
- (গ) রাজ্যের কোন্ কোন্ জেলায় এই প্রকল্পের সাহায্যে সেচ বাবস্থা বিস্তৃত হইবে?

শ্রীবিশ্বনাথ মুখারুণীঃ (ক) এই প্রকল্পের কাজ মোটাম্টিভাবে ১৯৭১ সালে শেষ হইবে, আশা করা যায়।

- (খ) এই প্রকল্পে সেচ ব্যবস্থার প্রস্তাব নাই।
- (ग) এই প্রন্ন উঠে না।

শ্রীসনংকুমার রহোঃ ফরাক্তা প্রকলপ শীঘ্র শেষ হবে বলছেন, গভর্নমেন্টের নিজের কোন হিসাব আছে কি যেটা শতকরা হিসাবেই হোক আর যা হিসাবে হোক।

শ্রীবিশ্বনাথ মুখান্ধনী: ফরাক্কার বেশনীর ভাগ কাজই হয়ে আছে, গংগার গভীর অংশের জায়গায় কাজ হচ্ছে, অন্য জায়গায় কাজ হয়ে গেছে, আমাদের ভারতবর্ষের এক্সপার্টরা এবং বৈদেশিক এক্সপার্টরা তারা ভেবেছিলেন যে ওখানে কভার ডাাম্প করা যাবে না কিন্তু আমাদের নিজেদের ইঞ্জিনিয়াররা চেণ্টা করে কভার ডাাম্প তৈরী কবে ফেলেছে অত্যন্ত সাফলামান্ডিতভাবে যার জন্য সারা বিশ্বের কাছে তারা প্রশংসার যোগা এবং সেখানে দ্রুতগতিতে কাজ চলেছে। মাঝুখানের অনেক কাজ চলেছে, মনে হয় ১৯৭০ সালের জান মাসের মধ্যে বেশীর ভাগ কাজই হয়ে যাবে। বাকী যে সমস্ত সংলগ্ন কাজ তা ১৯৭১ সালের জানুয়ারী মাসের মধ্যে হয়ে যাবে বলে আশা করা যায়।

শ্রীসনংকুমার রাহা: দিবতীয় প্রশেনর উত্তর (খ)এ দিলেন যে সেচের কোন প্রকল্প নেই। কিন্তু যে সমসত ক্যানেল কাটা হবে সেগনুলি সেচের জন্য ব্যবস্থা হবে কিনা । সরকার এ ব্যাপাবে কি করছেন ।

শ্রীবিশ্বনাথ মুখাজনী: মাননীয় সদস্যকে মনে করিয়ে দেব যে এই বিষয়ে আন্তর্জাতিক জটিলতা আছে। মাননীয় সদস্যের মনে যদি কোন প্রশ্ন থাকে তাহলে আমার কাছ থেকে তা তিনি জ্ঞান নিতে পারেন।

[1-10-1-15 p.m.]

শ্রীনেপাল রায়: আপনি জানাবেন কি ফরাক্তা প্রকল্পের কাজ মাঝে মাঝে বিঘি.তে হচ্ছে যেহেতু বাহিরের মজদ্ব নিয়ে ক'জ করান হচ্ছে, এ এলাকায় মজদ্ব কম নেওয়া হয়েছে?

দ্রীবিশ্বনাথ মুখার্জি: এ খবর জানা নেই।

শ্রীকৃপাসিন্ধ, সাহাঃ একথা কি সত্য যে, ঐ এলাকায় কংগ্রেস নেতারা গিয়ে এই কথা বলেছেন যে তোমরা তাড়তাডি কাজ শেষ কবলে তোমাদের চাকরী যাবে?

(উত্তর নাই)

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ রাজ্যের কোন্ কোন্ জেলায় এই প্রকল্পের কাজে সেচ ব্যবস্থা বিস্তৃত ইইবে—তার জবাব ঠিক মতন পার্হান। এটার উত্তর দেবেন কি?

শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ আমি বলেছি "না" প্রশন ওঠে না।

ভাঃ নলিনাক সান্যালঃ আপনি কি অবগত আছেন যে, চীফ ইঞ্জিনীয়ার ইরিগেশন ডিপার্ট-মেন্ট ভাগীরথীর পূর্বাঞ্চলে যেখানে যেখানে চাষের উন্নতির জন্য সেচ ব্যবস্থা প্রকল্প দেওয়া হয়েছিল, তিনি তার জবাবে বলেছেন যে ফরাক্কা স্কাম শেষ না হওয়া পর্যন্ত পূর্বাঞ্চলের সেচের কাজ সম্পর্কে তিনি কোন ব্যবস্থা করতে পারবেন না—কারণ তিনি জানেন না যে জলের গতি কোন্ দিকে কি ভাবে যাবে?

শীবিশ্বনাথ মুখার্জি: ফরাক্কা থেকে সেচের প্রশন ওঠে না। ফরাক্কার এফেক্ট কি হবে সেটা না ব্রুলে এই প্রকল্পের ফাইনাল কোন সিম্পান্ত করা যায় না। এটা টেকনিক্যাল মত এবং এর সংগ্র ফরাক্কার সেচ কি করা হবে তার কোন সম্পর্ক নেই। শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: ফরাক্রা প্রকলপ ১৯৭১ সালের জান্য়ারীতে চাল্ হবে—নেন্ডি-গোবল—কিন্তু ভাগারিথার দৃই পাশে যে সমস্ত টাউন আছে তাদের প্রোটেকশন দেবার জন্য এখন থেকে কি চিন্তা করছেন?

প্রীবিশ্বনাথ মুখাজি : হাাঁ।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: সেচের প্রকল্পের জন্য জল সরবরাহ করার কোন ব্যবস্থা হবে কিনা সেটা কতকগৃলি কারণে তিনি বলতে পারছেন না। কিন্তু আমরা এটা জানি এর কত জল ভাগানীরথীতে আনা যাবে—এটার মোটামুটি একটা হিসাব আছে। যেমন হরিদ্বারে রুবুক ক্যানেল দিয়ে ইউ পি-তে প্রচুর জল টেনে নিয়েছে; দিল্লীতে যে আগ্রা ক্যানেল হয়েছে সেই ক্যানেলের প্রচুর জল সেচের জন্য ব্যবহার হছে। ঠিক তেমনি ফরাকা ব্যারেজে যে জল ধরবে সেই জল সেচের কাজে লাগান যাবে কিনা এ সম্বন্ধে কোন স্কৃপণ্ট প্রতিশ্রুতি তার তরফ থেকে পাওয়া যাবে কিনা?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এই প্রশ্নটা ২ ভাগে ভাগ করা যায়। একটা হচ্ছে জল টেনে নিয়ে যাওয়া। আমার আশুখনা হচ্ছে এত টাকা খনচ করে যে ফরান্ধা প্রকল্প হল তার থেকে যে জল পাব তার থেকে বণিত করার চেন্টা হতে পারে - উপর থেকে জল টেনে নিয়ে। আমি তার প্রতিবাদ করে একটা চিঠি পাঠাছি। ৪০ হাজাব কিউসেক জল আমাদের লাব। বছর চাই তার কম হলে আমাদের ভাগীরথীর নাবাতা থাকবে না, গ্রীম্মকালে জল লেনা না হণার যে চেটা তা হবে এবং পোর্ট-কে রক্ষা করা যাবে না ও সিল্ট আপ হয়ে যাবে। এটাই কথা যে ৪০ হাজাব কিউসেকের এবটা কম জল দিলে হবে না এবং এটাই হল এই প্রবংশের প্রবাদ বিশ্বটীয় কথা সেচের জনা কিছু বাবহাৰ করতে পার্বি কি না, এ সম্পর্কে বলেছি অলড্ডিনিক জটিলতা আছে। আমাদের নদী ও পোর্ট-এর জনা এত কম জল লাগে যে সেটা অভান্ড যথিবিত্তিং।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই ফরান্ধা ব্যানেজ তৈরী হলে কলকাতা থেকে নৌকা বা জাহাজে করে মুশিদাবাদ য'ওয়া যাবে কিনা?

द्यीविश्वनाथ भूथांडिनः दर्गं यात्व।

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ মাননীয় মন্তিমহাশায় জানাবেন কি ফরাক্তা ক্যানেল দিয়ে যে জল আসবে তার কোন অংশ নদীয়া, মুশিশিবাদের বিলগত্বলির মধ্যে নেবার প্রথে কোন বাধা স্থিতি হবে কিনা?

শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ আমি মাননীয় সদস্যকে আবার অনুরোধ করব সেচেব বিষয়টা দয়া করে আমার উপর ছেড়ে দিন। আজকে ফার্দার এ নিয়ে প্রশন করবেন না, ব্যাপারতা আগে মিটে যাক, তারপর হবে।

Resuscitation of the Old Channel of River Jalangi

- *9. (Admitted question No. *123.) Dr. NALINAKSHA SANYAL: Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—
 - (a) what is the present position of the measures proposed to be taken for resuscitation of the old channel of river Jalangi as proposed in the reply given to unstarred question No. 30 (Admitted question No. 105) at the Assembly Session on 6th July, 1967;
 - (b) the result of the survey undertaken for ascertaining the up-to-date condition of the channels, specially of river Sealmara from Akhiriganj to Kupila in Murshidabad district and of river Jalangi between Joyrampur and Moktarpur bordering Nadia and Murshidabad districts; and
 - (c) the steps proposed to be taken now to ensure resuscitation of the old channel of river Jalangi?

Shri Biswanath Mukherjee: (a) and (b) Survey done so far reveals that resectioning of the entire reaches of the Sealmari and Jallangi up to Charunagore or Muktarpur will not be effective.

The supply head at the offtake has been completely masked. The outfall river Bhagirathi-Hooghly has also deteriorated. As such the entire hydraulic condition has undergone radical change. In the present condition proper drainage and flushing cannot at all be expected by any piecemeal works.

(c) No effective steps to ensure the resuscitation of the Jalangi can be taken till consideration of a comprehensive scheme to be prepared after completion of survey and investigation.

I may add further that the Agriculture Department has allotted Rs. 1,06,990 for the work of resuscitation of the river Jalangi flowing through Nadia-Murshidabad districts in May, 1968. The work has been started with 100 labours and it is expected to be completed before 1969 monsoon. Of course, these are palliative measures intended for temporary relief.

ডাঃ নলিনাক্ষ সান্যাল: মাননীয় মন্তিমহোদয় জানাবেন কি, জালাই ১৯৬৭-এ সাভোর যে প্রতিশ্রাতি দেওয়া হয়েছিল সেই সারভোতে শেয়ালমাবি নদী উন্নত কবে পদ্মা থেকে জল নামানর ান্য যে প্রকল্প হাজিল সেটা কি এখনও হচ্ছে, না সেটা পরিত্যাগ কবা হয়েছে ?

শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ উত্তরের মধ্যেই রয়েছে যে হাইড্রোলিক কন্ডিশন এখন ফেবাবেশল নয়। স্কৃতবাং পিসমিল কিছু এখন করা যাবে না। সমুহতটা নিয়ে সমগ্র গঞ্চাণ উপর ফরাব্রার প্রভাব কি পড়বে, সেটা ভাগীরখীর উন্নতি কি হবে সেটা দেখে, তার এফেক্ট দেখে এ প্রকল্প গ্রহণ করা যেতে পাবে।

ডঃ নলিনাক্ষ সান্যালঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে ভাগীরথীর সাথে এই শেয়ালমারি নদী এবং জলপ্যীর যে শ্কেনো অংশের উন্নতির কথা বলা হচ্ছে তার মধ্যে কোন সংস্রব নেই, অনততঃপক্ষে ২০ মাইল তফাত আছে ভাগীরথীর সেই অংশের, এই অবাদতব অবৈজ্ঞানিক প্রস্তাব কি ঐ উপদেশ্টারা দিয়েছেন?

শ্রীবিশ্বনাথ মুখার্জ: আমি অবাক হয়ে যাচ্ছি মাননীয় সদস্য ১৯৬৭ সালে আমাদের যুদ্ধফুল্ট সপকার তাগে করাব পর নিজে মন্টা হয়েছিলেন অবৈধভাবে সেজনা তাঁর প্রচুর সনুযোগ
ছিল জানবাব, তাঁর সঙ্গে আর একজন দলত্যাগা যিনি সেচ মন্টা হয়েছিলেন তাঁর কাছ থেকে
এই সব জিনিস বিশ্বদভাবে জেনে নিলে ভাল হতো।

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ আমি এ বিসয়ে মাননীয় মন্তিমহাশয়কে জানাতে চাই না, তিনি নিজেই ফাইল দেখে জানবেন যে এই প্রচেণ্টা কোন কম হয়নি। বর্তমানে কি আপনাবা করছেন তাই জানতে চেয়েছি। এর আগে কি হয়েছে, আমাদের আমলে কি করা যেত প্রশ্নটা তা নয়, বর্তমানে উনি কি করছেন তাই জানতে চেয়েছি। ১৯৬৭ সালে যে প্রস্তাব ছিল সেই আনুযায়ী কাজ এখন হচ্ছে কি হবে তাই জানতে চেয়েছি। (নো রিম্লাই)।

[1-20-1-30 p.m.]

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ আপনি অনগ্রেহ করে জানাবেন কি. এই সার্ভে চলছে, না এই সার্ভে শেষ হয়েছে, না এই সার্ভে আবার আপনি করবার জন্য প্রস্কৃত আছেন?

শ্রীবিশ্বনাথ মুখার্জ': একবার সার্ভে করে বোঝা গিয়েছে যে হাইড্রোলিক কদিড্শন আন-ফেবারেবল এবং নৃত্নভাবে গণগার উপর প্রভাব দেখে এবং ভাগারথীর উপর প্রভাব দেখে তারপর প্রকল্প তৈরী করতে হবে। এর পরেও অতিরিম্ভ যদি কিছ্ব ডিটেল টেকনিক্যাল জানতে চান তাহলে নোটিশ দেবেন। ভাঃ নলিনাক সান্যালঃ মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আনফেবারেবল বে কথা বলছেন, কি বিষয়ে আনফেবারেবল? সেখানে যে জমিজমা নদীর ভিতরে গভর্নমেন্ট লোককে বিলি করে দিয়েছেন সেই জমি আবার উম্পার করার ব্যাপারে অস্ক্রিধা আছে, না পশ্মার জল নামার দিকে টেকনিক্যাল অস্ক্রিধা আছে?

শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ হাইড্রোলিক কন্ডিশন বলতে জমিজমা বিলি বা উম্পার করার সেসব কিছ্ নয়, হাইড্রোলিক কন্ডিশন বলতে জলের লেভেলের কথা আলোচনা করা হয়েছে, জল আসা জল ঢোকা, কিভাবে জল বের করা যাবে তার লেভেলের কথা, গঙ্গা ভাগারিথীর লেভেলের কথা, এইগ্রালিক হাইড্রোলিক কন্ডিশন বলা হয়েছে। আপনি ডিটেল যদি জানতে চান তাবলে আপনি এইজন্য আমার সঙ্গে একটা আসাপয়েন্টমেন্ট কর্ন, আমি ইজিনীয়ারের সঙ্গে বসে আলোচনা করবো।

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, ভাগীরথীর পর্বে **জলগ**ী পর্যন্ত কোন কন্ট্র সাভে সরকার এ পর্যন্ত করেছে কি?

শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ আমাকে নোটিস দিলে পরে জানাবো।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্তিমহাশয় কি জানেন জলগগী এলাকায়, ঐ যে ভদুলোক এতক্ষণ কোন্দেন করছেন ও র ঐ এলাকায় ১০০ বিঘার মত জমি আছে, সেগ্লি ঐ এলাকায় মধ্যে পড়েছে, তারই জন্য ও র সেচের ব্যাপ রে এত আকুলিবিকুলি, ঐ জমিতে যাতে বেশী ধান ফলান যায় সেই জন্য উনি এত কথা বলছেন?

মিঃ স্পীকার: ইউ নিড নট আনসার দিস কোশ্চেন।

Payment of Compensation to some ex-Zamindars

*10. (Admitted question No. *56.)

শ্রীবীরেশ্রনারায়ণ রায়: ভূমি ও ভূমিরাজম্ব বিভাগের মন্তিমহোদয় অন্ত্রহপ্র্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সত্য যে, প্রান্তন জমিদারগণ যাঁহাদের আয় বাংসরিক পণ্ডাশ হাজার টাকা এবং তদ্ধে ছিল তাঁহাদের মধ্যে কিছ্,সংখাক প্রান্তন জমিদারগণ তাঁহাদের প্রাপ্তা ক্ষতি-প্রণের শতকরা নব্ব,ই ভাগ অথবা তাহার উধে প্রাপ্তা ক্ষতিপ্রণ পাইয়া গিয়াছেন:
- (খ) সত্য হইলে তাঁহাদের নাম ও পরিচয় কি: এবং
- (গ) কি কি কারণে উক্ত শ্রেণীর প্রাক্তন জমিদারদের উক্ত প্রকার ক্ষতিপরেণ দেওয়া হইয়াছে?

Shri Hare Krishna Konar:

প্রান্তন জমিদারগণ যাঁহাদের নীট আয় বাংসরিক পঞাশ হাজার বা তদ্ধে ছিল তাঁহাদের মধ্যে একমার মহিষাদলের শ্রীদেবপ্রসাদ গর্গ ও তাঁহার চার অংশীদার তাঁহাদের প্রাপ্য ক্ষতিপ্রণের শতকরা ৯০ ভাগের উর্ধে ক্ষতিপ্রণ পাইয়া গিয়াছেন। প্থকভাবে গণ্য করিলে ই'হাদের কাহারও বাংসরিক নীট আয় ৫০,০০০ টাকার উর্ধে ছিল না, কিন্তু এইভাবে গণ্য করায় তাঁহাদিগকে প্রক প্রকভাবে ক্ষতিপ্রণ দেওয়া হয়। ১৯৬৭ সনে তদানীন্তন আডভোকেট জেনারেল বিষয়টি বিবেচনা করিয়া অভিমত প্রকাশ করেন যে মিতাক্ষরা আইন ন্বারা পরিচালিত গর্গপ্রাতা ও প্রাতৃৎপ্রগণের মধ্যে সম্পত্তি বাঁটোয়ারা হয় নাই। স্তরাং তাঁহারা পৃথকভাবে ক্ষতিপ্রণ পাইবার অধিকারী নহেন : সরকার এই অভিমত গ্রহণ করিয়াছেন। ফলে গর্গপ্রাতা ও প্রাতৃৎপ্র এবং তাঁহাদের ৪টি দেবোন্তর কেবলমার একটি মধ্যস্বত্যাধিকারী বলিয়া গণ্য করা হইতেছে। ইহার বাংসরিক নীট আয় ২,২৪,৩৮৪ টাকা স্তরাং ক্ষতিপ্রণের প্রাপ্য টাকার পরিমাণ দাঁড়ায় ৬,৪৮,৭৬৮ টাকায় কিন্তু ইতিপ্রেই পৃথক পৃথকভাবে মোট ৬,৪৬,৩৬৪ টাকা দেওয়া হইয়া গিয়াছে।

শ্রী মন্দ্রেটাই রাম : আপনি বললেন যে, মহিষাদলের রাজ পরিবারকে এরকমভাবে দেওয়া হয়েছে এবং তাঁদের আপনার মতে বে-অইনীভাবে পৃথক পৃথকভাবে ধরা হয়েছে। আপনি কি জানেন দেবপ্রসাদ গর্গ বাহাদ্বর ১৯৬২ সালে কংগ্রেসের নমিনেসন পেয়েছেন এবং তার আগেই এই টাকা দেওয়া হয়েছে?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এই প্রশন এর মধ্যে আসে না এবং নামনেসন পেয়েছে কিনা সেই প্রশেনরও উত্তর দিচ্ছি না। এই ফাইল যখন আসে তখন সমস্ত ফাইলটা আমি খ'্জে দেখেছি। ১৯৬৭ সালে যখন যুক্তফ্রলট মিল্সিভা গঠিত হয়েছিল তখন তদানিস্তন রাজস্ব মন্দ্রী ডিরেক্টর অফ লাম্ড রের্ডস-এর সঞ্জো পরামর্শ করে এটাকে রহস্যজনক বলে মনে করেন এবং তখন আমরা আইনজ্ঞদের পরামর্শ নেই। অবশ্য আগেকার সরকারও আইনজ্ঞদের পরামর্শ নিয়েছিলেন, লিগ্যাল রিমেমরান্সার-এর পরামর্শ নিয়েছিলেন এবং সেইসব পরামর্শ নিয়ে এই টাকা তাঁদের দেওয়া হয়েছিল এবং খ্ব তাড়াহ্মড়া করেই দেওয়া হয়েছিল। আমি দেখেছি তদানীস্তন মিল্মম্ডলীর মধ্যে যিনি এর দায়িছে ছিলেন তাঁর সহি রয়েছে এবং আরও দেখলাম তাঁদের প্রায় প্রো টাকাই দেওয়া হয়েছে।

শ্রীবীরেন্দ্রনাথ রায়: মন্তিমহাশয় কি জানেন, শুধু এই পরিবার নয়, আরও অনেক পরিবার এইভাবে অধিক টাকা ক্ষতিপ্রেণ নিয়েছে এবং এইভাবে অনেক জমি চুরি করেছে?

শ্রীহরেক্ষ কোনার: আরও অনেক পরিবার পেয়েছে কিনা জানি না এবং এ'দের বেনামী জমি আছে কিনা সেটাও বলতে পারি না—তবে অহ্বাভাবিক নয়। আমি এট্কু বলতে পারি গদি কোন মাননীয় সদস্য আমাদের খবর দেন তো ভাল, আর র্যাদ খবর নাও দেন তব্ও আমরা আইন অনুযায়ী তদন্ত করব এবং যা প্রয়োজন তা করব। গতকাল আমি একথা বর্লোছ যে যেট্কু খবর আমি এখনই পেয়েছি তাতে আবও ৩ জন আছেন যাঁদেব আয় ঠিক ৫০ হাজার না হলেও কিছু কম এবং তাঁদের শতকরা ৯০ ভাগেব বেশী দেওয়া হয়েছে। আমি ফাইল থেকে নাম পর্ডাছ—শ্রীসাতেকড়িপতি রায়, শ্রীদীনেশ রায়, শ্রীআনিমেশ গাগবুলী।

শ্রীসাধন গ্রুড: মন্ত্রিমহাশয় বললেন মিতাক্ষরা আইন অনুযায়ী কাকা এবং দ্রাতম্পুত্রের মধ্যে বাঁটোয়ারা হয় না এই আইনের পরামর্শ তিনি পেয়েছেন। তিনি কি আইনজীবীদের কাছ থেকে এই পরামর্শ গ্রহণ করেছিলেন যে কংগ্রেসের প্রভাবশালী সদস্য হলে মিতাক্ষরা আইন অনুসারে এরকমভাবে ক্ষতিপূরণ দেওয়া যায় কিনা।

শ্রীহরেকৃষ্ণ কোনারঃ আমি এইভাবে বিবেচনা করিনি এবং আমার মাথায় এটা খেলেনি।

ডা: নলিনাক্ষ সান্যাল: মন্ত্রিমহাশয় মহিষাদলের যে ফাইলের উল্লেখ করলেন তাতে আমার জিব্দ্রাসা হচ্ছে উনি সেই ফাইল প্রুখান্প্র্পার্পে দেখে তার মধ্যে এটা লক্ষ্য করেছেন কিনা যে, মহিষাদলের রাজ পরিবারের সপ্রে বীরেন রায়ের নিকট আত্মীয়তা থাকার দর্ন বীরেন রায়ের বাবা ধীরেন রায় ডাঃ রায়কে বিশেষভাবে অনুরোধ করেছিলেন এই টাকা দেবার জন্য?

শ্রীহরেকৃষ্ণ কোনার: আমি সেই ফাইলটা তম্ন তমে করে খ'্জেছিলাম। আপনারা স্বভাবতঃই জানেন আমাদের যুক্তফুল্ট সরকার বড় বড় জমিদারদের সম্পর্কে একট্ তীক্ষ্য দ্র্ণিষ্ট রেখেছিলেন। আমি সেই ফাইলের মধ্যে কোথাও বীরেন র রের নাম পাইনি। আযি প্রফ্লচন্দ্র সেন এবং শ্যামাদাস ভট্টাচার্যের সহি দেখেছি।

শ্রীসনংকুমান্ন রাহা: গর্গ বাহাদ্বেক টাকা দেবার ব্যাপারে নলিনাক্ষ সান্যাল তদবির করেছিলেন কিনা বলতে পারেন কি?

শ্রীহরেকৃক কোনার: এর উত্তর আমি দিতে পারব না।

Old age Pension

*11. (Admitted question No. *99.)

শ্রীসনংকুমার রাহা: তাণ ও সমাজ কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অন্গ্রহপ্র্বক জ্ঞানাইবেন কি—

- (ক) বার্ধকা ভাতা বর্তমানে দেওয়া হইতেছে কি না: এবং
- (খ) বার্ধক্য ভাতা পাইবার জন্য কি কি শর্ত পালন করিতে হয়?

[1-30—1-40 p.m.]

Shrimati Renu Ccakrabarty:

- (क) राां, यांशाता वार्धका ভाजा পाইতেছিলেন जांशापत भारेवात कथा।
- (খ) বার্ধক্য ভাতা পাইবার যোগ্যতা অর্জন করিতে হইলে একজন ব্যক্তিকে নিন্দালিখিত শর্তাগালি পালন করিতে হয়ঃ—
 - (১) তিনি ৬৫ বংসর বয়সে উপনীত হইয়াছেন এবং পশ্চিম বাংলার অধিবাসী, কিন্তু বিকলাণ্য এবং মানসিক অসমুখ্য ব্যক্তিনের ক্ষেত্রে স্বর্নিন্দ বয়স হইবে ৬০ বংসর:
 - (২) তাঁহার কোন ক্ষেত্র হুইতে কোনও আয় নাই এবং তিনি উপার্জনক্ষম নন:
 - (৩) তাঁহাকে ভরণপোষণ করিতে সক্ষম কোন আত্মীয় নাই।
 - "আত্মীয়" বালতে নিশ্নলিখিত ব্যক্তিগণ পরিগণিত হইবেন—

পত্র. নাতি, স্বামী, দ্বী এবং অবিবাহিতা কন্যা:

- (৪) তিনি দরথান্তের তারিথ হইতে অন্ততঃ দশ বংসর পশ্চিম বাংলায় বাস করিতেছেন। এই শতিটি যদি কঠোরতার কারণ হয় তবে সয়কারের উহা শিথিল করিবার অধিকার আছে:
- (৫) পেশাদার ভিখারী এবং ভিক্ষাজীবী সম্যাসীরা এই ভাতার অধিকারী হইবেন না। কিম্তু ঘাঁহারা পেশাগতভাবে ভিখারী নন এবং কখনও কখনও বিভিন্ন ব্যক্তির নিকট হইতে সাহায্য পাইয়া থাকেন তাঁহারা এই ভাতা পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন যদি অন্য কোনও অযোগ্যতা না থাকে।

এই সপ্পে আমি আরও বলতে চাই যে বার্ধকা ভাতার ব্যাপারটা ঢেলে সাজাতে হচ্ছে, এর অনেক কিছু ঠিক করতে হবে, এই যোগাতার ব্যাপারটা ভাল করে দেখতে হবে। যে চ্যানেলে দেওয়া হত, সেই মেশিনারী ভাল করে দেখতে হবে। যদিও অতীতের লিস্ট রয়েছে, বহু জায়গা থেকে এই রকম কমপ্লেন এসেছে যে তাঁরা পাচ্ছেন না, সেজন্য প্নরায় ব্যাপারটা দেখে এটাকে চাল্ক্ করতে হবে, এই সংকল্প নিয়েছি।

শ্রীসনংকুমার রাহাঃ বার্ধক। তাতা ১৯৬৮-এর অক্টোবর থেকে দেওয়া সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে, এ বিষয়ে কি মন্তিমহাশয় উত্তর দেবেন ?

শ্রীমতী রেশ, চক্রবতীঃ আমি মন্ত্রীষ্ঠ নেবার পর এই রকম শ্নেছি, যে কারণে শ্নেছি তা হল টাকা কড়ি ছিল না, সত্যিই আমার দুক্তরের সমস্ত টাকা শেষ করে দিয়ে গভর্মর রূল শেষ হয়েছে। আমার প্নরায় চাল্ করার জন্য বিভিন্ন খাত খেকে কিভাবে টাকা পেতে পারি তার জন্য চেষ্টা করছি।

শ্রীসনংকুমার রাহাঃ বার্ধক্য ভাতা পেতে গেলে শর্তের মধ্যে আছে, কোন আত্মীয়স্বজন থাকলে সম্ভব হবে না, সমাজজীবনে বাস করতে হবে। ছেলেমেয়ে, স্থা নাই এই রকম লোক না হলে বার্ধক্য ভাতা পাবে না। স্তরাং এই দ্টোল্ড যদি অনুসরণ করতে হয় তাহলে বার্ধক্য ভাতা দেবার নাম করে না দেবারই সামিল হবে। স্তরাং এই শর্ত সংশোধন না করলে হবে না, কেন না রোজগারী পুত্র যার আছে তাকে তো দেওয়া হবে না।

শ্রীমতী রেশ, চক্রবতী: আমার মনে হয় একট্ ভূল বোঝা হচ্ছে। আর্থায়, প্র. শ্বামী, দ্র্যা ইত্যাদির কথা বলা হয়েছে। এরা যদি উপার্জনক্ষম না হয়, উপার্জনক্ষম কন্যাও র্যাদ থাকে তাহলেও তাঁর কথা বিবেচনা করা হবে না। কিন্তু তারপরে একটা ক্লুজ আছে র্যাদ অন্য কোন ব্যবস্থায় পড়ে, যদি সত্যই একট্ কঠিন অবস্থায় পড়ে, তাহলে বিবেচনা করা যেতে পারে। তবে আমি দ্বীকার করছি যে এই শর্তাপ্রিল আমাদের প্রনরায় বিবেচনা করে দেখতে হবে। সত্যন্তাই যারা খ্র দরিদ্র অবস্থায় পড়েছে তাদের যাতে দিতে পারি তা আমাদের দেখতে হবে।

শ্রীঅজিতকুমার বিশ্বাস: মার্থাপিছ, ভাতার হার কত জানাবেন কি ?

द्यीयणी दर्श, इनवणी: २० हेका।

শ্রীসরোজ রায়: মাননীয় মন্দিমহোদয়া খোঁজ নিয়েছেন কি যাদের পাবার যোগাতা ছিল তারা ইতিপ্রে পায় নি কিন্তু কংগ্রেসী নেতারা রেকমেন্ড করেছে এমন লোক পেয়েছে। এটা খোঁজ নিয়েছেন কি?

শ্রীমতী রেণ্ট চেকবতীঃ তবে একটা কথা আমার ডিপার্টমেন্টকে বলেছি যে, যে লিস্ট তৈরি রয়েছে বা চলছিল সেগনেল প্রনরায় আবাব দেখব শ্ধ্মাত রেকমেন্ডেসনের প্রশন নয় এমন বহু জায়গা আছে যেখানে স্বভাবতঃ বৃশ্ধ-বৃশ্ধাবা যাদের বয়স হয়ে গেছে বা জীবিত নাই এই বক্ষ স্কুটিনি হয়েছে বলে আমার তথা নাই; অতএব সমসত জিনিসটা আবার আমাকে স্কুটিনি করতে হবে।

শ্রীআবদ্স সান্তারঃ এখনো কতকগ**্**লি বার্ধকা ভাতার দরখাস্ত আপনার ফাইলে পেস্ডিং আছে ?

শ্রীমতী রেণ্, চক্রবতীঃ এখনো পর্যালত যে লিস্টগালি তৈরি হয়েছে ১লা এপ্রিল ১৯৬৬ সাল পর্যালত তা হচ্ছে এক হাজার দুইশত পর্যাগ্রশ জন, যাদেরকে স্যাংসান করা হয়েছে। ১লা এপ্রিল ১৯৬৬ সালের পরে যে কেস স্যাংসান করা হয়েছে তা হচ্ছে সাত হাজার দুইশত আটাশটি, কিন্তু ওরা প্রতাকেই পাচ্ছে না। এখন আমাদের যেরকম আর্থিক অবহথা তাতে আবার এটাকে চালা, কবা হলে তারপরে ফাইনান্স-এর কাছে যেতে হবে ২ লক্ষ ৬৬ হাজার টাকা আর্থিক সাহায়া পানুনরায় স্যাংসান কবাতে হবে। এই স্কীম আবাব চালা, কবব বলে সংকলপ গ্রহণ করেছি এই কথা জানাবার পর হা হা করে বহা আ্যান্সিকেশন আসছে, সমস্ত তথ্য এখন আমি দিতে পারব না।

শ্রীঅজিত গার্পান্তি: কংগ্রেসীরা ২০ টাকা করে দিয়েছিলেন, আমাদের যা্তফ্রন্ট সরকার এটা করে নি। এই টাকার রেট মাননীয় মন্তিমহাশয়া রিভাইজ করার কথা বিবেচনা করছেন কি—ওদের কাছে মানুষ মানুষ নয় বলে গণা হত তাই ২০ টাকা ভিক্ষা দেওয়ার মত ছিল ?

শ্রীমতী রেশ, চক্রবতী: আমাদের তহবিলের অনস্থা ইতিপ্রেই আমি বলেছি। ২০ টাকা সাঁতা নগণা, একটা বৃশ্ব-বৃশ্বা তার ওর্ষপথ অনেক কিছু প্রয়োজন আছে, একটা সাধারণ মান্যেরই ২০ টাকায় চলে না—কিন্তু আমাদের আর্থিক অবস্থা এতই খারাপ যে আমাদের এটা কি করে চালা রাখব তাই ভাবছি এবং এর জন্য আমাদের পথ খালে বের করতে হবে। অতএব এখনও পর্যন্ত ২০ টাকার উর্ধে ওঠা আমাদের পক্ষে সম্ভব হচ্ছে না। আমাদের পরিকল্পনা হচ্ছে যে এটা প্রায় উঠে যাচ্ছিল, এটাকে আমরা কি করে রক্ষা করতে পারি তারই চেন্টা করছি। গত ছয় সাত মাস থেকে দেওয়া হয় নি। এটাকে যদি রক্ষা করতে পারি তাহলে পরবতী সময়ে বাডাতে পারি কিনা তার চেন্টা করব।

শ্রীবলাইলাল দান মহাপাত্তঃ মাননীয় মন্ত্রিমহাশয়া বললেন যে, বার্ধক্য ভাতার পরিমাণ ২০ টাকা কিন্তু গ্রামে ও শহরে কোন বৈষম্য আছে কি ?

শ্রীমতী রেণ্ট চরুবতীঃ না. এখনও সব জায়গাতেই ঢালাও ২০ টাকা মাসে।

শ্রীলৈবেশ্দুনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয়াকে জিল্ঞাসা করছি এই বে, বার্ধক্য ভাতা মাঝে বন্ধ হয়ে গেল তারপর আপনি আবার দেবার চেণ্টা করছেন—আমার এথানে প্রশ্ন হচ্ছে যে এমন অনেক কেস আছে—কতকগৃলি খারাপ কেস আছে বলে সবগৃলোই খারাপ তা তো হতে পারে না—তারা যেভাবে বঞ্চিত হচ্ছে সে সন্বন্ধে একটা অ্যারেঞ্জমেন্ট করতে পারেন কিনা। আগের যে ডিউ ছিল তার থেকে কিছু কিছু দিতে পারেন কিনা, কারণ ঐ বৃন্ধ-বৃন্ধারা প্রায় পাঁচ ছয় মাস পায় নি, কবে দেবেন তারও ঠিক নেই। ইতিমধ্যে তারা বাঁচবে কি করে? সেই হিসেবে বলছি যে একটা অ্যাড-ইন্টারিম দেবার বাবস্থা করেছেন কিনা?

শ্রীমতী রেণ, চরুবতীঃ এখন চিন্তা করবার কোন স্কোপ নাই, কারণ টাকার অভাব, তবে নিশ্চয়ই আপনার সাজেসন ফর অ্যাকশন চিন্তা করে দেখব।

শ্রীহেমস্ডকুমার বস্ব; বার্ধক্য ভাতা অনেক সময় নির্দিষ্ট সময়ে দেওয়া হয় না—অনেক সময় দৈখেছি এক মাস হয়ে গেছে দৃই মাস পরে কিছু দেওয়া হয়। নির্দিষ্ট সময়ে যাতে দেওয়া হয় তার চেষ্টা করবেন কি?

শ্রীমতী রেণ্ চরুবতীঃ আপনি এদিকে দৃণ্টি আকর্ষণ করেছেন বলে আমি কৃতজ্ঞ, আমি এদিকে নিশ্চয়ই দৃণ্টি দেব, চাল্ করব—পরে যাতে নিদিণ্টি সময়ে পাওয়া যায় তার চেণ্টা করব।

[1-40--1-50 p.m.]

শ্রীসনংকুমার রাহাঃ এই যে বার্ধক্য ভাতা শহরে এবং গ্রামে দেওয়া হয় এর জেলাওরারী কোন তথ্য আছে কিনা?

শ্রীমতী রেণ, চক্রবতী: আমি জিজ্ঞাসা করেছিলাম যে জেলাওয়ারী কোন কোটা দেওয়া হয়েছে কিনা—কিন্তু এটা দেওয়া হয় নি, আপনি যে প্রশ্নগর্নল জিজ্ঞাসা করেছেন এর তথ্য আমি এখনই দিতে পারবো না। সমসত ব্যাপারটিকে আমাদের অন্বসন্ধান করে দেখতে হবে এবং হয়তো পরবতী সময় যদি নোটিশ দেন—আমি নিশ্চয় জবাব দেবার চেষ্টা করবো।

শ্রীনিরঞ্জন মুখার্জি: এই যে ২০ টাকা করে দেবার ব্যবস্থা আছে এটা পাওয়ার জন্য আরও ৫ টাকা খরচ করে পেতে হয়। এ সম্পর্কে যাতে সহজভাবে টাকাটা পেতে পারে এই রকম চিন্তা করেছেন কি?

শ্রীমতী রেণ, চরুবতীঃ যদি এই রকম কোন দ্নীতির অভিযোগ থাকে আপনি অতি অবশ্য আমার সামনে আনবেন—আমি কঠোর ব্যবস্থা অবলম্বন করবো।

শ্রীবিষ্ণল বস: যাঁরা দরখাসত করে বার্যক্য ভাতার জন্য তাদের বয়স এসটাবলিস করতে গিয়ে বিভিন্ন রকম অস্ক্রবিধার তাদের পড়তে হয় এবং তার জন্য তাঁরা সেই স্থোগ থেকে বঞ্চিত হন এ সম্বশ্যে রিল্যাকসেসন করার ব্যাপারে মন্দ্রিমহোদয়া চিন্তা করেছেন কিনা?

শ্রীমতী রেণ, চরবতী: ওয়েন্ট বেশ্গল ওল্ড এজ পেনসন র্ল বলে যে র্লটা করা হয়েছিল আমি এর আগেই বলেছি যে, এটা আমাদের প্নরায় দেখতে হবে যাতে কোন রকমভাবে অন্তরায় না হয় তা দেখবো।

শ্রীসরল দেবঃ কংগ্রেস আমলে এই বার্ধকা ভাতা দেবার সময় আমরা দেখেছি যাকে বার্ধকা ভাতা দেওয়া হোত সেটা তার মারা যাবার পর দেওয়া হোত—এই লাল ফিডার বন্ধন কাটানোর বাবকথা কি করেছেন সেটা জ্ঞানতে চাই।

শ্রীমতী রেশ, চক্রবতীঃ আমরাও এটা গ্রামে দেখেছি—কিন্তু রুলে দেখেছি যে ১৫ দিনের মধ্যে তাদের রিপোর্ট দিতে হবে—কিন্তু সেখানে গিয়ে যা হয় ফাইল চাপা পড়ে—ঠিক মান্ধের কাছে থেকে বোধ হয় কলমের খোঁচা আসে নি এই সবের জন্য পড়ে রয়েছে—কিন্তু রুল ঠিক জাতে যে ১৫ দিনের মধ্যে করতে হবে।

শ্রীবিভূতিভূষণ ঘোষ: মন্তিমহাশয় বললেন যে বার্ধকাজনিত যে পেনসন, এটা আপনাদের অফিস থেকে আপনাদের ওইখানের যে সরকারী দেনেওয়ালা তাদের কাছ থেকে নিয়ে আসতে কট হয—সেই কট লাঘব করবার জন্য তাদের কাছে পাঠিয়ে দেবার চেন্টা করবেন ?

শ্রীমতী রেশ, রক্তবতীঃ এখানে আমি যা শ্নলাম অন্সন্ধান করে যে মনি অর্ডার করে যায়; সেখানে দেরী হবার কথা নয়, তাদের যদি একবার লিস্টে নাম ওঠাতে পারে, তারপর নাকি মনি অর্ডারে পান। আমার প্রশ্ন ডিপার্টমেন্টে ছিল যে মনি অর্ডার যখন যায় সেখানে ঠিক ব্যক্তি মনি অর্ডার নেন কিনা সেটা দেখবার কোন ব্যবস্থা আছে কিনা—সেই সমস্ত জিনিস বিচার বিবেচনা করছি। যদি কোন দ্নশীতি বা অস্ক্রিধার কথা আপনার চোখে পড়ে তাহলে আপনারা আমাকে জানাবেন। এগ্রলি আমরা এখন তৈরী করছি। তাহলে অতাস্ত কৃতজ্ঞ হবো।

শ্রীজাজতকুমার বিশ্বাস: কংগ্রেসী মন্ত্রী বা যাঁরা এম, এল, এ ছিলেন তাদের মধ্য থেকে কেউ এই ধরনের কিছু দরখাস্ত করেছেন কিনা যে বার্ধকা ভাতা দেওয়া হোক?

শ্রীমতী রেণ্ট চক্রবতী: না, কবেন নি।

Scheme for Irrigation from Bhandardaha Beel

*12. (Admitted question No. *113.)

শ্রীসনংকুমার রাহা: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রহপ্রবঁক জানাইবেন কি, মানিদাবাদ ভাণ্ডারদহ বিল হইতে সেচের জল সরবরাহের জন্য সরকার কি কি ব্যক্ষা লইয়াছেন?

Shri Biswanath Mukheriee:

পাট ও আউস ফসলের জন্য ভাপ্ডারদহ বিল হইতে পাম্পের সাহায্যে সেচের জ**ল** সরবরাহের ব্যবস্থা কৃষি বিভাগ করিতেছেন।

শ্রীসনংকুমার রাহা: ভাপ্ডারদহ বিলের দৈর্ঘ্য আন্দান্ত কত মাইল হবে বলতে পারেন কি ?

শ্ৰীবিশ্বনাথ মুখাৰণীঃ দৈৰ্ঘ্য প্ৰস্থ কত জেনে আসি নি।

শ্রীসনংকুমার রাহা: আমার জানা আছে। দৈর্ঘ্য ৭০ মাইল, আর মার গ্রুটিকয়েক পাম্প আছে। কিন্তু বিরাট এলাকা জ্বড়ে সেচ প্রকল্প নেওয়া যায়। মাননীয় সেচমন্দ্রী ভান্ডারদহ বিলটাকে ইরিগেশন-এর ব্যাপারে কোন বিশেষ কাব্দে লাগাবেন কি?

শ্রীবিশ্বনাথ মুখার্জনীঃ আমার কাছে আপনারা স্কীম দেবেন, আমি পরীক্ষা করে দেখব।

শ্রীসনংকুমার রাহা: এখনই কোন প্রকল্প আছে কি ভাণ্ডারদহ বিলে রিভার পাম্প বসানোর ?

শ্রীবিশ্বনাথ মুখান্ধীঃ রিভার পাশ্প-এ তো জল দেওয়া হচ্ছে। আরও কি চাহিদা, আরও কি বসানো বার সে সম্বন্ধে বিশ্বতভাবে আমাকে লিখে জানাবেন।

শ্রীলৈকেন্দ্রনাথ অধিকারী: মন্ত্রিমহাশয়কে আমি জিল্ঞাসা করছি তাপ্ডারদহ বিল সেচের জন্য মুশিদাবাদ এলাকায় একটা মাস্ট এবং সে সম্বন্ধে সেচ বিভাগে নিশ্চয়ই তথ্য আছে। তার সপো আমি এটাও মন্ত্রিমহাশয়কে জানাছি ভাপ্ডারদহ বিলকে রিসাসিয়েট করবার জন্য মুক্তফ্রন্ট সরকারের আমলে ফিসারী ডিপার্টমেন্ট থেকে একটা প্ল্যান স্যাংসান হয়েছিল; এখন সেই প্ল্যানটা টেক আপ করবেন কিনা? ফিসারী ডিপার্টমেন্ট থেকে যখন স্যাংসান হয়েছিল বৃত্তফ্রন্ট সরকারের আমলে তখন, এখন সেটাকে সেচ বিভাগে ট্রান্সফার করে ব্যবস্থা করা যায় কিনা—সেটা মন্ত্রিমহাশয় চিল্ডা করবেন কি?

ह्यीविन्वनाथ मृथाखीः आमि ठिक क्रानि ना, श्वीक्रथवत्र स्तर।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মল্মিমহাশয় বললেন যে ভাণ্ডারদহ বিল এলাকায় লিফ্ট ইরিগেশন বা পান্প ইরিগেশন-এর ব্যবস্থা আছে এবং গোটা এলাকায় লিফট্ ইরিগেশন বা পান্প ইরিগেশন-এর ব্যবস্থা আছে সেটা কি জানাবেন ?

শ্রীবিশ্বনাথ মুখাজণী: একট্ অস্কৃবিধা হয়ে গেছে। যদিও আমি এখন সেচ বিভাগের মন্দ্রী এবং কৃষি বিভাগের সেচ অংশের মন্দ্রী কিন্তু প্রশ্নটা সেচমন্দ্রীর কাছে করা হয়েছিলো বলে সেচ বিভাগ থেকে উত্তরটা দিয়েছেন। সেইজন্য সেইসব ডিটেলস সংগ্রহ করতে পারি নি। আমি পরে সংগ্রহ করে জানাতে পারি।

শ্রীঅমলেম্বলাল রায়: মন্দ্রমহাশয় কি জানাবেন এই এলাকায় লিফ্ট ইরিগেশন-এর সাহায্যে আমন, আউস—এই উভয় প্রকার চায়ে জল সরবরাহের ব্যবস্থা আছে কিনা?

শ্রীবিশ্বনাথ মুখাজণীঃ কৃষি বিভাগ জল সরবরাহ করছেন এট্রকু পর্যাতত খবর আমি নিয়েছি। বিস্তৃত খবর পাই নি।

শ্রীলৈবেশ্যরনাথ অধিকারী: মাননীয় সেচমন্ত্রীর কাছে আমার যেটা বন্ধব্য সেটা হচ্ছে ভাশ্ডারদহ বিল সেচ বিভাগ, কৃষি বিভাগ, ফিশারী বিভাগ—এই তিন বিভাগের মধ্যেই এটা পড়ে যাছে। এটা যথন ইমপরটেন্ট ব্যাপার এই সম্বন্ধে কোন একটা স্টেটমেন্ট দিতে পারেন কি? সেটা চিন্তা করবেন কি? নিজেই সমন্ত ব্যাপাবটা ব্যুখে হাউসের সামনে স্টেটমেন্ট রাখতে শারবেন কি?

শ্রীবিশ্বনাথ মুখাজ্ঞীঃ র্যাদ কোন বেশী থরচার ব্যাপার না হয় চেণ্টা করব।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Prime Minister's visit to West Bengal in connection with the Mid-term Election

9. (Adimitted question No. 14.)

剧 এর এনে নাম : স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অন্গ্রহপ্রেক জানাইবেন কি—

- (ক) ১৯৬৮-৬৯ সালে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী পশ্চিমবঙ্গে নির্বাচনী সফরে আসার জন্য সরকারী তহবিল হইতে কোনও অর্থ থরচ হইয়াছিল কিনা: এবং হইয়া থাকিলে, মোট কত; এবং
- (খ) কোন্ কোন্ তারিখে তিনি উক্ত কারণে পশ্চিমবংগ ছিলেন?

The Minister for Home (Political):

- (क) হার্ট, হইরাছিল। ৮৯,৮৯৯ ০৮ টাকা। (সরকারী কর্মচারীদের ডি-এ, টি-এ ব্যতীত)
- (খ) ২২এ ও ২৩এ ডিসেম্বর, ১৯৬৮ সাল এবং ১৮ই ও ১৯শে জান্যারি, ১৯৬৯ সাল।

Soren, Shri Bhabatosh Soren, Shri Joyram Soren, Shri Suchand Talukdar, Shri Pralay Thakur, Shri Nityananda Thapa, Shri Prem Tirkey, Shri Iswar Chandra Topno, Shri Antoni

The Ayes being 222 and the Noes Nil, the motion was carried.

Non-official Resolution

Mr. Speaker: I now call upon Shri Prabir Kumar Mallick to move the resolution.

শ্রীদৈয়দ আবদ্ধে মনস্থে হবিব্লাঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মারফত একটা কথা এই হাউসকে জানাতে চাই। আমি একটা প্রস্তাব দিয়েছি, কিন্তু প্রাইওরিটি পার নিবলে অগ্রাধিকার পার নিবলে সেটা আসতে পারেনি। এই প্রস্তাব আমি অনেকবার হাউসের সামনে দিয়েছি, পাশ হতে পারে নি। আমার ধারণা এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ হতে পারে, কেননা এটা বিতর্কমূলক নয়। আমি প্রস্তাবে একথা বলেছি।

that this Assembly requests the Government of West Bengal to take immediate steps for publication of collected works of all published and unpublished writings of the poet Kazi Nazrul Islam.

এই প্রস্তাব প্রাইওরিটি পার্যনি বলেই আসতে পারেনি। এখন আমাদের পার্টি হ্ইপবা মিলে যদি সম্মতি দেন তাহলেই এই প্রস্তাব পাশ হতে পাবে।

Mr. Speaker: I am sorry your motion cannot be taken up now because Shri Prabir Kumar Mallick will move the Resolution No. 1 first.

Shri Aswini Roy: Sir, on behalf of Shri Prabir Kumar Mallick I move that this Assembly is of opinion that to achieve self-sufficiency in food the following steps be taken immediately, viz.—

- (a) the fallow, vested as well as the Benami lands be immediately distributed to landless cultivators through a Committee mainly composed of poor peasantry;
- (b)(i) irrigation facilities be extended at least to the extent of covering 30 per cent, of the existing non-irrigated lands within 3 years;

Dr. Nalinaksha Sanyal: Sir, I rise on a point of order. If a member fails to be present at the time when he is called upon to move his resolution, the next resolution will come up. I cannot understand how another member is permitted to move such a resolution?

Mr. Speaker: Mr. Sanyal, I cannot agree with the point of order raised by you. There is no point of order in it. The practice of the House is that if a member is absent, some other member may move the motion on his behalf.

Shri Mani Sanyal: Sir, he is also the mover of a similar motion.

[3-40--3-50 p.m.] Shri Aswini Roy :

মাননীয় স্পীকার মহাশয়, আমি এটা মূভ করছি On behalf of Shri Prabir Kumar Mallick.

(b) (ii) 30 per cent, of the Aman lands be brought into double croppings within a reasonable time; (c) supply of fertilizers and agricultural implements at cheap or subsidised rate to middle and poor peasants be guaranteed; (d) the purchase of agricultural produce at reasonable rate from the peasantry through appropriate Co-operatives be effected; and (e) the supply of daily necessities at the control rate through Peasants' Co-operatives be guaranteed, মাননীয় স্পীকার মহাশয়, এই প্রস্তাবটা আমি উত্থাপন করা প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। প্রথম হচ্ছে যে ভারতবর্ষ স্বাধীন হবার পর থেকেই খাদে। ঘাটতি আছে এবং এই ঘাটতি প্রণের জন্য আমাদের বিদেশ থেকে খাদ্য আনতে হয় এবং এইভাবে খাদ্য আনবার জন্য প্রতি বছর আমাদের বহু, টাকা খরচ হয়—বিশেষ করে পি এল ৪৮০ মাধ্যমে যে খাদ্য আসে তাতে প্রতি বছর ৮০।৯০ কোটি টাকার মত জাহাজ থরচ হয় এবং অন্যান্য সর্তগালি যদি দেখি তাহলে বলতে হবে যে একটা স্বাধীন রাড্রের পক্ষে সেটা অত্যন্ত হীনজনক এবং আর্পান স্যার জানেন যে এই সর্তাগ্রিল হানিকরও বটে। আমি অবশ্য বিস্কৃতভাবে সেদিকে যাচ্ছি না। এই খাদ্য আনতে গিয়ে আমাদের দেশ স্বাধীন হ্বার পর বিদেশের কাছ থেকে যে স্টার্লিং পাওনা ছিল সে টাকা তো খরচ হয়ে গেছেই উপরুত আজ কয়েক শত কোটি টাকা আমাদের আর্মোরকার কাছে ঋণ হয়ে গেছে। বর্তমানে একটা স্বাধীন দেশ খাদ্য আনতে গিয়ে তাদের কাছ থেকে যে ঋণ হচ্ছে তাতে ঋণদাতা এবং গ্রহীতার যে সম্পর্ক সেই মহাজন এবং খাতক সেই সম্পর্ক বড় হয়ে ষাবে। অতীতের অভিজ্ঞতায় আমরা জানি যে মহাজনের ভূমিকা এবং খাতকের ভূমিক। কি। কারণ মহাজন যে কোন সময়ে খাতকের কাছ থেকে জাম-জমা কেড়ে নিতে পারে, ডিগ্রি আইন অনুযায়ী নিয়ে নিতে পারে—তেমনিভাবে খাদ্য আনার জন্য আমাদের বিদেশী ঋণ যদি দিনের পর দিন বাড়তে থাকে তাহলে ভারতবর্ষের স্বাধীন সার্বভৌমত্ব ক্ষুণ্ণ এবং বিপন্ন হতে বাধ্য। সেই জন্য খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবার প্রশ্নটা আমাদের সামনে খুব বড় হয়ে দাড়িয়েছে। খাদ্যের দাম হিসাবে এবং বিদেশীকৈ যে দাম আমরা দিই সেই অনুযায়ী আমাদের দেশের সাধারণ কুষককে সেই দাম দিতে পারি না। দাম যেটা আমরা দিই বিদেশীকে তাতে এক গমের মূল্য পড়ছে ৩০ টাকার উপর। অথচ আজ পর্যন্ত ২৫ টাকার বেশী ধানের দর দিতে পারি নি। সেই দিক থেকে কৃষককে খাদ্য উৎপাদনে উৎসাহিত করতে গেলে তাদের যাতে ন্যায়্য মূল্য দেওয়া হয় তাদের যাতে উৎসাহজনক দাম দিতে পারি সেই দিকে আমরা যদি ভাবি এহলে আমরা খাদে। স্বয়ংসম্পূর্ণতা অর্জান করতে পারবো। আব একটা কথা আছে, পশ্চিম বাংলার যে খাদ্য ঘার্টতি আছে কিন্তু আমাদেব চেণ্টা করতে হবে যে কেন্দ্রের কাছে যেন আমাদের তার গুনা বরাবর ধরণা দিতে না হয়। পাশ্চিম বাংলার এই খাদা ঘার্টতির অন্যতম কারণ হচ্ছে যে একটা ব্যাপক অঞ্চল প্রাকিস্তান এবং ভারতবর্ষ আলাদা হওয়া। ভারতবর্ষে এই যে ১টকলগ্রাল বয়েছে এই চটকলগুলিৰ জন্য আমাদের পাট তৈবী করতে হয় এবং সেই পাটেৰ জন্য আমাদেৰ বাবেৰ জমি কমে গ্রেছে। চায়েব জনাও আসাদের অনেক জমিতে ধান চাষ হচ্ছে না। তাই আমি বলাছ এই পাট এবং চা যদি আমরা না কবি তাহলেও আমাদের ক্ষতি হবে। কাবণ এই পাট এবং চা এতে যে জমিগ্রলি রয়েছে এর মাধ্যমে আমরা বিদেশী মূদা হার্জনি করি। এবং আমাদের দেশকে শিলেপ উল্লয়ন করতে হবে এবং সেদিক থেকে বৈদেশিক মাদ্রাব প্রয়োজন আছে, আমাধের ফত পাতি বিদেশ থেকে আনতে হবে। সেদিক থেকে আমাদের পাট এবং চায়ের জন্য যে জাম আছে সেগ্রলি অন্যক্ষেত্রে লাগাতে পারি না। অবশ্য এই চায়ের জন্য প্রচর জমি আছে এবং সেই ভামিব যারা মালিক তারা যে পরিমাণ জমি রেখেছে সেই জমি আগামী দিনে তার মধ্যে অনেক জমি নিয়ে নিতে হবে আইন করে। কাজেই পাট চাষ বন্ধ করে নয়, অন্য কি উপায়ে আমরা পশ্চিমবশ্গে খাদ্য বাড়াতে পারি তার চিন্তা কবতে হবে। এই ধরণের অবস্থা থাকার ফলে কেন্দ্রীয় সবকার আমাদের উপব প্রচুণ্ড চাপ সুণ্টি কবে এবং আমাদের অনেক গণতান্তিক অধিকারের উপর প্রত্যুত্ত চাপ সূচিট করে এবং আমাদের অনেক গণতান্তিক অধিকারের উপর কেন্দ্রীয় সরকার

হুম্ভক্ষেপ করে। কাজেই যতক্ষণ আমরা থাদো স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে পারছি না-সুষ্ঠ ভাবে একটা রাজ্যের গণতান্দ্রিক অগ্রগতিকে নিয়ে যেতে গেলে এই সব বাধাগানিকে যদি আমর হটাতে না পারি তাহলে পশ্চিমবংশের অগ্রগতি ব্যাহত হবে। এই কয়েকটি কারণের জন্য আজেং খাদ্যে স্বয়ংসম্পূর্ণতার প্রশ্নটা আজকে বড় হয়ে উঠেছে। এখন এই খাদ্যে স্বয়ংসম্পূর্ণত আনতে গেলে আমাদের কি করা উচিত সেদিক থেকে প্রথমে আমার প্রস্তাবে আছে ভূমি সংস্কার অবশ্য ভূমি সংস্কার করতে গেলে যে মৌলিক ভূমি সংস্কার সেটা করা যাবে না-কারণ রাজ্যে ক্ষমতা সীমাবন্ধ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ইতিপূর্বে আপনিও যথন এই বিধানসভার সদস্য ছিলেন ভূমি সংক্রান্ত আইন এবং জমিদারী উচ্ছেদ আইন যথন এখানে আলোচনা হয়েছিল তখন আমরা কতকগ্রলি উদাহরণ দিয়েছিলাম যে এইভাবে ভূমি সংস্কা করা যায়। কেরালায় যখন কমিউনিস্ট সরকার ছিল তখন তারা একটা ভূমি সংস্কার আইন করেছিল সেই আইনে একটা মৌলিক পরিবর্তন তারা করবার চেণ্টা করেছিলেন-সেটা হচ্ছে আমাদের প্রথম আইনে যেখানে আছে যে ব্যক্তিগতভাবে প্রত্যেককে একটা জোতের সীমা ঠিব করা হয়েছে। কেরালার আইনে কিন্ত তারা করেছিল যে পরিবার ভিত্তিক জোতের সীমা হনে —সিলিং অফ ফেমেলি বেসিস—কিন্তু হাইকোটে যখন সেটা চ্যালেঞ্জ হোল তখন সেটা বাতিৰ হয়ে গেল। কাজেই এই ধরণের সাংবিধানিক অনেক অসূবিধা আছে যার জন্য আমরা কোন মৌলিক পরিবর্তন ভাম সংস্কারের ক্ষেত্রে করতে গেলে তাতে নানা রকম বাধা বিপত্তি আছে তাই যাতে আমরা মোলিক পরিবর্তন করতে পারি সেইভাবে ভবিষ্যতে যাতে এই সমস্ত বাধা-বিপত্তি অপসারণ করতে পারা যায় তার দিকে চেণ্টা করতে হবে। এখন এই যে ভূমি সংস্কারে? কথা আমরা বললাম বর্তমানে যে ভূমি আছে সেটার পরিমাণ কি? ১৯৬১ সালের তথ্য থেকে দেখা यात्र रय ১ क्लांचे २७ लक्क এकत क्रीमरण हाय रत्र এवर अवे त्वार रत्र आत्र किन्द्र त्वर এখন ১ কোটি ৩.০ লক্ষ একরের মত রয়েছে। এখন এই জমিতে যে চাষ হচ্ছে ভাতে পতিত জহি আছে, ভেস্টেড ল্যান্ড আছে এবং বেনামী জাম আছে—সেটা যদি ধরা যায় তাহলে যে জামগুলি পাওয়া যায় সেটা প্রায় ৯ লক্ষ একর- আরও আছে আবাদ্যোগ্য জাম যেগ্রালকে আবাদ্যোগ্য করে নিতে হবে। এই রকম জমি আরও কয়েক লক্ষ একর আছে। কাজেই এই ভূমি সংক্রান্ত ব্যাপারে আমরা বর্তমানে বেশী দূরে এগোতে চাচ্ছি না। আমাদের ভূমি ইলক্ষ্ত ০০ হাজাব একর জমি তিনি ইতিমধ্যে গ্রীবেদের মধ্যে বাটোয় রা করতে প্রেছেন। আরও যে সমস্ত বেনামী বা অন্য জমি আছে সেই সমস্ত জমি মোটামুটিভাবে বিতরণ করা দরকার। এবং বিতরণ করতে গেলে কি হবে ২- কংগ্রেসের আমলে তো বিতরণ করেছিলেন কিন্তু ভাদেব যে মেসিনারী আছে সেই মেসিনারীর মাধামে জমি বিতরণ করলে সত্যিকাবের যে গ্রীব চাফী যাদের জমি দিলে উৎপাদন বাডতে পারে সেই চাষীকে জমি দেওয়া যাবে না। সেইজনা আমার প্রস্তাবের মধ্যে রেখেছি যে গরীব চাষীদের যে সংগঠন আছে সেই সংগঠনের প্রতিনিধিদের নিয়ে মোটাম,টিভাবে জমিগ,লিকে বাঁটোয়ারা করতে হবে—মেনলি পুয়োর পেজেন্ট বলতে যেট বলতে চেয়েছি সেটা হচ্ছে গরীব চাষীদের এবং কৃষকদের যে সংগঠন তাদের প্রতিনিধি নিত্র মোটামর্টি ভাবে এই জমি বন্টন করতে হবে।

[3-50—4 p.m.]

এখন পশ্চিমবাংলায় এই যে জমি এই জমিতে যে খাদা হয় তাতে কি দেখা যাচ্ছে, ১৯৬৩ সাল থেকে আজ পর্যণত এই কয়েক বছরে আমরা দেখছি একবার ছিল ৫৩ লক্ষ ৩১ হাজার টন এবং সেই উৎপাদন ১৯৬৬-৬৭ সালে ৪৩ লক্ষ টন দাঁড়িয়ে গেল। কাজেই এই কয়েক সালে উৎপাদনের হার ধরা যায় তাহলে দেখা যাবে ৫৪—৫৫ লক্ষ টন চাল পশ্চিমবাংলায় উৎপন্ন হয়। এখন ৫৪।৫৫ লক্ষ টন পশ্চিমবাংলায় যে জনসাধারণ আছে তাতে হয় না। সত্তরাং সাধারণভাবে ঘাটতি পড়ে ২২ থেকে ২৪ লক্ষ টন। এখন এই চালটা কি করে উৎপাদন করা যায়—সেইটা প্রশ্ন। যে ৪ কোটি লোক আছে, ভারাই তো ৩।৪ বছর ধরে থাকবে না। জনসংখ্যা বৃধিদর হার দেখা যাচ্ছে প্রতি বছর পশ্চিমবাংলায় ১৩ লক্ষ করে জনসংখ্যা বাডছে। সেদিন বিতর্কের সময় আমাদের বিরোধী দলের জনৈক সদস্য একটা কথা তুলেছিলেন, তিনি রাশিয়ার কথা তুলেছিলেন,

তিনি বলেছিলেন রাশিয়ায় নাকি ফ্যামিলি স্ল্যানিং আছে। কিন্তু এটা ঠিক নয়। সেখানে যদি একটা মেরের দুটো ছেলে হয়, তাহলে তাকে প্রেম্কার দেওয়া হয়। চারটের বেশি ছেলে হলে তাহলে দুটোর বেশি ছেলের ভরণপোষণের দায়িত্ব স্টেট নেয়। তাহলে আমরা কি বলব যেহেত জনসংখ্যা বাডছে, সেইহেতু জনসংখ্যা যাতে না বাড়ে সেইদিকে আমাদের চেণ্টা করব, না কি করে খাদা উৎপাদন ব দ্ধি করা যায় সেইদিকে চেণ্টা করব। স্বাভাবিকভাবে আমাদের সরকার একটা প্রলিসি নিয়েছেন যে, খাদ্য উৎপাদন বাড়াতে হবে। তার জন্য ভূমি সংস্কার দরকার। তবে একটা কথা স্বাম্প্যের দিক থেকে দেখলে বলতে হয় বেশি সন্তানের প্রয়োজন নেই। সেটা আলাদা কথা। কিল্ড মূল নীতি কি হবে? মূল নীতি হবে খাদ্য উৎপাদন কি করে বাড়ান যায়। সেই নীতিই আমাদেব গ্রহণ করা উচিত। এখন যদি দেখা যায় যে গত কয়েক বছরে (বিরোধী সদসাদের আসন দেখাইয়া) যখন পশ্চিমবাংলায় ২০ বছর শাসন কর্রোছলেন তখন কি দেখা যাচ্ছে। সারা ভারত-বর্ষে তিন থেকে চার ভাগ প্রতি বছর খাদ্য উৎপাদন বাড়ছে। সারা ভারতবর্ষের গড় উৎপাদন ২ ২ যেখানে সেখানে পশ্চিমবাংলায় ১ ১৪-র বেশি নয়। লোকসংখ্যা বৃশ্বির হার হচ্ছে ২ ২ থেকে ২-১২ এবং উৎপাদন বৃদ্ধি হচ্ছে ১-১৪। সত্তরাং এই ধরণের কথা এসে পড়ে যে উৎপাদন বৃদ্ধির জন্য ২০ বছরে যে কাজগুলো দরকার ছিল সেটা ও'রা করেন নি। কয়েকটা আইন জারী করে জনসাধারণের সামনে দেখিয়েছিলেন, আমরা এই এই করছি। সেইদিক থেকে একদিকে যেমন এই ভূমি সংস্কারের প্রয়োজনীয়তা আছে অনাদিকে তেমনি সেচ উন্নয়ন প্রচেষ্টাও থাকা দরকার। সেইদিক লক্ষ্য করে আমি বলেছি যে তিন বছরের মধ্যে দেখতে হবে। যে ১০ ভাগ নতন জমিতে জল পাওয়া যায় না এবং বর্তমানে যে আবাদযোগ্য জমি আছে যদিও তাতে সেচ পাওয়া যায় সেই সেচ এলাকার অন্তত ১০ ভাগ জমিকে দুই ফসল। করা যায়। আমার প্রস্তাবে আছে যে সব বড় খাল রয়েছে, সেগুলোকে কাজে লাগাতে হবে এবং সেগুলোতে মাঝারি পরিকল্পনা করতে হবে ছোট পরিকল্পনা করতে হবে। এমনকি যে সব জলাশয় রয়েছে, সেগুলোকে সেচ ব্যবস্থা করা যায়—পাম্প দিয়ে বা অনা রক্ম কিছু কবে সেটা দেখার জন্য আমার প্রস্তাবের মধ্যে আছে। কিন্তু কেন এই ১০ ভাগের কথা বলছি? আমরা অন্যান্য রাজ্যের সঙ্গে তলনা কবে দেখেছি মাদ্রাজের কি অবস্থা, মাদ্রাজে সতিকার ৯২ ভাগ জমিতে সেচের ব্যবস্থা আছে। কেরলে ৪৬ ভাগ জমিতে সেচেব ব্যবস্থা আছে। আর ও'রা ২২ বছরে আমাদের জনা সেচ ব্যবস্থা করে দিয়েছেন মাত্র ২৩ ভাগ। কিল্তু এটা কেন? এই যে কেরলের ৪৬ <mark>ভাগ</mark> এই টাবগেট আমরা আগামী ৩।৪ বছরের মধে। কেন পেণছতে পারব না? সেইজনা আমি দিয়েছি যে আগামী ৩।৪ বছবে অভত ৩০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা দরকার।

এবং যেসমুহত চাষ্টুক্ত জাম রুয়েছে তাব ৩০ ভাগ জামতে কিভাবে দোফসলা করা যায় তার বাবস্থা করতে হবে। আমি ক্যানেল অঞ্চলের লোক, আমি এ বছর দেখেছি আই আর-৮, তাইচুং ইত্যাদি যে চাষ করছে তাতে একরে ৩২ মণ ধান হয়েছে এবং এমন কি ভাল সার ইত্যাদি পেলে ১ বিঘা জমিতে ৩২।৩৩ মণ ধান হবে। কাজেই আমবা যদি এটা পারি তাহলে এক লক্ষ একরে অন্তত ১ই লক্ষ্ণ মণ খাদ্য বাড়াতে পারব। সেজনা আমাব সেচ সম্পর্কে মোটাম্টিভাবে বস্তব্য এইট্রুকন। কিন্তু মামূলী সেচবাবস্থা, ড্যাম ইত্যাদি দিয়ে করা যায় না। আমরা জানি যেসমস্ত দেশে উন্নতির জন্য কাজ করেছে সেথানে কোশ্চেন অফ পাওয়ার এবং কোশ্চেন অফ ইলেকট্রিক-সিটি এসে গেছে। আমি লেলিনিজমে বিশ্বাসী। লেলিন বলেছিলেন এগ্রিকালচার মিন্স মোর ইলিকট্রিফিকেশন। অর্থাৎ যদি কৃষি ফলন বাড়াতে চাই তাহলে এগ্রিকালচার-এ মোর বিদ্যুৎ দরকার। সেজন্য খালের সঙ্গে পাওয়ার-এর কি কবে যোগাযোগ করা যায় তার কথা চিন্তা করতে হবে। এবং সেটা ভাডাভাডি করতে হবে, যেটা ২০ বছরে ভাঁরা চিন্তা করতে পারেন নি। তভীয় পরিকল্পনায় বিদ্যুতের যে টারণেট ছিল সেটা তাঁরা তার কিছাই করতে পারেন নি। সেজন্য ডি ভি সি-র যে খাল আছে তার জল থেকে কিভাবে বিদ্যুৎশক্তি দিয়ে তা তোলা যায় সেটা চিন্তা করতে হবে। এখন এই বিদ্যুতের ক্ষেত্রে পশ্চিমবাংলার অবস্থা কি? মাদ্রাজ যেখানে ১০ হাজার গ্রামে ইলেকটিসিটি রয়েছে সেখানে পশ্চিমবাংলার ৩ হাজার ৮০০ গ্রামের মধ্যে ১ হাজার ২০০ গ্রামে তাঁরা ২০।২২ বছরের মধ্যে বিদ্যুৎ দিতে পেরেছেন। সেজন্য এই কাজ খুব তাড়াতাড়ি করতে হবে। এর পর সার এবং যন্ত্রপাতির প্রশ্ন আছে। সার চাষীরা পায় না। সারের ক্ষেত্রে র্যাদ অন্যান্য রাজ্যের সংশ্য তুলনা করি তাহলে দেখব যে কেরালায় যেখানে ৪:৭ কেছি বন্বেতে

যেখানে ৫ ৭ কে, জি, মাদ্রাজে যেখানে ৯ ৯ কে, জি, দেখানে পশ্চিমবাংলার গড় খরচ হচ্ছে ১ কে জি। অর্থাৎ ২২ বছর ওঁরা এট্কুন করেছেন। কাজেই চাষীদের কিভাবে সম্ভার সদেওরা যার তা চিন্তা করতে হবে। বিশেষ করে গরীব চাষী এদের যদি উৎসাহিত করতে পার্যি এদের অর্থনীতিকে যদি সংহত করতে পারি তাহলে আমাদের উৎপাদন বাড়বে। তারপর অ একটা বন্ধবা হচ্ছে যে এই যে ফদল উৎপাদন হল, এই যে সার, যন্দ্রপাতি এবং অন্যান্য যেসফ প্রয়োজনীয় জিনিষ যা চাষীদের দরকার সেই প্রয়োজনীয় জিনিষগর্নল কিভাবে আমরা চে সেদিক থেকে আছে একমাত্র সমবার গড়তে হবে—অর্থাৎ চাষীদের নিয়ে সমবার। সেই সমবার মাধ্যমে চাষীরা তাদের ফদল ন্যায় দামে বিক্লি করতে এবং সেই সমবারের মাধ্যমে তাদের দৈননি যে প্রয়োজনীয় জিনিষপত্র সেটা যাতে তারা কিনতে পারে তার ব্যবস্থা করতে হবে।

[4-4-10 p.m.]

কেন করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন এবং আমাদের বিরোধী দতে সদস্যরাও জানেন রাজ্যপাল যে খাদানীতি গ্রহণ করেছিলেন সে খাদ্য নীতিতে মিল মালিকটে দিয়েই সংগ্রহ করা হচ্ছে, মিল মালিকদের দিয়ে সংগ্রহ করায় কি হচ্ছে—না গ্রামে গ্রামে যে সমব ছিল তাদের কোন কাজ নেই এবং অল ইন্ডিয়া রিজার্ভ ব্যাৎক ব্রেটিন-এ দেখলাম যে অন্যা রাজ্যে গতবারে যেখানে ৫ কোটি ৬ কোটি টাকা তারা ব্যাৎক থেকে পেয়েছেন তাদের রাইস মিং গুলিকে টাকা দিয়েছেন সেখানে অল্ডতঃ ৩০ ভাগ দিয়েছেন সমবায় বিপণিগুলিকে। পশ্চি বাংলায় গত এপ্রিল, মে, জুন মাসে এই তিন মাসে রাজাপাল সমবায়কে মাত্র 🔰 লক্ষ্ণ টা দিয়েছেন। যেখানে ধান চালের ব্যবসায়ী মিল মালিকদের দেওয়া হয়েছে ৪ কোটি ২২ ল টাকা অর্থাৎ এই টাকা তারা মিল মালিকদের হাতে দিয়েছেন। কিন্তু অন্ধ, পাঞ্চাব ইত্যা জায়গাতে যে টাকা ব্যাৎক থেকে দেওয়া হয়েছে তার শতকরা ৩০।৩৪ ভাগ টাকা দেখছি সমব সমিতিগুলির মাধ্যমে কাজ করতে দেওয়া হয়েছে। কাজেই পশ্চিম বাংলায় এই যে বিপন সমিতিগুলি বা কো-অপারেটিভ যা আছে তাদের অকম্থা কি সেদিক থেকে কি তা দেখবার জ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মন্তিসভাব কাছে অনুরোধ করছি। সেগালির তংকালীন শাস ক্ষমতায় অধিষ্ঠিত পার্টি তাদের কয়েকটি স্বার্থান্বেষী লোক কো-অপারেটিভ কন্টোল করে আজ যদি খোঁজ করা যায় তাহলে দেখবেন কত তছরূপ, কত দুনীতি এই সব কো-অপারেটিং এর মধ্যে আছে, এই সব কো-অপারেটিভগ্নিল বর্তমানে যে ধরণের গঠন এবং কাঠামো রয়েং তা পরিবর্তন করে সত্যকারের উৎপাদক যারা তাদের নিয়ে কো-অপারেটিভ করা সেটা বে অপারেটিভ বা সমবায় বিপণে এবং অন্য দিকে কৃষকদের সমবায় এই দুই ধরনের সমবায় ক উচিত। সেদিক থেকে আমার একটা কো-অপারেটিভ সম্পর্কে ব্যক্তব্য রয়েছে, আমি যে কথা এব মধ্যে রেখেছি যে যা কিছু করতে হবে এই যে সার, যন্ত্রপাতি এগর্মল কাদের দেব? আম বলেছি যে মাঝারি এবং গরীব চাষীদের দিতে হবে, সম্তা দরে অনুদান দিয়ে সরকারের প থেকে অনুদান দিয়ে এটা করতে হবে, কাজেই এই প্রস্তাব প্রসঙ্গে আমি আমার বন্ধবা রাখলা এখন একটা জিনিষ আজকে ব্রুতে পারবেন -এই প্রস্তাব যদি বিরোধী পক্ষের যদি বিরোধিত প্রশন আসে--র্যাদও তা ওঠে না তাঁরাও জানেন এই প্রস্তাব ভাল খাদো স্বয়ংসম্পূর্ণতা সম্প্রে বলেছেন। কিন্তু তাদের যে দণ্টিভগ্গী সেই প্রাতন দ্ভিউগ্গী নিয়ে তারা সমবায় ককে य म णिज्ञाति आक्रांक प्रथा याटक या वर्जामन थात आमता या टिट्सिक्नाम वााष्क्रानि রাষ্ট্রীয়করণ সে ব্যাঞ্চগর্নলর রাষ্ট্রীয়করণ হয়নি। তার মাঝখানে মোরারজি দেশাই করলেন 1 - সামাজিক নিয়ন্ত্রণ ব্যাত্ক-এর উপর আনলেন। সেই সামাজিক নিয়ন্ত্রণের জন্য আজকে দেখা পাচ্ছি যে কৃষি উন্নয়নের জন্য ব্যাৎক থেকে টাকা দেবার প্রশন উঠেছে বা উঠছে এবং সেই টা কিভাবে এসেছে না এগ্রিকালচার ফাইনান্স কর্পোরেশন বলে একটা সংস্থা গঠিত হয়েছে, তা যে টাকা দেবে তাদের বিলের উদ্দেশ্যের ভিতর কি আছে না যে অধিক উৎপাদন কবতে পার টাকা তার কাছেই যাবে। সমস্যা কি? আমি একটা কথা বলছি, গ্রামের একটা জায়গায় ২০ ভ ভাগচাষী আদিবাসী আছে, তাদের নিজম্ব কোন জমি নাই, তাদের ১ কাঠা, ২ কাঠা ল্যান্ড আ নিজেদের প্রচেষ্টায় তারা গড়ে তুলেছে ধর্মগোলা, পাশে একটি ছোট নদী—তারা সেই নদী থে পান্প দিয়ে জল তুলে ফসল ফলাতে চায়। সেই সমবায়কে ঋণ দেবার বিধান নেই। কোঅপারেটিভ আইনে এমন বিধান নেই, টাকা আর তিনি পাবেন না। কিল্তু এণ্ডিকালচার ফাইনান্স
করপোরেশন কাদের টাকা দেবে? টাকা দেবে শ্নছি—জানি না আমাদের অঞ্চলে ওড় গ্রামে একটি
বিদতীর্ণ ভাপা পড়ে আছে, সেই ভাপায় ঐ বিরোধী দলের একজন ভূতপূর্ব কংগ্রেসী মন্দ্রী
২০০ একর জমি নিয়ে নৃত্ন চাষ করবার চেণ্টা করছে। কাজেই ঐ ২০০ একর জমি যাঁর তিনিই
পাবেন, কো-অপারেটিভ-এ নাকি এই রকম নিয়ম আছে যে ক্রেভিট ওয়ার্দি না হলে টাকা দেওয়া
যায় না। ধার দেবার ক্ষমতা আছে কিনা তা না হলে টাকা দেওয়া যায় না। কাজেই এই যে
সামাজিক নিয়ন্দ্রণ বিল হল যার ফলে এণ্ডিকালচার ফাইনান্স করপোরেশন ইত্যাদি নানান
ধরণের সংস্থা গড়ে উঠেছে তাতে সাধারণ চাষী টাকা না পেয়ে অশোকবাব্র মত লোকেরাই
ঐ ধরণের কয়েক শত বিঘা জমি যার আছে তারা উয়য়নের নামে টাকা পাবেন, তারা পাবেন
লিফট ইরিগেশন-এর জন্য টাকা।

তারা উন্নয়নের নামে টাকা পাবেন, তারা বলবেন লিফট ইরিগেশন দরকার টাকা দাও, পাম্প দরকার টাকা দাও, জমিগ্নলি কেটে ঠিক করতে হবে টাকা দাও এই ধরণের যাবে। কাজেই বর্তমানে কো-অপারেটিভ সেকটরে যে টাকা আসছে সেটা আগামী দিনে পাওয়া যাবে কিনা একথা ভাবতে হবে। আর কেন্দ্রের সঞ্চো ঐ কো-অপারেটিভ নিয়েই আমাদের একটা বিরোধ বাধার সম্ভাবনা আছে। কারণ তারা কো-অপরেটিভকে ল্বন্ট করে, সমবায় অর্থনীতিকে বিল্ক্ট করে ঐ ধরণের একচেটিয়াভাবে কৃষিকে আনবার চেণ্টা করছেন। কাজেই আমি আমার এই বন্ধব্য রেথে আমার বক্ততা শেষ করছি।

শ্রীহংসধনজ ধাড়া: মাননীয় স্পীকার মহাশয়, অতান্ত গ্রেত্বপূর্ণ প্রস্তাব নিয়ে আজকে আমরা আলোচনা করছি। সরকারী পক্ষের সদস্যই প্রস্তাব এনেছেন এবং সরকারী পক্ষের সদস্য প্রস্তাব আনলেও দুটি সংশোধনী প্রস্তাবও সরকার পক্ষের সদস্য দুজন এনেছেন। প্রথমে সংশোধনী প্রস্তাবগর্নলি যদি উত্থাপিত করা হোত তারপরে আলোচনা করলে আমি এই প্রস্তাবকে যতটা গ্রেছ দিয়েছি ততটা গ্রেছ দিয়ে আলোচনা করতে পারতাম। অবশ্য প্রস্তাব যেটি এসেছে তার চেহারার খুব বেশী পরিবর্তন হোত না। তব্ও আরো বেশী বোঝা যেত এই জন্য যে যেভাবে প্রস্তাবটা রাখলেন তাতে ভূমি রাজম্ব বিভাগের কোন বিষয়ের আলোচনা, সমবায় বিভাগের আলোচনা অথবা সেচ বিভাগের আলোচনা, অথবা সামান্যভাবে সব বিষয়ের আলোচনা তা লোঝা গেল না। আলোচনা আমরা করতে পারতাম পৃথক পৃথক ভাবে, সেইভাবে এই প্রস্তাবের ভেতর এক-একটি বিষয় রাখা হয়েছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা আনতে হলে এরকম প্রস্তাব আমরা আনি বা ওদিকের সদসারা আনুন সেটা বড় কথা নয়, আসল কথা বিষয়টি সততার সঙ্গে বিচার বিশেলষণ করে অগ্রসর হতে চাই কিনা? কয়েকদিন আগে যখন আমাদের মন্দ্রি-মহাশয় খাদ্য সম্বন্ধে বলতে গিয়ে বলছিলেন যে ১৯৬৯ সালে ২৪ লক্ষ্ণ টন ঘাটতি। তথন আমি ७য় পেয়েছিলাম এই ভেবে যে কেন উনি বললেন। এই জনাই ভয় পেয়েছিলাম য়েখানে ৬৬।৬৭ লক্ষ টন খাদ্য লাগবে সেখানে যদি ২৪ লক্ষ টন ঘার্টাত হয় এবং এটা যদি সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয় তাহলে স্বাভাবিক ভাবে খাদ্য যেভাবে আছে আমাদের দেশে চাষীদের হাতে এবং যেভাবে খাদ্যের বাবসা চলে তাতে মজত করার প্রবণতা বাডবে। ৬৭।৬৮ টন খাদ্য সেখানে ২৪ লক্ষ টন খাদ্য ঘার্টাত—শতকরা ৩৩ ভাগ একথা সরকারী ভাবে যদি মার্কেট জানে, দেশ **कारन, वावमामात्रता कारन ठारल थारमात्र कि अवस्था घंगेरा भारत निम मामगर्रामार एमग्रे** ব্রুতেই পারছেন কি? এবং তাতে একটা সর্বনাশ ব্যাপার দেশে সুষ্টি হতে পারে। এই যে খাদ্য ঘাটতি এটা স্বীকার করে নিয়ে আজকে যখন বেসরকারীভাবে তাদের দলের প্রস্তাব এসেছিল আশা করেছিলাম যে এ বিষয়ের বন্ধব্যের একটা সরকারী হ্যান্ড আউট আকারে নিশ্চয় আসুক এথানে সকলের সামনে।

[4-10-4-20 p.m.]

অনেকগ,লি বিভাগের সম্বন্ধে প্রচেণ্টা করতে পারলে তবেই খাদ্যে স্বরংসম্পূর্ণ হবে। পিসমিল কয়েকটি বিভাগ সম্বন্ধে প্রস্তাব করলেই যদি খাদ্য হয়ে যায় তাহলে আপত্তি নেই, ২।৩ বার

ধরে পাশ করে নিন কিন্তু যদি খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা আনতে হয় তাহলে ভূমি রাজস্ব বিভাগ কৃষি বিভাগ, সেচ বিভাগ, পশ্ব পালন বিভাগ, কমিউনিটি ডেভেলপমেন্ট বিভাগ এ'রা একযোগে চিন্তা করে কংক্রিট প্রোগ্রাম কর্ন যে এবছরে কতটা করবেন, তার পরের বছর কতটা করবেন। আমি দেখছিলাম এবারের বাজেট স্পিচের মধ্যে বলা হয়েছে যে ২ বছরের মধ্যে না কত দিনের মধ্যে ৭০ লক্ষ্ণ টন খাদ্য উৎপাদন করবেন। গত ৩।৪ বছরে আমাদের পশ্চিমবাংলায় অ্যাভারেজ খাদ্য উৎপাদন হচ্ছে ৪৫ লক্ষ টন থেকে ৫২ লক্ষ টন তাহলে ২ বছরের মধ্যে সতা সতাই যদি ৭০ লক্ষ টনে নিয়ে যেতে হয় তাহলে এই রকম একটা প্রস্তাব আনা হোল কেন? সতা সতাই র্যাদ হয় তাহলেও মন্ত্রী মহোদয়গণ একসংখ্য বসে একটা কংক্রিট প্রোগ্রাম এই সভাতে আনা দরকার ছিল। কিন্তু তা আমাদের কাছে নেই। শুধু কতকগুলি রাজনৈতিক বন্ধুতার মধ্য দিয়ে थामा फलरव ना। तामिशार् फार्मिल श्लानिश আছে कि निर्, स्म मन्दर्भ এकजन मन्त्रा कि বলছিলেন, তিনি ভল বলতে পারেন, ঠিক বলতে পারেন, তার অবতারণা করে কিছু, লাভ হবে না। রাশিয়াতে ফ্যামিলি 'ল্যানিং-এর দরকার নাও হতে পারে। মাননীয় সদস্যগণ জানেন রাশিয়াতে আমাদের অর্ধেক পপ্লেশন কিন্তু আমাদের চেয়ে অনেক গুণ বেশী জমি। আমাদের পশ্চিমবাংলার সংখ্য এটা বিচার করে দেখতে হবে। আমরা পশ্চিমবাংলায় খাদ্য ফলাব, এখানে জোর করে টানলে জমি বাডবে না. ১৯৬৬ সালে যা ছিল আজও তাই আছে। ১৯৬৬ সালে পশ্চিমবাংলার ৩৩ হাজার ৮২৯ স্কোয়ার মাইলে যে পপ্লেশন ছিল ৪ কোটি ৫।৬ লক্ষ হতে ১০ লক্ষ আজকে আরও বেড়েছে, তা যদি বাদ দিই তাহলেও পার স্কোয়ার মাইলে পপ্লেশন হবে ১.৩২ হাজার যা রাশিয়ায় নেই। অতএব পশ্চিমবাংলার সংগে রাশিয়ার তলনা করে লাভ কিছু হবে না। আজকে সেজন্য এই প্রস্তাবের সংশ্যে অনেক কিছু করার আয়োজন করলে তবে খাদ্য ফলবে। নিশ্চয়ই ভূমি সংস্কার হচ্ছে অন্যতম কাজ, কিন্ত তার সংশ্য আমাদের টার্গেট ঠিক করতে হবে। কত দিনের মধ্যে কতটা ফলবে. প্রথম বছরে কি কাজ হবে, দ্বিতীয় বছরে কি কাজ হবে সেটা আগে ঠিক করতে হবে। ৪ কোটি ৫ লক্ষ কি ১০ লক্ষ লোক যদি ধরি আমদের পশ্চিমবাংলায় আছে, তাহলে ৫ বছরে নিশ্চয়ই অনেক পপ্লেশন বাডবে। হিসাব যদি ধরতে যাই যে কত খাদ্য আমাদের লাগবে, তাহলে তার অনেক রকম হিসাব আছে আমবা কত করে খাব তার উপর সেটা নির্ভার করবে। আমি একটা হিসাব দেখছিলাম যে আমাদেব ভারতবর্ষে আমর। ১৪৩ কিলো গ্রাম খাই। এশিয়ার অন্যান্য দেশগুলি খায় ১৪৪, পাকিস্তান ১৪২। ইউরোপের অন্যান্য দেশ আমাদের চেয়ে অনেক কম খায় শুধু ইতালী দেখলাম ১৪২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের গামে যে হিসাব করে সেই হিসাব কর্ছিলাম যে যদি এক পোয়া করে মাথাপিছ, খায় (ভয়েস ফ্রম গভর্নমেন্ট বেঞ্জ-এক পোয়া নয়, এক সের বলন।) মাননীয় সদস্যর। গ্রামে কত খায় বললেন, গ্রামে মাঠে যারা কাজ করে তারা নিশ্চয়ই এক সের খায় বা তিন পোয়া খায়। আমরা যদি ৪ কোটি ৫ লক্ষ্ক কি ১০ লক্ষ্ক লোক ধরে নিই তাহলে তার শতকরা ১৫ ১৬ ভাগ হচ্ছে ৪ থেকে ১৪ বছরের। সেজনা আমি যে কথা বলছিলাম আমরা মাথাপিছ, ১৪৩ কে জি যা খাই সেটা যদি আমি ১৫০ কে জি ধরে নিই হিসাবের সূর্বিধার জনা তাহলে ৪ কোটি লোকের যা লাগবে তাতে ৬৭ মেট্রিক টন আমাদের খাদ্য লাগবে।

৬৭ লক্ষ্ণ মেট্রিক টন যেটা লাগবে তার ৫ পারসেন্ট সিড এবং ৫ পারসেন্ট ওয়েসটেজ ধরে নিলে আমাদের মোটামাটি চার্যের উপযোগী যে জমি আছে যার হিসাব আমরা পেয়েছি ১ কোটি ১০ লক্ষ্ণ একর, তাতে পাটের চাষ হয়, ডবল রুপিং আছে, সব মিলিয়ে তাতে আমরা হিসাব করে দেখছিলাম এই খাদা যদি ফলাতে হয়, ধানের যদি হিসাব ধরি তাহলে এক একরে এক টন খাদা ফলাতে হবে তার মানে বিঘা প্রতি গড়ে ৯ মণ। আজকে পশ্চিমবাংলায় তাইচুং, আই আর-এইট ইত্যাদি ধান বর্ধমানে ইরিগেশন দিয়ে যত বেশী ফলান হচ্ছে সেটা সাধারণ ভাবে আগের চেয়ে কিছা বেড়েছে, তার মানে দেড় গাণ থেকে দাগাণ। বাজেটে বলা হয়েছে যে দা বছরের মধ্যে আমারা ৭০, লক্ষ্ণ টন উংপাদন করবো, তার মানে আরও দেড়গাণ থেকে দাগাণ ফলাতে হবে যা আমাদের বর্তমানে উংপাদন হয় তার চেয়ে। এই কাজ যদি দায়িছ নিয়ে করতে হয় তাহলে যেভাবে আজকে আলোচনা হছে আমি কত খাই অথবা কত জনসাধারণ খায় এইভাবে যদি আলোচনা চলে তাতে ক্ষতি নেই কিন্তু বদি গারছ দিয়ে আলোচনা করে দেশকে বাঁচাবার চেন্টা

করতে হয়, পশ্চিম বাংলার জন্য পথ নির্ণয় করতে হয় তাহলে ঐ সমস্ত ডিপার্টমেন্টের মধ্যে এখনি একটা কো-অর্ডিনেশন বা এক সংশ্যে হওয়া দরকার। ভূমি রাজস্ব বিভাগ, কৃষি ও সেচ বিভাগ, সমবায় বিভাগ, পশ্মপালন বিভাগ এবং অন্যান্য যে যে বিভাগ চাষের সংগ্য জড়িয়ে আছে তারা এক যোগ হয়ে ওয়ার এফর্ডসিএ চিন্তা করলে তবেই এটা সম্ভব হবে, নাহলে আমরা ঠিকমত বাবন্থা করে উঠতে পারবোনা। ধানের উৎপাদন বা খাদোর উৎপাদন বৃদ্ধিতে জমির উপর সিকিউরিটি অফ টেনিয়োর একান্ত ভাবে করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৯ সালে ফোর্ড' ফাউন্ডেশন এক্সপার্টদের নিয়ে যে একটা এনকোয়ারি কমিশন হয়েছিল তাতে দেখছিলাম ইন্ডিয়ার ফ্রড ক্রাইসিস, স্টেটস ট্রু মিট ইট। সেখানে জমি সম্পর্কে আলোচিত হয়েছিল যে বারস্থাই হোক ইনসার্টেড আপ অন ল্যান্ড বন্ধ করা হোক- যে কোন প্রকারে জমির উপর যারা bit कर्तात जात्मत र्यानम्घराजा मृत ना कराज भाराल शत ना। यानम्घराजा मृत कराज शाला रा কে'ন পন্থায় বেনামী জমি, ভাগচাষী উচ্ছেদ অথবা সেলামী কতটা থাকবে সে সম্বন্ধে চিন্তা করে ঠিক করতে হবে। খাদ্য যেখানে প্রয়োজন, যেখানে মান্যকে খেয়ে বাঁচতে হবে সেখানে জমি সম্পর্কে যত দুতে আইনের মাধ্যমে এই ব্যবস্থাগুলি করা যায় তা একানত ভাবে চিন্তা করা দরকার। এছাড়াও খাদ্য উৎপাদনের ব্যাপারে ধানের দামের কথা বলা হয়েছে। ফ্লাকচুয়েশন অফ প্রাইসেস গত তিন বছরের মধ্যে যেভাবে হচ্ছে তাতে বেশী উৎপাদন করবার জন্য চাষ্ট্রীরা যেভাবে খরচ করে এগিয়ে গেছে—গত বছরের আগের বছর ১০০ টাকা ছিল, গত বছর ৬০।৭০ টাকা এবং এবছরে ৪০ টাকা ধানের দাম হয়েছে।

[4-20-4-30 p.m.]

তাতে উৎপাদন ব্যাহত হবে, উৎপাদনের দিকে লোক বেশী খরচ করতে চাইবে না এবং যে ইরিগেশনের জল নিয়ে, ফার্টিলাইজার নিয়ে অথবা নানা রকম অবস্থায় যে চাষ কবতে যাথে সে চাষ করতে পারবে না। কাজেই ধানের দাম নির্ধারিত করতে হবে এবং চাষের অনেক আগেই তা ঘোষণা করতে হবে। উৎপাদন বৃদ্ধি করতে হলে প্রথম কথা হচ্ছে সমুহত ডিপার্টমেন্ট-এর মধ্যে সমন্বয় স্থিট করতে হবে, জমির উপর অনিশ্চয়তা দূর করতে হবে, এবং ধানের মূল্য চাষের আগেই ঘোষণা করতে হবে। ধানের মূল্য নিধারণ সম্পর্কে এক এক সময় এক এক দ ক্টিভগ্গী নিয়ে আলোচনা কবা হয়। কোন সময় বেশী দাম বলি, কোন সময় অন্যান। তিনিসের দামের সংখ্য সামঞ্জস্য রেখে দাম বাডাতে বলি এবং কোন কোন সময় গরীব লোক যথন কিনে খায় তখন ধানের দাম কম করতে বলি। এই ব্যাপারে বিভিন্ন দেশে নানা রকম ব্যবস্থা আছে। জাপানে সমূহত উৎপাদন সরকাব অনেক বেশী দামে কিনে নেন এবং তারা অনেক কম দামে অর্থাৎ যেটা ন্যায়। দাম সেই দামে বিক্রি করে। আমাদের পশ্চিম বাংলায়ও এ সম্পর্কে চিন্তা করে দাম ঠিক করতে হবে এবং চাষের অনেক আগে চাষীকে তা জানিয়ে দিতে হবে। এই জিনিস যদি করা হয় তবেই চাষ্চ্য ব্লুঝবে কতটা ধান ফলালে তার লোকসান হবে না এবং সে লাভবান হবে। ইরিগেসনের উপর জোর দেওয়া হয়েছে বটে, কিন্তু পশ্চিমবাংলায় সেচবিভাগের নামে ছেনেজের কাজই বেশী। ২৪-পরগনা জেলাতেই সবচেয়ে বৃহৎ সমস্যা রয়েছে। সেখানে ভল-নেচের পরিবর্তে জল নিষ্কাশনের সমস্যাই বেশী। সমস্ত ২৪-পরগনায় ৪ হাজার ৮৪২ স্কোয়ার भारेत्नत भारत २ राजात ४८४ त्रकाशात भारेन मान्यतम स्थारत त्राठ वाक्या त्रारे वक्यात জ্বেনেজর উপব বাবস্থা করতে হয়। কংগ্রেস সবকার করেনি, ইংরেজ করেনি, মৃকুফ্রন্ট সরকার करार विकास विकास क्यानकार स्वाहें प्राप्त रात मा, भारतर क्षेत्रम रात ना। क छाड़े जा जारक প্রোগ্রাম করতে হবে। আমাদের যদি খাদের স্বয়ং সম্পূর্ণতা অ'নতে হয় তাহলে আজকে কতটা টাকা আমরা খদ্যোৎপাদনের দিকে পাব, কতটা দলইেস গেটেব দিকে পাব, কতটা দিয়ে জল নিষ্কাশনের ব্যবস্থা করতে পাবে এবং কতটা জলসেচের জন্য দিতে পারব তার ব্যবস্থা করতে হবে। আমি খাদ্য উৎপাদনের ব্যাপারে যেভাবে বিরোধী পক্ষের আলোচনা শ্বনতে পাচ্ছি ভাতে মনে হয় খাদ্যে বা ধান গাছে রাজনীতি চলবে। আমরা যদি খাদ্যের ব্যাপারে রাজনীতি করি তাহলে ওই ধান গাছে রাজনীতি ফলবে, ধান ফলবে না। এখনে যে এক্স পার্টি কমিটি এসেছিলেন তাঁরা তাঁদের রিপোর্টে বলেছিলেন টুরেন্টি ফাইভ পারসেন্ট যদি খাদ্য কম থাকে ভাহলে সেখানে ডেমোক্রেসী, সোস্যাল জাগ্টিস এবং কোন রকম ওয়েলফেয়ার ওয়ার্ক সম্ভব হবে না। আজকে

করবে একথা বললে ওখানকার স্লাইস গেট হবে না, ধানের ফসল হবে না। কাজেই আজকে প্রোগ্রাম করতে হবে। আমাদের যদি খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা আনতে হয় তাহলে আজকে কতটা টাকা আমরা খাদ্যোৎপাদনের দিকে পাব, কতটা স্লাইস গেটের দিকে পাব, কতটা দিয়ে জল নিম্কাশনের ব্যবস্থা করতে পারব এবং কতটা জলসেচের জন্য দিতে পারব তার ব্যবস্থা করতে হবে। আমি খাদ্য উৎপাদনের ব্যাপারে যেভাবে বিরোধী পক্ষের আলোচনা শনেতে পাচ্ছি তাতে মনে হয় খাদ্যে বা ধান গাছে রাজনীতি চলবে। আমরা যদি খাদ্যের ব্যাপারে রাজনীতি করি তাহলে ওই ধান গাছে রজনীতি ফলবে. ধান ফলবে না। এখানে যে এক পার্টি কমিটি এসেছিলেন তাঁরা তাঁদের রিপোর্টে বলেছিলেন টোরেন্টি ফাইভ পারসেন্ট যদি খাদ্য কম থাকে তাহলে সেখানে ডেমোক্তেসী, সোস্যাল জাম্টিস এবং কোন রকম ওয়েলফেয়ার ওয়ার্ক সম্বর হবে না। আজকে এখানে একটা নন-অফিসিয়াল রেজলিউশন সরকার পক্ষের সদস্যদের মাধ্যমে এসেছে, কিন্তু বিভিন্ন বিভাগ এবং সরকার কিভাবে এগালি কার্যকরী করবে তার উপরেই সব কিছা নির্ভার করছে। আমি একান্ডভাবে কামনা করব কয়েক বছরের প্রোগ্রাম করে বিভিন্ন বিভাগকে কিভাবে কোয়ডি নৈটেড করা যাবে, ভূমির উপর যে আনসার্টে নিটি আছে তা দূরে করবার জন্য কি কি লেজিসলেশন আনতে পারবেন এবং ক্রেডিট ফেসিলিটিস, ইরিগেশন ফেসিলিটিস কিভাবে কোন জায়গায় কতটা দেওয়া যাবে সেই চেণ্টা আপনারা করবেন। ইরিগেশন ফের্সিলিটিস থার্টি পারসেন্ট আনবেন বলেছেন। থার্টি পারসেন্ট অফ দি টোটাল ল্যান্ড আনা যাবে না কারণ সর্বত ডিপ টিউবওয়েল হবে না. সর্বত্র জল পাওয়া যাবে না—কারণ সেখানে নোনা জল। ২৪-প্রগনায় যা হবে নদীয়ায় তা হবে না এই জিনিষ বুঝে তবে প্রোগ্রাম করতে হবে এবং তবেই খাদ্য উৎপাদন ব দিধ হবে। এই প্রদতাবের উপর যদি গ্রেত্ব দিতে হয় তাহলে কিভাবে খাদ্য উৎপাদন ব্দিধ করে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারি সেইভাবে কাজ করতে হবে। আমাদের দিক থেকে আমরা এই কথাই বলছি।

Shri Kashi Kanta Maitra: Sir, I beg to move that-

- (i) in para. (a), line 1, after the word "lands" the words "and Railway's unused land" be inserted,
- (ii) in para. (a), line 2 after the words "through a Committee mainly composed of "the following be inserted:—
- "representatives of the various Kisan and Khetmajdoor Unions and under the guidance of United Front Committees—and "Bhumi Senas" be organised on a voluntary basis for reclamation of waste and follow lands".
- (iii) for para. (b) (i), the following be substituted :-
 - "(i) in areas under Government Irrigation Projects discharge of irrigation water for kharif crops be so regulated as to reduce waste irrigation water to its minimum and conserve greater water resources to grow two to three crops as extensively as possible and in other areas particularly in deficit non-industrial districts and one-crop areas large scale shallow tubewell and tank or well irrigation schemes be undertaken by liberalising the existing terms and conditions to help small, poor and landless peasants".
- (iv) in para. (c) in line 1, after the words "agricultural implements" words "high yielding seeds" and in line 2, after the words "subsidized rate" the words "or by way of loans" be inserted.

- (v) in para. (c), after the word "guaranteed" the words "through properly organised broad-based agriquitural co-operatives" be added.
- (vi) after para. (e), the following be added:-
 - "(f) supply of agricultural credit at a nominal rate of interest
- "(g) stoppage of evictions or eviction proceedings of actual poor necessitous peasants already launched or threatened or sought to be launched at the instance of usurious money-lenders, big landlords and Jotedars etc. on the basis of so-called sham fictitious, colourable land transactions or sham fictitious transfer deeds or on account of forced or distressed sale by suitable legislation".

মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে মূল প্রস্তাব মাননীয় সদস্য শ্রীপ্রবীর মল্লিকের নামে উপস্থাপিত হয়েছে, সেই প্রস্তাব আমি সম্পূর্ণরূপে সমর্থন করি। কিন্তু তার সংশ্যে আমি কয়েকটি সংশোধনী জুড়ে দিতে চাইছি। মাননীয় উপাধাক্ষ মহাশয়, আপনি যদি সংশোধনগুলি দেখেন এবং অন্যান্য সদস্যরা দেখেন তাহলে ব্রুতে পারবেন যে এই সংশোধনী প্রস্তাবের সঙ্গে মূল প্রস্তাবের কোন সংঘাত নাই বা বিরোধ নাই, দুটি একে অপরের পরিপ্রেক। আজকে যে প্রস্তাব এসেছে এবং এই প্রস্তাব যিনি এনেছেন আমি তাঁকে আন্তরিক ধনাবাদ জানাচ্ছ। কেন না এই প্রদতাব অতানত গর্ভপূর্ণ। আমি এক বিষয়ে মাননীয় সদস্য শ্রীহংসধন্ত ধাড়ার সংখ্য একমত যে এই রকম একটা গ্রেত্বপূর্ণ প্রস্তাবকে কার্যকরী করতে হলে, কার্যে র পায়িত করতে হলে কৃষি দুশ্তর সেচদুশ্তর এবং সমবায় দুশ্তর এই তিনটি দুশ্তরের সঞ্জে र्घानप्ठ रयाशास्याश दाशा मदकात। এই তিনটি দশ্তরের মধ্যে যদি কো-অভিনেশন না থাকে তাহলে সমুহত পরিকম্পনাটা কাগজেই থাকবে, কার্মের প্রায়িত হতে পারবে না। যে সংশোধন-গ্রাল আমি এনেছি আমি তা আপনার সামনে রাখছি। আমি মূল প্রস্তাবের প্রথম অনুচ্ছেদে কুজ এ-তে যেখানে ফ্যালো ল্যান্ড বলে শেষ হয়েছে, আমি বলছি সেখানে ফ্যালো ল্যান্ডেব পর রেলওয়ে ল্যান্ড এটা যোগ করা হোক। আমাদের বাংলাদেশের রেল লাইনের ধারে বিভিন্ন জায়গায প্রচব জাম অনাবাদী পড়ে আছে। অবশ্য এটা আইনেব দিক থেকে বেলওয়ে কর্তৃপক্ষ জমি লীজে বন্দোবসত দেন, আমি মনে কবি আমাদের পশ্চিম বংগ্রেষ ফুল্ট সরকারের কৃষি-দুণ্ডর রেলওয়ে মুলুকের সুঞ্গে বা পশ্চিম বাংলাব বেলওয়ে দুণ্ডুরের ভারপ্রাণ্ড উর্ধাতন অফিসারের সংখ্যা বসে যদি আলোচনা করেন তাহলে এর সরোহা সম্ভব। এই ব্যাপারে পশ্চিম বংগার যাত্ত্ত ফ্রন্ট সরকার নিশ্চযই যোগ্য ভূমিকা নেবেন। তাই আমার সংশোধনী প্রদতাবে

- (ii) in para (a), line 2, after the words "through a Committee mainly composed of" the following be inserted:—
 - "representatives of the various Kisan and Khetmajdoor Unions and under the guidance of United Front Committees—and "Bhumi Senas" be organised on a voluntary basis for reclamation of waste and fallow lands",

অর্থাৎ যেখানে বলা হয়েছে গরীব চাষীদের দিয়ে সংগঠিত কমিটির মধ্য দিয়ে সেই সমসত জমি বিলি বন্দোবসত হোক, আমি সেখানে বলেছি যেহেতু মূল প্রস্তাবে অস্পণ্টতা থাকছে, আমি সেজন্য বলেছি এবং আমি মনে করি এই জমি বন্টনের ব্যাপারে আসা উচিত পশ্চিম বাংলার যে সমসত কিষাণভাইদের কিষাণ সংগঠন আছে, সেই সমসত কংগঠনের যে সমসত প্রতিনিধি আছে, গ্রামসতরে, তালের দিয়ে কমিটি সংগঠন করলেই

কাজ হবে না, আমি মনে করি এর প্রোভাগে থাকবে এই সমস্ত অণ্ডলের যুক্তফ্রণ্ট ও সকল রাজ-নৈতিক দলগ্রিলর যুক্তফ্রণ্টের নেতৃব্দের পরিচালনাধীনে তাঁরা কাজ করবেন। এর পর পার্ট বি ওয়ান.....

- (iii) for para. (b) (i), the following be substituted:-
 - "(i) in areas under Government Irrigation Projects discharge of irrigation water for kharif crops be so regulated as to reduce waste irrigation water to its minimum and conserve greater water resources to grow two to three crops as extensively as possible and in other areas particularly in deficit non-industrial districts and one-crop areas large scale shallow tubewell and tank or well irrigation schemes be undertaken by liberalising the existing terms and conditions to help small, poor and landless peasants",

এটা খ্ব গ্রেছ্পণ্ণ বলে মনে করছি। আমার দ্বিতীয় ধারাতে যে বস্তব্য রেখেছি ম্ল প্রস্তাবক ম্ল প্রস্তাবে যা রেখেছেন তার সংগ কোন সংঘাত নেই। আমি এটাতে ৩০, পারসেন্টের কথা বলেছি। মাননীয় উপাধাক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের কৃষিদপ্তরের এমন কোন স্টাটিস্টক্স নেই, অ্যাভেলএবল ডাটা নেই যা থেকে সমগ্র ইরিগেশন রিসোসের ৩০ পারসেন্ট কত, ৫০ পারসেন্ট কত দাঁডাবে বলা যায়।

[4-30—4-40 p.m.]

আমি সেই জন্য বলছি যে এমনও হতে পারে সেচের জলের সুষ্ঠু নিয়ল্তণের দ্বারা ডবল ক্রপিং, ট্রিবল ক্রপিং হতে পারে। যেমন ডি ভি সি. ময় রাক্ষী এবং কংসাবতী এই যে সব গভন মেন্ট ইরিগেশন প্রজেক্টস রয়েছে সেখানে খারিফ, আমন এবং আউস—আমনের বিশেষ কবে সেচের জন্য যে জল দেওয়া হয় অনেক ক্ষেত্রে আমবা দেখেছি যে জল এমন ভাবে ছাড়া হয় যে সেচের জল অপচয় হয়। সেটা যদি আমরা নিয়ন্তিত কবতে পারি বৈজ্ঞানিক পর্ন্ধতিতে এবং দক্ষ সং কর্মচারী অফিসারদের সাহায্য নিয়ে এবং এই ব্যাপারে আমার দুট বিশ্বাস আছে যে ভার্ঞালক এবং ম্থানীয় যুক্তফ্রন্ট কমিটি ও অন্যান্য রাজনৈতিক দুলগুলিও নিশ্চয়ই সাহায্য করবেন এবং অপর পক্ষের কংগ্রেস বন্ধরাও নিশ্চয়ই সহযোগিতা করবেন তাহলে এই সেচের জল নিয়ন্তিত করা সম্ভব—নিয়ন্ত্রিত করে সেই জলটাকে যাতে আমরা অনা ফসলের জনা সেচের কাভে ব্যবহার করতে পারি, সেদিকে যদি নজর দেওয়া যায় তাহলে আমার ধারণা দুটো-তিনটে ফসল পাওয়া সম্ভব। সেই জনা সেচের জল যাতে অপবায় না হয় সে ব্যাপারে আমি সংশোধনী প্রহতাব বেখেছি এবং বিশেষ করে আমি বলছি মাননীয় উপাধাক্ষ মহাশয়, আজকে আমাদের কৃষি মল্টাকে আমি অভিনন্দন জানাচ্ছি তিনি বিজ্ঞানের একজন ছাত্র ছিলেন, তাঁর বিদ্যাবস্তার উপর আমাব আস্থা আছে, তিনি আমাদের হাউসেব প্রেরানো বন্ধু—আমি তাঁকে অনুরোধ করব তিনি ঘদি একটা সামগ্রিক দুণ্টিভগ্গী নিয়ে প্রকৃত বাস্তববাদীর মন নিয়ে কাজে হাত লাগান তাহলে তিনি যথেণ্ট সাফল্য লাভ করবেন সমগ্র পশ্চিমবাংলায় যুক্তফ্রন্ট সরকার যদি মনে করেন যে প্রয়োজনীয়া বায়মঞ্জারী দিয়ে এইসব ক্ষাদ্র সেচের কাজ আরম্ভ করবেন সকল জেলায় একই সংগ্রে তাহলে আমি বললো যে অবাস্ত্র প্রস্তাব হবে। এত টাকা এত রিসোসেসি রাজাসরকারের বর্তমানে নেই যে দ,ই-তিন বছরের মধ্যে একই স্থেগ সাইমালর্টেনিয়াসলি সমস্ত জেলার সেচের কাজ করতে পারবেন। সেই জনা বর্লাছ প্রথম কতকগালি ঘাটতি জেলাকে বেছে নেওয়া হোক, যেখানে শিল্প গড়ে ওঠে নি। যেমন মেদিনীপুর বাংলাদেশের গ্রেনারী আমি বলব, কিন্তু অদ্ভূত ব্যাপার যে সমগ্র মেদিনীপরের অর্থানীতি নির্ভার করে একটা ফসলের উপর। আজ মেদিনীপরের যদি সেচের জল ও জল নিম্কাশনের উপযুক্ত ব্যবস্থা করা যায় তাহলে মেদিনীপুরে দুটো ফসল চাষীরা সকল মাঠে ফলাতে পারবেন। বাংলাদেশের তথা সমগ্র জেলার চেহারা পালটে যাবে। नमीया किला पार्णे किला। अविकंड वालाय नमीया किलाव कनमः पार्मिक व लक्क अथन ২০ লক্ষ। এই উম্বাস্তু অধ্যাষিত অঞ্চলে যদি আমরা ব্যাপকভাবে সেচের ব্যবস্থা না করতে

পারি এবং সেখানে মাঠে মাঠে সেচের জল দেবার ও জল নিষ্কাষণের বাবস্থা না করতে পারি, ফসলে উৎপাদন যদি বাড়াতে না পারি তাহলে সারা পশ্চিমবাংলাকে আমরা খাদে৷ সেলফ্ সাফি-সিয়েন্ট করব এই কথাটা একটা অত্যন্ত গালভরা কথা হবে, এর কোন মূলা থাকবে না। সেই জনা আমার সংশোধনী প্রস্তাবে আমি এই কথা বলতে চাই যে ঘাটতি জেলা এবং যে সমস্ত জেলায় শিল্প গড়ে ওঠেনি সেই অনগ্রসর জেলায় এবং যেথানে সেচের কোন ব্যবস্থা নেই এবং একটা ফসল হয় এই রকম যে সমস্ত জেলা রয়েছে সেই সমস্ত জেলার উপর বিশেষ অগ্রাধিকার ও গুরুত্ব দেওয়া হোক এবং জরুরীকালীন ভিত্তিতে সেই সমুহত এলাকায় সেচের বাবস্থা গ্রহণ করা হোক। আমি আমার প্রস্তাবে সেই জন্য স্যালো চিউবওয়েল-এর উপর জোর দিয়েছি। বাংলা-দেশের কয়েকটি জেলায় যে ডিপ টিউবওয়েল-এর ব্যবস্থা হয়েছে আপনি জানেন এ নিয়ে অনেক नालिश आमर्य-रिख्छानिकता এ निरंग जरनक श्रम्न जुलाएं । वालाएं एय एक शाकात छिन টিউবওয়েল-এর বাবস্থা করা হয়েছে তাতে ওয়াটার লেবেল নেমে যেতে পারে এবং প**ু**কুর টাুকুর শ্রকিয়ে যেতে পারে এ আশুখ্কা করার সংগত কারণ আছে। আশ্চর্যের ব্যাপার, কংগ্রেস আমলে এই সমগত জিনিসগ্লি হয়েছিল কোন সায়েণিটিফক হাইড্রোলজিকালে ডাটা না নিয়ে এই পশ্চিমবাংলার প্রাক্তন মুখামনতা পরলোকগত ডাঃ বিধানচন্দ্র রায় তিনি বলেছিলেন তিনি বাংলা-দেশের তিন হাজার ডীপ টিউবওয়েল বসাবো। তিনি একবারও ভেবে দেখেন নি কৃষি দৃংতরের অফিসাররা সেদিন ভেবে দেখেন নি যে এই তিন হাজার ডিপ টিউবওয়েল বসিয়ে যদি সাইমাল-টেনিয়াসলি এক সংগ্র চাল্ব করা যায় তাহলে ওয়াটার লেবেল নেমে যেতে পাবে। এর ফলে হটি কালচারাল যে ওয়েল্থ আছে –আম. জাম, কাঠাল ফলের বাগান সেই সমস্ত নণ্ট হয়ে যেতে পারে কারণ এসব ফলের গাছ বাগান তলাকার যে জল থেকে রস সঞ্চয় করে বে'চে থাকে সেই জলের দত্র নেমে যাবে, সেগালো বাঁচবে কিনা সাত্রাং এই ওয়াটার লেবেল যদি হঠাং নেমে যায় তাহলে দেশে আর এক সর্বনাশ দেখা দিতে পারে। আর্মেরিকায় এই রকম করতে গিয়ে বহ, অঞ্চল মর,ভূমির মত হয়ে গেছে। কিন্তু আমি স্যালো টিউবওয়েল সন্বন্ধে এইট্রকু বলবো যে অলপ ব্যয়ে হতে পারে—আমি শ্রনেছি কৃষকদের কাছ থেকে যে মাত্র পাঁচ হাজার টাকা এর দাম এবং এই একটা টিউবওয়েল নিতে গেলে অনেক ঝামেলা আছে, কো-অপারেটিভ-এর প্রভৃতি ব্যাপার আমি সেই জন্য প্রুস্তাব কর্রোছ যে আর একটা লিবারালাইজ করা দরকার, আরও উদার ভিত্তিতে মাঠে মাঠে অগভীব নলক্প বসান দরকার অবিলম্বে বিশেষ কবে নদীয়া ও ঘাটতি জেলাগুলিতে। যারা ভূমিহীন চাষী আজকে তারা এর আওতায় আসতে পারে না। এই লিবারালাইজ করাব অর্থ হবে যে দুই তিন জন জয়েন্টলি যাতে এই স্যালে। টিউবওয়েল অপারেট করবার সংযোগ পান। এটা যদি করেন তাহলে কাজের স্থাবিধা হবে। বর্গাদারকে এব সংযোগ দিতে হবে। টাকা আদায় কবাব চিন্তাটা এখন যেন সরকাবকে পেয়ে না বসে। চাষীরা ফার্টিক দেবে না। দুটো তিনটে ফসল মাঠে তুলতে পারলে তাদের দেয় টাকা খ্সী মনে সরকারের ঘরে গিয়ে পোছে দেবে। "মাঠে মাঠে সেচ চাই", "জল নিংকাষণের বাবস্থা চাই" এই স্লোগান সামনে বেখে কৃষি দণ্ডরেব কর্মচাবী ও অফিসারদেব কাজে নামতে হবে। যেখানে বড় খাল-বিল আছে—সেখানে জল উত্তোলক যশ্য বা পাশ্প দিয়ে জল তলে পাশ্ববিত্তী চাষের জমিতে সেই ওল সোচর ব্যবস্থা করতে হবে। এতে ব্যয়ও কম হবে, চুষ্ত ডবল হবে। নদীয়া জেলায় এই ধরনের খাল-বিল প্রচুর বয়েছে। প্রথমে গ্রামে গিয়ে এই সব কর্মসাচী তৈরী করতে হবে বাইটার্স-এ বসে হবে না।

আমার আর একটা প্রস্তাব চতুর্থ ধাবায় সালিবেশিত। আমি শ্রেণ্ হাই ইলিডং সীডসের কথা বলেছি যেটা মূল প্রস্তাবে ছিল না এবং যেখানে মূল প্রস্তাব বলছেন সাবাস-ডাইজ রেটে বা ভরতুকি দিয়ে কম দামে ইমণ্লিমেন্টস দেবেন সেখানে আমি বলছি যদি দরকাব হয় বিকল্প পৃশ্যতিতে যেমন বাই ওয়ে লোনস দেবাব বাবস্থা করা দরকাব। তারপুরে

clause 5 in para (c) after the word "guaranteed" the words "through properly organised broad-based agricultural co-operatives" be added

আমি এই প্রপাবলি অর্গানাইজড এবং রড বেজড কো-অপারেটিভ এজনা বলচ্চি - আর্থান জানেন, এই কো-অপারেটিভগুলির এরিয়া অফ অপারেশন স্থির করে দেয়া হয়েছে, একটা গ্রামে একটা কো-অপারেটিভ হলে বেণ্গল কো-অপারেটিভ সোসাইটিজ আ্যান্তে বলে দেয়া হয়েছে সেই প্রামে আর কেউ ঐ ধরণের কো-অপারেটিভ করতে পারবেন না। অথচ গত ২০ বছরের কংগ্রেসী আমলে প্রামে বড় ব্যাপারীরা, জোতদার, মহাজনরা, ভিলেজ টাইফ্রনসরা, মানি লেন্ডাররা এই সমস্ত কো-অপারেটিভগ্রলি দখল করে বসে আছে, সেখানে আর কেউ নতুন করে ঢ্কতে পারে না। যদি দরকার হয় তাহলে কো-অপারেটিভগ্রলিকে উদার ভিত্তিক করতে হবে এবং সেটা জোর করে করা যায় না কিন্তু যুক্তফ্রন্ট সরকার এবং ঐ পক্ষের সদস্যরা যদি গ্রামে গ্রামে হাওয়া তুলতে পারেন যে এখানে কো-অপারেটিভ হয়েছে, আপনারা সভা হন এবং সরকার যদি সাহায্য করেন তাহলে কো-অপারেটিভগ্রলি রড বেজড হবে। ফার্মে গ্রীব চাষীরা, জমিহীন চাষীরা সমবায়ের সভ্য হতে পারবেন, ঋণ পাবেন, স্ব্যোগ-স্ববিধা পাবেন। তারপরে কুজ এফ-এ আমার প্রস্তাব হচ্ছে

Supply of agricultural Credit at a nominal rate of interest.

এটা আমি মনে করি গ্রেত্বপূর্ণ প্রস্তাব। তারপর

'(g) stoppage of evictions or eviction proceedings of actual poor necessitous peasants already launched or threatened or sought to be launched at the instance of usurious money-lenders, big landlords and Jotedars etc. on the basis of so-called sham fictitious, colourable land transactions or sham fictitious transfer deeds or on account of forced or distressed sale by suitable legislation'.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আইনজীবী ছিলেন, আপনি জানেন এবং এই হাউসের অনেক বৃধ্ধরো হয়ত জানেন গ্রামে আমরা সাফ কোবালা বা আউটরাইট সেল ডিডের নাম করে বহু: জমি চলে যাচ্ছে মরীব চাষীদের কাছ থেকে মহাজনের কাছে। কাগজে লিখিয়ে নেয়া হল গরীব চাষীর অজ্ঞতা ও দারিদ্যের সুযোগ নিয়ে সাফ কোবালা—অথচ আসলে চাষী প্রয়োজনের তাগিদে মহাজনের কাছে ঋণ । । ল বেশী স্কুদে - এটা লোন ট্রানজাকশন মাত্র। এই ঋণ শোধ না হলে সেই সব মহাজনরা দলিল দেখিয়ে দখল দিচ্ছে-চাষীদের জমিগুলো অথবা দখল কবে নিতে চেণ্টা করছে। এইভাবে যারা অল্প জমির মালিক তাদের ভূমিহীন করা হচ্ছে। ২৪-প্রগ্নায় দেখা याटक रय रमशात वर्गामारतता क्रीम थाटक উटक्टम शरा याटक - ठाता 'এकतातनामा' करत मिटक, এই দলিলের বলে জমির মালিকদের যে-পরিমাণ ধান বর্গাদারকে দিতে হত তার চেয়ে অনেক বেশী দিতে হচ্ছে যার ফলে বর্গাদারেরা খবে শোষিত এক্সংলয়টেড হচ্ছে। মহাজনী শোষণ এক এক জেলায় এক এক রূপ নিয়েছে। নদীয়া জেলায় সাফ-কোবালার মাধামে গরীব চাষীর জমি গ্রাস कता २८७६। এটা বन्ध कतरू २८व। আমার মনে २য় বাংলাদেশের युक्कुन्ট সরকার ভারতে সমরণীয় হয়ে থাকবেন যদি নতুন সরকার এই সমস্ত জিনিসগর্লির দিকে দ্রণ্টি দেন। যেমন অবিভক্ত বাংলায় প্রধান মন্ত্রী স্বর্গত ফজললে হক সাহেব তিনি বাংলার চাষীদের বাঁচাবার জন্য যা করেছিলেন সেই ভূমিকা যদি বাংলাদেশের কৃষিমন্ত্রী নেন তাহলে আমার মনে হয় তিনি একটা বিরাট কাজ করবেন। আমার প্রস্তাব তিনি প্রত্যেক জেলায় ট্রাইব,নাল বসান, বসিয়ে গত ২০ বছর এই যে চাষীদের জমি চলে গেছে তার প্রত্যেকটা ট্রানজাকশন একজামিন করতে হবে এবং সেই সব যোগসাজসী অজ্ঞতা দোষে দুল্ট ফুডলেন্ট ল্যান্ড ট্রানজাকশনগুলি একজামিন করে সেই সমস্ত সংশ্লিষ্ট চাষের জমিগ্রলি গরীব চাষীদেব ফেরত দিতে হবে। কৃষিমন্ত্রী একটা আইন প্রণয়ন কর্ন- প্রয়োজন হলে অর্ডিন্যান্স রচনা কর্ন। একটি ছোট আইনই যথেণ্ট এর জন্য। প্রতিটি জেলায় জেলা জজদের এই সব ট্রাইব্নালের ক্ষমতা দিন। তার থেকে কোন আপীল চলবে না--অভিযোগ নিম্পত্তিব জন্য প্রতিটি ক্ষেত্রে সময়সীমা আইনে বে'ধে দেওয়া হোক, গরীব চাষীরা বিনা কোর্টফিতে, বার আনারী দরখাসত দাখিল করে অভিযোগ বা নালিশ পেশ করতে পারবে। প্রকৃত কৃষিজীবীর হাত থেকে অকৃষিজীবীদের হাতে জমি হাতবদল বন্ধ করতেই হবে আর আইন দিয়েই সেকাজ করা স্নিশ্চিতভাবে সম্ভব। এতে কৃষকদের মধ্যে দার্ন উৎসাহ

উদ্দীপনা জাগবে। আসনে আমরা সকলে এই নতুন কর্মযজ্ঞে হাত মিলাই বাংলার শোষিত কৃষকদের রক্ষা করি। আজ যদি এই কাজ আমাদের শ্রন্থেয়ে মন্ত্রী ডঃ ভট্টাচার্য করতে পারেন তাহলে আমি মনে করব যে তিনি স্মরণীয় হবেন—যুক্তফ্রন্ট সরকার বাংলা দেশে ন্তুন ইতিহাস স্থিত করবেন। বিদায় নেবার আগে আমি একথা বলব পশ্চিমবাংলার সামনে আজ যে সমসাা দেখা দিয়েছে তাতে তার সংগে আমেরিকা বা রাশিয়ার তুলনা করে সত্যিকারেব কোন ফল হবে না।

[4-40--4-50 p.m.]

কারণ আমাদের এখানে মনে রাখতে হবে আমাদের এটা গরীব দেশ, শতকরা ৮০ জন কৃষিব উপর নির্ভরশীল। এখানে যদি 'এক্সব্রিম মেকানাইজেশন' করা হয়, যদি গ্রামে গ্রামে বড় বড় ট্রাকটার দিক্ট্র চাষ হয়, এখানে অটোমেশান-এর টেল্ডেন্সী গ্রামে এসে যায়, তাহলে লক্ষ্ণ লক্ষ্ণ গ্রামের কৃষক কর্মহীন হয়ে পড়বে। গ্রামে লেবার ইনটেনসিভ প্রোগ্রাম নিতে হবে, গ্রামের কৃষকদের কাজ দিতে হবে, তাদের বেকারী ঘ্রচাতে হবে—এই বলে আমি কৃষিমন্টীকে অনুরোধ করছি যে আজকে যে প্রস্থাব প্রবীর মল্লিক মহাশয় এনেছেন তাকে রুপে যিত কর্ন এবং একটি জর্বী কালীন যুক্তকালীন ভিত্তিতে একে রুপে দিয়ে বাংলাদেশে ন্তন পথ তিনি দেখান এবং স্বার কৃতজ্ঞতাভাজন ও ধন্যবাদাহে হোন।

শ্রীসরোজকুমার রায়: মাননীয় উপাধাক্ষ্য মহাশয়, প্রবীর বস; মল্লিক মহাশয় যে প্র>াব এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমি যে তিনটে ছোট ছোট আমেন্ডমেন্ট এনেছি, সেই বিষয়ে কিছু বলতে চাই। আমাদের এই হাউসের অন্যতম প্রোনে। সদস্য হংসধ্বজ ধাড়া অভাত গুরুত্পূর্ণভাবে পোজ নিয়ে কথা বললেন এবং বললেন যে এই প্রতাব আরও গুরুত্ব দিয়ে আনা হলে ভাল হোত। তিনি মূলত বিরোধী দলের তাই কিছু বলতে হবে তাই বোধ হয় তিনি একথা বলেছেন। আমি জানি না এর চেয়ে কি আর বেশি গ্রেছ দেওয়া যেতে পারে। উনি অনেক দিন সদস্য আছেন এই হাউসের উনি জানেন গত ২০ বছরে প্রধান প্রধান সমস্যা কংগ্রেস স্মিট করেছিল। আমাদের প্রধান সমস্যা হল খাদ্য সমস্যা এবং যে মাল সমস্যা তাকে কেন্দ্র করে আরও বহু, সমস্যা সু দ্বি হয়েছে। আজকে সমগ্র পশ্চিমবাংলার মানুষকে ষে সমস্যা সবচেয়ে বিব্রুত করেছে, সেই খাদা সমস্যার সমাধান করতে গেলে এক নম্বব কৃষককে জমি দেওয়া দরকার। দ: ন্দ্বর জমি দিলেই হবে না, জল দিতে হবে, তিন ন্দ্বর ফসলের ন্যাযামূল্য দিতে হবে এবং কুষকের যে সমুহত জিনিষ প্রয়োজন তা সে ন্যাযামূল্যে পাবে। এই যে চাব-পাঁচটি মূল জিনিষ দেখা দরকার সেটা এই প্রস্তাবে আনা হয়েছে যথেষ্ট ভেবে চিন্তে এবং যথেষ্ট গরেত্ব দিয়ে আনা হয়েছে। আমার মনে হয় হংসধনজবাব বিরোধীপক্ষে কিছা বলতে হবে তাই তিনি হালকা-ভাবে এই কথা বলেছেন। আমি যে আমেন্ডমেন্ট এনেছি, সেখানে এক জায়গায় আমি দিয়েছি প্যারাগ্রাফ ওয়ানে সেখানে একটা কথা দিয়েছি, সেখানে আছে বেনামী জমি উম্ধার কবে প্রওব পেজেন্টদের দিতে সেখানে আমি একটা দিয়েছি

and instead of existing ceiling of individuals, the ceiling be fixed on family basis.

আমার একট্থানি আগে এক বস্তা বলে গিয়েছেন যে কেরলে এই জিনিস আনা ংয়েছিল সেটা সংবিধানমত নয় বলে বাতিল করে দেওয়া হয়েছে। আমার যেট্কু অভিজ্ঞতা আছে, তাতে মনে হয় সংবিধান বিরোধী বলে বাতিল করা হয় নি, সেটা জার করে বাতিল করা হয়েছিল। আমার সেথানে মূলত প্রশন হল, আজকে যেখানে বেআইনী জিম বার করার প্রশন উঠেছে, সেই সময় দেখছি বেআইনী জমি বার করার একটা মসত ডিফিকালটিস হয়ে পড়েছে, জিম বণ্টনের ব্যবস্থা কংগ্রেস করে গিয়েছে যেভাবে তাতে মাথা পিছ্ জমি থাকবে। আমাদের সেথানে প্রস্তাব ছিল ফ্যামিলি পিছ্ রাখা হোক। আমরা জানি আজকে এক একজন মাথা পিছ্ জমির নামে চাকর ছাড়াও হাতী, কুকুরের নামে লাকিয়ে রেথেছে।

সেজনা আমার প্রস্তাব হল একটা সিলিং ফিক্সড অন ফেমিলি বেসিস করতে হবে। এটা সম্পর্কে আমি আশা করব আমাদের যুক্তফ্রন্ট সরকার যথেণ্ট নজর দেবেন। এবং একটা প্রচেণ্টা করবেন যাতে এটা কোনরকমভাবে বেআইনী নাকচ না করতে পারে। কারণ বাংলাদেশের রাঘব-বোয়ালেরা হাজার হাজার বিঘা জাম ল,কিয়ে রেখে দিয়েছে, সেহেতু যদি এটা ফোমাল বোসস না করা যায় তাহলে এই জমি পাওয়া যাবে না। এই সত্তে ও'দের জানা দরকার কয়েকদিন আগে শ্রীআভা মাইতি হঠাং একটা বস্তুতা দিতে গিয়ে বললেন যে বাংলাদেশ সম্পর্কে তাঁরা অনেক কাজ করেছেন। বাংলাদেশের মান্ত্রকে ২০ বছর ধরে তাঁরা সংস্কারমূক্ত করে দিয়েছেন এবং তার करलंके आमता जाएनत राजा निरंत अर्भाष्ट। भूटर्व क्रीम दिनामी ना कतात मश्कात, राजान ना করার সংস্কার, চোরাবাজারী না করার সংস্কার, যা না ছিল সেই সংস্কার তাঁরা করেছেন। চরি, দুর্নীতি না করার যে সংস্কার বাংলাদেশের ছিল সেই সংস্কার মৃক্ত তাঁরা করেছেন ২০ वहुद धरत । वाःलाएम्भ क्रिथ्रथान एम्भ । स्मिन्क थ्यरक क्रमल উৎপाদনে य मञ्के आছে তा मूर् করা এবং সেদিক থেকে যে কোন প্রস্তাব আসকে সে সম্বন্ধে কনস্ট্রাকটিভ কথা বলা উট্টাত ছিল। किन्छ प्राथात जाँदमत न्यार्थ नाकान आर्फ वर्तन वन्यतन ना। जातभत आमात आध्मन्छरमन्छे शर्फ যেখানে চাষের জিনিষপতের কথা আছে সেখানে। অর্থাৎ সার্বাসডাইসড রেট যেখানে আছে সেখানে আমি যোগ করতে বলছি—অর বাই ওয়ে অফ চীফ ক্রেডিট। ক্রেডিটএ পায় কিন্তু স্দ বেশী। আজু যে অবস্থা সেদিক থেকে অলপ সংদে ঐ সমসত জিনিষ যাতে পেতে পারে সেদিকে দ্লিট রাখা উচিত। আমরা জানি বহু ক্ষেত্রে ছোট ছোট জিনিষ আমাদের নজর এড়িয়ে যায়। অর্থাৎ যেগালি আমাদের কাছে ছোট হতে পারে সেগালি বাংলাদেশের গরীব চাষীদের কাছে খাব বড। চাষের যালপাতি যেখানে দেবার কথা আছে সেখানে আমি যোগ করতে বলছি

For which some agro-engineering firm be established by the Government in rural areas.

আমি জানি বাংলাদেশের বিভিন্ন গ্রামাণ্ডলে কিছ্, কিছ্, অ্যাগ্রো ইঞ্জিনীয়ারিং ফার্ম রয়েছে এবং এগালি সব প্রাইভেট ফার্মা। এগালির জনা চাষীর কাছ থেকে আঁত দাম নেওয়া হয় বলে তারা তা কিনতে পারে না। সেজনা সরকারের এটা দেখা উচিত। এই সমস্ত ফার্ম অলপ টাকায় হতে পাবে। এগালি যদি সরকারী ফার্ম হয় তাহলে দাটো দিক থেকে কাজ হতে পারে। মফঃস্বলে स्पर्शिष्ट ३।५টा আছো-ইঞ্জিনীয়ারিং ফার্ম রয়েছে, সেখানে ৭০।৮০।५०० লোকের দরকাব হয়। এখানে যদি এই ফার্মগ্রলো হয় তাহলে গ্রামীণ বেকার কৃষক কাজ পেতে পারে এবং দ্বিতীয় হল ক্ষক সম্ভা দামে এসমুহত জিনিষ পাবে। ব্যক্তিগত মালিকানায় যে লাভ হয় সেই লাভটা আপনারা পেতে পারেন। আর একটা জিনিষ যেটা অবিলম্বে করা দরকার সেটা মন্তিমহাশয়কে আপনার মাধ্যমে সমরণ করতে বলছি, সেটা হচ্ছে ফার্টিলাইজার, এদিক থেকে আমি বলতে চাই গতবার যে ৮৪ মাস ইউ এফ সরকার ছিল এবং তখন যে কেবিনেট ছিল তাঁরা অলপ সদয়ের মধ্যে কিছা না কবতে পারলেও চেণ্টা কবে একটা ছোট জিনিষ করেছিলেন। মিক্সচার বলে একটা জিনিষ দেওয়া হোত, সেই মিক্সচারটা বন্ধ কবা হয় এবং তাতে বাংলাদেশের কুষকের খাব উপকাব হয়েছিল। কারণ রাঘববোয়ালেবা, বাবসাদারেবা এই মিক্সচারএ বালি, কাঁকর ইতাাদি মেশাতেন। সেইজনা আজকে সারেব দিক সম্পর্কে যে মাল প্রস্তাব আছে সেটা যদি আশা কাজের দিক থেকে প্রয়োগ কবা হয় তাহলে চাষের অনেক উন্নতি হবে। এই কথা বলে আমি আমার যে ছোট ছোট ৩টি পদতাৰ দিয়েছি, আমি আশা করি মাল যে সংশোধনী প্রদতাৰ যেটা আছে তার সঙ্গে এটা গ্রহণ করবেন এবং হাউস এটা গ্রহণ করবেন বলে আশা রেখে আমি আমার বন্তবা শেষ করছি।

[4-50-5 p.m.]

Shri Muhammed Khuda Buksh: Mr. Deputy Speaker, Sir, I am grateful to you for letting me have the opportunity to praticipate in this most important debate—the debate relating to food. Sir, I have had the benefit of learned and competent speeches made from both sides of the House. We are deficit in food which makes it imperative for us to import

 - ১। বহরমপরে গভনমেন্ট নিম্ন ব্রিয়াদী শিক্ষক শিক্ষণ ইনস্টিটেট (১-১-৬৮ তারিখের প্রে প্র্যাপ্ত ইহা প্রাথমিক শিক্ষক শিক্ষণ বিদ্যালয় ছিল)।
 - ২। সারগাছি রামকৃষ্ণ মিশন নিম্ন বুনিয়াদী শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়।
 - ৩। কান্দী গভনমেন্ট প্রাথমিক শিক্ষক শিক্ষণ বিদ্যালয়।
 - ৪। মালিহাটী গভর্মেন্ট প্রাথমিক শিক্ষক শিক্ষণ বিদ্যালয়।
 - ৫। প্রতাপগঞ্জ গভর্নমেন্ট প্রাথমিক শিক্ষক শিক্ষণ বিদ্যালয়।
 - (খ) এই সম্পর্কিত তথা সম্বলিত একটি বিবরণী টেবিলে উপস্থাপিত করা হইল।
 - (গ) বর্তমানে এরপে কোন প্রদ্তাব নাই।

Bialement referred to in reply to clause (kha) of starred question No. *27

80	(क) वहिबागड	जिल्ले अभी	
मून- 300 322 552 523 860 665 मून- 100 522 552 965 मून- 100 5360 5360 5360 5365 हैं। हैं। हैं। हैं। हैं। हैं। हैं। हैं।	. กาะc-ขาะc บาะc-8ก	49ec-19ec 19ec-19ec	(ক) ডেপু- চেড শিককের সংগ্রা
80 गरंबा गठिक भाषमा याम 532 वढा 535 वढा 5355 वढा 5555 act 555	4-30 4-10	30 80	6960-9960 88
80 শংখ্যা শঠিক, পাওয়া যায় ১৯৬৬ ১৯৬৬ ১৯৬৬ ১৯৬৬ ১৯৬৬ ১৯	::	09 28	\$ 2 % \$ 2 %
80 गरंभी गरिक भीड़मा यात्र नाई। ১৬ ঐ }	नन्द्र धन्द्र	a sign	!
36 & 474 S	4		e9ec
90 90 90 90 90 90 90 90 90 90 90 90 90 9			4
	450 50 46	0, 9	ة ٧٥
৫। পুতাপগঞ্জ পুথৰ্মিক ১৬ শিক্ষক বিকণ্ডিলাল্য	450 50 50 450 50 50 50 50 50 50 50 50 50 50 50 50 5	000 000 000 000	,

শ্রীবারেশদুনারায়ণ রায়: আপনি যে লিস্ট দিয়েছেন তাতে দেখা যাছে যে, শিক্ষক এবং আউটসাইডার প্রত্যেকটি ট্রেনিং স্কুলে প্রচুর পরিমাণে হচ্ছে না—বহু শিক্ষক এবং আউটসাইডার ট্রেনিং পাচ্ছেন না একথা কি আপনি জানেন?

শ্রীসভ্যপ্রিয় রায় ঃ একথা জানি—কারণ পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষকদের ট্রেনিংয়ের স্থোগ অত্যন্ত কম এমন কি মাধ্যমিক শিক্ষকদেরও—এ সম্পর্কে একটা সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করতে হবে—সেজন্য আপাতত এটা আমাদের বিবেচনাধীনে আছে—কোন প্রতিষ্ঠান খোলার ব্যবস্থা হচ্ছে না।

শ্রীবীরেন্দ্রনারায়শ রায়: শিক্ষা প্রতিষ্ঠান কম থাকার জন্য অনেকে দ্বনীতির আশ্রয় নিচ্ছে সে থবর কি জানেন?

শ্রীসত্যপ্রিয় রায়: স্বাভাবিকভাবে যেখানে যে জিনিসের সরবরাহ কম থাকবে সেখানে কিছুটা দ্ননীতি হয়—কাজেই এ সম্পর্কে সমস্ত বিষয়টি তদম্ত করে সামগ্রিক একটা পরিকম্পনা এই সরকার গ্রহণ করবেন।

ডাঃ নলিনাক্ষ সান্যালঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কত দিনের মধ্যে সেই সামগ্রিক পরিকলপনাটি কার্যকরী করা সদ্ভব হবে এবং সেই প্রসঙ্গে প্রত্যেক জেলা বা অঞ্চল অনুযায়ী কোথায় কত প্রাইমারী শিক্ষক শিক্ষণপ্রাশত হওয়ার দরখাসতকারী সুযোগ পাছে না—সেইজন্য তাদের চারিদিকে ছড়িয়ে দেওয়া হবে—না, কোন বিশেষ সুবিধাযুক্ত ৫।৬টি জায়গায় বা তার কাছাকাছি সেখানে শিক্ষণের ব্যবস্থা করবেন?

শীসতাপিয় বায়: সমূহত বিষয়টি বিবেচনা করা হবে এবং যথাসম্ভব বাবস্থা গ্রহণ করা হবে।

শ্রীআবদ্দে সাত্তারঃ গত ৫ বছরে এই ট্রেনিং গ্রহণ করার জন্য যাঁরা দরখাস্ত করেছিলেন তাতে আউটসাইডার এবং টিচারস, তাঁদের হার কি?

শ্রীসত্যপ্রিয় রায়: ওটা টেবিলে দেওয়া আছে।

District School Board, Birbhum

- *28. (Admitted question No. *35.) Shri SADHAN GUPTA: Will the Minister-in-charge of the Education Department be pleased to state—
 - (a) whether the previous U.F. Government had ordered an enquiry into irregularities or malpractices in the Birbhum District School Board; and
 - (b) if so, whether the said enquiry was properly carried out by any of the subsequent Governments?

Shri Satva Priva Roy:

- (a) Yes.
- (b) An enquiry was held by officers of the Education Directorate. The report is under examination. The reconstituted Board has by this time taken over office after dismissal of the case by the High Court on 25th February 1969.

শ্রীনিখিল দাস: ইউ এফ-এর আমলে যে এনকোয়ারী কমিটি করা হয়েছিল সেটাকে ভেপ্গে দিয়ে অন্য কিছু কমিটি করা হয়েছিল কি?

শ্রীসত্যপ্রিয় রায়: সেরকম কমিটি হয়েছিল কিনা জানা নেই, তবে এখানে দেখছি ডাইরেক্-টরেট কর্ত্তক এনকোয়ারী কমিটি হয়েছিল।

শ্রীকালীপদ মন্ডল: এইরকম ধরনের এনকোয়ারী পশ্চিমবাংলায় অন্যান্য জেলা বোর্ড সম্পর্কে আছে কিনা?

শ্রীসত্যপ্রিয় রায়: কতকগ্নি জেলা বোর্ড সম্পর্কে আমাদের কাছে অভিযোগ আসে এবং সেগ্নিল সম্পর্কে তদন্তের ব্যবস্থা নিশ্চয় করা হবে।

শ্রীলৈলেন্দ্রনাথ অধিকারী: ম্পিদাবাদ জেলা দ্কুল বোর্ড সন্দর্শেষ যে অভিযোগ আছে সে সন্দর্শেষ কি কোন প্রসিড করা হয়েছে?

শ্রীসত্যপ্রিয় রায়: নোটিস চাই। তবে বোধহয় মর্নির্দাবাদ স্বপারসীডেড হয়েছে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এর আগে যে অভিযোগ ছিল সে সম্পর্কে রিপোর্ট দাখিল হয়েছে কি?

শ্রীসত্যপ্রিয় রায়: নোটিস দেবেন।

শ্রীসরোজ রায়: মেদিনীপরে জেলা স্কুল বোর্ড সম্পর্কে কোন অভিযোগ আছে কি?

শ্রীসভ্যপ্রিয় রায়: নোটিস দিলে বলতে পারব।

শ্রীকালীপদ মন্ডলঃ হাওড়া জেলা স্কুল বোর্ড সম্পর্কে কোন অভিযোগ আছে কিনা?

শ্রীসত্যপ্রিয় রায়ঃ প্রশ্ন ছিল বীরভূম সম্বন্ধে।

শ্রীকাশীকান্ত মৈতঃ যেসমন্ত ম্যালপ্রাকটিস এবং ইরেগ্নলারিটির উল্লেখ করা হয়েছে সেসব ম্যালপ্রাকটিস এবং ইরেগ্নলারিটিস কি?

শ্রীসত্যপ্রিয় রায়: এইরকম ধরনের আছে—অর্থনৈতিক দ্বনীতিও আছে। কাজেই সমস্ত তালিকা দেওয়া সম্ভব নয়।

শ্রীকাশীকাশ্ত মৈত্তঃ যে রিপোর্ট আপনি বলছেন বিবেচনাধীন আছে—যুক্তফল্টের সমর এডুকেসন ডাইরেকটরেটের হাত দিয়ে তদল্তের ব্যবস্থা হয়েছিল—সেই সম্বন্ধে আপনি ব্যক্তিগত-ভাবে স্যাটিসফায়েড হবার পর সেই রিপোর্ট কি হাউসের কাছে পেশ কর্বেন?

শ্রীসত্যপ্রিম রাম: সেটার খ্ব প্রয়োজন হবে না। কারণ যে বোর্ডের বিরুদ্ধে তদন্ত হয়েছিল সেই বোর্ড বাঁরভূমে কাজ করছে না। সেই বোর্ড সম্বন্ধে হাইকোর্টে একটা মামলাছিল। সেই মামলাগর্নলির নিম্পত্তি না হওয়া পর্যন্ত সেই প্রানো বোর্ড কাজ করছিল এবং তারপর যে বোর্ড কর্নাস্টিটিটটেড হয়েছিল তারাই এখন কাজ করছে। কাজেই যাদের বিরুদ্ধে অভিযোগ তারা এখন ক্কুল বোর্ড-এ নেই।

শ্রীকাশীকাল্ড মৈত্র: আমার প্রশ্ন হচ্ছে যেসব দ্বনীতি তাঁরা করেছিলেন সে সম্পর্কে দেশবাসী জানতে চায়, কারণ ভবিষাতে যেসব বোর্ড হবে তারা যাতে ঐসব জানতে পারে সেসন্ধ্রে তা ব্যবস্থা থাকা দরকার—সূত্রাং সে রিপোর্ট আপনি হাউস-এ পেশ করবেন কি?

শ্রীসত্যপ্রিয় রায়: এ সম্পর্কে অনুরোধ পেলে নিশ্চয় সমস্ত রিপোর্ট এবং তার ফাইন্ডিংস হাউসের সামনে রাখব।

Circular Railway

*29. (Admitted question No. *90.)

শ্রীসনংকুমার রাহা: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি. কলিকাতায় সার্কুলায় রেলপথ প্রকল্পটি কতদূরে অগ্রসর হইয়াছে?

Tube Railway and Circular Railway

*42. (Admitted question No. *58.)

শ্রীবানে ক্রেন্সেশ রাম: স্বরাণ্ট্র পেরিবহণ) বিভাগের মন্তিমহাশয় অন্গ্রহপ্রিক জানাইবেন কি, কলিকাতায় (১) ভূগর্ভ রেল ও (২) চক্রবেলের যে পরিকল্পনা ছিল, তাহার কোন্টি কতদ্বে অগ্রসর হইয়াছে?

[1-20—1-30 p.m.]

Shri Md. Abdullah Rasul:

সারে, তথা সংগ্রহ করতে পারি নাই, কিছুটো বাকী আছে। কালকে উত্তর দেব।

Tram fare

*30. (Admitted question No. *151.)

শ্রীভ্রমরেশ্রনাথ রায়প্রধান: স্বরাণ্ট্র (পরিবহণ) বিভাগের মন্শ্রিমহাশর অনুগ্রহপূর্ব ক জানাইবেন কি, কলিকাতার ট্রামের ভাড়া হ্রাস করার যে প্রস্তাব সরকারের বিবেচনাধীন ছিল সে বিষয়ে এ পর্যন্ত কতদ্বে অগ্রসর হইয়াছেন?

Shri Abdullah Rasul:

🐠 সম্পর্কে সরকার একটা ঘোষণা করবেন। এক্ষর্নন কিছু বলা সম্ভব নয়।

শ্রীজমরেশ্রনাথ রামপ্রধান: ট্রামের ভাড়া বৃশ্ধির ফলে ট্রামেতে লোকজন যাতায়াত কম করছে, যার ফলে ট্রামের আয় কমে গেছে এটা আপনি জানেন কি?

শ্রীমহম্মদ আবদাল্লা রস্কো: হাাঁ, যেটা আশা করা গিয়েছিল তার তুলনায় কম নয়।

ডাঃ নালনাক্ষ সান্যালঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ট্রামের ভাড়া কমা**লে যে** লোকসান হবে সরকার কি থেকে সে লোকসানের টাকা দেবেন?

শ্রীমহম্মদ আবদ্ধারা রস্কালঃ শীঘ্র ঘোষণা করা হবে তথন সর্বাকছাই জানতে পারবেন।

শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান: মাননীয় মন্তিমহাশয় জানেন কি যে ট্রামের ভাড়া যেটা বৃদ্ধি করা হয়েছে সেই ভাড়া বৃদ্ধির কিছুটা কমান হবে না সবটাই মুকুব করা হবে ?

শ্রীমহম্মদ আবদ্ধাে রস্লঃ সেটাই ঘােষণার বিষয়, এখ**্**নি বলতে পারছি না। কালকে জানাতে পারব বলে আশা করি।

প্রীনেপালচম্প্রায়: মাননীয় মণিরমহাশয় জানাবেন কি যে, ক' পয়সা ভাড়া বাড়লে ট্রামের্ব লোকসান হবে না ?

শ্রীমহম্মদ আবদ্ধার রস্তাঃ এই থেকে এই প্রশ্ন আসে না।

শ্রীনেপালচন্দ্র রায়: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এক পয়সাও যদি ভাড়া বাড়ান না হন্ধ তাহলে সরকারকে কত টাকা ভরতুকি দিতে হবে প্রতি মাসে?

শ্রীমহম্মদ আবদ্ধাে রস্ত্র: এই প্রশ্ন আসে না, যথন ঘােষণা করব তথন কি পরিমাণ কমাদ হবে—তথনই এই প্রশ্নের উত্তর দেওয়া হবে।

भीरतभानानम् द्वाराः মाननीर र्यान्यस्थानार, कानरक यीन छेखत रान राहरन छान हर।

প্রীয়তীন চক্রবর্তী: কালকে উনি একটা স্টেটমেন্ট দেবেন, প্রশেনর জবাব দেবেন না।

He will make a statement.

New appointment of Primary School Teachers in Howrah district

*31. (Admitted question No. *181.)

য়ভারাপদ দেঃ শিক্ষা বিভাগের মন্দ্রিমহাশয় অন্ত্রহপ্রেক জানাইবেন কি—

- (ক) ১০ই ফেব্রারী, ১৯৬৯, হইতে ২৮এ ফেব্রারী, ১৯৬৯, পর্যন্ত হাওড়া জেলায় কতজন নৃত্র প্রাথমিক শিক্ষক নিয়োগ করা ইইয়াছে:
- (খ) উক্ত শিক্ষকদের নিয়োগপত্ত কোন্ তারিথ হইতে পাঠান স্ব্রু হয়;
- (গ) নিযুক্ত শিক্ষকদের মধ্যে কতজন শিক্ষণশিক্ষাপ্রাণত:
- (ঘ) ইহা কি সত্য যে, বহু শিক্ষণশিক্ষাপ্রাণ্ড দরখাস্তকারীকে লওয়া হয় নাই; এবং
- (৬) শিক্ষণশিক্ষাবিহীন শিক্ষকদের নিয়োগ করিবার পূর্বে ডি পি আই-এর ৫৮১৫ (১৫) এস সি/পি (১১)/৫পি-১০০-৬৬ নং ১৯এ ডিসেম্বর ১৯৬৮ তারিখের সার্কুলার অনুযায়ী ডি, পি, আই-এর অনুমোদন লওয়া ইইয়াছে কিনা?

শ্রীসত্যপ্রিয় রায়:

- (ক) ১০ই ফেব্রুয়ারী ১৯৬৯ হইতে ২৮শে ফেব্রুয়ারী ১৯৬৯ তারিখের মধ্যে হাওড়া জেলায় কোন ন্তন প্রাথমিক শিক্ষক নিযুক্ত করা হয় নাই, তবে ৬-২-৬৯ এবং ৭-২-৬৯ তারিখে ২৬০ জন প্রাথমিক শিক্ষক নিযুক্ত করা হয়েছে। কাজেই অন্যান্য প্রশন, য়া শিক্ষক নিয়েগের তারিখ সম্পর্কে প্রশন উঠে না ও শিক্ষকদের মধ্যে কতজন শিক্ষণ ও শিক্ষাপ্রাণ্ড এই প্রশ্ন উঠে না।
- (খ), (গ), (ঘ) ও (ঙ) এই প্রশ্ন উঠে না। ইহাদের মধ্যে একজনও শিক্ষণশিক্ষাপ্রাণ্ড নয়।

শ্রীতারাপদ দেঃ শিক্ষণশিক্ষাবিহীন শিক্ষকদের নিয়োগ করার আগে ১৯-১২-৬৮-এর ডি পি আই-এর সার্কুলার কি ছিল ?

শ্রীসত্যপ্রিয় রায়: নোটিস না দিলে বলতে পারব না।

শ্রীতারাপদ দে: ডি পি আই-এর অর্ডার ছাড়া যারা শিক্ষণপ্রাণ্ড নয় তাদের থেকেও নিয়োগ করা যাবে এর্প কোন সার্কুলার আছে ?

শ্রীসত্যপ্রিয় রামঃ সার্কুলার আছে ১৯-১২-৬৮-তে ডি পি আই সার্কুলারে এর্পু নির্দেশ দিয়েছেন।

শ্রীতারাপদ দে: এই ডি পি আই-এর সার্কুলারের বিরুদ্ধে—অর্থাৎ এ সত্ত্বেও যাদের নিয়োগ করা হয়েছিল সেই ২৬০ জন, সেইসব লোকের সম্পর্কে কোন প্রকার সম্মতি ছিল ?

শ্রীসত্যপ্রিয় রায়: িরোগে সম্পর্কে তদন্ত হবে। নাইনটিন্থ ডিসেম্বর নাইনটিন সিম্কটি-এইট-এতে, ডাইরেক্টরেট থেকে ডিস্টিক্ট ইন্সপেকটর অফ স্কুলস-কে সার্কুলার দেওয়া হয়েছে।

শ্রীতারাপদ দে: এই নিয়োগ সম্পর্কে কি কোন প্রকার ডি পি আই-এর সার্কুলার ছিল ?

শ্রীসত্যপ্রিয় রায়: না।

প্রাক্তি সান্তার: আমি জানতে চাই এই নিয়োগের ব্যাপারে কোন রেকমেন্ডেসান ছিল কিনা?

শ্রীসত্যপ্রিয় রাম: আগেই বলেছি, ছিল না।

শ্রীক্সাব্দের সান্তার: আপনি যে সার্কুলারের কথা বললেন প্রাইমারী এডুকেসান আক্ত অনুসারে কি কোয়ালিফিকেসান থাকলে একজন শিক্ষক হতে পারেন অর্থাৎ কি কোয়ালিফিকেসান থাকলে তিনি টিচার হতে পারেনে?

শ্রীসভাত্মির রাম: যা না হলে হতে পারবেন না, তা হল নন-ম্যোট্রিক হলে হতে পারবেন না। এই হল সাধারণ নিরম। ম্যাট্রিক ট্রেন্ড হওয়া হল নিরম। এই যোগ্যতাসম্পন্ন যারা তাদের প্রাথমিক শিক্ষক হিসাবে যোগা মনে করা হয়। এইভাবে, এ বি সি ইত্যাদি ক্যাটিগােরি হিসাবে তাদের ভাগ করা হয়েছে।

শ্রীজালনৈ সান্তার: কোন ম্যাণ্ডিক পাস বা হায়ার সেকেন্ডারী পাস তাকে যদি অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় অর্থাৎ যে ম্যাণ্ডিক পাস তার রিকুইজিট কোয়ালিফিকেসান আছে কিনা ?

শ্রীসত্যপ্রিম্ন রাম: রিকুইজিট কোয়ালিফিকেসান মিনিমাম আছে কিনা এ প্রশ্ন ওঠে না। আমরা সাধারণতঃ মনে করি যে ট্রেন্ড টিচারদের নিয়োগপত্র দেওয়া উচিত। যেখানে তা পাওয়া যায় না সেখানে আনট্রেন্ড মাট্রিক টিচার নিয়োগ করা যেতে পারে।

শ্রীআব্দুস সান্তার: প্রেফারেন্স ট্রেন্ড টিচারদের দেওয়া উচিত, কিন্তু যদি হায়ার সৈকেন্ডারী বা মাট্রিক পাস হয় এবং তাকে আপেয়েন্টমেন্ট দেওয়া হয় তাহলে আইন অনুসারে বে-আইনী হবে কি হবে না?

(নো রি***লা**ই)

শ্রীতারাপদ দে: এই যে শিক্ষক নিয়োগ করা হয়েছে এইসব শিক্ষককে মাইনে দেওয়া হয়েছে কি

শ্রীসত্যপ্রিয় রায়: এই সম্পর্কে বলে দিচ্ছি যে আমাদের কাছে অনেক অভিযোগ এসেছে, ফেব্রারী মাস থেকে এমন অনেক নিয়োগ করা হয়েছে যাদের শিক্ষকের প্রয়োজন নেই। কোন বাজনৈতিক উদ্দেশ্যাসিম্পির জন্য এইর প অভিযোগ এসেছে বলেই আমবা ১লা ফেব্রারী থেকে যত শিক্ষক নিয়োগ করা হয়েছে তাদের প্রাথমিক বিষয় তদনত করে নিশ্চিত হতে চাই যে শিক্ষক হিসাবে যাদের নিয়োগ করা হয়েছে শিক্ষাবহিভূতি কোন কারণে নয় এবং যতক্ষণ পর্যাপত সেই তদনত শেষ না হচ্ছে ততক্ষণ বেতন বন্ধের আদেশও দিয়েছি।

শ্রী এ কে এম ইসাকঃ প্রণীকার, স্যার, আমরা সব সময়ই আপনার নির্দেশ পালন বসবাব জনা এসেছি। আমি মাননীয় মন্তিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে ও'রা যে মনে করেন যে ট্রেনিংপ্রাপ্ত লোকদের অ্যাপয়েন্টমেন্ট দেবেন। ও'দের এই মনে করার ভিত্তি কি কোন র্লস না আট্রেলনা খামখেয়ালী?

শ্রীসত্যপ্রিয় রায়: ডিপার্টমেন্ট-এর রুলস-এ এবং সার্কুলারের ভিত্তিতে কোন ম্যাণ্ডিক পাস উল্ভে হলে তার যোগাতাই বেশী। তাছাড়া পাওয়া না গেলে ম্যাণ্ডিক পাস নেওয়া যেতে পাবে।

শ্রী এ, কে, এম, ইসাক: তাহলে আক্টে-এর আন্ডার-এ কোন র লস নেই যে ট্রেনিংপ্রাপনদেবই আা**পয়েন্টমেন্ট দিতে হবে।**

(No reply.)

[1-30-1-40 p.m.]

শ্রীঅনিলকুমার মুখার্জি: ইহা কি সত্য যে যুক্তফ্রন্ট সরকার নিয়োগ বন্ধ করার পরও বহু জেলাতে ডি আই ব্যাক ডেট দিয়ে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন?

শ্রীসত্যপ্রিম রাম: এসব প্রশন এর থেকে আসে না, তাহলেও আমি উত্তর দিছি। ইতিমধে মেদিনীপুর থেকে আমার কাছে এই রকম একটা নিয়াগপত্র এসে পেশতৈছে, যেখানে দেখাছি ওটাকে অ্যান্টিডেট করা হয়েছে বাই ওভাররাইটিং এবং সেটার তদশ্তের ব্যবস্থা করেছি তা পাওয়ার পর। অন্যান্য সমস্ত জেলাতে ১লা ফেব্রুয়ারী থেকে যেসব নিয়োগ হয়েছে সেগর্নাল যথার্থ নিয়োগ হয়েছে, না অ্যান্টিডেট হয়েছে তা তদন্ত করবার জন্য নির্দেশ দিয়েছি।

শ্রীনিখিল দাস: একথা কি সত্য যে, ১০ই ফেব্রুয়ারী থেকে ২৮এ ফেব্রুয়ারী পর্যন্ত যে নিয়োগগ; লি হয়েছে (এ ভয়েসঃ একটাও হয় নি।) এর আগে যা হয়েছে, ৯ই ফেব্রুয়ার নির্বাচন গিয়েছে এই নির্বাচনে যারা কংগ্রেসকে সাহায্য করেছে সেই সেই লোককে কংগ্রেসের নির্বাচনকার্যে সাহায্য করার জন্য কি নিয়োগপত্র দেওয়া হয়েছে?

শ্রীসত্যপ্রিয় রায়: এ বিষয়ে তদন্ত না হলে পরিষ্কার উত্তর দিতে পারছি না। কিন্তু আমার কাছে এইরকম অভিযোগ পোঁচেছে বলেই আমি তদন্তের বাবস্থা করেছি।

শ্রীতারাপদ দে: মাননীয় মন্তিমহাশয় কি জানেন আপনি নির্দেশ দেওয়া সত্ত্বেও নবনিয়্ত ২০।২৫ জন শিক্ষককে মাইনে দেওয়া হচ্ছে?

শ্রীসত্যপ্রিয় রায়ঃ আমি তদন্ত করবো, তদন্ত না হলে পরিন্ধার কিছু বলতে পারছি না।

শীতারাপদ দে: অন্ধ লোককে শিক্ষক হিসাবে নিযুক্ত করা হয়েছে এ খবর কি মাননীয় মন্বিমহাশয় জানেন?

শ্রীসত্যাপ্রয় রায়: ঐ অভিযোগ সম্বন্ধেও তদন্ত শেষ না হলে আমি খবর পাচ্ছি না। অভিযোগ এলে নিশ্চয়ই আমি দেখবো।

শ্রীপ্রকায় তালক্ষার: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, শিক্ষণশিক্ষাপ্রাণ্ট যেসব শিক্ষকের নিয়োগ করা হয়েছিল রাজনৈতিক কারণে নির্বাচনে কাজ করার জন্য তাঁদের নিয়োগ অবিলন্দেব বাতিল করা হবে কিনা এবং হাওড়া জেলা স্কুল বোর্ড দীর্ঘ ২০ বছর ধরে যে দুননীতি করছিল সে সম্পর্কে কোন তদন্তের বাবস্থা করা হবে কিনা?

শ্রীসত্যপ্রিয় রায়: এইসব দ্ন**ীতি দ্র করবার জন্য আইনগত যে ক্ষমতা, ন্যায়তঃ যে** ক্ষমতা শিক্ষা বিভাগের আছে তা নিশ্চয়ই প্রয়োগ করা হবে।

শ্রীকৃষ্ণগোপাল বস্থ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্তিমহাশয়ের কাছ থেকে আমি জানতে চাই বিশেষ করে তিনি এই ব্যাপারে অনুসন্ধান করে যথন দেখছেন কোন একটা বিশেষ দলের প্রভাবে এই শিক্ষকদের নিযুক্ত করা হয়েছে ঠিক নির্বাচনের পূর্বে এবং যার উদ্দেশ্যে স্পন্থ তথন এই ব্যাপারে বিশদভাবে তদন্ত করে এই হাউসের কাছে সেই তথ্য জানাবেন কিনা?

শ্রীসত্যাপ্রয় রাম: তদন্ত করার আদেশ আমি ইতিমধ্যে দির্মেছি, কাজেই তদন্ত করা হচ্ছে।

শ্রী এস. এম. ফজলার রহমান: মাননীয় মন্তিমহাশয় জানাবেন কি প্রাথমিক শিক্ষকদের নিয়োগ করবার অধিকার কার?

শ্রীসভাপ্রিয় পায়: নিয়োগ করবার অধিকার সাধারণভাবে স্কুল বোর্ডের, কিন্তু তার উপর গভর্নমেন্টের কতকগ্রাল নিয়ন্দ্রণ করবার ক্ষমতা আছে। কাজেই গভর্নমেন্ট সেই ক্ষমতা প্রয়োগ করেছেন।

শ্রী এস এম ফজল,র রহমানু: ডি পি আই-এর কোন সার্কুলার জেলা দ্কুল বোডের এই নিয়োগ করবার অধিকারকে ক্ষাম করতে পারে কিনা? 🚵 লভাপ্রিয় রায়: 🚁 র করার কথা নয়, নিয়ল্যণ করতে পারে এই আমার বিশ্বাস।

শ্রী এস, এম, ফললার রহমান: যে নিয়োগপত্র দেওয়া হয়েছে তাকে নাকচ করবার কোন সাকুলার চলতে পারে কিনা?

শ্রীসভাপ্রিয় রায়ঃ নিয়োগগ্রলির অন্মোদন নেওয়ার দরকার আছে শিক্ষা বিভাগ থেকে, সেই অন্মোদন নেওয়া হয় নি নিশ্চয়ই, য়িদ সেই বে-আইনীভাবে নিয়োগ হয়ে থাকে তাহলে সেই নিয়োগ বাতিল করবার ক্ষমতা সরকারের আছে।

শ্রীঅহান্দ্র সরকার: মাননীয় মান্ত্রমহাশয় জানেন কি, পশ্চিম দিনাজপর্রে বে ৫ জন প্রাথমিক শিক্ষক অ্যাপয়েন্টেড হয়েছে তাদের ব্যাপারে কোর্টে কেস হয়েছে, তাদের অ্যাপয়েন্ট-মেন্টের ব্যাপারে রেকমেন্ড করেছেন আমাদের এখানকার মাননীয় সদস্য জয়নাল আর্বেদিন ?

শ্রীসত্যপ্রিয় রায়ঃ জানি না, জানবার চেষ্টা করব।

শ্রীরবীন মুখার্জি: মাননীয় শিক্ষামন্তী মহাশয় জানাবেন কি, অপর দিকে ফজলার রহমান সাহেব বা অন্যান্য যাঁরা প্রশ্ন করছেন তাঁদের এই রকম কতগালি ক্যান্ডিডেট আছেন?

মিঃ **স্পীকারঃ** তা জানবার দরকার নেই।

Transfer order of Primary School Teachers

*32. (Admitted question No. *183.)

শ্রীঅশিবনীকুমার রায়ঃ শিক্ষা বিভাগের মন্তিমহাশয় অনুগ্রহপ্র্ক জানাইবেন কি---

- (क) ইহা কি সত। যে, পশ্চিমবংগ সরকার প্রার্থায়ক শিক্ষকদের বদলির আদেশগর্বল স্থাগত রাখার জন্য নির্দেশ দিয়াছেন; এবং
- (খ) উত্তর 'হা' হইলে, মাল্রমহোদয় জানাইবেন কি, উক্ত স্থাগিত আদেশ কোন্ সময়ের বদলি আদেশের সম্বর্ণে প্রযোজ্য?

Shri Satya Priya Roy:

- (ক) হাা।
- (খ) ন্তন বদলীর আদেশ অথবা প্রেই বদলীর আদেশ দেওয়া হইয়াছে কিন্তু এখনও কাষ্করী হয় নাই—উভয়ক্ষেত্রেই বর্তমান নির্দেশ প্রযোজ্য। তবে শিক্ষকদের ব্যক্তিগত কারণে বদলীর লিখিত আবেদনগ্লি এই নির্দেশের আওতায় পড়িবে না।

শ্রীঅফাশ্বনী রায়: এই যে আপনি বলেছেন ন্তন বদলির আদেশ অথবা প্রেই বদলির আদেশ—এই প্রে কোন সময় থেকে ধরা হবে ?

শ্রীসত্যপ্রিয় রায়ঃ যথনি আদেশ দেওয়া হোক না কেন যে আদেশ এখনও কার্যকরী হয় নি তারই উপর এটা প্রযোজ্য হবে।

শ্রীআন্দ্রেস সান্তার: মাননীয় মন্তিমহাশয়, প্রাথমিক শিক্ষকদের বদলি বন্ধের যে নিদেশি দিয়েছেন সেটা কি আইনের কোন ধারা অন্সারে এই নিদেশি দিয়েছেন?

শ্রীসত্যপ্রিয় রায়: আমাদের যে ক্ষমতা সরকারের আছে শিক্ষা নিয়ন্দ্রণের সেই ধারা অনুযায়ী দেওয়া হয়েছে। শ্রীজান্দে সান্তার: মাননীয় মন্তিমহাশয় বলবেন কি, প্রাইমারী এডুকেশন অ্যাষ্ট্র, ১৯৩০, এর কোন ধারা অনুসারে তিনি এই নির্দেশ দিতে পারেন?

শ্রীসভ্যপ্রিয় রায়: ধারা যদি চান তাহলে নোটিশ দেবেন।

শ্রীজ্ঞান্দ, সান্তার: আমি যদি বলি যে মাননীয় মলিমহাশয় কিম্বা সরকারের আইনের বিধান অনুসারে এই রকম ধরনের নির্দেশ দেবার ক্ষমতা নেই?

শ্ৰীসভ্যপ্ৰিয় রায়: ক্ষমতা আছেই বলে দেওয়া হয়েছে।

শ্রীজনিলকুমার মুখাজ্ঞণীঃ একথা কি সত্য যে, যে বদলিগ**্নি করা হয়েছিল সেই বদলিগ**্নি কি কোন রাজনৈতিক উদ্দেশ্যে করা হয়েছে?

শ্রীসত্যপ্রিম্ন রায়: সেই রকম আমাদের ধারণা বলেই সেই বদলি সম্বন্ধে আমরা তদন্ত করতে চাই, সেজন্য বদলির আদেশ বন্ধ করে দেওয়া হয়েছে।

শ্রীআব্দুর সাত্তার: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, প্রাইমারী স্কুলে ষেস্ব শিক্ষক নিয়োগ করা হয়েছে অদ্যাবধি এই সমস্ত নিয়োগপত্র কি কংগ্রেসের লোকদের শুধ্ব দিয়েছেন এবং আরো জানাবেন তাঁরা কি সকলেই কংগ্রেসের ?

শ্রীসত্যাপ্রিয় রায়: এ সম্পর্কে তদনত হচ্ছে, এই রকম অভিযোগ আছে যে বেশীর ভাগ তাই।

শীবিমলকাতি বোস: মাননীয় মলিমহাশয় বলবেন কি, এর আগে যে প্রাইমারী ডিস্টিই স্কুল বোর্ড ছিল তার ভিতর কংগ্রেসের প্রাধান্য ছিল। নির্বাচনের আগে যোগ্য প্রাইমারী শিক্ষকদের বাদ দিয়ে আনট্রেন্ড টিচারদের নেওরা সম্ভেদ্দ স্থেতি স্থান প্রাম্বাস্থিত হিচারদের নেওরা সম্ভেদ্দ স্থেতি হ

(নো রিপ্লাই)

[1-40-1-50 p.m.]

শ্রীনেপালচন্দ্র রায়: অলপ কেতনের যে-কোন সরকারী কর্মচারীকে এক জায়গা থেকে আর এক জায়গায় বদলি করার সময় আপনাবা চিন্তা করে কবেন। আমার প্রশন হোল এই প্রাইমারী শিক্ষকরা এমন কি অপরাধ করল যে তাঁদের ইতিমধ্যেই আপনারা বদলির আদেশ দিলেন?

শ্রীসত্যপ্রিয় রায়: বর্ণলির আদেশ দেই নি।

শ্রী**আন্দ্র সাত্তার ঃ** বদলির আগে যিনি ডি, আই, তাঁর রিপোর্ট নেওয়া হর, না হলে বদলি। হয় না এএকথা জানেন কি ² অর্থাৎ উইদাউট এ বিপোর্ট অব দি ডি, আই, নো টিচার ক্যান বি টান্সফার্ড বাই দি বোর্ড।

শ্রীসত্যপ্রিয় রায়: যদি হয়ে থাকে তাহলে একথা বলতে পাবি যে স্কুল বোর্ড জোর করে ডি. আই-এর কাছ থেকে এ রকম আদেশ নিতে চেয়েছে। এগালি আমরা বন্ধ করেছি।

মিঃ স্পীকাৰ :

Let this be the last supplementary. The question has sufficiently been answered.

শ্রী**অদিবনী রায়ঃ** বদলির আদেশ হওয়া সত্ত্তে যিনি জয়েন করেন নি সেটা কি কার্মকিরী হবে বলে ধরব ?

শ্রীসত্যপ্রিষ রাম: বিশেষ কোন প্রশন থাকলে আমাকে জানাবেন, আমি দেখব এবং এগালি ওই আওতায় পড়বে কিনা সেটা বিচাব কবা হবে।

মিঃ স্পীকার ঃ

I will not allow further supplementaries. I will go to the next question.

Recent disturbances at Titagarh

- *33. (Admitted question No. *203.) Shri HANSADHWAJ DHARA: Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—
 - (a) whether the Government is aware of the recent disturbances in Titagarh;
 - (b) if so, what led to these disturbances;
 - (c) how many lives were lost due to-
 - (i) actual disturbance, and
 - (ii) police action;
 - (d) how many were injured due to-
 - (i) actual disturbance, and
 - (ii) police action;
 - (e) whether the Government is considering to institute a Judicial enquiry by a High Court Judge; and
 - (f) how many bustees, shops, dwelling houses, etc., were burnt or damaged?

Shri Jvoti Basu: (a) Yes.

- (b) The disturbances first arose in Purani Bazar area of Titagarh over the closing of the Titagarh Jute Mills on 5th March 1969 for 'Holi'. One set of workers wanted the Mill to be closed and the other wanted it to be open. This gradually turned into a communal clash at about 5-15 a.m. Later on another communal clash occurred at about 9-30 a.m. of the same day at Oranpara over the sprinkling of coloured and dirty water on a Muslim.
- (c) (i) and (ii)—No life was lost directly due to the disturbances or police action.
- (d) (i) 30 persons including 2 police personnel were injured during the disturbances.
- (ii) 3 persons were injured during police action. One received bullet injury while the other two were injured at the time of securing their arrest.
 - (e) No.
 - (f) 4 dwelling houses were partially burnt and 10 shops were looted.
- **Dr. Nalinaksha Sanyal:** The Hon'ble Minister in answer to question (e) has said 'no'. I want to know whether earlier the Hon'ble Minister was pleased to make a mention here in reply to a Calling Attention' Notice that he was contemplating to make a proper enquiry into the matter.

Shri Jyoti Basu: I made no such statement and in any case there will not be a judicial enquiry.

যেভাবে সাম্প্রদায়িক দাংগা হচ্ছে তার কারণ নির্ণায়ে জনুডিসিয়াল ইনকোয়ারী করতে বাধা কোথায় ? **দ্রীজ্যোত বস**ঃ সরকার মনে করেন না এই ঘটনার উপর কোন জনুডিসিয়াল ইনকোয়ারীর প্রয়োজন আছে, আর কোন বাধা নাই।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ যে-কোন সাম্প্রদায়িক দাপ্যা হলে এই হাউসে বলা হয় কংগ্রেস করেছে, আমরা চাইছি জ্বতিসিয়াল ইনকোয়ারী করে প্রমাণিত হোক কারা দাপ্যা করছে, জ্বতিসিয়াল ইনকোয়ারী করলে সতিয় কথা বেরিয়ে পড়বে, সেজন্যই করছেন না কি?

(নো রিপ্লাই)

শ্রীকামাখ্যাচরণ ঘোষ: আপনার কাছে এইরকম খবর আছে কিনা যে, সারা বাংলা জ্বড়ে কংগ্রেসীরা এভাবে পরাজয়ের পর সাম্প্রদায়িক দাণ্গা বাধাবার চেণ্টা করছে?

Mr. Speaker: This question does not arise.

Shri Muhammed Khuda Buksh: Will the Hon'ble Minister be pleased to state how many persons have been arrested and if persons of different communities have been arrested the community-wise break-up?

Shri Jyoti Basu: I want notice.

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় পর্নিস মন্ত্রী বললেন এই যে অঘটন ঘটে গেছে এটা সাম্প্রদায়িক প্রকৃতির, এটা বি গ্রাউন্ডে বলছেন?

শ্রীক্ত্যোতি ৰসে আমি প্রশেনান্তরে যা বলোছি তা যদি শানে থাকেন তাহলে ব্যুবনে আদি বলোছি কমিউন্যাল নেচারের ক্র্যাশ একটা হয়, দ্বিতীয়বার যেটা হয় সেটা দ্বু পক্ষে ভাগ হয়ে গেছল, একদিকে মুসলমান আর একদিকে হিন্দু।

শ্রী এস, এম, ফজল্বের রহমান: কোন পক্ষে হিন্দ্ আর অন্য পক্ষে মুসলমানের মধ্যে যদি ক্যাশ হয়, তাহলেই কি তাকে তিনি সাম্প্রদায়িক দাপ্যা বলবেন?

শ্রীক্ষ্যোতি ৰস়ঃ এই ব্যাখ্যা কি আমাকে করতে হবে ? ডিক্সনারী থেকে ব্রে নিতে পারেন।

श्रीषामान नाडातः

How many suspects have been arrested in connection with this disturbance?

শ্রীজ্যোতি বসে নোটিস দিলে বলতে পারি।

শ্রী এস, এম, ফজপরে রহমান: যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের কোন রিলিফ দেবার বাবস্থা হয়েছে কি?

প্রীক্ষ্যোত বস: যারা ক্ষতিগ্রস্ত হরেছে তাদের সম্বন্ধে মিটিং করে তাদের বলেছি সরকার বিবেচনা করে দেখবে কিভাবে তাদের সাহায্য করতে পারি।

শ্রীজনিলকুমার ম্থার্জি: এটা কি ঠিক, শ্যামনগর এবং অন্যান্য অণ্ডলে এই ধরনের কাজ করার জন্য, সাম্প্রদায়িক উস্কানি দেওয়ার জন্য কংগ্রেস চেণ্টা করছে?

भि: •शीकात: त्नांपित पिन P

Route permit for bus during P.D.F. Ministry

*34. (Admitted question No. *218.)

প্রীক্তমণেশ্রলাল রায়: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্দ্রিমহাশর অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) পি-ডি-এফ মন্দ্রিসভার আমলে কোন্ কোন্ জেলায় করটি করিয়া স্থারী অথবা অস্থায়ী বাস রুটের পার্রমিট দেওয়া হয়েছিল; এবং
- (খ) এই সময় জেলায় জেলায় রুট পার্রামট বিতরণের দায়িত্ব কাহার হাতে ছিল?

Shri Abdullah Rasul:

এ সম্পর্কে এখনও তথ্য পাওয়া যায় নাই। উত্তরটা পরে দেওয়া হবে।

Bus-service on Howrah-Amta and Howrah-Ranihati-Amta roads

*35. (Admitted question No. *225.)

শ্রীনিতাই ভাল্ডারীঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) হাওড়া-আমতা রোডে ও হাওড়া-রানীহাটী-আমতা রোডে বাস সাভিসি চাল; করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং
- (थ) यीन थातक, जाराल करत जारा कार्यकरी करा रूत?

[1-50-2 p.m.]

Shri Md. Abdullah Rasul:

- (क) হাওড়া-আমতা রোডে নাই। হাওড়া-রাণীহাটী-আমতা রোডে আছে।
- (খ) বিষয়টি আদালতের বিচারাধীন থাকায় নিদিন্টি তারিথ বলা সম্ভব নয়।

শ্রীপ্রকার তালত্ত্বদার: এই যে বাস রটে অবিলম্বে চাল**্** করা সম্প্রেণ মন্দ্রিন্থ।শন্ধ বিবেচনা করবেন কি ?

প্রীজাবদ্যাের রসলে: মামলা যেখানে আছে সেখানে অমাাদের এখন করার মত কিছু নাই।

শ্রীপ্রবন্ধ তাল,কদার: এই ষে বাস রুট এটা চাল হলে হাওড়া-আমতা এলাকার জনসাধারণের খবে স্বিধা হয়, সেই অবস্থা ভেবে অবিলন্দেব যাতে ব্যবস্থা হয় সে সম্পর্কে কার্যকরী পন্থা অবলম্বন করবেন কিনা জানাবেন কি?

শ্রীআন্মা রস্তা: মামলা উঠে গেলে সেই কাজগালি করার সাবিধা হয়, মামলা তোলা সম্পর্কে কি বাবস্থা করা যায় সে সম্পর্কে বিবেচনা করছি।

শ্রীজাবদ্রে লতিক: মাননীয় মিলিমহাশয় জানাবেন কি এই যে বহু জায়গায় এই রকম ধরনের মামলা হয়েছে এবং সেথানে ইনজাংসন নেওয়া হয়েছে—সরকারী পক্ষের উকিল এই সমস্ত ইনজাংসন ভেকেট করার কোন রকম স্টেপ নেওয়া হয় নি—মিলিমহাশয় বলবেন কি যাতে এই সমস্ত ব্যাপাবে মামলা বা ইনজাংসন নিভপতি হয় তার জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন?

শ্রীস্থাৰদলো রস্ত্র : কি ব্যবস্থা করছি এখন বলতে পারব না, তবে সে সম্পর্কে চেষ্টা করছি বত তাড়াতাড়ি ভেকেট করা হয়।

শ্রীপামালাল মাঝি: মাননীয় মিল্মিহাশয় জানাবেন কি যে, এই হাওড়া-আমতা রুটটা কেন খোলা হচ্ছে না—বংধ আছে কেন?

শ্রীআবদ্ধা রস্ক: মামলা আছে, সেজন্য এটা করা ষাচ্ছে না।

শ্রীপামালাল মাঝি: আমি শ্রেছে মার্টিন বার্ন কোং প্রভাবিত করে আগেকার গভর্নমেস্টের সংশ্যে এটা বন্ধ করে রেখেছে—এটা কি সত্য।

শ্রীআবদ্যাের রস্কা: সেটা এখন বলতে পাচ্ছি না, তার জন্য খোঁছ খবর নিতে হবে।

ডা: নলিনাক্ষ সান্যাল: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, মামলা থাকা সত্ত্বেও যদি স্টেট বাস নিজেরা রান করাবার সিম্ধানত করেন তাহলে হাইকোর্টের মামলার তা আউকাতে পারে না। সেইজন্য জনসাধারণের হিতাথে এটা বিবেচনা করবেন কি?

শ্রীআবদ্দ্রা রস্কে: এ বিষয়ে চিন্তা করে দেখব।

শ্রীপ্রশয় তালকেদার: মাননীয় মন্ত্রিমহাশয় বলাবেন কি যে হাওড়া-রাণীবাট-আমতা বাস চলছে বলছেন—আমাদের খবর আছে যে বাস চলছে না, এখানে স্কুটার চলে এ সম্পর্কে কোন তথ্য দিতে পারেন কি বা বাস চালাবার কোন ব্যবস্থা হচ্ছে কিনা ?

শ্রীস্থাবদলো রস্কাঃ এ বিষয়ে বিস্তারিত তথ্য দিতে হলে নোটিশ দিতে হবে।

Museum at Jiaganj

*36. (Admitted question No. *4.)

শ্রী**অদিবনক্রিমার রাজ এবং শ্রীবারেন্দ্রনারায়ণ রায়ঃ** শিক্ষা বিভাগের মন্দ্রিমহাশয় অন্ত্রহপ্র্বক জানাইবেন কি—

- (ক) (১) ইহা কি সত্য যে, মুশিদাবাদ জেলার জিয়াগঞ্জে যে মিউজিয়াম প্রতিষ্ঠিত হইতেছিল তাহার গৃহটি নিমিত হইতে হইতে অর্থপথে পড়িয়া আছে:
- (২) সত্য হইলে, তাহার কারণ কি; এবং
- (থ) উক্ত মিউজিয়ামের জন্য কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার যে টাকা দিয়াছিলেন তাহ। যথাযথভারে খরচ হইয়াছে কিনা সে বিষয়ে অন্সন্ধানের জন্য সরকারের কোন ব্যবস্থা আছে কি?

Shri Satya Priya Roy:

- (ক) (১) হাা।
- (২) যে জমিতে গ্রিট নিমিত হইতেছিল তাহার কিছ্ন অংশ লইয়া আইনগত অস্বিধা দেখা দিয়াছিল। এই অস্বিধা দ্রীকরণের বাবন্ধা গ্রহণ করা হইয়াছে।
- (খ) হাাঁ: বিভাগীয় কর্তৃপক্ষের (ম্বিশ্বাবাদ জেলা সমাজ শিক্ষা আধিকারিক) দ্বার; অনুসন্ধানের ব্যবস্থা আছে।

ঞ্জীৰীরেন্দ্রনারায়ণ রায় ঃ এই যে আপনি উত্তর দিয়েছেন যে **অস্**বিধা দেখা দিয়েছিল—িক অস্বিধা দেখা দিয়েছিল ?

শ্রীসত্যপ্রিয় রায়: সেথানে তিনটি শ্লট ছিল—একটি শ্লটের মালিক ছিল স্বরেন্দ্রনাথ সিংহ। সোটা তিনি দলীল করে দিয়েছিলেন কিন্তু অন্য একটি শ্লট সেথানে দেখা বাচ্ছে সেথানে কয়েকজন শরীক, তার মধ্যে একজন স্বাক্ষর করেন নি—সেদিক থেকে আইনগত প্রশ্ন দেখা দিয়েছিল।

শ্রীবারেক্সনারায়ণ রায়: যেখানে আইনগত বাধা ছিল সেখানে সরকার কি করে টাকা দিয়েছিলেন?

<u>শীসত্যপ্রিয় রায়:</u> সেটা অন্সন্ধানসাপেক্ষ।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: এর মধ্যে কোন দুনীতি ছিল কিনা সেটা দ্বেখবেন কি?

শ্রীসত্যপ্রির রাম: নিশ্চয় দেখব।

শ্রীসনংকুমার বাহা : এই জির'গঞ্জ মিউজিয়ামের থক্তপত্র প্রভৃতি হিসাব করার জন্য সেথানে সোস্যাল ওয়েলফেয়ার এডুকেসন অফিসার আছেন তাঁর কাছে কোন তথ্য পেয়েছেন কিনা বে হিসাবপত্র যথায়থ আছে ?

শ্রীসত্যপ্রিয় রাম: সেগ্নলি আমরা বিচার করে দেখছি—তবে এট্কু বলতে পারি ছে ১০ হাজার টাকা সরকারের পক্ষ থেকে দেওয়া হয়েছিল, তার মধ্যে ৫২ হাজার টাকা খরচ হয়ে গেছে, বাকিটা মিউজিয়াম কমিটি যার ১৮৪০ নায়ন ডি এম তাঁদের তত্ত্বাবধানে আছে। এগ্নলি সমসত তদন্ত করার প্রয়োজন আছে বলে আমি মনে করি।

Corruption charges against the gazetted officers

*37. (Admitted question No. *55.)

শ্রীবারেন্দ্রনারায়ণ রায়: স্বরাণ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ট্রিমহোদ্য অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৬৫ সাল হইতে ১৯৬৮ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সরকার কয়জন গেজেটেড অফিসারের বিরুদ্ধে দুনীতির অভিযোগ পাইয়াছিলেন; এবং
- ্থ) উক্ত অফিসারদের বির্দেধ তদনত হইয়াছিল কিনা এবং হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

Shri Jyoti Basu:

- (ক) ১৯৬৫ সাল হইতে ১৯৬৮ সালের ডিসেম্বর মাস পর্যক্ত এই রাজ্যের ১,০০৮ জন গেজেটেড অফিসারের বিরুদ্ধে দ্নশীতির অভিযোগ পাওয়া গিয়াছিল।
- (খ) উক্ত অফিসারদের মধ্যে ৫৫৫ জনের বির্দেখ তদন্ত সমাশ্ত হইয়াছে। তদন্তের ফলে ১৩৯ জনের বির্দেখ নিম্নরূপ ব্যবস্থা অবশ্বন করা হইয়াছে:—
 - (১) ১৫ জনকে আদালতে বিচারের জন্য পাঠান হইয়াছিল। তন্মধ্যে বিচারে ১ জন দোষী সাব্যস্ত হওয়ায় আদালত কর্তৃক দণিডত হইয়াছে এবং ৮ জনের বিরুদ্ধে অপরাশ প্রমাণিত না হওয়ায় তাহারা থালাস পাইয়াছে। বাকী ৬ জনের এখনও বিচার চলিতেছে।
 - (২) ১২৪ জনের বির দেধ বিভাগীয় বাবস্থা অবলন্দন করা হইয়াছে। তস্মধ্যে, ৪৬ জনের বির দেধ অভিযোগ প্রমাণিত হওয়ায় তাহাদের বির দেধ শাস্তিম লেক বাবস্থা অবলন্দন করা হইয়াছে এবং ১৩ জনের বিব দেধ অভিযোগ প্রমাণিত হয় নাই। বাকি ৬৫ জনের বির দেধ বিভাগীয় তদস্ত এখনও শেব হয় নাই।

শ্লীকামাখ্যাচরণ ঘোৰ: মন্ত্রিমহাশার জানাবেন কি যে মেদিনীপুরের তদানীশতন জেলা শালক মিঃ গোমেসের বিরুদ্ধে কোন এনকোরারী হয়েছিল কিনা এবং তা প্রমাণিত হয়েছে কিনা?

শ্রীক্ষ্যোতি বস্কু: বিশেষ কোন অফিসার সম্বন্ধে এখানে বলা আমার পক্ষে সম্ভব নয়,—তবে আমি এট্কু বলতে পর্যার যে, কাল আমরা এই তদতের যে রিপোর্ট ভিজিল্যান্স কমিশনের, সেটা এই হাউসের সামনে রাখবো—সেখানে দেখে নেবেন।

শ্রীকাশীকাশত হৈছে: মাননীর উপ-ম্থামন্টার কাছে আমার প্রশন-বেহেতু তিনি সমশ্ত ব্যাপারটাকে ন্তন করে ঢেলে সাজাচ্ছেন বলে আমি বিশ্বাস রাখি এখানে দেখা বাছে যে ৫০০ জনের বিরুদ্ধে তদত সমাশত হরেছে এবং কৈছে, কর্মচারীকে আদালতে পাঠানো হর বিচারের জন্য এবং সেখামে একজন দোবী সাবাসত হরে দণ্ডিত হন—আমার প্রশন হছে প্রথমত ব্রুফ্টে সরকার এমন কোন নীতি নির্ধারণ করবার কথা ভাষ্টেন কিনা বে বেখানে কোন সরকারী অফিসার বা কর্মচারীর বিরুদ্ধে দার্শ্ দ্বনীতির অভিযোগ আসবে সেখানে কি সরাসার ভিশার্টমেন্টাল এনকোয়ারী প্রসিড করবেন

on the basis of complaints received.

না, সেখানে সরকারের হাতে কোন ডিসক্রিসন রাখবেন যে কোন কোন কেস তারা আদালতে পাঠাবেন এবং কোন্ কোন্ কেস তারা ডিপার্টমেন্টাল প্রসিডিংস হিসাবে ট্রিট করবেন—িদ্বতীয়ত হচ্ছে কোন অভিযোগ এলে সেটা কি ডিপার্টমেন্টেই রাখবেন, না সরাসরি প্রাইমা ফেসী কেস গ্রাউন্টে একুইট্যাল হয়ে যাচ্ছে যেমন, হয়তো আদালতে প্রমাণ করতে গেলে যে ধরনের সাক্ষী দরকার হয় সেই ধরনের সাক্ষী এলো না. ফলে সেটা একুইট্যাল হয়ে যার—সেই সমসত ক্ষেত্রে ডিপার্টমেন্টাল এনকোয়ারী করে প্রসিড করবেন কিনা?

শ্রীজ্যোতি বস্: এখন এ বিষয়ে কিছ্ সিন্দান্ত গ্রহণ করি নি—ভিজিল্যান্স কমিশনারের সংগ্যে আমাদের আজকে আলোচনা হয়েছে—পরবতী কালে আরো আলোচনা করে আমরা কতক-গ্রান্থি সিন্দান্ত গ্রহণ করবো।

Cottage and Small-Scale Industries in Murshidabad

*38. (Admitted question No. *108.)

শ্রীসনংকুমার রাহাঃ ক্ষুদ্রশিল্প বিভাগের মলিমহোদয় অনুগ্রহপ্রবিক জানাইবেন কি, ম্শিশাবাদ জেলায় ক্ষুদ্রশিল্প ও কুটিরশিল্প সংগঠন ও উল্লয়নের পরিকল্পনা সরকার কর্তৃক গ্রীত ইইয়াছে কিনা?

Shri Sambhu Charan Chosh:

মূমিদাবাদ জেলায় রেশমমিশলপ ও হস্তমিলেপর জন্য কিছ্ পরিকল্পনা চাল্ আছে এবং ঐগ্রাল উন্নয়নের পরিকল্পনা গৃহীত হইয়াছে। ইহা ব্যতীত, ক্ষ্যু ও কৃটির মিলেপর উন্নয়নের জন্য রাজ্যের সাধারণ পরিকল্পনাগ্রালির সুযোগ সুবিধাও এই জেলা পাইয়া থাকে।

শ্রীসনংকুমার রাছাঃ এর কংক্রিটের বাস্তব ভিত্তি কি?

শ্রীশশ্ভুচরণ ঘোষ: বাস্তবক্ষেত্র বলতে কি ব্ নিয়েছেন—আমি ঠিক ব্ নতে পারলাম না। তবে আমি বলতে চাই ম্ শিদাবাদ জেলায় প্রধানত রেশমশিলপ এবং হস্তিদনত শিলপ—দৃটি বিখ্যাত শিলপ। এই দৃই শিলেপর উন্নয়নের জন্য কতকগ্নিল ব্যবস্থা সরকারের পক্ষ থেকে ইতিমধ্যে চাল্ আছে। যেমন রেশম শিলপ উন্নয়নের জন্য একটি শিক্ষণ কেন্দ্র চাল্ আছে এবং বিজ্ঞানমূত্ত গুটিপোকার ডিম্ব সরবরাহের ব্যবস্থা আছে এবং ভবিষয়তে এই শিলেপর উন্নতির জন্য চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় স্টেট ফিলেচার প্রতিষ্ঠা করার প্রস্তাব সরকার গ্রহণ করেছেন। কিন্তু মাননীয় সদস্য নিশ্চয় জানেন বেহেডু চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় অর্থের বরান্দ্র অনেক পরিমাণে কমে শ্বিরেছে, তাই এখনই স্টেট ফিলেচার গঠন করার প্রস্তাবটি সরকার গ্রহণ করতে পারছেন না। আর হস্তিদনত শিলপ সম্পর্কে আপনারা জানেন এর উন্নতির জন্য

সরক রের পক্ষ থেকে অর্ধমূল্যে বল্যপাতি সরবরাহের ব্যবস্থা করা হয় এবং বিনাম্ল্যে নক্সা এবং প্রুক্তার বিতরণের ব্যবস্থা করা হয়। এগালির উন্নয়নের জন্য সরকার থেকে আমরা চিস্তা কর্রাছ যাতে করে র-মেটিরিয়ালস ঠিকভাবে সাম্লাই করা যায় এবং মার্কেটিং-এর ফেসিলিটিস দেওয়া যায়।

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Allowances of the head teachers of primary schools

*39. (Admitted question No. *163.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ শিক্ষা বিভাগের মলিমহাশয় অন্তাহপ্র্বক জানাইবেন কি -

- (ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়গর্নার সকল প্রধান শিক্ষককে প্রধান শিক্ষক ভাতা প্রদান করা হয় না : এবং
- (খ) সত্য হইলে, তাহার কারণ কি?

The Minister for Education:

(ক) ও (খ) টেন্ড না হইলে প্রধান শিক্ষকের যোগ্যতা হয় না এই কারণে আনট্রেন্ড স্কুলে ফাইন্য ল পাশ প্রধান শিক্ষককে ঐ স্পেশ্যাল পে দেওয়া হয়় না। মাধ্যমিক বিদ্যালয়েও প্র্ণে যোগ্যতাসম্পন্ন না হইলে প্রধান শিক্ষককে প্রধান শিক্ষকের বেতনহার দেওয়া হয়় না। তবে প্রাইমারী স্কুল-এর সমস্ত শিক্ষককেই স্পেশ্যাল পে দিবার একটি প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

Overcrowding of buses under the Durgapur State Transport Corporation

- *40. (Admitted question No. *185.) Shri ASWINI ROY: (a) Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state whether the Government is aware of the overcrowding of buses under the Durgapur State Transport Corporation in all the routes at the Durgapur Notified area in the district of Burdwan?
- (b) If the reply to (a) be in the affirmative, will the Minister be pleased to state what measures, if any, are intended to be taken for avoiding overcrowding?

The Minister for Home (Transport): (1) State buses run overcrowded on some of the routes in Durgapur Notified Area, during peak hours only.

(ii) It is proposed to increase frequency of bus services on these routes during peak hours by putting more buses.

Route permits for buses during President's Rule

*41. (Admitted question No. *219.)

শ্রীজমলেন্দ্রলাল রায়: স্বরাণ্ট্র (পরিবহণ) বিভাগের মিল্টিমহাশয় অন্ত্রহপ্রেক জানাইবেন কি-

- (ক) রাষ্ট্রপতির শাসনকালে ২০এ ফেব্রুয়ারী, ১৯৬৮ হইতে ২৪এ ফেব্রুয়ারী, ১৯৬৯ পর্যক্ত, এই রাজ্যে কোন্ জেলায় কয়টি করিয়া স্থায়ী বা অস্থায়িভাবে বাসর্টের পার্রমিট দেওয়া হইয়াছিল ; এবং
- (খ) এই সময় জেলায় জেলায় রুট পার্রামট বিতরণের দায়িত্ব কাহাদের উপর নাস্ত ছিল? ${f L} \! = \! 38$

The Minister for Home (Transport):

- (क) তালিকা নিদ্দে পেল করা হইল।
- (খ) আঞ্চলিক পরিবহণ সংস্থার উপর ন্যুস্ত **ছিল।**

List referred to in reply to clause (Ka) of starred quistion No. *41.

ঘেলা					পারমিট বিভরণ		
				^	স্থানী	वकांगी	
51	যুগ লী				••	ર	
•1	ত্ লপাইগুড়ি	• •	• •	• •	5	8	
31	ৰী ৰু ড়া	• •	• •		2	۶	
31	হাওডা	• •	• •	• •	3	২৩	
۵۱	<u>ৰেদিনীপুর</u>	• •	• •	••	دد	36	
61	निया	••	• •		5	>>	
۹ ۱	কলিকা তা	••	• •	••	••	৬	
छ ।	প্রকার	• •	• •		>>	રહ	
» I	ৰু শিদাবাদ		••		8	58	
100	পশ্চিষ দিনা জ গ	<u>t</u> a	• •	• •	••	••	
>> ,	বৰ্ষান		••	• •	20	૦૦૬	
521	বীরভূষ	• •		••	J F	24	
531	ৰালদহ		• •		ı	38	
180	ৰুচৰিহাৰ	••	••		8	>	
120	ना जि निः		• •			>0	

Stadium in Calcutta

*43. (Admitted question No. *165.)

শ্রীজমরেন্দ্রলাল রায়প্রধানঃ শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্তিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইকেন কি—

- (ক) কলিকাতা গড়ের মাঠে "স্টেডিয়াম" নির্মাণের পরিকল্পনা বর্তমানে কি পর্বারে আছে: এবং
- (ব) উর "স্টেডিয়াম" নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি পাওয়া গিরাছে কি?

The Minister of State for Education (Sports):

- (क) কলিকাতার একটি কম্পোজিট স্পোর্টস তৈরারীর সকল প্রকার চেণ্টা হইতেছে।
 ইহাতে কেবল ফ্টবলই নর অন্যান্য খেলার ব্যবস্থাও থাকিবে। ইহাতে ৭৫,০০০ দশকের
 আসনের ব্যবস্থা থাকিবে। ক্রমশঃ ইহাকে বাড়াইরা ১,২৫,০০০ দশকের আসনের ব্যবস্থা
 করার অবকাশ থাকিবে।
- ্থ) চূড়ান্তভাবে স্থিরীকৃত হয় নাই। তবে হয় ইন্ডেন উদ্যানে নতুবা ইডেন উদ্যানের ব্যব্ড স্টান্ডের নিকট ফেডিয়াম নির্মাণের কথা বিবেচনা করা হইতেছে।

Panchthupi T. N. Institution

*44. (Admitted question No. *221.)

শ্রীঅমলেন্দ্রনাল রায়ঃ শিক্ষা বিভাগের মন্দ্রিমহাশর অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার পাঁচথ্বপী টি এন ইনিস্টিটিউশনের ম্যানেজিং কমিটির কার্যকাল শেষ হইয়া যাওয়া সত্ত্বেও ঐ স্কুলের ম্যানেজিং কমিটি এখনও প্নগঠিত হয় নি; এবং
- (খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করার কথা চিস্তা করিতেছেন?

The Minister for Education:

- (ক) হাাঁ। পরিচালক সমিতির কার্যকাল ২২-৪-৬৭ তারিখে শেষ হইয়াছে এবং ইহা ধখনত পুনুগঠিত হয় নাই।
- (খ) বর্ত্তমান পরিচালক সমিতির গঠন সম্বন্ধে একটি মামলা বিচারাধীন আছে। ঐ মামলার বিচার শেষ হইলে পরিচালক সমিতির পুনগঠিন অথবা প্রশাসক নিয়োগ সম্বন্ধে । বিস্থা গ্রহণ করা হইবে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Water Supply Scheme for Labagh Town

31. (Admitted question No. 7.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় এবং শ্রীঅশ্বিনীকুমার রাজঃ স্বাস্থ্যবিভাগের মন্তিমহোদর অন্গ্রহপর্বেক দানাইবেন কি—

- (ক) ইহা কি সতা যে, মুশিদাবাদ জেলার লালবাগ শহরে পরিস্রুত জল সরবরাহের ষে পরিকল্পনা লওয়া হইয়াছিল, তাহার কান্ধ শ্রু হয় নাই:
- (খ) সত্য হইলে, তাহার কারণ কি; এবং
- (গ) কোন্ সালে ঐ পরিকল্পনা গৃহীত হইয়াছিল এবং ঐ বাবত কত টাকা বরাদ্দ করা হইয়াছিল ?

The Minister for Health:

- (ক) মূর্শিদাবাদ মিউনিসিপ্যাল এলাকার জন্য (যাহার মধ্যে লালবাগ শহর অবস্থিত আনুমানিক ১৩,৯৪,৮০০ টাকা বায়ে একটি পরিস্তৃত জল সরবরাহ প্রকল্প প্রস্তৃত করা হইয়াছে কিন্দু ইহার কাজ শারু হয় নাই।
- (খ) সম্প্রতি মিউনিসিপ্যালিটির অনুমোদন সহ প্রকল্পটি জেলাশাসক ও বিভাগীর ক্মিশনারের মাধ্যমে পাওয়া গিয়াছে এবং ইহা এখন সরকারের বিবেচনাধীন আছে।
- (গ) প্রকল্পিট এখনও সরকারের দ্বারা অনুমোদিত হয় নাই এবং কোন অর্থাও ইহার জন-মঞ্জার করা হয় নাই।

District School Boards

32. (Admitted question No. 66.)

শ্রীৰীরেন্দ্রনারায়ণ রায়: শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) পশ্চিমবংগ জেলা স্কুলবোর্ডগর্নির কার্যনির্বাহক কমিটি কোন্ কোন্টি চাল্ব আছে এবং কোন্ কোন্টি সরকার স্বহস্তে গ্রহণ করিয়াছেন; এবং
- (খ) বর্তমানে স্কুলবোর্ড গর্নল কিভাবে গঠিত হয় ?

The Minister for Education:

- (ক) পশ্চিমবংগ পনেরটি জেলা স্কুলবোর্ডের কার্যনির্বাহক সমিতিগর্নির মধ্যে চোদ্দটি চাল্ আছে। কেবল মর্শিদাবাদ জেলা স্কুলবোর্ডিটি বাতিল করিয়া সরকার একজন অ্যাড-মিনিস্টেটর নিয়োগ করিয়াছেন।
- (খ) জেলা স্কুলবোর্ড গ্রিল দি বেজ্গল (র্রাল) প্রাইমারি এড়কেশন আন্তে, ১৯৩০-এব ৬ ধারা অন্যায়ী গঠিত হয়।

Rise in price of Food Commodities

33. (Admitted question No. 116.)

শ্রীসনংকুমার রাহা: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশ্য অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- থাদাবস্ত্রপ্রধানত চাউলের ম্লাব্নিধ রোধের জনা সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন: এবং
- (খ) গত চার মাসে কোনা কোনা খাদ্যবস্তর দর ব্যাডিয়াছে?

The Minister for Food and Supplies:

- (ক) হাাঁ। কালকাতা ও তংপাশ্ববিতী শিল্পপ্রধান অঞ্লসমূহে এবং আসানসোল, দুর্গাপ্র শিল্পাণ্ডলে বিধিবন্ধ রেশন ব্যবস্থা এবং অনাত্র আংশিক রেশন ব্যবস্থা চাল্ব রাখা ইইয়াছে।
- (খ) গত নভেন্বরের প্রথম সম্তাহের তুলনায় এই মাসের (মার্চের) প্রথম সম্তাহে চিনি, হল্ম্ন, ধনে, উচ্ছে ও মাছের খ্চরা দর কলিকতার বাজরে বৃদ্ধি পাইয়াছে।

এতংসংলগন বিবরণীতে দ্রবাগনুলির ২রা নভেম্বর ১৯৬৮ তারিখের ১লা মার্চ ১৯৬৯ তারিখের খন্চরা দর দেখানো হইয়াছে।

Statement referred to in reply to clause (kha) of unstarred guestion No. 33.

						First week of March 1969 (1-3-69)	4 months ago (2-11-68)	
						(Prices in rupess per Kg.)		
1.	Sugar							
	(i) Government Stock	(D-29)	• •	••		1.73	$1 \cdot 72$	
	(ii) Open Market	• •		••	••	3.70	3.06	
2.	Spices							
	(1) Halud—Erode	••		••	• •	5.51	5-41	
	(ii) Dhania—Cleaned	• •	••	••		$2 \cdot 58$	2 · 46	
3	Bittergourd—Uchhe	• •	••	••	• •	1 · 62	1 · 22	
4	Fish (Rohu)					7 50	6.93	

Manindra Mills Ltd. and Beldanga Sugar Mill

34. (Admitted question No. 109.)

শ্রীসনংকুমার রাহা: শিলপ ও বাণিজ্য বিভাগের মন্দ্রিমহাশার অন্ত্রহপ্র্বক জানাইবেন কি— ম্বিশ্বাবাদ জেলার কাশিমবাজারস্থিত মণীন্দ্র মিলস্ এবং বেলডাগ্গাস্থিত চিনিকল চাল্ব করার বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

The Minister for Commerce and Industries:

মণীন্দ্র মিলস্ লিমিটেডের উপর সরকারী অন্সন্ধান কমিটির স্পারিশ রাজ্যসরকারের মনতব্য সমেত কেন্দ্রীয় সরকারের নিকট পাঠান হইয়াছে এবং রাজ্যসরকার নিযুক্ত বিশেষজ্ঞ কমিটি অন্য সমনত বন্ধ মিলগর্থানর সপো এই মিলেরও সামগ্রিক ও আর্থিক প্রয়োজনীয়ভার বিষয়গ্রিল অন্সন্ধান করিতেছেন।

বেলডাংগা চিনিকলের মালিকানা সংক্রান্ত করেকটি বিষয় মহাধর্মাধিকরণ নিযুক্ত অবসায়কের বিবেচনাধীন আছে। এমতাবস্থায় ঐ চিনিকল চাল্যু করার ব্যাপারে সরকারী প্রচোটার কোনও প্রশন উঠে না।

Procurement of rice through Rice Mills

35. (Admitted question No. 94.)

শ্রীসনংকুমার রাহা: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশ্য অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

- রাজাসরকার ১৯৬৯ সালের ফের্য়ারি পর্যন্ত এ মরশ্রেম চাউলকলগ্নিল হইতে কত
 চাউল কি ম্ল্যে সংগ্রহ করিয়াছেন;
- (খ) ফের্য়ারি ১৯৬৯ পর্যশত কোন্মিল কত ধান ক্রয় করিয়াছেন; এবং
- (গ) সরকার মিলগন্লির উপর তদারক করিবার জন্য কি কি ব্যবস্থা লইয়াছেন?

The Minister for Food and Supplies:

- (ক) ১লা নভেম্বর ১৯৬৮ তারিথ হইতে ২৮এ ফেরুয়ারি ১৯৬৯ পর্যন্ত রাজ্যসরকারের পক্ষে ফুড্ করপোরেশন অফ ইন্ডিয়া মোট ১২ কোটি ৩৯ লক্ষ ১১ হাজার ৯ শত টাকার ১.১৭ ১১৯ মেঃ টঃ চাউল রাজ্যের চাউলকলগুলি হইতে সংগ্রহ করিয়াছেন।
- (থ) এই রাজ্যে প্রায় সাড়ে সাত শত লাইসেন্সপ্রাণত চাউলকল আছে। ১লা নভেম্বর ১৯৬৮ তারিথ হইতে ২৮শে ফেব্রুয়ারি ১৯৬৯ পর্যনত কোন্ মিল কত ধান ক্রয় করিয়াছেন সেই তথ্য সংগ্রহ করা সময়সাপেক্ষ। কিন্তু তথা সংগ্রহ করা হইতেছে। উন্ত সময়ের মধ্যে কোন্জেলায় কত পরিমাণ চাউল চাউলকলগালি হইতে সংগ্রহ করা হইয়াছে তাহার একটি তালিকা এতংসহ উপস্থাপিত করা হইল।
- (গ) ভারত সরকারের রাইস মিলিং ইন্ডাম্থি (রেগুলেসন) আন্তে, ১৯৫৮, ও রাজ্যসরকারের ওয়েস্ট বেপ্পল রাইস মিলস (কন্টোল ও লেভাঁ) অর্ডার, ১৯৬৭ অনুসারে কলিকাতা ও জেলাগনিতে রাজ্যসরকারেব খাদ্য ও সরবরাহ দশ্তরের অধীন বিভিন্ন অফিসারকে, জেলাশাসক মহকুমাশাসক এবং আাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টরের নিন্দেন নহে এইর্প প্লিস অফিসাব্দের মিল্ফালি তদারক করিবার জন্য এবং মিলগুলির হিসাবপত্ত ও মজত্বত চাউল পরীক্ষা করিবার জন্য ব্যাপক ক্ষমতা দেওয়া হইয়াছে। উপরন্তু চাউলকলগ্রলিকে লাইসেন্সিং কর্তৃপক্ষের কাছে নির্মামতভাবে ক্রয়, বিক্রয়, উৎপাদন ও মজতুত সংক্রান্ত রিটার্ন দাখিল করিতে হয়।

Statement referred to in reply to clause (Kha) of unstarred guestion No 37

Serial No.			Name of	the distric	t.		Quantity of rice procured m M T.
1.	Burdwan					 	31,407
2.	Birbhum					 	42,757
3.	Bankura				• •	 	1,740
4.	Purulia					 	Б
5.	Midnapore	٠,		••		 	19,507
6.	Hooghly			• -		 	1.094
7.	Howrah			••	••	 	
8.	24-Parganas		• •			 	5 316
9.	N_{adia}					 	
10	Murshidabad				• •	 	1,187
11.	Malda					 	315
12.	West Dinajpu	r				 	11,629
13.	Cooch Behar						589
14.	Jalpaiguri					 	1,220
15.	Darjeeling					 	350

Total .. 1,17,11 ,

Use of Bengali in Parliamentary Affairs

36. (Admitted question No. 120.)

শ্রুবার রাহা ঃ তথ্য ও জনসংযোগ রিভাগের মন্তিমহোদর অন্গ্রহপ্র ক জানাইবেন কি—

- (ক) বাংলা পরিভাষা কত খণ্ড প্রকাশিত হইয়াছে; এবং
- (अ) वांश्लाভाषा সংসদीয় कार्य कार्यकर्वी ভाবে প্রচলনের জন্য কির্প ব্যবস্থা লওয় ইইবে ?

The Minister for Information and Public Relations:

- (क) পাঁচটি।
- (খ) বিধান বিভাগের অধীনে রাজ্যভাষা (বিধান) কমিশন রাজ্যের বিল ও আইনসম্হ বাংলা ভাষার অনুবাদ করিতেছে। সংসদীয় কার্যে বাংলা ভাষার বহুলতর প্রয়োগের দিকে ভবিষাতে দুন্টি দেওয়া হইবে।

Public relations through newspapers and radio

37. (Admitted question No. 117.)

শ্রীসনংক্ষার রাহাঃ তথ্য ও জনসংযোগ বিভাগের মন্তিমহোদয় অন্গ্রহপ্র্বক জানাইবেন কি-

- (ক) দৈনিক কাগজে ও রেডিওতে জনসংযোগের জন্য সরকারের পরিকল্পনা কি: এবং
- (খ) কি গুণাগুণ বিচার করিয়া কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়?

The Minister for Information and Public Relations:

- (ক) দৈনিক কাগজে ও রেডিওতে জনসংযোগের জন্য বর্তমান সরকারের বিশেষ পরিকল্পনা এখনও স্থিরীকৃত হয় নাই। এই সম্পর্কে পর্যালোচনা করা হইতেছে।
- (খ) সাধারণতঃ পত্রপত্রিকার পাঠকসংখ্যা, নিয়মিত প্রকাশ, সরকারী বিজ্ঞাপনের সামাজিক আর্থনীতিক উদ্দেশ্যের পরিপ্রেক্ষিতে পাঠকদের বৈশিষ্টা প্রভৃতি বিষয়ে গ্রোগ্রণ বিচার করা হয়। এছাড়াও ছোট ছোট পত্রপত্রিকার সাহায্যার্থে বিশেষ বিবেচনা করা হয়।

সমগ্র ব্যাপারটি পর্যালোচনা করা হইতেছে।

Hingalganj-Hemnagar Road

38. (Admitted question No. 129.) Shri HAZARI LAL MANDAL: Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state what steps have been taken so far for completion of the Hingalganj-Hemnagar Road?

The Minister for Public Works (Roads): The road from Hingalganj to Hemnagar is 20 miles in length, out of which the portion from 5th mile to 12th mile has been completed. Jhama-consolidation is in progress from 18th mile to end. Work on the other miles will be taken up on receipt of possession of land in respect of which land acquisition proposals have been initiated. The road is likely to be completed during the Fourth Plan period.

Khulna-Bhandarkhali P.W.D. Road

39. (Admitted question No. 131.) Shri HAZARI LAL MANDAL: Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state the present condition of Khulna-Bhandarkhali P.W.D. Road at Sandeshkhali police-station and how much money the Department has spent for the road?

The Minister for Public Works (Roads): It is presumed that by Khulna-Bhandarkhali P.W.D. Road, honourable member has referred to the Sandeshkhali-Dulduli Road. This road has been almost completed with stabilisation coat over Jhama-consolidation and is in fair condition. So far, Rs. 3.35 lakhs have been spent on this road.

Construction of Bridges in Hasnabad and Hingalganj Police-stations

- **40.** (Admitted question No. 132.) **Shri HAZARI LAL MANDAL:** (a) Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state if any scheme has been drawn up for construction of bridges—
 - (i) across the river connecting Taki Municipality with Rameswarpur Union under Hasnabad police-station;
 - (ii) across Katakhali under Hasnabad police-station; and
 - (iii) across the Sahidkhali river connecting Nebukhali mauza with Mathbari-Dulduli mauza under Hingalganj police-station?
 - (b) If not, whether any such scheme will be drawn up in the near future?

The Minister for Public Works (Roads): (a) No.

(b) No, on account of financial stringency.

Security measures for the honey-collectors and wood-cutters in Sundarbans

41. (Admitted question No. 133.) Shri HAZARI LAL MANDAL: Will the Minister-in-charge of the Forests Department be pleased to state the arrangements, if any, to provide security for the honey-collectors and woodcutters of the Sundarbans area?

The Minister for Forests: Several armed patrol parties housed in boats or dinghies regularly patrol in the forests of Sundarbans for the safety of the people who enter in the forests either for cutting timber or for collecting honey. Besides, there is an armed frontier patrol party provided with Motor Launch to keep watch on undesirable intruders into the area.

In addition to above, special arrangement for armed patrolling is made during the honey-collecting season with the staff of the Superintendent of Police, 24-Parganas, and the Commandant, Border Security Forces. Honey-collectors are provided with loud-report crackers at Government cost for scaring away wild animals and are also advised to move cautiously while working in the forests. A batch of armed forest staff on house-boats are stationed along with the wood-cutters for their protection.

Retail and wholesale prices of some essential commodities

42. (Admitted question No. 115.)

শ্রীসনংকুমার রাহাঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্দ্রিমহাশর অন্গ্রহপ্রেক জানাইবেন কি, ১৯৬৮ ও ১৯৬৯ সালের মার্চ মাসের প্রথম সম্ভাহে নিম্নলিখিত পণ্যগ্রলির বাজারদর কি ছিল (খুচরা ও পাইকারী);

- (১) ধান,
- (২) পাট,
- (৩) চা.
- (8) ठाम (भाषाति),
- (৫) আল্,
- (৬) সরিষা তৈল,
- (৭) গ্ৰ.ড.
- (b) চিনি.
- (১) ময়দা,
- (১০) থইল.
- (১১) वामाय एउन,
- (১২) मानमा, এवर
- (১৩) মাঝারি ধর্তি ও শাড়ি (প্রতি জোড়া)?

The Minister for Food and Supplies:

লাইরেরী টেবিলে উপস্থাপিত বিবরণীতে ১৯৬৮ ও ১৯৬৯ সালের মার্চ মাসের প্রথম সংতাহে উল্লিখিত পণাগ্রন্থির বাজার দর (খুচরা ও পাইকারী) দুর্ভবা।

[2-2-10 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আমার একটা প্রিভিলেজ মোশন আছে। এটা আমি হাউসের সামনে উপস্থিত করছি এই কারণে যে আমরা আনন্দবাজার ধবরের কাগজে দেখলাম যে রাজ্যপাল ধর্মবীর বলেছেন যে, "আমি একটা রবার স্ট্যান্প নই। আমি যা করেছি, বেশ করেছি। কোন্টেন হচ্ছে, এটা হচ্ছে, constitutional privilege of the whole House is concerned,

এটা কোন সাধারণ প্রিভিলেজ-এর ব্যাপার নর। তার কারণ,

সেই জন। আমি বলছি অযথা ধান ভানতে শিবের গাঁত গাইবার কোন দরকার ছিল না। যার বাগানবাভির কথা মন্তিমহাশয় বললেন, সেটা অলিক, অসত্য কথা। বাগানবাভির কোন প্রভিসন সেখনে ছিল না। পি ডি এফ মন্তাদির সম্বন্ধে এখানে বলা হয়েছে। আমার বক্ষর হচ্ছে এই কম মাহিনা নেবার প্রশ্ন আমাদের কাছে এসেছিল এবং শ্রুম্থেয় ডঃ পি, সি, ঘোষ একথা বলেছিলেন যে, যদি কোন মন্ত্রী অন্য কোন গোপন রোজগারের পথ নিতে না চান তাহলে ম্থামন্ত্রীকে ১,১৫০ টাকা না দিলে তাঁব পক্ষে সংসার চালাতে গেলে অন্য ব্যবস্থা করতে হবে যেটা মোটেই বাঞ্চনীয় নয়। কেউ যদি ভাইর ঘাড়ে থাকে এবং সেই ভাই যদি সরকারী কর্মাচারী হন কিংবা তাঁর যদি হোটেল ডি পাপ্পায় চলে তাহলে তাঁর পক্ষে দরকার নেই। কিম্তু যিনি খাটিয়ে মানুষ যাকে রোজগার করে থেতে হয় এবং যাকে বলে মজুর খাটা লোক, যার হোটেল ডি পাপ্পায় চলে না—যেমন চলে কুমার বাহাদ্বরের—তাদের পক্ষে ৫০০ টাকার কমে হয় না। ৫০০ টাকার বেশী না হলে মুখামন্ত্রীর চলে না, কাজেই আমি বলছি উধর্তন সীমা কি হবে সবস্বন্ধ সেটা বলে দিন তাহলে আমরা খাণি হব। আমি এই বিলের কোন প্রতিবাদ করছি না।

Shri Jatin Chakraborty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ নলিনাক্ষ সানন্যাল মহাশয় প্রথমে ৫০০ টাকার কথা বলেছেন এবং বিশেষকরে আমাদের উপমূখ্য মন্ত্রী জ্যোতি বস্ত্রর কথা বলেছেন। জ্যোতি বস্ত্র সম্পর্কে ও'র একটা এগালার্জি আছে। ৫০০ টাকায় জ্যোতি বস্ত্র চলে কিনা সেটা একবার গিয়ে দেখে আসবেন। আমি শৃধ্ এট্কু বলছি আমরা যে ৫০০ টাকা মাইনে নিতে ঘচ্ছি সেটা আমি বিল যখন উপ্রাপন করেছিলাম তথনই বলেছি যে, আমরা মনে করি আমরা যে জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি সেই জনসাধারণের যথন অর্থনৈতিক দ্বরক্থা তথন একজন দক্ষ শ্রমিক মোটাম্বিট যেটাকা পায় সেই দিক লক্ষ্য রেখে আমরা মাইনের হার নির্ধারণ করেছি এবং

সরকারের কাছ থেকে আমরা এর বেশী টাকা নিতে চাইনা যেটা ওঁরা নিয়েছিলেন। ৫০০ টাকায় র্যাদ কারুর না চলে তাহলে অন্য ব্যবস্থা করতে হবে। যেমন, আমি নিজে ট্রেড ইউনিয়ন করি এবং বিভিন্ন ইউনিয়ন থেকে আমি মাইনে পেয়ে থাকি, এ্যালাউন্স পেয়ে থাকি এবং সেইভাবে আমার সংসার চলে—আমার কোল্ড স্টোরেজের ব্যবসা করার দরকার হয় না। সূত্রাং এই প্রদন আসে না। দ্বিতীয় কথা বলা হচ্ছে যুক্তফুন্টের মন্ত্রীরা নাকি ভুরি-ভোজন করছেন এবং সেইজনাই তাঁদের মেডিকেল বিলের দরকার হয়েছে। ভূরিভোজন করছি কিনা জানিনা, তবে জনসাধারণের শতেচ্ছা, আশীর্বাদ আমাদের উপর আছে বলে তারা আমাদের নিমন্ত্রণ করেন। আমাদের ওঁদের মত প্রিলশ মিলিটারী পাহারার দরকার হয়না। সাধারণ মান্য ওঁদের পেলে পিঠের চামড়া তুলে নিতে চেয়েছিল। ডঃ সান্যাল জিজ্ঞাসা করেছেন সিলিং কি হবে? অর্থাৎ যেভাবে ক্লজ রেখেছি তাতে ওঁরা বলছেন আমরা এটা এয়াবিউস্ করতে পারি। ডঃ সাম্ন্যাল ঠিকই বলেছেন। ডঃ সাম্ন্যাল তাঁর দৃষ্টিভংগী নিয়েই এটা বিচার করেছেন এবং তারা বোধহয় এরকম কাজই করে থাকেন। কিন্তু যুক্তফ্রন্ট সরকারের মন্দ্রীদের এটাকু সততা আছে যে, তাদের যেটা ন্যায়া মেডিক্যাল খরচ হয় তার বেশী এক পয়সাও কেউ নেবেন না। এই সততা যুক্তফ্রন্ট মন্দ্রীদের আছে বলেই আজকে যুক্তফ্রন্টকে জনসাধারণ তীদের শুভেচ্ছা এবং আশীবাদি দিয়ে গদীতে বসিয়েছেন এবং ওঁরা ৫৫ জনে এসে দাঁডিয়েছেন। তারপর তিনি বলেছেন বাগান বাড়ী ছিলনা। আমি রসিকতা করেই ওই কথা বলেছিলাম। কিন্তু যে বিল অদ্রাদের কাছে রয়েছে সেই বিলে ছিল.

"The Chief Minister and each Minister shall be entitled, without payment of rent, to the use of—

(a) a furnished residence in Calcutta throughout the term of his office and for a period of fifteen days immediately thereafter, or in lieu of such residence a house allowance at the rate of Rs. 350 per month."

দু নম্বরে কি ছিল—

A furnished residence at such other place within the State

একটা নিচ্ছের থাকার বাড়ী প্ররিবার নিয়ে আর অন্য কাউকে নিয়ে থাকবার জন্য একটা বাড়ী অন্য জায়গায়, তাকেই আমরা বাংলা ভাষায় বাগান বাড়ী বলে থাকি।

শ্রী এ কে এম ইশাখ: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় মন্দ্রী যতীনবাব, একট্ আগে বললেন বাগান বাড়ীর কথা তিনি রসিকতা করে বলেছিলেন, এখন উনি আর একজনকৈ নিয়ে থাকার কথা বলছেন, ওঁর এটাও কি রসিকতা?

মিঃ **স্পীকারঃ ওঁ**র যা খবর আছে তাতে বলেছেন।

শ্রীষতীন চরবন্তীঃ ডাঃ সানাল যে কথা তুলেছেন, সেটা আমি বিলের মধ্যে রাখিনি. একথা বলে অমি আশা করব যে সভা এই দিল মঞ্জুর করবেন।

The motion of Shri Jatin Chakraborty that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969, be taken into consideration was then put and agreed to.

Mr. Speaker: There are no amendments Clauses 1 to 4 and the Preamble.

Clauses 1 to 4

The question that Clauses 1 to 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Jatin Chakraborty: Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Bengal Legislative Assembly (Members' Emoluments)

(Amendment) Bill, 1969

[3-50-4 p.m.]

Shri Jatin Chakraborty: Sir, I beg to introduce the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1969.

(Secretary read the title of the Bill.)

Shri Jatin Chakraborty: Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1969, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলের কপি এখানে সাকুলেট করা হয়েছে তার উদ্দেশ্য এবং হেতুর বিবরণ যা দেওয়া হয়েছে, তার প্রতি আপনার মাধ্যমে সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। তাতে বলা হয়েছে বর্তামনে রাজ্য বিধান মন্ডলীর উভয় সদনের সদস্যাগণ সদস্য হিসাবে তাঁদের কর্ত্বব্য উপলক্ষে জমণের জন্য কতকর্মাল সতেরি অধীনে রেলওয়ে কুপন বা ভাউচার পেয়ে থাকেন। বাজ্য সরঝারের মালিকানাধীন বা রাজ্য সরকার কর্তৃকি নিয়ন্তিত পথ পরিবহণ সংস্থাগন্লি পথ পরিবহনের ব্যবস্থা করে তৎ সম্পর্কে উত্ত সদস্যাগণকে অনুরুপ কুপনএর স্কৃবিধা দেওয়া উচিত বলে বলা হয়েছে এবং এই উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রেখে এই বিল সংশোধন আকারে আনা হয়েছে।

মাননার অধ্যক্ষ মহাশয়, এই বিলটিব যা উদ্দেশ্য সেটা আমি পড়ে শুনালাম। পার্লামেটের মেম্বারবা ভারতবর্ষের সব রেলে বিনা ভাডায় যাতে যেতে পারে তার জন্য তাদের একটি রেলওয়ে পাশ দেওয়া হয়ে থাকে। তাকে অনুসরণ করে ১৯৫৯ সালে এখানকার মেশ্বারদের বিনা ভাড়ায় রেলে যাতায়াতের স্ববিধার জনা রেলওয়ে কুপনের ব্যবস্থা করেছিলেন তথন যারা সরকার ছিলেন। তবে সেটা বছরে তিন হাজার মাইলে সীমাবন্ধ ছিল—পরে ১৯৬৫ সালে সেটা বাড়ানো হয়। বাংলার বাইরে যাতাগাতের জন্য ৩ হাজার মাইল অর্থাৎ, ৪৮২৮ কিলো মিটার। আব বাংলা দেশের মধ্যে যাতায়াতের জন্য যা প্রয়োজন তার একটা উর্ধ সীমা বে'ধে দেওয়া হয় নি—অর্থাৎ আন লিমিটেড ছিল—যেখানে যাবার পশ্চিমবাংলার মধ্যে তারা মেতে পারবে। এখানে মাননীয় অধাক্ষ মহাশ্য বাংলার মধ্যে আমাদের কাজ কারবাব বা স্থানীয় সমস্যা ব্রুখবার জন্য সেই সব বুঝে তার বাবস্থা গ্রহণ করাব জন্য কোথায় কি রক্ম কি পরিকল্পনা হাছে এবং তার কতথানি এগুচ্ছে এই সব সদস্যদের দেখবার খুব প্রয়োজনীয়তা থাকে। তাই আমরা বাংলা দেশের মধ্যে যখন বেশী ঘোরাফেনা কবার দরকার হয় সেইজনা আনলিমিটেড কুপনে আমরা বাংলাদেশের মধ্যে রেখেছি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার যাজ্যুলট সরকার গঠিত হবার পর বিধানমন্ডলীর অধিবেশন ডাকাব আগে এখানকার বিচ কিছ্ সদসা বিশেষ করে উত্তর বংগা থেকে যেসব বংশরো এসেছেন তারা আমার কাছে এই কথা বল্লেন राठी जनन्छ युक्तिमः ११० कथा। स्य आमारमत स्वलक्षा कथा। सन तर्हे - किन्छु यीम आमारमत কর্নান্তিউএনসি ঘুরতে হয় যেমন উত্তরবংগে জলপাইগাড়ি, আলিপ্রেদ্যার, কুচবিহার, পশ্চিম দিনাজপুর, মালদা—সেই সব জায়গায় তো নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট—এব বাস চাল, আছে,

তাতে আমাদের যাতায়াতের খুব স্বিধা হয়—আমাদের রেলওয়ে কুপন নিয়ে কাজে লাগে না এবং আমাদের ঘ্রতে গেলে পরসা খরচ করতে হয়। কিল্ডু অন্যান্য জারগার সদসারা রেলওয়ে কুপন ব্যবহার করে তাদের কর্নাষ্টিত্রনিসতে ঘোরাফেরা করতে পারেন, বিশেষ করে यथन के छेलुद्र तरुण यावाद कना क्यान त्यांक स्मित्र प्रोम्प्रिशार्टिंद वाम हमाए क्या कर वाराव মধ্যে বাস পে'ছে যাচ্ছে—সেই সব স্টেট ট্রান্সপোর্ট বাসে যাতায়াতের অনেক সূর্বিধা—তাছাড়া प्रोतन स्वराज रातन त्रिकातराज्यमन भाखशा याश्र ना, व्यवः भाखशा रातनाख यथन नमीत स्थशा भात राज হয় এবং সেখানে গিয়ে নানা রকম গদ্ভগোল হয়—সতরাং এখান থেকে চডে বসলে একেবারে সরাসরি চলে গেলাম, মাঝখানে খেয়া পেরোতে হবে বটে তব্তুত অনেক স্ববিধা আছে। এই সব বিবেচনা করবার পর মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মন্ত্রিসভার বৈঠকে এটা রাখি এবং তাঁরা অনুমতি দেন, তখন সেই অনুসারে আমি এই বিল এনেছি। সেইজনা ঠিক করেছি বাসে- অর্থাৎ সরকারী বাস এবং সরকার নিয়ন্তিত বাসে-রেজিন্টার্ড ট্রান্সপোর্ট করপোরেসন-এর অধীনে যে বাস আছে মেম্বারবা যাতে বাংলার জেলাগুলির ভিতর পর্যান্ত যেখানে বাস যায় যেতে পারেন তার জন্য একটা ব্যবস্থা করা দরকার এবং সেই উদ্দেশ্যে এই বিলটি এনেছি। আপাতদ্ঘ্টিতে মনে হবে হয়ত আমরা কিছু টাকা খরচের ঝ'র্কি নিতে চলেছি—কিন্তু একট্ তলিয়ে দেখেন তাহলে দেখবেন সেখানে বড় একটা কিছু হবে না—ঠিক কত এর জন্য খরচ হবে সেটা এক বছর না যাওয়া পর্যনত আমরা হিসাব কবতে পারি না। বিশেষত উত্তরবংশ রেলে ঘুরে ঘুরে যাওয়ার চেয়ে এখন অম্প সময়ে অম্প খরচে সেটা হয়ে যাবে—বাসের ভাড়া মোটাম্টিভাবে দেখা গেছে যে রেলের থার্ড ক্লাসের যে ভাডা-বিশেষ করে দূরপাল্লার ভাডার সংখ্যা তলনা করলে দেখা যায় বাসের ভাডা কম। সূতরাং রেলওয়ের কুপন খরচ কমে যাবে! এবং আমি আশা করছি যে, রেলওয়ে কুপনের খরচ কমে যাওয়ায় বায়সভেকাচ হবে।

আর একটা ছোট পরিবর্তন কবা হচ্ছে মাননীয় গ্রধাক্ষ মহাশয় যে বাংলার বাইরে যাতায়াত করার জনা যে ৩ হাজার মাইলের কুপন দেওয়া হত সেটা এখন মেট্রিক পদ্ধতিতে তার পরিবর্তন করা দরবার-সেটা কনভার্ট করে এই সংখ্যাটাকে আমবা ঠিক রাউন্ডে আপ করবার জনা ৪৮২৮ কিলো মিটারেশ জাগায় ৪৮০০ করতে চাচ্ছি। কারণ রেলওরে কর্তৃপক্ষ আমাদের যে কুপন বই দিয়ে থাকেন সেটা ৮০০ কবে বই এবং সেইজন্য আমরা ঐ ৪৮০০ বেখেছি। যদি প্রয়োজন হয় এটাকে আমরা বাডাতে পাবছি না—কারণ তাহলে রেলওয়ে কর্তৃপক্ষেব অনুমতি নিতে হবে, কমালে ক্ষতি নেই, তাতে তারা কোন বাধা স্থিট করবেন না এবং যদি দেখা যায় যে পরে আরও প্রয়োজন আছে ঐটাকে বাডাবার তাহলে আমরা রেলওয়ে কর্তৃপক্ষের সংগে এ বিষয়ে আলাপ আলোচনা করে সেই বাবস্থা অবলম্বন করবার চেণ্টা করবো—তাতে কিছু সময় লাগবে—এই কথা বলে আমি বিলটিকে আপনার মাধামে সভার সদস্যদের কাছে রাখলাম—আশা করি এতে সকলেব সুবিধা হবে। কেবল মার ইউনাইটেড ফ্রন্টের যারা উত্তর বংগার সদস্য আছেন তাঁরাই নন, বিরোধী সদস্যরাও সেই সুবিধা পাবেন, অবশ্য একট্ব অস্ক্রিবধা যে উত্তর বংগা থেকে ও'রা প্রায় এবার মুছেই গেছেন। সুত্রাং সেদিক থেকে অবশ্য ইউনাইটেড ফ্রন্টের সুবিধা একট্ব বেশাই হবে—কিন্তু ও'রা কিঞ্চিত কিঞ্চিত পাবেন বিশ্বত একেবারে হবে না—সেইজন্য আশা করি ও'রা এই বিলটি সমর্থন করবেন।

Dr. Nalinaksha Sanyal:

অধ্যক্ষ মহাশয়, এই যে বিলটি মাননীয় মন্ত্রী মহোদয় উত্থাপন করলেন এ সম্পর্কে অয়থা তিনি কতকগৃলি কট্ছি করতে চেষ্টা করলেন। কেন না আমি আগেই বলছি যে মন্ত্রী পর্যায়ে গেলেও কোন কোনে লোকের এমন অভ্যাস আছে যে—শ্বাঃ যদি ক্রিয়ন্তে রাজা সঃ কিং ন অশ্নাতি উপানহম্।

আমরা পণ্ড তল্তে পড়েছিলাম। আমাদের মন্দ্রী মহাশয়, এখন রাজার স্থানে গিয়েও তাঁর পুরানো অভাস যায় নি। অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিলটি যে উত্থাপন কবেছের এটা মুক্তিযুক্ত এ বিষয়ে আমার কোন আপত্তি নেই। কিন্তু এখানে দুটো অসংগতির দিকে আমি তাঁর দুখ্টি আকর্ষণ করছি। যদি তিনি এটা পরিষ্কার করেন তাহলে আমি বাধিক হবো। একটা হোল এই যে আপনি লক্ষ্য করে দেখবেন ট্রাডেলিং এ্যালাউন্স সংক্রান্ত যে ক্লব্ধটা আছে কল—৪(২) তাতে আছে মেম্বারদের

travelling allowance for Journeys by air at the rate of one and one-fourth times the air fare and for Journeys by rail or steamer at the rate of one and a half times first class fare.

[4-4-10 p.m.]

এই ভাষা থাকার দর্ন এমন অবস্থায় আমাদের একবার পড়তে হয়েছিল যে, আমাদের কোন কোন সদসাদের যাঁদের বাইরে যাবার দরকার হয়েছিল, সেটা পি, ডি, এফ মাল্যসভার নয়, এই হাউসেরই কমিটি, সেই কমিটির মেশ্বারদের ট্রেনে না গিয়ে তাদের এয়ারে পাঠাতে হল। অনেক বেশি খরচা হল। তাঁরা যদি ট্রেন যেতেন তাহলে রেলের ঐ ভাড়াটা প্রেরা পাবেন না। ভাষার যা আছে তাতে তাঁরা রেলের ভাডাটার অর্ধেক পাবেন। এটা ঠিক করে দিন। আইনের কর্তৃপক্ষ যখন আইন করেছিলেন তখন তাঁবা ধরে নিয়েছিলেন যতদ্র যান, যতবার যান রেলে গেলে রেলের জন্য কুপন পাওয়া যাবে। কিন্তু সেই কুপন সীমাবন্ধ রয়েছে এবং সেইজন্য যখন কুপন বহিছ্তিত কোন জায়গায় যাবার প্রশন হয়, মেশ্বাররা সরকারী কাজে গিয়ে থাকেন, আমাদের এই এসেশ্বলীর কাজে তখন তাঁদের পয়সা খরচ করতে হয় হাফ দি ফেয়ার নিজেদের বহন করতে হয়। এটা যদি আমাদের মিলুমহাশয় লক্ষ্য করে দেখে থাকেন এটার পরিবর্তন হয়ে পরিক্কার হওয়া দরকার। ক্রজ ফোব এ সাব-ক্রজ ট্রতে আছে যে, এয়ারের জন্য rate of half the first class fare

আপনি পাবেন। এই এ্যানোমেলীটা মদি পরিষ্কার করে দেন, তাহলে আমরা বাধিত হব।

শ্বিতীয় কথা হচ্ছে, আমরা রেলের কাছ থেকে কুপন পাই বাংলাদেশের মধ্যে রেল জার্গানর জনা। কিন্তু রেল কাম বাস সারভিস তানেক জায়গায় আছে। কন্টাই যাবার জন্য খুলুপুরে থেকে বাস সার্রভিস ছিল যেমন রায়গঞ্জ থেকে বংশীহারি পর্যন্ত বাস সার্রভিস ছিল উত্তরবংগের কথা বলেছেন সেখানেও আছে। এটা রেলের প্র্র টিকিটে হয় যদি উনি একট চেষ্টা করেন। তাহলে খুব ভাল হয়। যেসব বাস রাস্তা আছে সেখানে বাসওয়ালাদের সাথে কথা বলে রেল কাছ বাস সারভিস অনুমতি দেওয়া হয় এবং সেখানে লোক্যাল আর, টি, এ এবং দ্টো জেলার অন্তর্ভুক্ত হয় তো এস, টি. এ পর্যায়ে যদি অন্রোধ করা হয়, তাহলে এটার বাবস্থা হতে পারে। যেভাবে রেল জারনির সুযোগ মেম্বারদের দেওয়া হয়েছে, তাদের যদি বলা হয় বিধানসভা এবং বিধান পরিষদের সদসারা (যদি বিধান পরিষদ থাকে) এই সুযোগ পাবেন তাহলে আমার মনে হয় তারা খ্ব আপত্তি করবে না। যেখানে রেল কাম বাস সারভিস আছে সেখানকার সদস্যযাত্রীরা ও বর্কিং-এর স্থেয়েগ নেবার স্থাবিধা পাবেন। যাঁদের কুপন থাকবে তাঁদের উপর এটা প্রযোজ্য হবে। যে এ্যানোর্মোল থেকে গিয়েছে সেটা সম্বংধ আমি বলেছি। আমি অসংগতির দিকে দৃষ্টি আকর্ষণ করছি। একটা হল, রেলে বাইরে যাবার হলে যেখানে কুপন বহির্ভাত জার্নি সেখানে মাত্র হাফ দি রেলওয়ে ফেয়ার এটা পরিবর্তন করনে। এটা আরও পরিজ্বার হওয়া দরকার। দ্বিতীয় হচ্ছে, যেখানে রেল কাম বাস সার্ভিস আছে, যেখানে থ্র ব্যকিং-এর ব্যবস্থা আছে, সেটা সদস্যদের ক্ষেত্রে কি করে কার্যকর করা যায় সেটা দেখন যাতে বেল কুপনের মাধ্যমে ব্যবস্থা করতে পারেন। এই বলে আমি আমার বন্ধব্য শেষ করছি।

Shri Bazle Ahamad:

মাননীয় দপীকার মহাশয়, আজ যে মাননীয় সদস্যাগণের বেতন ইত্যাদি বিল নিয়ে আলোচনা হচ্ছে সেই বিলকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বিশেষভাবে কয়েকটা কথা বলার আছে। মাননীয় সদস্যাগণের ব্যবহারের জন্য এই বে রেলওয়ে কোম্পানীর ব্যবস্থা আছে এটা আজকের ব্যবহথা নয়। ১৯৬৭ সালে যুত্তফ্রন্ট সরকার রখন প্রতিষ্ঠিত হয় তারও অনেক পূর্বে এই রেলওয়ে কুপন ব্যবস্থা করা হয়েছিল। কংগ্রেস রখন গদীতে অস্মীন ছিল তখন এই ব্যবস্থা করা হয়েছিল। এই কপন ছাস্ট ক্রাদেএর কুপন। উভয় সভার স্প্রাদের এই কুপন দেওয়ার ব্যবস্থা আছে। আমন্দ কির্দানত সদস্য স্ত্রাং সাধারণ লোক ক্রেম্পান্ত আমাদের বেশী। কংগ্রেসী

সদস্যাগণের মত আমরা সেবকের ছন্মবেশে জনগণের প্রভুর্পে আসি না। ধনিক শ্রেণীব **দালালী করার প্রয়োজনেই কংগ্রেসী সদস্যাগণ সংযোগ কম রাখতেন এবং নিজেদেরকে জন্ম** হইতে দূরে রাখার জন্য এবং ধনস্ফীতির কারণে আভিজাত্য রাখার জন্য তাঁরা ফাস্ট ক্লাশ্-এই যাতায়াত করতেন। কিন্তু আমাদের মত যাঁরা সাধারণ লোকের প্রতিনিধি এবং যাঁরা স্বস্ম্য জনসাধারণের সঙ্গে সংযোগ রক্ষা করে চলেন তাঁদের বেশীরভাগ সময় ফার্স্ট ক্লাশ-এ ভ্রমণ করার প্রয়োজন হয় না। যদিও ফার্স্ট ক্লাশ-এর কুপন পাই তব্তু অনেক সময় গণসংযোগ রাখার প্রয়োজনে খুশী মনেই আমরা ইচ্ছা করেই সেকেন্ড বা থার্ড ক্লাশ এই সাধারণ লোকের সংগ্ ভ্রমণ করি অথচ কুপনের পরিবতে ফার্ম্ট ক্লাশ-এর টিকেট থাকে। এই বিল আসার আগে আমার ইচ্ছা ছিল যে, সংশ্লিট মন্ত্রিমহাশয়ের সঙ্গে এই বিল প্রসঙ্গে আলাপ করব, কিন্তু সূবিধা ৬ সময় হয়ে ওঠেনি। যাহোক বিল এসেছে, আমি এই বিল সমর্থন করে আপনার মাধ্যমে মাননাই মন্দ্রিমহাশয়ের কাছে একটা প্রস্তাব রাখছি। তিনি এটা ভেবে দেখন যে রেল কুপন এমন প্রকার করা যায় কিনা যে মাননীয় সদস্যগণ ইচ্ছা করলে ঐ কুপন থেকে ফার্স্ট বা সেকেন্ড বা থার্ড যে-কোন ক্লাশ-এর টিকেটে র পান্তরিত করতে পারবেন এবং রেলওয়ে সেইমত দ্রমণীকৃত ক্লাশ-এর ভাডা বিল করে আদায় করবেন। আমার উদ্দেশ্য সং। আমি আর্থিক খরচ কমাবার উদ্দেশ্যে এই প্রহতাব করছি। দুটো কারণেই এটা বিবেচ্য। প্রথমতঃ আমরা থার্ড ক্লাশ-এ ভ্রমণ করব আর ফার্স্ট ক্লাশ-এর ভাড়া দেব এটা অপবায় দিবতীয়তঃ আমাদের সরকারের আর্থিক অব্হুত বর্তমানে অসচ্ছল। আমার মনে হয় এটার একটা ব্যবস্থা হওয়া উচিত এবং রেলকে কুপন বাবত দেয় টাকার উম্বৃত্ত অংশ গঠনমূলক কার্যে বায় হউক। তাই বলছি মন্দ্রিমহাশয় রেলের সংখ্ যোগাযোগ করে এমন কুপনের ব্যবস্থা কর্ন যাতে এই প্রতিশন থাক্বে যে কুপন ব্যবহারকার সদস্যাগণ ইচ্ছামত সেটা থেকে যে-কোনও ক্লাশ-এর চিকেট কাটতে পারবেন এবং সেইমত টাক লাগবে। আমার প্রস্তাব আশা করি যুক্তফ্রন্টভুক্ত অন্যান্য দলীয় মাননীয় সদস্যগণ্ড সান্তে সমর্থন করবেন এবং সংশ্লিষ্ট মন্তিমহোদয়ও এবিষয়ে সচেষ্ট হবেন। এই বলে প্রস্তাবিত বিলেধ সমর্থন করে আমার বন্ধব্য শেষ কর্ছি।

Shri A. K. M. Ishaque:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের সদস্যদের আগে ২০০ টাকা করে মাইনে ছিল। ১৯৬৪-৬৫ সালে তদানীন্তন কংগ্রেস সরকার একটা সংশোধনী বিল এনে সদস্যদের অ্যালাউন্স ২০০ টাকা থেকে বাড়িয়ে ২৫০ টাকা করলেন। সেদিন যারা আজ দ্বভাগ্যক্রমে ওদিকে গেছেন তাঁরা সেদিন এদিকে ছিলেন এবং সেই সংশোধনী বিলের তাঁরা যতট্বকু পারা যায় তার বিরোধিতা করেছিলেন। নীতিগতভাবে তাঁরা বলেছিলেন ২০০ টাকা মাইনে বাড়ান উচিত নয় বরং কমান উচিত। আমরা আশা করেছিলাম যে, ও রা যথন গদীতে এসেছেন তথন ও রা সভ্যদের মাইনে ২০০ টাকা থেকে আরও কমিয়ে আনবেন। ও রা কমালেন না, বরং আরও যাতে স্বোগ্যান্বিধা সদস্যরা পান, দেউ এক্সচেকার থেকে আরও যাতে আরও হাতে খরচ হয় সেই ব্যবস্থা করলেন। অর্থাং দেউট এক্সপোর্ট-এর স্বুযোগ-স্ক্রিধা তাঁরা পাবেন।

আমি মনে করি ওরা যেন আর বেশী চাপ স্টেট এক্সচেকারের উপর স্থিট না করেন এবং এই নীতি অনুসরণ করে মাইনে কমিয়ে দিন।

[4-10-4-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কয়টা যুদ্ধি উঠেছে যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে একজন মাননীয় সদস্য যেটা ব্লেখেছেন সেটার বিচার বিবেচনা করে দেখব তবে এক্ষ্মনি বলতে পারছি না। তবে আমরা ফার্ল্ট ক্লাশ রেখেছি এইজন্য যে আমাদের সদস্যদের মধ্যে অনেক বয়স্ক সদস্য আছেন এবং কিছু কিছু ডাঃ নলিনাক্ষ সান্যালের মত দুর্বল সদস্য আছেন। তাঁদের জন্য করা যাতে তারা একট্ব যাতায়াত করতে পারেন। যদিও এইর্প আসে এর্প এনের্মালং ক্লজ রাখা রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গো কথা কয়ে দেখব এটা হয় কিনা। অনেক বন্ধ্বই আমাদের কাছে বলেছেন যে, একটা পাশের বন্দোবস্ত কেন করা হয় না যদিও সের্প প্রস্তাব আসেনি। কিন্তু আমাদের কাছে

অনেক বন্ধই বলেছেন আমাদের পক্ষের এবং বিরোধীপক্ষের রেলেতে পার্লামেটের সদস্যদের পাস আছে। ফটো দেওয়া সে পাসের যদি বন্দোবদত করা হয় তাহলে সুবিধা হয়়, দেরী হয়। সেইজনা রেলওয়ে পাস থাকলে বাংলাদেশের মধ্যে অসুবিধা হয় না চলাচল করবার সময়। আমরা লিখেছিলাম রেলওয়ে কর্তৃপক্ষকে কিন্তু তারা রাজী হননি। এটা আমাদের সরকার নয় আগেই লেখা হয়েছিল কিন্তু রেলওয়ে কর্তৃপক্ষ তাতে রাজী হননি। সারে, আমার শেষ কথা হল এই য়ে আমি বুঝতে পারছি না ওপক্ষের ইসাক সাহেব বললেন য়ে, মাহিনা কমিয়ে দিন। মাহিনা কমান হল না, ২৫০ টাকার লায়গায় ২০০ টাকা কমান হল না কারণ জিনিষপত্রের দাম বেড়েছে, মহার্ঘ ভাতা বেড়েছে সব জায়গাতেই বেড়েছে স্বতরাং এর সাথে কোন অসংগতি নেই। উনি যেহেতু স্টেট বাস-এর কুপন দেওয়া হছে সেইজনা উনি আপত্তি করেছেন। সারে, কংগ্রেস দলের অবস্থাটা কি দেখুন। উনি একরকম বললেন আবার ডাঃ নলিনাক্ষ সায়্যাল বললেন মে ওটা বাস পর্যন্ত চলে কিনা—বেসরকারী বাস পর্যন্ত চলে কিনা। নিজেদের মধ্যেও একটুখানি মতের মিল নেই। কংগ্রেসের অবস্থা, আজ কোথায় দাঁড়িয়েছে। স্বতরাং কোন প্রস্তাবই আমি গ্রহণ করতে পারছি না। বিরোধীদলের পক্ষ থেকে যদি সবস্মত কোন প্রস্তাব রাখতে পারেন তা বিচার বিবেচনা করে মন্ত্রীমণ্ডলীর কাছে পেশ করব এই আম্বাস দিতে পারি। এই কথা বলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বন্ধব্য শেষ করছি। আশা করি বিলটা সবাই গ্রহণ করবেন।

The motion of Shri Jatin Chakraborty that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendments) Bill, 1969, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that clause I do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Jatin Chakraborty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধবোর মধ্যেই আমি আগে বলেছি যে ঐ খ্রুচরা ৮২৮ সেটা বদলে ৮০০ পর্যন্ত করছি। সেটা রেলওয়ে-এর পক্ষ থেকে ছশ'র মত বিল দেওয়া হয়। স্বতরাং তার সঞ্গে সংগতি করে এটা করা হয়েছে। আমি এটা মূভ করছি।

I beg to move that in clause 2, in proposed clause (c)(1)(ii), in lines 1 and 2, for the words "four thousand eight hundred and fifty kilometers" the words "four thousand eight hundred kilometers" be substituted.

Dr. Nahinaksha Sanyal: Sir, I beg to move that in clause 2, in proposed clause (c)(2)(ii), in lines 1 and 2, for the words "four thousand eight hundred and fifty kilometers" the words "four thousand eight hundred and thirty kilometers" be substituted.

মাননীয় প্পীকার মহাশার, আমার নামে আমি একটা আমেন্ডমেন্ট এই অবস্থাতে পাঠিয়েছিলাম।
মন্ত্রিমহাশার আজকে হঠাও তার একটা অসমেন্ডমেন্ট দিলেন বলেই আমি এ বিষয়ে দ্বিট আকর্ষণ
করবার উদ্দেশ্যে আমেন্ডমেন্ট দিলাম। মাননীয় মন্ত্রিমহাশার বললেন যে, যেহেতু রেল কোম্পানী
কুপন ছাপাতে অস্ক্রিধা বোধ করছে, ৪ হাজার ৮০০-৮.০০ মালটিপল ছাড়া তারা করবেন না
অতএব তাদের বই দেবার অস্ক্রিধা বলেই তার প্রথম প্রস্তাব থেকে তিনি লাজ গ্রুটিয়ে নিলেন।
স্যার, যারা কেন্দ্রের সপ্যে স্টেটের সমস্ত বিষয়ে লড়াই করে আদায় করার হ্মকী দেখাছিলেন
তারা আজকে যেহেতু রেল কোম্পানীর ছাপাখানায় বই ছাপাতে হয় সেখানে কুপন ৮২৮ হল না,
অতএব স্ড স্কুড করে কমিয়ে দিলেন। যেটা মেন্বারদের প্রথমেই দেবার ছিল তার প্রস্তাব যে
৪ হাজার ৮২৮ সেটা হল অঙ্কের দিক থেকে তার একটা জান্টিফকেসান ছিল যে তিন হাজার
মাইলকে মেট্টিক হিসাবে করতে গেলে ৪ হাজার ৮২৮-এর কাছাকাছি হয়। আমার মনে হয় তিনি

সেই অন্তেকর দিকটাই আগে দেখেছিলেন কিন্তু যেই তাকে রেল কোম্পালীর একজন নিন্দ্রতম কর্মচারী থাম্পড় মেরে বলল যে আমরা ৮০০ উপর ছাপবো না আমনি তিনি সমুড় সড় করে চলে এলেন। এটা যে টাাকটিক্সের দিক দিয়ে কতবড় বাহাদ্বরী সেটার দিকে দ্খি আকর্ষণ করাই ছিল আমার উদ্দেশ্য। যদি আমি ব্ঝতাম যে নিয়ারেন্ট রাউন্ডে নাম্বার রাখতে হবে তাহলে সেটা ২৮'এর জায়গার ৩০ হাওয়া উচিত ছিল, না হয় ৫০, বা ২০ হত কিন্তু তা না করে তাদের হ্মকীতে একেবারে এটা করা হল বলেই আমি প্রম্তাবে বলেছিলাম যে ৪ হাজার ৮২৮'এর পরিবর্তে ৪ হাজার ৮৩০ রাখন। আমরা একট্ব লড়াই করি না কেন রেল কোম্পানীর সঞ্জে, কেন তারা ছাপবে না, তাদের নিশ্চয় ছাপাতে হবে। এই জন্যই আমি এই প্রম্তাব উত্থাপন করেছি।

শ্রীয় তান চন্দ্রবর্তীঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেটর আমাকে বিরোধিতা করতেই হচ্ছে। তিনি একটা বন্তব্য রেখেছেন যে আমরা নাকি ল্যাজ গ্রেটিয়ে পালিয়ে এসেছি। ট্রেড ইউনিয়ানের ক্ষেত্রে আমরা দেখেছি—আমরা ধর্মঘট করি, মালিকের সংগ্রু আমরা লভাই করি কিন্তু সেটা আমাদের শন্তিকে সংহত করেই করি, শন্তির অপবায় করি না ছোট ছোট ব্যাপারে। লভাই করার যখন সময় আসবে কেন্দ্রীয় সরকারের সঙ্গে তখন দেখবেন আমরা লড়াই করি কিনা। কিন্তু এখানে আমাদের তিনি ঐ এাজেন্ট প্রভোকেটারের মত প্রোভোক করার চেট্টা করছেন ছোট ছোট ব্যাপারে শন্তির অপবায় করবার জন্য, সেটা আমরা করিছি না। এনার পেশা এাজেন্ট প্রোভোকেটারের তাই হয়ত উনি করছেন কিন্তু দেখবেন সময় হলে আমরা ঠিকই লড়াই করবা। আমরা চিরকালে লড়াই করেছি এবং এক জায়গায় থেকেই তা করেছি। এ দিক থেকে ও দিকে আর ও দিক থেকে এ দিকে এসব আমরা করি নি। মাননীয় স্পীকাব মহাশয়, সংশোধনী প্রস্তাবের আমি বিরোধিতা করলাম।

The motion of Dr. Nalinaksha Sanyal, that in clause 2, in proposed clause (c)(1)(ii), in lines 1 and 2, for the words "four thousand eight hundred and fifty kilometers" the words "four thousand eight hundred and thirty kilometers" be substituted, was then put and lost.

The motion of Shri Jatin Chakravorty, that in clause 2, in proposed clause (c)(1)(ii), in lines 1 and 2, for the words "four thousand eight hundred and fifty kilometers" the words "four thousand eight hundred kilometers" be substituted, was then put and agreed to.

The question that Clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

[4-20-4-30 p.m.]

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Jatin Chakraborty: Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

Shri Nathaniel Murmu:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের পরিষদীয় মন্দ্রী যে বিলটা এনেছেন এটা পাশ হতে চলেছে, এটাকে সমর্থন করতে গিয়ে এখানে যে অস্ববিধা আছে যেটা হয়ত উনি জানেন না সে সন্দর্শে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে আমাদের রেলওয়ে মাইলেজ, যে কুপনে আমরা যাতায়াত করি, বিশেষ করে উত্তরবংশের যে সমস্ত সদস্য আমাদের স্টীমার ফেরীঘাটে একটা অস্ববিধা রয়েছে সেখানে আজকে কয়েক বছর আমরা লক্ষ্য করছি যদিও ইস্টার্ন রেলওয়ে ফেরী

সার্ভিস অপারেট করছে ফরাক্কা থেকে থেজ বিরাঘাট তব্ ও এই মাইলেজ কুপনে যাতায়াত করলেও সেই দ্বীমার ফেরীঘাটে সাভিসের জন্য ৩:১০ প্রসা আমাদের দিতে হয়। আমরা যথন আসেনবলী অধিবেশনের জন্য এখানে আসি বা ফিরে যাই তথন সেই সময় বিল করে টাকাটা প্রেয় যাই কিন্তু এম এল এ, হিসাবে কিন্তু কাজে যথন কলকাতায় আসতে হয় সেই সময় আমাদের ঐ প্রসাটা দিতে হয়। আমি ব্রুক্তে পার্লছ না ঐ খেস রিয়ঘাট এবং ফরাক্কা ফেরী সার্ভিস এই ইন্টার্ন রেল থেকে যথন অপারেট করছে তথন আমরা কংগ্রেস আমলেও এই কথা বলেছিলাম যে এটা যথন রেলওয়ে অপাবেট করছে তথন এটাতেও রেলওয়ে মাইলেজ কুপন ইনটোডিউস করা হচ্ছে না কেন। এ সম্বন্ধে পরিষ্দারীয় মন্দ্রী যদি একটা চেড্টা করেন যাতে খেজ বিয়ঘাট ফরাক্কা দটীমার যেটা রেলওয়ে কন্সানি সেটাতেও মাইলেজ কুপন দিয়ে যাতে যাতায়াত করতে পারা যায় এর যেন একটা তাড়াতাড়ি ব্যবন্ধা করেন।

শ্রীষতীন চন্ধবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য নাথানিয়েল মরুমু যে কথা বলেছেন সেটা নিশ্চয়ই আমরা বিবেচনা করে দেখবো। এখনি এই সবের প্রতি আমাদের দৃষ্টি আফুট হয়নি কেন না আপনারা জানেন সবে মাত্র যুক্তফ্রণ্ট সরকার গঠিত হয়েছে এবং তাড়াভাড়ি বিধানমণ্ডলীর অধিবেশন ডাকা হয়েছে একথা মনে রাখবেন এবং আগামী দিনে আগামী সেসনের আগে উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে আলাপ আলোচনা করে এর প্রতিবিধান করা যায় কিনা সে বিষয়ে নিশ্চয়ই আমর। চেন্টা করবো এই আশ্বাস দিচ্চি।

The motion of Shri Jatin Chakraborty that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1969, as settled in the Assembly be passed, was then put and agreed to.

Mr. Speaker: The Bill is passed.

(At this stage Shrimati Ila Mitra took the Chair)

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969.

Shri Satya Priya Roy: I beg to introduce The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969.

(Secretary read the title of the Bill)

Shri Satya Priya Roy: Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969, be taken into consideration.

गाननीया অধ্যক্ষা মহেলয়া, আমরা একটা ছোট আামেন্ডমেন্ট বিল এনেছি, একটা ক্রজের একটা দামান্য অংশকে শুধু পরিবর্তান কর্বাছ। একথা আগেই বলে নিই যে সামগ্রিকভাবে এ সম্পর্কে াক উদ্দেশ্যে আনা হয়েছে সংক্ষেপে বলতে চাই আপনার মাধ্যমে সদস্যদের কাছে। খ্ব ছোট্ট একটা সংশোধনী বিল যেটা আনতে গিয়ে একথা আমি নিচেও পরিষ্কারভাবে ব্রুতে পারছি না য় সামগ্রিকভাবে এই সেকেন্ডারি বোর্ড অব এডুকেশন অ্যাক্টের যেখানে পরিবর্তন দরকার সেখানে এই অলপ সময়ের মধ্যে সেই সামাগ্রক পরিবর্তন করা সম্ভব নয়। তবে একটা জিনিসের আশ্র প্রয়েজন হয়েছে সেই জন্য এই আমেন্ডনেন্ট আনা হয়েছে। এই আমেন্ডমেন্টে আনা হয়েছে য সরকারের এতদিন ক্ষমতা ছিল কমপোজিশন অব দি ন্যানেজিং কমিটি এ সম্পর্কে সরকার ুল করতে পারতেন কিন্তু সেই কমিটি কাদের নিয়ে গঠিত হবে সে সদ্বন্ধে রুল করার ক্ষমতা ারকারের নেই। অথচ তার ক্ষমতা, অধিকার, কাজ কি থাকবে সে সম্পর্কে রুল করার ক্ষমতা াই সেকেন্ডারি এডুকেশন আক্টে যা আমেন্ড করছি তাতে দেওয়া ছিল না। তাতে ছিল ম্মপোজিশন সম্পর্কে রুল করার, ক্ষমতা সম্পর্কে কিছু না বলা একেবারে সম্পূর্ণ নির্থক। ্র সম্পর্কে মধ্যমিক শিক্ষার ইতিহাস দেখতে গেলে আমরা দেখতে পাই এই ম্যানেজিং কমিটি-্রিল কাদের নিয়ে গঠিত হবে, কি তার কর্তবা, অধিকার থাকবে সে সম্পর্কে ১৯২৭ সালে উনিভ সিটি তার একটা ছোট স্কল কোড করেছিলেন। তারপর পরবতীকালে দীর্ঘ সময় মতিবাহিত হয়েছে, বহু জল গণ্গা দিয়ে নেমে গিয়েছে, এর মধ্যে মাধ্যমিক শিক্ষা পরিচালনা

করার জন্য যে পরিচালন কর্তৃপক্ষ, তাদের গঠন অধিকার, কার সম্পর্কে নৃতন চিন্তাধারা নি কোন নতন বিধান তৈরী হয়নি। ১৯৬১ সালে যে বিধান হয়েছিল সেটা ১৯২৭ সালের বিধান ছিল সেটারই হেরফের মাত্র। এখন বর্তমানে পরিবর্তিত অবস্থার সঙ্গে সংগতি রেখে 🕡 ম্যানেজিং কমিটিগ, লির গঠন এবং কার্য, কর্তব্য সম্পর্কে কোন নিয়ম আজ পর্যন্ত গঠিত হয়নি যার ফলে কি হচ্ছে, বাস্তবিক মাধ্যমিক শৈক্ষা পরিচালন ক্ষেত্রে ডিপার্টমেন্টের কিছু ক্ষয় আছে ঠিকই কিন্তু প্রতিটি বিদ্যালয় পরিচালনার সম্পূর্ণ ক্ষমতা এই ম্যানেজিং কমিটিগুর্নি হাতে। সরকার থেকে যে টাকা দেওয়া হচ্ছে সেই টাকাগ্যলির সং ব্যবহার করা বা সেগ্রিল অপবাবহার করা, এমন কি আত্মসাৎ করা তার ক্ষমতা পর্যন্ত এই ম্যানেজিং কমিটিগুলার হা রয়েছে। এবং শিক্ষক বা শিক্ষিকা বা কর্মীদের চাকরীর নিরাপতা সম্পূর্ণ নির্ভার করছে এ ম্যানেজিং কমিটিস, লির থেয়াল খুসার উপর। এদিক থেকে পরিষ্কার বলা চলে যে এই 80 বছ কোন নিয়ম বা বিধি এ সম্পর্কে রচিত না হওয়ায় স্টেচিন্তিতভাবে মাধ্যমিক বিদ্যালয়গর্লাল এক বিপর্যাস্ত অবস্থার মধ্যে দ্রীজ়িয়ে আছে। মাননীয় সদস্যদের অবর্গাতর জন্য আমি বলতে চা ৫০০ বিদ্যালয়-এর ম্যানেজিং কমিটিগুর্লিকে ইতিমধ্যে সুপার্রাস্ড করে সেখানে অ্যাডামিনিস্ট্রেটা বা এয়াড হক কমিটিকৈ দেওয়া হয়েছে। আরো ৫০০ বিদ্যালয়ের পক্ষ থেকে এই পরিচাল সমিতিগুলি বাতিল করে দিয়ে যাতে এয়াড হক কমিটি বা অ্যাডমিনিস্টেটার দেওয়া যায় তা জন্য আবেদন মাধ্যমিক শিক্ষা পর্যতের কাছে পাঠান হয়েছে। এই রকম একটা বিপর্যয়ের সূচি হয়েছে। কারণ দীর্ঘকাল এই পরিচালক সামিতির কার্য অধিকার, কর্তব্য সম্বন্ধে কোন নিয বা বিধি রচনা করা হয়নি। তাই আর অপেক্ষা করার মত অবস্থা নাই, সমুসত মাধ্যমিক শিল্প বাবস্থা যেন সম্পূর্ণভাবে বিপর্যস্ত হয়ে যাছে। যদি ম্যানেজিং কমিটিগুর্নিকে সুনিয়ন্তিত ক না যায়, সাসংহত্ত না করা যায় তাহলে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে যাবে সেইজনা এটার আশু, প্রয়োজন, শিক্ষক শিক্ষিকাদের দাবী-দাওয়া, তাঁদের চাক্রীর নিরাপ্ত भन्तत्थ वावम्था कता ववः वित्भय करत वहे विमानसात स्य भित्रहानन कास्य अस्पति अभवाहा নিরোধ করা ইত্যাদি নানা দিক থেকে এই সংশোধনের প্রয়োজন হয়েছে বলেই একটি ক্ষ্ সংশোধনী ধারা মাত এই হাউসের সামনে আমি উপস্থিত কর্বছি। সংশোধনীটি হচ্ছে সেকশ্ ৪৫, সাব সেকশন (২)(ড) সেখানে ক্ষমতা দেওয়া আছে সরকারকে যে সরকার রূল তৈরী ক দেবেন

Rules regarding the composition of the Managing Committee.

দেহটাকে গঠন করতে পারবে কিন্তু তাতে প্রাণ সঞ্চার করতে পারবে না, কাদের নিয়ে ম্যানেজি কমিটি গঠিত হবে তা বলে দিতে পারবে কিন্তু সেই ম্যানেজিং কমিটির কর্তব্য এবং দায়িত্ব বি থাকবে তা বলতে পারবে না এই হচ্ছে এখন যে আছে ব্যক্তথা আছে সেই অনুসারে সরকার সেসম্পর্কে রূল তৈরী করতে পারবেন এবং সে অধিকার আছে।

সেটাকে বদলে দি কন্পোজিশন অব তার পরিবর্তে যে সংশোধনী বিল এখানে উপস্থিত করছি তাতে আছে দি কন্পোজিশন, পাওয়ার্স আদ্ভ ফাংশন্স অব দি ম্যানেজিং কমিটি। মধ্য শিক্ষার কল্যাণে, শিক্ষক এবং শিক্ষা কম[®]দের কল্যাণে এবং মধ্যশিক্ষা যাতে উন্নত হতে পারে শিক্ষক এবং শিক্ষা কম[®]দের নারপত্তা ব্যবস্থা যাতে হতে পারে সেই দিকে লক্ষ্য রেটে এই ক্ষান্ত সংশোধনী বিল হাউসে রাখলাম এবং আশা প্রকাশ করছি হাউস এই বিল গ্রহণ করবে

Mr. Chairman: There is a motion for circulation of the Bill by DI Nalinaksha Sanyal.

[4-30-4-40 p.m.]

ডাঃ নিলনাক্ষ সান্যাক্ষঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে মন্দ্রিমহাশয় এই ছোট বিলেং সংশোধনী প্রস্তাব যেটা উত্থাপন করেছেন তার চাইতে একটি ছোট সংশোধনী তার উপর আফি প্রস্তাব করছি এবং সেটা হচ্চে জনসাধারণের মত নেবার জন্য ৩০শে জনুন পর্যান্ত এটা মূলতর্ব রাখা হোক।

E

I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1969.

যুক্তফ্রন্ট সরকারের যে সমন্ত উৎসাহী বন্ধ্রা রয়েছে তাতে আমার খ্র বেশী কিছ্ বলার আছে বলে মনে হয় না। ১৯৬৩ সালের ৮ই জুন তারিখে তদানীন্তন শিক্ষামন্ত্রী এখানে এই আইন উপদাপিত করেছিলেন এবং তথন ছিল ১৯৬২ সালের আইন। তথন আমাদের অনাতম মন্ত্রী সোমনাথ লাহিড়ী মহাশয় এই রকম এলিসিটিং পার্বালিক ওপিনিয়ন-এর কথা বলেছিলেন অর্থাও জনমত সংগ্রহের ব্যাপারে এটাকে পাঠাবার জন্য বলেছিলেন। তথন তিনি যা বলেছিলেন তার কিছ্ অংশ আমি পড়ে শোনাতে চাই। সেগ্লিল শ্রনলেই ব্রুবনে আমাদের এই মধ্যশিক্ষা পর্যত আইন যে অবস্থায় ছিল তা থেকে কোন উন্নত অবস্থায় এসে পোছাতে পার্রোন এবং যদি এই আইনকে সংশোধন করতে হয় তাহলে এর ব্যাপক সংশোধন হওয়া বাঞ্ছনীয়। এর ব্যাপক সংশোধনের জন্য তথন নিখিলবাব্র ওজস্বিনী ভাষায় বলেছিলেন এটা অগণতান্তিক, এটা শিক্ষা বিরোধী। প্রথম কথা হচ্ছে যে আইন অনুযায়ী আমরা বর্তমানে মধ্যশিক্ষা পরিচালনা করতে চেড়া করছি সেই আইনের মাধ্যমে ১৯৬৩ সাল থেকে ১৯৬৯ সাল পর্যত কাল করতে চায়ে দেখা গিয়েছে যেসব আশঙ্কা বিবোধীপক্ষের বন্ধবা করেছিলেন ভার অনেকটা প্রমাণিত হয়েছে।

্যা যদি হয়ে থাকে যাঁরা ক্ষমতাসীন হয়েছেন তাঁদের পক্ষে নিশ্চয়ই এটা কর্তব্য হবে তাঁদের দ্বিউভগ্গী তাঁদের ব্রুদ্ধিমত্তা অনুসরণ করে এটাকে আম্ল পরিবর্তন করে দেওয়া। এই বিঞ্চ যথন ইতিপূর্বে আইনসভায় উপস্থাপিত হয়েছিল তথন এই সেকেন্ডারী এডকেশন বিল সম্পূর্কে দেশনাসীকে আমাদের মতামত জানাবার চেণ্টা করেছিলাম, সেটা ইতিহাসে লিপিবন্ধ আছে। এবং ১৯৫২ সালে যে আইন কার্যকরী হয়েছিল সেটা যথন প্রবর্তী অবস্থায় আসে তথন সেকেন্ডারী এডুকেশন বোর্ডকে বাতিল কয়ে দেওয়া হয়। তথনকার সম্পর্কে আমি আপনার দূর্ণিট আকর্ষণ কবতে চাই যে অতানত অসম্পত এবং অবাসত্ত্ব কারণে কোন কোন সরকারী কর্মচারীর উপদেশে এটা করা হর্মোছল যেটা পরবতী পর্যায়ে দেখা গেছে অতানত আত্মঘাতী হয়েছে। এটা অন্য কেউ না জানকে বর্তমান শিক্ষামনতী মহাশয় ভালরকম জানেন। তখন বোডেরি যিনি প্রেসিডেন্ট শ্রীঅপ্রব্রচন্দ্র চন্দ মহাশয় আজ নেই, সাতুরাং তাঁর সম্বন্ধে বিশেষ কিছু বলব না। আর সেক্টোরী ছিলেন ডঃ ডি এম সেন, তিনি বাংলাদেশের শিক্ষাকে সম্পূর্ণ ধরংস করে গিয়েছেন, সোদকটা ঢাক।ঢাকি পছন্দ করছি না, কংগ্রেসের বিরুদ্ধেও বলব যখন বিপথে চালিত হয়, তখন যাই হোক দেশবাসীর কাছে উপস্থিত করতে চাই যে যে চার দফা অভিযোগ করা হর্মোছল সেটা দেশবাসী পাঁচ বছর পরে হলেও আপনার সংসাহস থাকা উচিত সেটা সংশোধন করার। তখন বোডাকে শাতিল করার যে যে কারণ দেখিয়েছিলেন তার মধ্যে ৪।৫টি কারণের মধ্যে একটি ছিল এই যে ভখনকার বোর্ড সরকারী ডি পি আই-এর অফিশিয়াল রেকমেন্ডেশন না থাকা সত্ত্বেও কোন কোন বিদ্যালয়কে তাঁরা অনুমোদন দিয়ে গেছলেন। তখনকার শিক্ষামন্ত্রী মাননীয় হরেন রায় চৌধুরী **মহাশ**য় যে যে কারণ দেখিয়েছিলেন তার মধ্যে এটা বর্লোছলেন......

Granting recognition to schools against the advice of the inspecting officers or without any inspection at all; in giving grants-in-aid to schools he did not conform to rules prescribed for the purpose; failure to distribute grants-in-aid to a large number of schools in proper time; prescribing text books on considerations other than suitability of the books prescribed; failure to ensure secrecy of the questions set.

আমরা যারা তথনকার বোর্ডের মেন্বার ছিলাম বার বার সরকার এবং দেশবাসীর কাছে আবেদন করোছলাম যে বোর্ডকে বাতিল করতে হলে আইনের মধ্যে এই প্রভিশন আছে যে বোর্ডকে স্পার্রাসড করার প্রয়োজন হলে তার বিরুদ্ধে চার্জশীট দেবেন এবং তার জবাব নেবার জনা অপেক্ষা করবেন, কিন্তু সেই ধৈর্য তাঁদের হরনি। বন্তুতঃ আজকে এই স্ব্যোগে আপনার মাধ্যমে দেশবাসীর কাছে উপস্থিত করতে চাই যে, যে চার দফা অভিযোগ করা হয়েছিল সেটা দেশবাসী বিচার কর্ন তা যথার্থ সত্য ছিল কিনা।

[4-40-4-50 p.m.]

তা দেশবাসী বিচার করনে—তার মধ্যে সতা আছে কিনা। প্রথমে বলা হরেছিল গ্রান্ট ইন এড—হা আমরা করেছিলাম—মেয়েদের সম্বন্ধে অত্যন্ত প্রয়োজনীয়তা ছিল—সেই সম্বন্ধে এবং কৃষ্ণনগরের াল্বতীয় মেয়েদের হাই দ্কুল সদ্বশ্ধে—তা যথা সময়ে বোর্ডের অফিসে রেকগানসনের জনা দরখাসত করেছিল—কিন্ত বোর্ডের থেকে তাদের কাছে চিঠি যায় এবং জবাব আসে দেরী হবাব দর্বন বোর্ড থেকে ডি পি আই অফিসে পাঠানো হয়েছিল, ইনেসপেকসন রিপোর্ট পাঠানো হোক— ডিসেম্বর মাস পর্যন্ত ইনেসপেকসন রিপোর্ট পাঠায় নাই—তথন অবস্থা দাঁডালো এই যে সেখানে তারা থাকবে কি থাকবে না এ সম্বন্ধে সিম্ধান্ত নেবার প্রয়োজনীয়তা হোল-দুজন সদস্যকে আমরা পাঠিয়েছিলাম—বোর্ড ইম্সপেকটার হিসাবে তাঁরা রিপোর্ট কর্মন এবং তাঁরা এসে রিপোর্ট করার পর আমরা এই স্কুলগ্নলিকে রেকগনিসন দিয়েছি—স্যার, ইন্সপেকসন রিপোর্ট না পেতে— এটা যদি তান্যায় হয়ে থাকে দেশবাসী বিচার করবেন। সেইসব আজ খবে ভালভাবে পরিচালিত भ्कूल वर्रल प्रत्मित्र रलाक खारन এवং प्रत्मित्र भिक्का श्रमारत माशाया कत्रहरून। वला श्रास्ट which do not form the rules prescribed for the purpose.

আপুনি শ্নালে স্তাম্ভিত হবেন গভর্নমেন্ট-এর ডি পি আই অফিস থেকে ৩টি স্কুলের গ্রান্ট ইন এড বন্ধ করবার স্পারিশ করেছিলেন। মহারাজা অব কাশীমবাজারের যে......

শ্রী এ এইচ বেন্টারউইচ:

I rise on a point of order. The honourable member is speaking on the Bill but I find that he is giving all irrelevant facts.

भिः टেয়ाরম্যানঃ ঠিক আছে, আপনি বস্ন।

ভা: নলিনাক সান্যাল: মাননীয়া সভানেত্ৰী মহাশয়া, মন্ত্ৰী মহাশয় জানেন যে দ্বিতীয় বিদ্যালয়ে তাঁরা অর্থ সাহায্য দিতে কুণ্ঠা বোধ করেছিলেন—সেটা হচ্ছে কীর্তিবাস হাই স্কুল ফুলিয়া—তৃতীয় হোল বিদ্যাসাগর মহাশয়ের স্তার নামে ভগবতী দেবা হাইস্কুল মেদিনীপুরে— আমরা স্বীকার করছি আমরা বোর্ডের পক্ষ থেকে রেকগনিসন গ্রান্ট কমিটি পক্ষ থেকে রেকগনিসন দিয়েছি—আমরা অপরাধ করেছি—বিদ্যাসাগর মহাশয়ের গ্রামের দ্বুল উঠিয়ে দিতে রাজী হই নি।

শ্রীঅহীন্দ্র মিশ্রঃ বিদ্যাসাগর মহাশয়ের স্ত্রীর নাম ভগবতী দেবী নয়, বিদ্যাসাগর মহাশয়ের জননার নাম ভগবতী দেবী।

ডাঃ নালনাক্ষ সান্যালঃ কীতিবাস বাংলা সাহিত্যের স্রন্ডা—বাংলাদেশের অন্যতম মণীষী কীতিবাস-এর নামের স্কুল উঠিয়ে দেবার প্রস্তাবে রাজী হই নি। আসল কথা ছিল যে টেক্সট বুক ডল্লেখ করা হয়েছে সে ছিল এই......

(নীলবাতি জর্বালয়া উঠিল)

মি: চেয়ারম্যান: মাননীয় সদস্য যে মোসনের—অন দি সাবজেক্ট বলছেন সেটা বলনে—আমাদের সমধ্যের মধ্যে শেষ করতে হবে তো—কাজেই অন দি সাবজেক্ট-এ বললে নিশ্চয় সময় পাবেন।

ভা: নালনাক সান্যাল: তাই আমি বলছি এই বিল আপনি সামগ্রিক পরিবর্তন আনবার জন্য সুবাবস্থা করুন এবং সামান্য একটা ক্রজ-এর অল্প পরিবর্তন করে আমাদের বিদ্রান্ত করবেন না। কাউান্সলের যিনি প্রেসিডেন্ট তিনিই সর্বময় কর্তা হয়ে দাঁড়িয়ে আছেন।

कारक्करे (প্রসিডেন্ট তিনি নিজের যা থুশী থেয়াল খুশী মত কাজ করেন। সভানেতী মহোদয়া,

যেসব স্ট্যাটটোরী কমিটির কথা বলা আছে সেই কমিটির কাজ প্রাকটিক্যালি রবার স্ট্যান্ত্রেপ দাঁড়িয়ে গেছে। কৈন না সমসত বোর্ড বড় সভা না ডাকলে কোন সিম্ধান্ত মীমাংসা করা যায় না। আজ যে প্রস্তাব আনা হয়েছে এটা অত্যন্ত ফান্ডামেন্টাল ম্যাটার। কারণ এই বোর্ড যথন তৈরী হয় ১৯৬৩ সালের আইন অনুযায়ী সেখানে দ্টো চ্যাপটার—দ্টো অধিকারের ক্ষমতা দেবার কথা বলা আছে।

consent and power of the Board and President define

করা আছে চ্যাপটার ৪-তে। এবং সেখানে সেকসন ২৭-তে বোর্ডের কি কি ডিউটি থাকবে তা বলা আছে তার মধ্যে

to grant or refuse recognition to Institutions ইত্যাদি বলা আছে।

to maintain rates of recognised Institutions to provide by regulation syllabus ইত্যাদি করার কথা আছে। এবং টেক্সটব্ক তৈরী করার কথা আছে। একজামিনেসন কনডাক্ট করার কথা আছে। এগ্রিলতে বোর্ডকে ক্ষমতা দেওয়া আছে। দ্কুল পরিচালনা পরিদর্শন এবং দ্কুল ঠিকমত পরিচালিত হচ্ছে কিনা তার বিষয়ে বোর্ডের হাতে সম্পূর্ণ ক্ষমতা দেবার দাবী আমি জানাছি। সেকসন ৪৫—যেটা বর্তমানে সামানা আামেন্ডমেন্ট করার কথা আপনি তুলছেন—এর কমপোজ করবার পাওয়ার এবং

acquisition, composition and disposal of property by the Board. The manner of election of members of the Board. The procedure may be followed in Tribunal in disputes.

শিক্ষকদের সম্পর্কে যা বলছেন প্রভিডেন্ড ফান্ড ইত্যাদি মানে বোর্ড পরিচালনা সম্পর্কে যেসব প্রয়োজনীয় বিধি সেই বিধি সরকার তৈরী করবেন এই ছিল এর মূল উদ্দেশ্য। এর মধ্যে থচ করে কমপোজিশন অব ম্যানেজিং কমিটি বলে একটা ক্রজ দেওয়া ছিল। কিন্তু তার বাইরে চাওয়া হর্মান এইজন্য যে পলিসি ম্যাটার মাত্র—মূল পলিসি সেটা খবে জাের সরকার করতে পারেন এই ছিল মূল উদ্দেশ্য। কিন্তু তার পবে এটা কার্যকরী করার জন্য কি করা দরকার সেটা বােডকে ক্ষমতা দিতে হবে। ম্যানেজিং কমিটি কিভাবে কনিস্টটিউটেড হবে— তাদের নানারকম পর্যায়ে ম্যানেজিং কমিটি হয়। কোন কোন জায়গায় মেসিনারী ভাল, বিশেষ শিক্ষাব্রতীদের শ্বাবা পরি-চালিত স্কুল রয়েছে—সরকারের সরকারী পারিচালিত স্কুল রয়েছে। তাদের নিজস্ব স্কুল রয়েছে। কোন কোন জায়গায় কেউ কেউ তাদের জমি জমা ইত্যাদি ট্রাস্ট ডিউ করে তার শর্ত তৈরী করে দিয়েছেন পরিচালনা কিভাবে হবে তা হবার বাবস্থা করে দিয়েছেন।

[4-50-5 p.m.]

কোন কোন জায়গায় জনসাধারণের প্রচেণ্টায় জনসাধাবণের পক্ষ থেকে স্কুল প্রতিষ্ঠা করেছেন, তৈয়ারী করেছেন স্থানীয় বিদ্যুৎসাহীরা সেখানে ম্যানেজিং কমিটিকে কি অবস্থায় রাথবেন সেটা চিন্তা করতে হয়। একটা সরাসরি একরকম মানেজিং কমিটি কনিস্টট্মন করা সেইদিন সম্ভব হয়নি। মিল্মিহাশয় যেটা বললেন এতাদন ম্যানেজিং কমিটি গঠন সম্পর্কে কোন চিন্তা করা হয়নি—এটা তিনি ঠিক বললেন না। তিনি নিজেই জানেন ক্যালকাটা ইউনিভারসিটির আমলে স্কুল কোড ছিল এবং সেটা ২৭ নয় ১৯৫০ সালে রিভাইজড হয়।

শ্রীবিজয় সিংহ নাহার: মিঃ চেয়ারম্যান মহোদয, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের প্রতি যে, একজন মন্ত্রী হাউস চলাবালীন প্রেস গ্যালারিতে রয়েছেন। কোন মন্ত্রী কি হাউস চলাকালীন প্রেস গ্যালারীতে যেতে পারেন?

ভাঃ নলিনাক্ষ সান্যাল: সভাপতি মহোদয়, এই যে ম্যানেজিং কমিটির কন্পোজিশন সম্পর্কে ক্যালকাটা ইউনিভারসিটি কোডে ডাইরেকটর অফ পার্বালক ইন্সন্ত্রাক্সন কতকগ্রেলা রূল গাইডেন্সের জন্য লিপিবন্ধ করেছিলেন এবং এই দুটো নিয়ে ১৯৫২ সালে একটা কমপ্রিহেনসিভ ক্রুল কোড তৈরী করে সেই ক্রুল কোড গ্রহণ করে সেই সব ম্যানেজিং কমিটির ব্যাপারে তৈরী হওয়া উচিত। সেই বিষয়ে স্চিন্তিত প্রশ্তাবগ্রিল সরকারী পর্যায়ে গিয়ে ১৯৫২ সাল থেকে পড়ে আছে। একথা বললে ঠিক হবে না যে ১৯৪০ সালে ম্যানেজিং কমিটি সম্পর্কে চিন্তা করা হয়নি এটা ঠিক নয়। শিক্ষামন্ত্রী সত। বিবৃতি দিলেন না একথা বলতে হবে। ১৯৫২ সালের পর ১৯৫৩ সালের আইনমত কিছ্ কিছ্ সরকাব থেকে ব্যবস্থা নেওয়া হয়। তার পরবতী পর্যায়ে দ্বুটো কমিশন—মুদালয়ের কমিশন এবং দে কমিশন এ বিষয়ে বিস্তারিত আলোচনা

করেছেন এবং এখনও পর্যালত স্কুল বোর্ডা বর্তামানেও কিভাবে মার্যনিজিং কমিটি গঠিত হওয়া উচিত, সে সম্পর্কো যখন দরকার হয় তাঁদের নির্দোশ স্কুলে যায়। যখন স্কুলে যায় তখন তাঁরা পাঠিয়ে থাকেন। আসল কথা তা নয়।

আসল কথা এই যে গত বছর যুক্তফ্রন্ট সরকার যথন গদীতে এলেন তথন হঠাৎ তাঁদের মাথায় ঢকেল যে ম্যানেজিং কমিটিকে কন্ট্রোল করার জন্য আমর: সরকার থেকে পাওয়ার নেব এবং ও'বা তখন ক্যালঃ গেজেট তার ড্রাফট পার্বালশ করলেন, অর্থাৎ সেটা ২৭শে অক্টোবর ১৯৬৭ সালের ক্যাল গেজেটে হর্মোছল। মন্ত্রিমহাশয় হাউসে সমস্ত পরেরা তথ্য দেবেন এটাই আশা করেছিলাম। কিন্তু এটা গোপন করা হয়েছে। ১৯৬৭ সালের ২৭শে অক্টোবর ক্যালঃ গেজেট এক্সট্রা অর্ডি-নারী এড়কেশন ডিপার্টমেন্ট থেকে তাঁরা প্রস্তাবিত ড্রাফট র্লেস পার্বলিশ করলেন। এই ড্রাফট র লস সম্পর্কে জনমত কাছে—ঠিক জনমত না হলেও একজিকিউটিভ কমিটি অফ এ বি টি এ হেডমাস্টার প্রতিষ্ঠান ইত্যাদির কাছে পাঠিয়েছিলেন মতামত জানার জন্য। বহ, জায়গা থেকে তাদের কাছে মতামতও এসেছিল এবং সেইভাবে রূলস ও'রা তৈরী করতে যান। তার মধ্যে ছাড়া অন্যান্য বিষয় ছিল। সেখানে তাঁরা আইন করতে গিয়ে তাঁদের আইন বিশেষজ্ঞরা বললেন আপনারা যে র,লস করতে যাচ্ছেন সেই র,লস করার পাওয়ার গভর্নমেন্টের কোথায়? সেজন্য আপনারা তাড়াতাড়ি করে অল্প একটা আইন করার অজ্বহাতে সরকারের হাতে আবার নতেন করে পাওয়ার নিতে যাচ্ছেন। এটা আপনাদের নিজেদের ঘোষিত নীতির পরিপন্থী হচ্ছে। আপনাদের আইন বিশেষজ্ঞরা বলেছেন এই রকম একটা সংশোধন আইন না করলে এই র্লেস তৈরী করার ক্ষমতা গভর্নমেন্টের নেই। সেজন্য আপনারা আজকে এই রুলস করতে যাচ্ছেন, তা না হলে এই অ্যামেন্ডমেন্ট এখানে আনার কোন কারণ নেই। মন্ত্রিমহাশয় বলেছেন যে ম্যানেজিং কমিটিগুলো তারা সব স্বয়স্ভ্—তারা ফেমন তেমনভাবে স্কুল চালাতে পারেন। এস্ব কথা বাজে কথা। তিনি শিক্ষক-শিক্ষিকার নাম করেছেন—এটা সম্পূর্ণ ধাপ্পাবাজি। শিক্ষক-শিক্ষিকাদের নিরাপত্তার জন্য আইনের মধ্যে ট্রাইব্যুনালের বাবস্থা আছে এবং তাদের যদি কোন অভিযোগ থাকে তাহলে বোর্ডের বিশেষ একটা কমিটির ব্যবস্থা আছে এবং সেই কমিটির কাছে বিচার করার সংযোগ দেওয়া হচ্ছে।

[5—5-10 p.m.]

ম্যানেজিং কমিটির কম্পোজিসান এবং পাওয়ারের মধ্যে কোন প্রতিসান এই প্রস্তাবে ছিল না এবং হবার কোন চান্সও দেখছি না। স্বৃতরাং এটা অবান্তর এর মধ্যে যেতে চাই না। মার্নোচং কমিটির কর্নাস্টিটিউসানের সংগ্রে সংগ্রে আমার কথা হচ্ছে যে এই পাওয়ার কে বাবহার করবে গভর্মেন্ট না বোর্ড? যে বোর্ড বর্তমানে চলেছে সেটা অগণতান্তিক মেনে নিলাম, কিন্তু আইন অনুসারে বোর্ড তৈরী হয়েছে, আমি সেই বোর্ডের বহু, হুটি-বিচ্যুতির কথা জানি সেই জন্য এই বোর্ডকে সম্পূর্ণভাবে ঢেলে সাজিয়ে না করার আগে আর ছোটখাট সংশোধনী করবার ম্ল্য দেখছি না। আর এই আইনের মধ্যে সরকারকে যে পাওয়ার দেওয়া আছে কম্পোজিসান সম্পর্ণে তারা যদি বলেন যে সরকারকে আরও ক্ষমতা দেওয়া হোক তা হলে নিশ্চয়ই সেটা অগণতান্তি হবে না, এবং জনসাধারণের এই সম্পর্কে মত নেবার জন্য বিলটা ৩০ জনুন পর্যদত যা বেশী দিন নয় যাতে প্রবত্তী বাজেট সেসানে আসে সেই সময় যাতে গ্রহণ করতে পারি তার ব্যবস্থা কর্বাব জন্য অনুরোধ জানাই। আমি এই কথা ব্রুৱছি না কারণ ইতিপূর্বে যে সমস্ত আইন পাস করেছি তার আজে ন্সীছিল, ঠিকা টেনেন্সী আইন ৩১শে মার্চ তার মেয়াদ ফ্রারিয়ে যাছিল সত্রেং তার বি.২. হয়া ্রেয়র এবং আজকে যে বিলটা পাশ করলমে তারও আর্জেন্সী আছে ব্রুবটে পারছি। কিন্তু সেখানে গভর্মেন্টকে মাার্নোজং কমিটি তৈরী করবাব পাওয়ার স্বাসরি এক্র্বাণ দেবার কথা এত কি আর্জেন্ট হল তা ব্রুতে পার্বছি না। মন্ত্রিমহাশ্য বলেছেন যে, ৪০ বছর ধরে অপেক্ষা করা হয়েছে, যদ্ধি একদিনই অপেক্ষা করে থাকতে পারি তা হলে নিশ্চয়ই ৪০ দিন অপেক্ষা করলে আকাশ ভেশে পড়বে না। কাজেই বলছি এই যে, বিল এটা প্রতিক্রিয়াশীল বিল. আমাদের বন্ধ, স্নীল দাসও বলেছিলেন তাঁর ভাষণে। বর্তমানে যে প্রস্তাব আনছেন ম্যার্নেজিং কমিটির কম্পোজিসান পাওয়ার এবং ফাংসানের জন্য সরকারকে পাওয়ার দেওয়া হোক এটা গণতন্দ্রসম্মত নয় এবং মনে হয় যে যুক্তফুলেটর যে সমস্ত বন্ধারা অতি উৎসাহিত হয়েছেন তারা যদি ধীর মস্তিক্ষে বিবেচনা করেন

Phillip drunk to Phillip Sober

তা হলে ব্রুতে পারবেন যে তাদের মন্ততার কারণ নেই এবং এই বিলটা আজকের দিনটা যদি আলোচনা স্থাগত করে দেন এবং দিয়ে যদি জনমত নেবার জন্য পাঠান তা হলে বাধ হয় সব দিক থেকে কল্যাণ হবে। আপনিও সময় পাবেন এই আইনে যে চুটি-বিচুত্তি আছে তা লক্ষ্যা করবার। আমি বিশেষভাবে জানাতে চাই যে, বর্তমানে যিনি প্রেসিডেন্ট আছেন তাঁর স্বেচ্ছাচাবী বাবহারে বাংলা দেশের বহু স্কুল একবারে বিধন্নত হয়ে যাচছে। তাঁর থেয়ালখ্নী মত স্কুলের বেকগনাইজেসান দেন না। ইন্সপেকসান করাবার প্রতিশ্রুতি দেন এবং তিন মাস ধরে বলে থাকেন এরকম তিনি করেন। বিশ্ববিদ্যালয়ের যে ক্ষমতা আছে কলেজ স্যাংসান করবার সময়— সভানেতী মহাশয়া, কলেজ কোন জায়গায় প্রতিষ্ঠা করতে গেলে যদি কোন স্কুল গৃহ ব্যবহার করে তাহা হলে স্কুল কমিটি যদি তার বিলিডং ব্যবহার করেতে দেয় তাহলে আমরা জানৈ যে স্কুলের মালিক স্কুল আওয়ার্সের সঙ্গো যদি সংঘর্ষ না হয় ভাইলে নিলে তাতে আপত্তি হতে পারে না।

কিন্তু আমাদের বর্তমানের সভাপতি মহাশয় প্রেসিডেন্ট, কোন আইন নেই, কোন ক্ষমতা তাকে দেওয়া হয় নি, তব্ তিনি বসে রয়েছেন, তিনি যদি অনুমতি না দেন স্কুল বাড়ীতে কলেজ হতে পারবে না। এই করে আমাদের গাঁরব দেশে একটা কলেজ করবার চেণ্টা করেছিলাম, তিন চার বার তিনি ঠেকিয়ে রেখেছিলেন, শেষে বহু কণ্টে কাকুতি মিনতি করে ভাইসচ্যান্সেলারকে দিয়ে অনেক চেণ্টা করার পর অনুমতি পাওয়া যায়। উনি এমন একজন ডিকটেটর হয়ে গিয়েছেন। কারণ তিনি জানেন যে তাঁর কৈফ্রিয়ত দেবার কিছু নেই। কাজেই এই সব এটিবিচুতি থাকার সময় আপনি নতুন করে আর ছোটখাট সংশোধন আনবেন না। আপনি অনুগ্রহ করে এটা পাবলিক অপিনিয়ন নেবার জন্য পাঠিয়ে দিন এবং ৩০শে জ্বন প্র্যানত এই ক্যমাসস গেলে আকাশ ভেণ্ডেগ পড়বে না, যেখানে এতদিন অপেক্ষা করতে পেরেছেন সেখানে আরও কয়েক সণ্ডাহ অপেক্ষা করুন এই আমাব অনুবোধ।

Shri Nikhilananda Sar:

মননাযা সভাপালিকা মহোদ্যা, আমাদেব দেশের বিশিষ্ট শিক্ষাবিদ এবং শিক্ষামন্ত্রী আজ যে ওয়েস্ট বেণ্ণল বোড অফ সেকেন্ডাবি এড়কেশন (আমেন্ডমেন্ট) বিল এনেছেন সেই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে সভার সামনে কিছ্ব বক্তব্য বাখতে চাইছি। প্রথমেই আমি ব্রুবতে পার্রাছ না যে কেন কংগ্রেস দলের পক্ষ থেকে ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় এই বিল যাতে আলোচিত না হয় এবং সর্থাগত বাখার জন্য এত ওকালতি কবছেন। ভার যে আমেন্ডমেন্ট তিনি দিয়েছেন তাতে বলেছেন ৩০শে জনে পর্যন্ত এটা স্থাগত বাখার জন্য এবং জনমত সংগ্রহের জনা। আমরা দেখেছি গত ১০।২২ বছর ধরে কংগ্রেসী রাজ্জে যে এই সমুস্ত খন্দরধারী ব্যক্তিরা বহু শিক্ষকের সর্বনাশ করেছেন। জানি না নলিনাক্ষবাব, এই ২।২॥ মাস সম্যু থদি পান ভাহলে আবা কত শিক্ষকের স্ব্রাশ কর্বেন, তাই তিনি ৩০এ জনে প্রতিত সময় চাইছেন। তিনি বলেছেন সরকারের হাতে ক্ষমতা না নিয়ে বোর্ডের হাতে ক্ষমতা দেওয়া হোক। কিন্তু এটা কি সত্য ন্য যে বোর্ডের ইনএফিসিয়েন্সি আজকে প্রদাণ হয়ে গিয়েছে। আজকে বোর্ড ঠিক মত পরিচালনা কবতে পারি নি, তার জনা পাঁচ শো স্কলে ম্যানেজিং কমিটিকৈ বাতিল করে আডমিনিস্টেটর নিয়োগ করতে হয়েছে। এ পরিসংখ্যান আমাদেব মাননীয় শিক্ষা মন্তিমহাশয় সভার সামনে রেখেছেন। তাই আপনার মাধ্যমে আমি বলতে ঢাই যে এই ধরনেব বিলকে স্থাগত রাখার প্রস্তাবের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি এবং এই বিলের স্বপক্ষে আমার বস্তবা রাথছি। আমাদের পশ্চিমবাংলায় নানান ধরনের সমস্যার মধ্যে শিক্ষা এবং শিক্ষা পরিচালনা সমস্যা একটা প্রধান সমস্যা। সেই সমস্যার দিক থেকে আমি শুধ্ব এই সভার একজন সদস্য হিসাবে নয়, একজন মাধামিক শিক্ষক হিসাবে এই বিলের প্রয়োজনীয়তা কতথানি উপলব্ধি করি তা ভাষায় প্রকাশ করতে পারছি না। যদিও এই সংশোধনী বিলটা বিশেষভাবে মাধ্যমিক শিক্ষার সংগ্য সম্পর্কিত এবং জড়িত তা সত্তেও বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা পরিচালনার একটা প্নগঠিনের স্তুলাত বলেই এটাকে আমি মনে করি।। দ্বিতীয়তঃ, মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে কমিটি নামক যে বিশেষ জিনিষটা আছে, যে কমিটির গ্রেছ অনেক বেশী এবং আমাদের যে সেকেন্ডারী এডুকেশন কমিশন যা মুদালিয়া কমিশন নামে খ্যাত, অল ইন্ডিয়া এডুকেশন কমিশন, কোঠারী কমিশন সেখানে কমিটির গ্রেছ খুব ভালোভাবে ব্রিয়ে দেওয়া হয়েছে। কমিটি যদি এফিসিয়েলট না হয় এবং সত্যিকারের উপযুক্ত ব্যক্তিদের নিয়ে গঠিত না হয় তাহলে কোন মতেই পশ্চিমবাংলার শিক্ষাকে গণতান্ত্রিক র্প দেওয়া যেতে পারে না, সম্ভব নয়। তাই যে উদ্দেশ্য নিয়ে কমিটির প্রয়োজনীয়তা অন্ভূত হয়েছিল আজকে বাস্ত্র পরিস্থিতিতে দেখা গেল সেই কমিটিগ্রেলা সম্প্র্তভাবে সমাজের একটা বিশেষ স্বিধাভোগী শ্রেণীর শোষণ যন্ত্র হয়ে দাঁভিয়েছে।

[5-10--5-20 p.m.]

